লেকচার সিরিজের
SURE SUCCESS

Short
মিলিবাসে

HSC সৃজনশীল

টেস্ট থ্রু টেস্ট পেপারস

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা

প্রথম পত্র

বোর্ড পরীক্ষার প্রশ্নপত্র

ঢাকা বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 9 2

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▸ সিমেন্স লি. নেটওয়ার্ক সরঞ্জাম ব্যবসায়ের সাথে জড়িত একটি বহুজাতিক কোম্পানি। বর্তমানে কোম্পানিটির ঋণ ও শেয়ার মূলধনের পরিমাণ সমান। নতুন প্রকল্পের প্রয়োজনীয় অর্থসংস্থানের জন্য কোম্পানিটি সমপরিমাণ ঋণ ও শেয়ার ইস্যু করতে চায়। বর্তমানে কোম্পানিটি ১০ কোটি টাকা করপরবর্তী মুনাফা অর্জন করেছে এবং শেয়ারহোল্ডারদের নিট মুনাফার ১০০% লভ্যাংশ প্রদান করেছে।

ক. ব্যবসায় অর্থায়ন কী? ১

খ. স্বল্পমেয়াদি সম্পদ ব্যবস্থাপনা বলতে কী বোঝ? ২

গ. কোম্পানিটি নিট মুনাফার ১০০% লভ্যাংশ প্রদান করায় কোম্পানিটির কী কী সমস্যা হতে পারে তা অর্থায়ন কার্যাবলির আলোকে উল্লেখ কর। ৩

ঘ. প্রয়োজনীয় অর্থসংস্থানে কোম্পানিটির সমপরিমাণ ঋণ ও শেয়ার ইস্যুর সিদ্ধান্তের তুলনামূলক সুবিধা ও অসুবিধা বিশ্লেষণ কর। ৪

২▸ 'M' লি. এবং 'N' লি. দুটি চামড়া প্রক্রিয়াজাতকারী প্রতিষ্ঠান। 'M' লি. কাঁচা চামড়া ক্রয় করে তা প্রক্রিয়াজাত করে বিক্রি করে। পক্ষান্তরে, 'N' লি. চামড়ার পাশাপাশি জুতা, ব্যাগ ইত্যাদি তৈরি পণ্য উৎপাদন ও বিক্রয় করে। 'M' লি. প্রায়ই চলতি মূলধন সংকটে পড়ে এবং ব্যাংক হতে ঋণ গ্রহণ করে। পক্ষান্তরে 'N' লি. কে এ ধরনের সমস্যায় পড়তে হয় না।

ক. সরকারি অর্থায়ন কী? ১

খ. ঝুঁকি ও মুনাফার মধ্যে সম্পর্ক ব্যাখ্যা কর। ২

গ. 'M' লি. প্রায়ই চলতি মূলধন সংকটে পড়ে কেন? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. 'N' লি. কেন চলতি মূলধন সংকটে পড়ে না? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৩▸ সাদমান একটি মোটরসাইকেল কিনতে শোরুমে গেলে, শোরুম ম্যানেজার তাকে দুটি প্রস্তাব দেয়। প্রথমটি হলো মোটরসাইকেলের মূল্য ১,৫০,০০০ টাকা নগদে পরিশোধ। দ্বিতীয়টি হলো ২৫% ডাউন পেমেন্ট পরিশোধ করে বাকি টাকা ৩০০০ করে সমান মাসিক কিস্তিতে আগামী ৫ বছরে পরিশোধ করা। সাদমানের প্রত্যাশিত আয়ের হার ১২%।

ক. নামিক সুদের হার কী? ১

খ. ভবিষ্যৎ অপেক্ষা বর্তমানে নগদ টাকার মূল্য কেন বেশি? ২

গ. উদ্দীপকে উল্লিখিত মাসিক কিস্তির বর্তমান মূল্য নির্ণয় কর। ৩

ঘ. সাদমানের কোন বিকল্পটি গ্রহণ করা উচিত? অর্থের সময়মূল্যের ধারণার আলোকে বিশ্লেষণ কর। ৪

৪▸ জনাব ইলহাম অবসর গ্রহণের পর পেনশন বাবদ এককালীন ৫,০০,০০০ টাকা পেলেন। এই টাকা বিনিয়োগের দুটি বিকল্প নিয়ে তিনি বিবেচনা করছেন। প্রথমটি পেনশনার সঞ্চয়পত্র যা হতে তিনি প্রতি তিন মাস অন্তর ১৩,৭৫০ টাকা করে মুনাফা পাবেন এবং তিন বছর পর আসল ফেরত পাবেন। দ্বিতীয়টি হলো 'বি.সি' ব্যাংক হতে তিনবছর পর এককালীন ৬,২০,০০০ টাকা ফেরত পাবেন। ইলহামের প্রত্যাশিত আয়ের হার ১০%।

ক. বাট্টাকরণ কী? ১

খ. প্রকৃত সুদের হারের ওপর চক্রবৃদ্ধিকরণের প্রভাব ব্যাখ্যা কর। ২

গ. সঞ্চয়পত্র হতে প্রাপ্ত মুনাফার বর্তমান মূল্য নির্ণয় কর। ৩

ঘ. বিকল্প দুটির মধ্যে কোন বিকল্পটি জনাব ইলহামের জন্য লাভজনক? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৫▸ জনাব সোলাইমান প্রতিমাসের শুরুতে ১০,০০০ টাকা করে 'বিনিয়োগ সমৃদ্ধি' ব্যাংকে ১২% সুদে ৮ বছরের জন্য অর্থ বিনিয়োগ করেন। পক্ষান্তরে, তার সহকর্মী জনাব সাব্বির ১০% সুদে স্বপ্ন ব্যাংকে ১০,০০,০০০ টাকা ৮ বছরের জন্য জমা রাখেন।

ক. চক্রবৃদ্ধিকরণ কী? ১

খ. "চক্রবৃদ্ধি সুদ, সরল সুদ অপেক্ষা অধিক পছন্দনীয়।"– ব্যাখ্যা কর। ২

গ. জনাব সোলাইমান ৮ বছর পর কত টাকা পাবেন? ৩

ঘ. ৮ বছর পর কে বেশি অর্থ পাবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৬▸ জনাব শরীফ একজন অবসরপ্রাপ্ত কর্মকর্তা। তিনি ৫,০০০ টাকা অভিহিত মূল্যের ৫ বছর মেয়াদি ৮% কুপন বন্ডে ১০,০০,০০০ টাকা বিনিয়োগ করেন। জনাব শরীফের প্রত্যাশিত আয়ের হার ১০%। বন্ডের বর্তমান বাজারমূল্য ৪,৫০০ টাকা।

ক. শূন্য কুপন বন্ড কী? ১

খ. প্রত্যাশিত আয়ের হার বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে উল্লিখিত বন্ডটির বর্তমান মূল্য নির্ণয় কর। ৩

ঘ. মেয়াদপূর্তিতে আয়ের হার বিবেচনায় জনাব শরীফের বন্ডে বিনিয়োগ সিদ্ধান্তের যৌক্তিকতা ব্যাখ্যা কর। ৪

৭▸ জনাব হাফিজ বন্ডে বিনিয়োগের উদ্দেশ্যে নিম্নোক্ত বন্ড দুটি সম্পর্কিত তথ্য সংগ্রহ করেন।

বিবরণ	'T' কোম্পানি	'K' কোম্পানি
লিখিত মূল্য	১,০০০	২,০০০
বাজারমূল্য	৭০০	১,০০০
মেয়াদ	–	৫ বছর
কুপন সুদের হার	১২%	–
প্রত্যাশিত আয়ের হার	১৫%	১০%

ক. ট্রেজারি বন্ড কী? ১

খ. অগ্রাধিকার শেয়ারকে কেন শংকরজাতীয় সিকিউরিটি বলা হয়? ব্যাখ্যা কর। ২

গ. 'K' কোম্পানি বন্ডটির বর্তমান মূল্য নির্ণয় কর। ৩

ঘ. উল্লিখিত বন্ড দুটির মধ্যে কোন বন্ডটিতে বিনিয়োগ করা অধিক যুক্তিযুক্ত বলে মনে কর? কারণসহ ব্যাখ্যা কর। ৪

৮▸ নিউলাইন লি. নিম্নোক্ত দুটি প্রকল্পে বিনিয়োগ করার প্রস্তাব বিবেচনার জন্য নিম্নোক্ত তথ্যাদি সংগ্রহ করেন।

প্রকল্পের নাম	প্রাথমিক বিনিয়োগ	নগদ আন্তঃপ্রবাহ			
		১ম বছর	২য় বছর	৩য় বছর	৪র্থ বছর
'A'	(২৫,০০০)	১০,০০০	১০,০০০	১০,০০০	১০,০০০
'B'	(৩০,০০০)	১৫,০০০	১২,০০০	১০,০০০	৮,০০০

নিউ লাইন লি. এর প্রত্যাশিত আয়ের হার ১২%।

ক. মূলধন বাজেটিং কী? ১

খ. মূলধন ফেরতকাল বলতে কী বোঝায়? ২

গ. 'B' প্রকল্পের মূলধন ফেরতকাল নির্ণয় কর। ৩

ঘ. নিট বর্তমান মূল্যের ভিত্তিতে কোন প্রকল্পে বিনিয়োগ উত্তম? মন্তব্য কর। ৪

৯▸ রাতুল লি.-এর ব্যবস্থাপনা পরিচালক একটি প্রকল্পে বিনিয়োগের প্রস্তাব মূল্যায়নের জন্য নিম্নোক্ত তথ্য সংগ্রহ করেন। ৫ বছরের কর পূর্ববর্তী নগদ আন্তঃপ্রবাহ যথাক্রমে ৪৫,০০০, টাকা, ৫০,০০০ টাকা, ৬০,০০০ টাকা, ৫৫,০০০ টাকা এবং ৬৫,০০০ টাকা। প্রকল্পটিতে প্রাথমিক বিনিয়োগ ১,৫০,০০০ টাকা এবং ভগ্নাবশেষ মূল্য ১০,০০০ টাকা। সুযোগ ব্যয়ের হার ১২%। কর হার ৪০%। সর্বনিম্ন গড় উপার্জন হার ১৪%।

ক. সুযোগ ব্যয় কী? ১

খ. পরস্পর বর্জনশীল প্রকল্প বলতে কী বোঝায়? ২

গ. বিনিয়োগ প্রকল্পটির অভ্যন্তরীণ আয়ের হার (IRR) নির্ণয় কর। ৩

ঘ. গড় আয়ের হারের ভিত্তিতে প্রকল্পটির গ্রহণযোগ্যতার বিষয়ে মন্তব্য কর। ৪

১০▸ পদ্মা লি. ৫০,০০০ টাকা 'M' কোম্পানির শেয়ারে এবং ৩০,০০০ টাকা 'N' কোম্পানির শেয়ারে বিনিয়োগ করেন। পদ্মা লি.-এর আর্থিক ব্যবস্থাপক বিভিন্ন অর্থনৈতিক অবস্থায় শেয়ার দুটি হতে নিম্নোক্ত আয়ের হার প্রত্যাশা করেন।

অর্থনৈতিক অবস্থা	সম্ভাবনা	আয়ের হার	
		M Co.	N Co.
মন্দা বাজার	০.২৫	১২%	১০%
স্বাভাবিক বাজার	০.৫০	১৪%	১২%
তেজী বাজার	০.২৫	২০%	১৬%

ক. আর্থিক ঝুঁকি কী? ১

খ. বাজার ঝুঁকি কি অপরিহারযোগ্য? ব্যাখ্যা কর। ২

গ. 'M' ও 'N' কোম্পানির প্রত্যাশিত আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. পদ্মা লি.-এর প্রত্যাশিত আয়ের হার ১২% হলে পোর্টফোলিও বিনিয়োগের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

১১▸ আশা লি. এবং স্বপ্ন লিমিটেডের বিগত ৪ বছরের আয়ের হার নিম্নরূপ :

প্রকল্প/বছর	১ম	২য়	৩য়	৪র্থ
আশা লি.	১২%	১৫%	১৩%	১০%
স্বপ্ন লি.	১৫%	১০%	৫%	২০%

ক. ঝুঁকিমুক্ত আয়ের হার কী? ১

খ. "বিনিয়োগ বৈচিত্র্যায়নের মাধ্যমে ঝুঁকি হ্রাস করা সম্ভব।"– ব্যাখ্যা কর। ২

গ. আশা লি.-এর আয়ের হারের আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩

ঘ. ঝুঁকির মাত্রা বিবেচনায় একজন বিনিয়োগকারীর কোন কোম্পানিতে বিনিয়োগ যুক্তিযুক্ত হবে? মূল্যায়ন কর। ৪

রাজশাহী বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 9 2

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ◉ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ জনাব রহিম মুন লি.-এর আর্থিক ব্যবস্থাপক। তিনি উৎপাদন বিভাগের সক্ষমতা বাড়াতে চান। তিনি নতুন মেশিন স্থাপনের জন্য ব্যাংক থেকে ১০% সুদের হারে ১২ বছরের জন্য ঋণ গ্রহণ করেন। বছর শেষে মুনাফার পরিমাণ বৃদ্ধি পায়, ফলে শেয়ারহোল্ডাররা খুবই খুশি হয়। কিন্তু জনাব রহিম মুনাফা নির্ণয়ে অর্থের সময়মূল্য বিবেচনা করেন না।

ক. পোর্টফোলিও কী? ১

খ. "উচ্চ মুনাফাযুক্ত প্রকল্প সর্বদা গ্রহণযোগ্য নয়"– ব্যাখ্যা কর। ২

গ. জনাব রহিম কোন ধরনের আর্থিক কার্যাবলি সম্পাদন করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে অর্থায়নের কোন লক্ষ্য প্রতিফলিত হয়েছে? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

২ ▸ জনাব রফিক, রহিমা অ্যান্ড কোম্পানির আর্থিক ব্যবস্থাপক। পূবালী ব্যাংকে তাদের ৯,০০,০০০ টাকা জমা ছিল। কিন্তু অধিকতর লাভের আশায় সম্পূর্ণ অর্থ স্কয়ার কোম্পানির শেয়ারে বিনিয়োগের সিদ্ধান্ত গ্রহণ করেন। বছরান্তে, তিনি প্রায় ২৫% হারে মুনাফা অর্জন করেন। উক্ত লাভের ১০% তিনি শেয়ারহোল্ডারদের লভ্যাংশ হিসেবে প্রদান করেন।

ক. লভ্যাংশ কী? ১

খ. ব্যবসায়ে সামাজিক দায়বদ্ধতা বলতে কী বোঝায়? ২

গ. জনাব রফিক অর্থায়নের কোন নীতি অনুসরণ করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে জনাব রফিক অর্থায়নের কোন কোন কার্যাবলি সম্পাদন করেছেন? আলোচনা কর। ৪

৩ ▸ সালাম সাহেব তার ছেলেকে বিদেশে পড়াশোনা করতে পাঠাতে চান। ১০ বছর পর সালাম সাহেবের প্রচুর অর্থের প্রয়োজন হবে। তাই তিনি সঞ্চয়ের পরিকল্পনা করলেন। মমতা ব্যাংক তাকে দুটি প্রস্তাব দিয়েছে। প্রথম প্রস্তাব অনুযায়ী তিনি প্রতি মাসের শুরুতে ৭,০০০ টাকা ১০% সুদের হারে জমা করবেন। অন্যদিকে, দ্বিতীয় প্রস্তাব অনুযায়ী এককালীন ৩,০০,০০০ টাকা জমা রাখলে ১০ বছর পরে ৯,০০,০০০ টাকা পাবেন।

ক. বাট্টাকরণ কী? ১

খ. বিধি-৭২ বলতে কী বোঝায়? ২

গ. দ্বিতীয় প্রস্তাব অনুযায়ী সালাম সাহেবের প্রাপ্ত সুদের হার নির্ণয় কর। ৩

ঘ. "প্রথম প্রস্তাব থেকে সালাম সাহেব সর্বোচ্চ অর্থ পাবেন"– উক্তিটির সাথে তুমি কি একমত? যুক্তি দেখাও। ৪

৪ ▸ জনাব সাকিব কিস্তিতে বার্ষিক ১২% হার সুদে ১০,০০,০০০ টাকায় একটি গাড়ি ক্রয় করেন। কোম্পানি তাকে আগামী ৫ বছর প্রত্যেক বছরের শুরুতে কিস্তি পরিশোধ করার পরামর্শ দেন।

ক. সময় রেখা কী? ১

খ. চক্রবৃদ্ধির সংখ্যা বৃদ্ধি পেলে ভবিষ্যৎ মূল্যের ওপর কী প্রভাব পড়বে? ব্যাখ্যা কর। ২

গ. সাকিব সাহেবের কিস্তির পরিমাণ নির্ণয় কর। ৩

ঘ. সাকিব সাহেব প্রত্যেক বছরের শেষে কিস্তি পরিশোধ করলে কিস্তির পরিমাণে কী পরিবর্তন ঘটবে? ৪

৫ ▸ জনাব রিপন তার ভাইকে এখন থেকে ৫ বছর পর একটি ল্যাপটপ দিতে চান। তখন ল্যাপটপটির দাম পড়বে ৫০,০০০ টাকা। তিনি প্রতিবছর শেষে সমপরিমাণ অর্থ ব্যাংকে জমা রাখার পরিকল্পনা করছেন। অন্যদিকে, জনাব কবির ঢাকার গুলশানে একটি অ্যাপার্টমেন্ট ক্রয় করতে চান। যার ক্রয়মূল্য বাবদ কোম্পানিকে আগামী ৪ বছর যথাক্রমে ৪,০০,০০০ টাকা, ৩,০০,০০০ টাকা, ২,০০,০০০ টাকা এবং ১,০০,০০০ টাকা প্রদান করতে হবে। এছাড়াও তিনি প্রতিবছর শেষে ১.০০.০০০ টাকা করে আগামী ১৫ বছরে পরিশোধ করতে পারেন। জনাব কবিরের প্রত্যাশিত আয়ের হার ৯%।

ক. বিলম্বিত বার্ষিক বৃত্তি কী? ১

খ. সরল সুদ কী? বুঝিয়ে লেখ। ২

গ. ব্যাংক সুদের হার ৮% হলে, জনাব রিপনকে ব্যাংকে প্রতিবছর কত টাকা জমা দিতে হবে? ৩

ঘ. জনাব কবিরের অ্যাপার্টমেন্ট ক্রয়ের জন্য কোন বিকল্পটি গ্রহণ করা উচিত? বিশ্লেষণ কর। ৪

৬ ▸ মোঃ সেলিম একজন ক্ষুদ্র বিনিয়োগকারী। তার বিনিয়োজিত অর্থ থেকে বছরে ১,০০,০০০ টাকা আয় করতে চান। এজন্য তিনি ৫ বছর মেয়াদি ১৫% কুপন বন্ডে বিনিয়োগের সিদ্ধান্ত নিয়েছেন। প্রতিটি কুপন বন্ডের অভিহিত মূল্য ১,০০০ টাকা এবং বাজারমূল্য ১,০৫০ টাকা।

ক. সাধারণ শেয়ার কী? ১

খ. ট্রেজারি বন্ড কী? বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকে বর্ণিত বন্ডের মেয়াদপূর্তিতে আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. যদি প্রত্যাশিত আয়ের হার ১২% হয় তাহলে বিনিয়োগের যথার্থতা মূল্যায়ন কর। ৪

৭ ▸ সরোয়ার সাহেব সম্প্রতি চাকরি থেকে অবসরে গেছেন। তিনি তার পেনশন হতে প্রাপ্ত টাকার কিছু অংশ বিনিয়োগ করতে আগ্রহী। তিনি নিম্নের কোম্পানিসমূহের বন্ড নিয়ে বিশ্লেষণ করছেন :

বিবরণ	শ্যামলী কোং লি.	হানিফ কোং লি.	সৌদিয়া কোং লি.
লিখিত মূল্য	১,০০০ টাকা	১,০০০ টাকা	২,০০০ টাকা
কুপন সুদের হার	১০%	১২%	–
প্রত্যাশিত আয়ের হার	৮%	১৫%	১০%
বাজারমূল্য	১,১০০ টাকা	৯০০ টাকা	৮০০ টাকা
মেয়াদ	৯ বছর	–	১২ বছর
বন্ডের ধরন	কুপন বন্ড	চিরস্থায়ী বন্ড	জিরো কুপন বন্ড

ক. ট্রেজারি বন্ড কী? ১

খ. সুযোগ ব্যয় বলতে কী বোঝায়? ২

গ. সৌদিয়া কোং লিমিটেডের বন্ডের বর্তমান মূল্য নির্ণয় কর। ৩

ঘ. শ্যামলী কোং লিমিটেড ও হানিফ কোং লিমিটেডের মধ্যে কোনটিতে বিনিয়োগ করা যুক্তিযুক্ত বলে মনে কর? বিশ্লেষণ কর। ৪

৮ ▸ সান লিমিটেড একটি নতুন মেশিন সংগ্রহের পরিকল্পনা করছেন। মেশিনটির ক্রয়মূল্য ৫,০০,০০০ টাকা, আয়ুষ্কাল ৫ বছর। মেশিনটি ব্যবহারের ফলে আগামী ৫ বছর যথাক্রমে ৬৫,০০০ টাকা, ৭৫,০০০ টাকা, ৮৫,০০০ টাকা, ৫৫,০০০ টাকা ও ৪৫,০০০ টাকা কর পরবর্তী নিট মুনাফা পাওয়া যাবে। প্রতিষ্ঠানটি অভ্যন্তরীণ উপার্জন হার (IRR) এর ভিত্তিতে বিনিয়োগের সিদ্ধান্ত নেয়। কোম্পানির মূলধন ব্যয়ের হার ১০%।

ক. স্বাধীন প্রকল্প কী? ১

খ. মূলধন রেশনিং বলতে কী বোঝ? ২

গ. সান লিমিটেডের মেশিনটির গড় উপার্জন হার নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে মেশিনটি কেনার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৯ ▸ জনাব নাজিমের বিনিয়োগযোগ্য তহবিল ৫,০০,০০০ টাকা, তার উক্ত ফান্ড একটি প্রকল্পে বিনিয়োগ করার সুযোগ রয়েছে। প্রকল্পের তথ্যসমূহ নিম্নরূপ :

প্রকল্পের সময় (বছর)	০	১	২	৩	৪
N এর নিট নগদ প্রবাহ (টাকা)	(৩,০০,০০০)	৮৫,০০০	৯০,০০০	৯৫,০০০	১,০০,০০০

বিনিয়োগের প্রত্যাশিত আয়ের হার ১০%।

ক. মূলধন বাজেটিং কী? ১

খ. প্রকল্পের মূল্যায়ন বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. প্রকল্প N এর বিনিয়োগ পরিশোধ কাল নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে নিট বর্তমান মূল্যের ভিত্তিতে বিনিয়োগ সিদ্ধান্ত মূল্যায়ন কর। ৪

১০ ▸ দুটি কোম্পানির শেয়ারের তথ্য নিম্নরূপ :

কোম্পানি	প্রত্যাশিত আয়	আদর্শ বিচ্যুতি
এলেক্সা	৪০%	১৫%
মার্সেল	৪৫%	১৭%

শেয়ার দুটির মধ্যে সহভেদাঙ্ক ০.৯০। উভয় কোম্পানিতে সমানভাবে বিনিয়োগ করলে পোর্টফোলিও ঝুঁকির মান হবে ৬৮.০৩%।

ক. অনিশ্চয়তা কী? ১

খ. মূলধন সম্পত্তির মূল্যায়ন মডেল বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের আলোকে পোর্টফোলিও আয় কত হবে? ৩

ঘ. "যদি ৭০ : ৩০ অনুপাতে বিনিয়োগ করা হয় তাহলে পোর্টফোলিও ঝুঁকি হ্রাস করা সম্ভব"– উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

১১ ▸ নিম্নের দুটি প্রকল্পের প্রত্যাশিত আয় ও সম্ভাবনা দেওয়া হলো :

সম্ভাবনা	প্রকল্প-১	প্রকল্প-২
.১০	–১০%	১২%
.২০	১২%	১০%
.৩০	২০%	১৫%
.৪০	২২%	২৮%

ক. কোম্পানি ঝুঁকি কী? ১

খ. আর্থিক ঝুঁকি কীভাবে সৃষ্টি হয়? ২

গ. প্রকল্প-১ এর আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩

ঘ. কোন প্রকল্পে ঝুঁকি কম তা বিভেদাঙ্কের মাধ্যমে বিশ্লেষণ কর। ৪

যশোর বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 9 2

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▸ জনাব সাজু সোনালী এন্টারপ্রাইজের মালিক। তিনি ব্যবসায়ের উন্নয়নের জন্য বন্ধুদের সাথে পরামর্শ করেন। তার বন্ধু জনাব আরমান পরামর্শ দিলেন যে, তোমার ব্যবসায়ে স্থায়ী সম্পদ পর্যাপ্ত নয়, ফলে বছর শেষে তুমি আশানুরূপ মুনাফা অর্জন করতে পারবে না। তাই, তিনি স্থায়ী সম্পদ বৃদ্ধির জন্য ১৫ বছর মেয়াদি একটি প্রকল্পে ১৫ লাখ টাকা বিনিয়োগ করেন। কিন্তু এক মাস পরে ব্যবসায়ে নগদ টাকার ঘাটতিসহ বিভিন্ন সমস্যার সৃষ্টি হয়।

ক. ব্যবসায় অর্থায়ন কী? ১

খ. ব্যবসায় অর্থায়নের লক্ষ্য কী কী হওয়া উচিত? ২

গ. উদ্দীপকে অর্থায়নের কোন কার্যাবলির ইঙ্গিত দেওয়া হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে অর্থায়নের কোন নীতির ব্যত্যয় ঘটেছে? তোমার মতামত দাও। ৪

২▸ সোনালী লি. ও রূপালী লি. একই ধরনের ব্যবসায়ে নিয়োজিত। সোনালী লি. ব্যবসায় পরিচালনা খরচ হ্রাস করার উদ্দেশ্যে শ্রমিকদের মজুরিসহ অন্যান্য সুযোগ- সুবিধা কম দেয়। অন্যদিকে, রূপালী লি.-এর মজুরি কাঠামো অন্য সমজাতীয় প্রতিষ্ঠানের তুলনায় ভালো এবং প্রতিষ্ঠানটি প্রতি বছর এইচ.এস.সি পরীক্ষায় কৃতকার্য শিক্ষার্থীদেরকে মুনাফার ০.৫০% শিক্ষা বৃত্তি দিয়ে থাকে। তাই প্রতিষ্ঠানটির সমাজে ইতিবাচক ভাবমূর্তির কারণে পণ্যের মূল্য তুলনামূলক বেশি হওয়া সত্ত্বেও বিক্রয়ের পরিমাণ বেশি।

ক. ব্যবসায় নৈতিকতা কী? ১

খ. তারল্য সংরক্ষণ কীভাবে মুনাফা অর্জনকে প্রভাবিত করে? ২

গ. সোনালী লি.-এর ব্যবসায়িক কার্যক্রমে কোন মূল্যবোধের অবক্ষয় হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সোনালী লি.-এর তুলনায় রূপালী লি.-এর লাভজনকতায় সামাজিক দায়বদ্ধতার কী প্রভাব রয়েছে? বিশ্লেষণ কর। ৪

৩▸ মিসেস রাইসা চাকরি থেকে ২০২৪ সালে অবসরে যাবেন। তিনি একটি বিমাপত্র ক্রয় করেছিলেন। বিমা কোম্পানি তাকে দুইটি প্রস্তাব দেয় :

প্রস্তাব-i : পরবর্তী ১০ বছর প্রতি বছরের শুরুতে ৩১,২০০ টাকা করে পাবেন।

প্রস্তাব-ii : এককালীন শুরুতে ২,০০,০০০ টাকা পাবেন।

বাট্টার হার ৯%।

ক. মিশ্র নগদ প্রবাহ কী? ১

খ. চক্রবৃদ্ধি সংখ্যা বৃদ্ধি পেলে ভবিষ্যৎ মূল্যের ওপর কী প্রভাব পড়বে? ২

গ. প্রস্তাব-i এর ভবিষ্যৎ মূল্য নির্ণয় কর। ৩

ঘ. মিসেস রাইসা কোন প্রস্তাবটি গ্রহণ করবেন? গাণিতিক যুক্তিসহ তোমার মতামত দাও। ৪

৪▸ মিসেস উর্মি ১,১০,০০০ টাকা বলেশ্বর ব্যাংক লি. এ ১১% হারে ৬ বছরের জন্য জমা রাখার কথা ভাবছেন। অন্যদিকে, কঁচা ব্যাংক লি. মাসিক চক্রবৃদ্ধিতে ৯% সুদ দেওয়ার প্রস্তাব দেয়।

ক. বাট্টাকরণ কী? ১

খ. গ্রাহকের কাছে চক্রবৃদ্ধি সুদ সরল সুদ অপেক্ষা অধিক পছন্দনীয় কেন? ২

গ. বলেশ্বর ব্যাংক লি. মেয়াদ শেষে মিসেস উর্মিকে কত টাকা দিবে? ৩

ঘ. মিসেস উর্মি কোন ব্যাংকে টাকা জমা রাখবেন? গাণিতিক ব্যাখ্যাসহ মন্তব্য কর। ৪

৫▸ জনাব রাতুল সন্ধ্যা ব্যাংক লি. থেকে ৬০,০০০ টাকা ঋণ নিয়ে একটি ল্যাপটপ ক্রয় করেন। ব্যাংক শর্ত দিল যে, ৫ বছর ধরে প্রতি বছরের শুরুতে কিস্তি দিতে হবে ও সুদের হার ৯%।

ক. ঋণ পরিশোধ সূচি কী? ১

খ. "সুদ হলো অর্থের মূল্য হ্রাসজনিত ক্ষতিপূরণ"– ব্যাখ্যা কর। ২

গ. জনাব রাতুলের কিস্তির পরিমাণ নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে একটি ঋণ পরিশোধ সূচি প্রস্তুত কর। ৪

৬▸ মিসেস উসমি শেয়ারবাজারে বিনিয়োগ করতে আগ্রহী। তিনি কম ঝুঁকি নিতে পছন্দ করেন। তিনি দুইটি বন্ডের তথ্য সংগ্রহ করেছেন :

বন্ড	সুদের হার	লিখিত মূল্য	বাজারমূল্য	মেয়াদ
পদ্মা	১১%	১০০	১১৫	৭ বছর
মেঘনা	৯%	১০০	৮০	–

উল্লেখ্য, মিসেস উসমির প্রত্যাশিত আয়ের হার ১০%।

ক. দীর্ঘমেয়াদি অর্থায়ন কী? ১

খ. একটি বন্ড কখন অধিহারে বিক্রয় করা হয়? ২

গ. পদ্মা বন্ডের মেয়াদপূর্তিতে আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. মিসেস উসমি কোন বন্ডে বিনিয়োগ করবেন? গাণিতিক ব্যাখ্যাসহ মতামত লেখ। ৪

৭▸ জনাব মেহেদী ১,০০০ টাকা লিখিত মূল্যে ১২% কুপন হার সুদে ১০ বছর মেয়াদি একটি বন্ড ক্রয় করার কথা ভাবছেন। বন্ডটির বাজারে বিক্রয়মূল্য ১,০৮০ টাকা। ৭ বছর শেষে বন্ডটি ২% অধিহারে তলব করা হয়। বন্ডের প্রত্যাশিত আয়ের হার ১১%।

ক. IPO কী? ১

খ. ট্রেজারি বন্ডের আয়ের হারকে কেন ঝুঁকিমুক্ত আয়ের হার বলা হয়? ২

গ. বন্ডটির ৭ বছর শেষে তলবের সময় উপার্জনের হার (YTC) নির্ণয় কর। ৩

ঘ. বন্ডটির বাজারমূল্য ১,০৬৫ টাকা হলে জনাব মেহেদীর কি বন্ডটি ক্রয় করা উচিত হবে? গাণিতিক ব্যাখ্যাসহ মন্তব্য কর। ৪

৮▸ জনাব ইসমাইল একটি প্রকল্পে ৬৫,০০০ টাকা বিনিয়োগ করতে আগ্রহী। তিনি বিনিয়োগযোগ্য দুইটি প্রকল্পের তথ্য সংগ্রহ করেছেন :

প্রকল্প/বছর	১	২	৩	৪	৫
ক	১৮,০০০	২৫,০০০	২৪,০০০	১৯,০০০	১৫,০০০
খ	১৫,০০০	১৭,০০০	৩০,০০০	২১,০০০	১৪,০০০

বাটার হার ৯%।

ক. মূলধন বাজেটিং কী? ১

খ. স্বাধীন প্রকল্পসমূহের ক্ষেত্রে কীভাবে সিদ্ধান্ত গ্রহণ করা হয়? ২

গ. কোন প্রকল্প থেকে দ্রুত সময়ের মধ্যে মূলধন ফেরত পাওয়া সম্ভব? গাণিতিক যুক্তিসহ মন্তব্য লেখ। ৩

ঘ. নগদ পছন্দের ভিত্তিতে জনাব ইসমাইলের উপর্যুক্ত বিনিয়োগ সিদ্ধান্ত কী হবে? গাণিতিক ব্যাখ্যাসহ মতামত দাও। ৪

৯▸ নর্দান কোম্পানির নিকট বিনিয়োগের জন্য ৬০,০০০ টাকা আছে। কোম্পানিটি বিনিয়োগের জন্য নিম্নোক্ত দুইটি প্রকল্প বিবেচনা করছে :

প্রকল্প	প্রাথমিক বিনিয়োগ	করপূর্ব নগদ প্রবাহ				
		১	২	৩	৪	৫
লাল	৫৫,০০০	১৬,৮০০	১৫,৩০০	১৪,০০০	১৫,৫০০	১৪,৬০০
সবুজ	৫০,০০০	১৫,৬০০	১৬,২০০	১৫,০০০	১৩,০০০	১৩,৪০০

সুযোগ ব্যয় ৮% ও কর হার ৩৫%।

ক. পরস্পর বর্জনশীল প্রকল্প কী? ১

খ. মূলধন রেশনিং বা বরাদ্দকরণ কীভাবে করা হয়? ২

গ. সবুজ প্রকল্পের নিট বর্তমান মূল্য নির্ণয় কর। ৩

ঘ. নর্দান কোম্পানি কোন প্রকল্পটি গ্রহণ করবে? গাণিতিক ব্যাখ্যাসহ মন্তব্য কর। ৪

১০▸ জনাব আখতার ১,০০,০০০ টাকা একটি লাভজনক সিকিউরিটিতে বিনিয়োগ করতে আগ্রহী। তার সামনে নিচের দুইটি সিকিউরিটি রয়েছে। তিনি দুইটির মধ্য থেকে কম ঝুঁকিপূর্ণ সিকিউরিটি বাছাই করতে চান :

বছর	আয়ের হার	
	সিকিউরিটি-ক	সিকিউরিটি-খ
২০২০	১৬%	১৯%
২০২১	১৪%	–৭%
২০২২	১৫%	১৯%

ক. পোর্টফোলিও কী? ১

খ. সরকারি বন্ডে বিনিয়োগ ঝুঁকি নেই কেন? ২

গ. উদ্দীপকের আলোকে সিকিউরিটি-খ এর আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩

ঘ. "সিউকিউরিটি-ক অধিক ঝুঁকিপূর্ণ"– উক্তিটির গাণিতিক যুক্তিসহ মন্তব্য লেখ। ৪

১১▸ মিসেস আইরিন একটি স্টকে বিনিয়োগ করতে চান। তিনি অধিক ঝুঁকি নিতে পছন্দ করেন। বাজার পর্যালোচনা করে স্টক X ও স্টক Y এর বিভিন্ন অর্থনৈতিক অবস্থা সম্পর্কে নিচের তথ্যসমূহ তিনি সংগ্রহ করেছেন :

অর্থনৈতিক অবস্থা	সম্ভাবনা	মুনাফার হার	
		স্টক-X	স্টক-Y
মহামন্দা	২৫%	৫%	–২%
স্বাভাবিক	৪৫%	১১%	৯%
মহাতেজি	৩০%	১৪%	১৯%

ক. ঝুঁকিমুক্ত আয়ের হার কী? ১

খ. মুনাফা ও ঝুঁকির মধ্যে সম্পর্ক কীরূপ? ২

গ. উদ্দীপকে স্টক Y এর পরিমিত ব্যবধান ও বিভেদাঙ্ক নির্ণয় কর। ৩

ঘ. মিসেস আইরিন কোন স্টকে বিনিয়োগ করবেন? গাণিতিক ব্যাখ্যাসহ মতামত দাও। ৪

কুমিল্লা বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 9 2

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ মি. শফিক এবং মি. রফিক দুই বন্ধু। তারা উভয়ে বিশ্ববিদ্যালয়ে ফাইন্যান্স ও ব্যাংকিং বিষয়ের ওপর পড়াশোনা করছেন এবং পাশাপাশি তারা টিউশনির মাধ্যমে কিছু অর্থ উপার্জন করেন। তারা উভয়ে সিদ্ধান্ত নিলেন যে, তাদের এই উপার্জিত অর্থ শেয়ারবাজারে বিনিয়োগ করবেন। মি. শফিক তার পুঁজি দিয়ে মাত্র একটি কোম্পানির শেয়ার ক্রয় করলেন। অন্যদিকে মি. রফিক তার পুঁজি দিয়ে তিনটি কোম্পানির শেয়ার ক্রয় করলেন।

ক. ব্যবসায় অর্থায়ন কী? ১

খ. সম্পদ সর্বাধিকরণ কীভাবে অর্জন করা যায়? ব্যাখ্যা কর। ২

গ. মি. রফিক বিনিয়োগের ক্ষেত্রে অর্থায়নের কোন নীতি অনুসরণ করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে শেয়ারবাজারে বিনিয়োগের ক্ষেত্রে কার বিনিয়োগ অধিক যৌক্তিক বলে তুমি মনে কর? তোমার মতামত দাও। ৪

২ ▸ সততা কোম্পানি কেবলমাত্র পেস্ট উৎপাদন ও বিক্রয় করে। কোম্পানি তাদের মোট লাভের ২৫% লভ্যাংশ শেয়ারমালিকদের মাঝে বণ্টন করে থাকে। অপরদিকে একতা কোম্পানি পেস্ট, শ্যাম্পু ও পাউডার উৎপাদন ও বিক্রয় করে। সুনাম বৃদ্ধি ও ব্যবসায় সম্প্রসারণের লক্ষ্যে কোম্পানি ১৫% লভ্যাংশ শেয়ারহোল্ডারদের মধ্যে বণ্টন করে এবং মুনাফার কিছু অংশ সংরক্ষিত তহবিলে জমা রাখে।

ক. মুনাফা সর্বোচ্চকরণ কী? ১

খ. ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতার ধারণা ব্যাখ্যা কর। ২

গ. বিনিয়োগের ক্ষেত্রে পোর্টফোলিও নীতি বিবেচনা করা হয় কেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. সততা ও একতা কোম্পানি দুটির মধ্যে কোন কোম্পানির বিনিয়োগ অধিক যুক্তিযুক্ত? মতামতসহ বিশ্লেষণ কর। ৪

৩ ▸ জনাব রায়হান জমি বিক্রয় করে ৪,০০,০০০ টাকা পেলেন। তিনি ৮ বছর পর CNG ক্রয়ের উদ্দেশ্যে ব্যাংকে একটি স্থায়ী হিসাব খোলার পরিকল্পনা করেন। সোনালী ব্যাংক তাকে ৮% হারে চক্রবৃদ্ধি সুদ প্রদানের প্রস্তাব দেয়। অন্যদিকে, 'জনতা ব্যাংক' ৯% হারে দ্বিমাসিক চক্রবৃদ্ধি সুদ প্রদানের প্রস্তাব দেয়।

ক. ভবিষ্যৎ মূল্য কী? ১

খ. কীভাবে চক্রবৃদ্ধিকরণ করা হয়? ব্যাখ্যা কর। ২

গ. মেয়াদ শেষে সোনালী ব্যাংক থেকে জনাব রায়হান মোট কত টাকা পাবেন? নির্ণয় কর। ৩

ঘ. জনাব রায়হানের কোন ব্যাংকে টাকা জমা রাখা উচিত? গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

৪ ▸ মি. নাহিদ পাঁচ বছর মেয়াদে ১০% বার্ষিক সুদের হারে ২,০০,০০০ টাকার সরকারি সঞ্চয়পত্র ক্রয় করার চিন্তা করেছেন। কিন্তু তার বন্ধুর পরামর্শে ১০% বার্ষিক চক্রবৃদ্ধি সুদে পদ্মা ব্যাংকে উক্ত টাকা বিনিয়োগ করেন।

ক. বর্তমান মূল্য কী? ১

খ. চক্রবৃদ্ধি হারে প্রকৃত সুদের হার পরিবর্তিত হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. সরকারি সঞ্চয়পত্রে বিনিয়োগ করলে মেয়াদ শেষে জনাব নাহিদ কত টাকা পেত? নির্ণয় কর। ৩

ঘ. অর্থ বিনিয়োগের ক্ষেত্রে জনাব নাহিদের সিদ্ধান্তের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৫ ▸ জনাব বাকের চাকরি থেকে অবসর গ্রহণ করেছেন। তিনি অবসর ভাতা বাবদ ২৫,০০,০০০ টাকা পেয়েছেন। তিনি উক্ত টাকা পাঁচ বছরের জন্য জমা রাখতে চান। তার কাছে দুটি ব্যাংকের দুটি বিকল্প প্রস্তাব রয়েছে। ডাচ্-বাংলা ব্যাংক ১৩% হারে সরল সুদ দিতে চায় এবং রূপসা ব্যাংক লি. ১২% হারে চক্রবৃদ্ধি সুদ দিতে চায়।

ক. অর্থের সময়মূল্য কী? ১

খ. বিধি-৭২ বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. ডাচ্-বাংলা ব্যাংকে টাকা জমা রাখলে জনাব বাকের পাঁচ বছর পর কত টাকা পাবেন? নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের দুইটি প্রস্তাবের মধ্যে জনাব বাকের কোন প্রস্তাবটি গ্রহণ করবেন? যুক্তিসহকারে বুঝিয়ে দাও। ৪

৬ ▸ জনি প্রিন্ট কোম্পানি বার্ষিক ১৬% কুপন রেটে বন্ড ইস্যু করে। যার প্রতিটির লিখিত মূল্য ১,০০০ টাকা। উক্ত বন্ড ১০ বছরের জন্য ইস্যু করা হয়। অর্ধবার্ষিক ভিত্তিতে কুপন রেট ১৫% প্রয়োজনীয় আয়ের হার ১২%।

ক. চিরস্থায়ী বন্ড কী? ১

খ. কুপন হার বন্ডের আয়ের ওপর কী প্রভাব ফেলে? ২

গ. যদি সুদ বার্ষিক ভিত্তিতে প্রদান করা হয় তবে বন্ডের বর্তমান মূল্য কত হবে? নির্ণয় কর। ৩

ঘ. জনি প্রিন্ট কোম্পানির জন্য অর্ধ-বার্ষিক ভিত্তিতে সুদ প্রদান করা কি যৌক্তিক হবে? মতামত দাও। ৪

৭ ▸ জনাব সৌরভ তার সঞ্চয়কৃত অর্থ বিনিয়োগ করতে চাচ্ছেন। তিনি বন্ডবাজার অনুসন্ধান করে ১০০ টাকা অভিহিত মূল্যের দুটি বন্ড দেখতে পেলেন। বন্ড দুটির তথ্য নিচে দেওয়া হলো :

বন্ড	কুপন সুদের হার	বাজারমূল্য	মেয়াদ
X	১২%	১১৯	৮ বছর
Y	১০%	৮০	–

প্রত্যাশিত আয়ের হার ১০%।

ক. YTC-এর পূর্ণরূপ কী? ১

খ. মেয়াদপূর্তিতে উপার্জন হার কীভাবে নির্ণীত হয়? ব্যাখ্যা কর। ২

গ. মেয়াদপূর্তিতে X বন্ডের আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. অন্তর্নিহিত মূল্যের ভিত্তিতে জনাব সৌরভের কোন বন্ডে বিনিয়োগ করা উচিত? বিশ্লেষণ কর। ৪

৮ ▸ বিডি কোম্পানি লিমিটেড একটি নতুন মেশিন ক্রয়ের চিন্তা করছে। মেশিনটির ক্রয়মূল্য ৫,০০,০০০ টাকা এবং আয়ুষ্কাল পাঁচ বছর। কোনো ভগ্নাবশেষ মূল্য থাকবে না। করের হার ৪০%। করপরবর্তী আয় নিম্নে দেওয়া হলো :

বছর	১	২	৩	৪	৫
নগদ আন্তঃপ্রবাহ	১,০০,০০০	১,১০,০০০	১,৪০,০০০	১,৫০,০০০	২,৫০,০০০

ক. মূলধন রেশনিং কী? ১

খ. নিট বর্তমান মূল্য বলতে কী বোঝ? ২

গ. মেশিনটির পরিশোধ কাল (Pay Back Period) নির্ণয় কর। ৩

ঘ. বাট্টার হার ১০% হলে নিট বর্তমান মূল্য কত হবে? গাণিতিকভাবে দেখাও। ৪

৯ ▸ স্টার কোম্পানি লি. চার বছর মেয়াদি প্রকল্পে বিনিয়োগ সিদ্ধান্ত নিতে চায়। যেখানে প্রাথমিক বিনিয়োগের পরিমাণ হবে ২,০০,০০০ টাকা এবং নগদ আন্তঃপ্রবাহসমূহ যথাক্রমে ৬০,০০০, ৭০,০০০, ৮০,০০০ এবং ৭৬,০০০ টাকা। বাট্টার হার ১০%।

ক. প্রকল্প কী? ১

খ. "মূলধন বাজেটিং প্রতিষ্ঠানের মুনাফা অর্জন ক্ষমতা বৃদ্ধি করে"– ব্যাখ্যা কর। ২

গ. কোম্পানির নিট বর্তমান মূল্য (NPV) নির্ণয় কর। ৩

ঘ. অভ্যন্তরীণ আয়ের হারের (IRR) ভিত্তিতে স্টার কোম্পানির বিনিয়োগ সিদ্ধান্তটি মূল্যায়ন কর। ৪

১০ ▸ জনাব রেদোয়ান বিনিয়োগ করার জন্য নিচের দু'টি সিকিউরিটির তথ্য বিবেচনা করছেন–

সম্ভাবনা (%)	প্রত্যাশিত আয়	
	সিকিউরিটি-A	সিকিউরিটি-B
০.২০	১৫%	১২.৫%
০.১০	১০%	১৭.৫%
০.২০	৯%	১৬.০%

ক. পোর্টফোলিও কী? ১

খ. "ঝুঁকি বৃদ্ধি পেলে আয় বৃদ্ধি পায়"– ব্যাখ্যা কর। ২

গ. সিকিউরিটি-A এর আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩

ঘ. "সিকিউরিটি-B বেশি ঝুঁকিপূর্ণ"– উক্তিটির যথার্থতা গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

১১ ▸ দুই বন্ধু শাওন ও শোভন নিয়মিত শেয়ার ব্যবসায় করেন। শাওন 'X' কোম্পানির শেয়ারে এবং শোভন 'Y' কোম্পানির শেয়ারে সমানভাবে বিনিয়োগ করলেন। শেয়ার দু'টি হতে গত তিন বছরের আয় নিচে উল্লেখ করা হলো :

বছর	'X' কোম্পানির আয়	'Y' কোম্পানির আয়
১	১৭%	১৫%
২	২০%	১২%
৩	১৬%	১৮%

ক. ঝুঁকিমুক্ত আয় হার কী? ১

খ. পোর্টফোলিও বৈচিত্র্যায়নের নীতি কেন অনুসরণ করা হয়? ২

গ. শাওনের ঝুঁকির পরিমাণ নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত তথ্যের আলোকে কার বিনিয়োগ অধিক ঝুঁকিপূর্ণ? বিশ্লেষণ কর। ৪

চট্টগ্রাম বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 9 2

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ সুরমা ম্যানুফেকচারিং কোম্পানি লি. উৎপাদন বৃদ্ধির জন্য পাঁচ কোটি টাকা মূল্যের একটি মেশিন ক্রয়ের সিদ্ধান্ত নিয়েছে। মেশিনটির প্রত্যাশিত আয়ুষ্কাল আট বছর। নতুন মেশিন ক্রয়ের সিদ্ধান্তটি প্রচারিত হওয়ার পর থেকে পুঁজি বাজারে কোম্পানির শেয়ারের চাহিদা বৃদ্ধি পেয়েছে। ফলে কোম্পানির শেয়ারের বাজারমূল্যও বৃদ্ধি পায়।

ক. সরকারি অর্থায়ন কী? ১

খ. ঝুঁকি ও আয়ের মধ্যে কীরূপ সম্পর্ক বিদ্যমান? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত সুরমা ম্যানুফেকচারিং কোম্পানি লি. কর্তৃক গৃহীত সিদ্ধান্তটি অর্থায়নের কোন কার্যাবলির সাথে সম্পৃক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত সুরমা ম্যানুফেকচারিং কোম্পানি লি. অর্থায়নের চূড়ান্ত লক্ষ্য অর্জনে সক্ষম হয়েছে কিনা বিশ্লেষণ কর। ৪

২ ▸ লিয়ানা ও লিমন দুই ভাই-বোন। লিয়ানা এমন একটি প্রতিষ্ঠানে কাজ করে যা মূলত মানবকল্যাণের উদ্দেশ্যে পরিচালিত হয়। প্রতিষ্ঠানটি সমাজে পিছিয়ে পড়া, দরিদ্র ও সুবিধা বঞ্চিত মানুষদের সেবা প্রদানের জন্য প্রয়োজনীয় তহবিল দেশি ও বিদেশি বিভিন্ন দাতাদের নিকট হতে সংগ্রহ করে। অন্যদিকে লিমন যে প্রতিষ্ঠানে কাজ করে সেটির উদ্দেশ্য হলো মুনাফা অর্জন করা। প্রতিষ্ঠানটি নির্মাণ শিল্প, কাগজ শিল্প ও তৈরি পোশাক শিল্পে বিপুল পরিমাণ অর্থ বিনিয়োগ করে দেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখছে।

ক. তারল্য কী? ১

খ. অর্থায়নের ক্ষেত্রে সামাজিক দায়বদ্ধতা কেন গুরুত্বপূর্ণ? ২

গ. উদ্দীপকে উল্লিখিত লিয়ানার প্রতিষ্ঠানটি কোন ধরনের অর্থায়ন প্রক্রিয়ার সাথে যুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. "লিমনের প্রতিষ্ঠানটি অর্থায়নের নীতিমালা অনুসরণ করে পরিচালিত হচ্ছে"– তুমি কি একমত? অর্থায়নের যথোপযুক্ত নীতিমালার আলোকে মতামত দাও। ৪

৩ ▸ জনাব ইবাদ ৫ বছর পরে একটি ফ্ল্যাট কিনতে আগ্রহী। ৫ বছর পর ফ্ল্যাটের বাজারমূল্য হবে ৮০,০০,০০০ টাকা। তার বাবা এই লক্ষ্যে একটি সরকারি ব্যাংকে ৫০,০০,০০০ টাকা জমা রাখেন। যেখানে মাসিক চক্রবৃদ্ধিতে ১২% সুদ দেয়।

ক. চিরস্থায়ী বৃত্তি কী? ১

খ. মুদ্রাস্ফীতি কীভাবে অর্থের সময়মূল্যকে প্রভাবিত করে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে কার্যকরী সুদের হার নির্ণয় কর। ৩

ঘ. মেয়াদ শেষে ইবাদ ফ্ল্যাটটি কিনতে সক্ষম হবে কি? গাণিতিক মূল্যায়ন করে মতামত দাও। ৪

৪ ▸ জনাব ইব্রাহিম উচ্চতর ডিগ্রি অর্জনের জন্য প্রতি বছরের শুরুতে আগামী ৩ বছর যথাক্রমে ৪৫,০০০ টাকা, ৫০,০০০ টাকা, ৬০,০০০ টাকা ব্যাংকে জমানোর জন্য চিন্তা করছেন। ব্যাংকের সুদের হার ১৬%।

ক. অর্থের সময়মূল্য কী? ১

খ. বিধি-৭২ কখন ব্যবহার করা হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে ৩ বছর পর জনাব ইব্রাহিম কত টাকা পাবেন? নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে জনাব ইব্রাহিমের ব্যাংকে জমা প্রদানকে বার্ষিক বৃত্তি বলা যাবে কি? মতামত দাও। ৪

৫ ▸ মিসেস আফরিন 'কাপ্তাই' ব্যাংক থেকে ৩ বছরের জন্য ৫,০০,০০০ টাকা ঋণ গ্রহণ করতে পারেন। সুদের হার ১০% এবং প্রতি বছর শেষে ২,০১,০৫৭ টাকা করে তিনটি সমান কিস্তিতে ঋণ পরিশোধ করতে হবে। অন্যদিকে 'নির্ঝর' ব্যাংক থেকে ১০% সুদে ঋণ গ্রহণ করলে ৩ বছর শেষে এক কিস্তিতেই ঋণ পরিশোধিত হবে।

ক. মিশ্র নগদ প্রবাহ কী? ১

খ. বাট্টার হারের পরিবর্তন বর্তমান মূল্যের ওপর কী প্রভাব ফেলে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে 'কাপ্তাই' ব্যাংকের ঋণ পরিশোধ সূচি তৈরি কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত মিসেস আফরিন কম সুদ প্রদান করতে চাইলে তার কোন বিকল্প গ্রহণ করা উচিত? মতামত দাও। ৪

৬ ▸ মিসেস প্রমিতি তার সঞ্চিত অর্থ বিনিয়োগ করতে চান। তিনি বাজার অনুসন্ধান করে ২,০০০ টাকা অভিহিত মূল্যের দুটি বন্ড চিহ্নিত করেছেন। নিম্নে বন্ড দুটির তথ্য দেওয়া হলো :

বন্ড	কুপন সুদের হার	বাজারমূল্য	মেয়াদ
A	১১%	১,৯০০ টাকা	৮ বছর
B	১২%	২,১৫০ টাকা	–

মিসেস প্রমিতি B বন্ডে বিনিয়োগ করেন এবং তার প্রত্যাশিত আয়ের হার ১০%।

ক. জামানতযুক্ত বন্ড কী? ১

খ. ট্রেজারি বন্ডকে ঝুঁকিমুক্ত সিকিউরিটি বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. 'A' বন্ডের চলতি আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. অন্তর্নিহিত মূল্যের ভিত্তিতে মিসেস প্রমিতির কোন বন্ডে বিনিয়োগ করা উচিত? মতামত দাও। ৪

৭ ▸ মিসেস পারুল তার জমানো অর্থ ১২% সুদের হারে ১০ বছর মেয়াদের বন্ডে বিনিয়োগ করার সিদ্ধান্ত নিলেন। প্রতিটি বন্ডের অভিহিত মূল্য ১০,০০০ টাকা এবং বাজারমূল্য ১২,৫০০ টাকা। মিসেস পারুলের প্রত্যাশিত আয়ের হার ১১%।

ক. শেয়ার কী? ১

খ. কখন বন্ডে অন্তর্নিহিত মূল্য ও লিখিত মূল্য সমান হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত মিসেস পারুলের বন্ডটি কোন ধরনের বন্ড? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপক অনুযায়ী মিসেস পারুলের বন্ডটির বিনিয়োগ সিদ্ধান্ত মেয়াদপূর্তির আয়ের হারের ভিত্তিতে মূল্যায়ন কর। ৪

৮ ▸ মিসেস আরশিয়া এবিসি লি.-এর একজন আর্থিক ব্যবস্থাপক। তিনি 'A' ও 'B' পরস্পর বর্জনশীল দুটি প্রকল্প নিয়ে ভাবছেন। প্রাথমিক বিনিয়োগ ৩,০০,০০০ টাকা এবং মূলধন ব্যয় ১২%।

প্রকল্প দুটির সম্ভাব্য নিট নগদ প্রবাহ নিম্নরূপ :

প্রকল্প/বছর	১	২	৩	৪	৫
প্রকল্প 'A'	৮৫,০০০	৮৫,০০০	৮৫,০০০	৮৫,০০০	৮৫,০০০
প্রকল্প 'B'	৭৭,০০০	৮০,০০০	৯৫,০০০	৫০,০০০	৪৮,০০০

প্রকল্প মূল্যায়নের ক্ষেত্রে প্রতিষ্ঠানটি বাট্টাকৃত পদ্ধতি ব্যবহার করে। এক্ষেত্রে প্রকল্প 'A' এর নিট বর্তমান মূল্য ৬,৪০৬ টাকা।

ক. মূলধন বাজেটিং কী? ১

খ. স্বাধীন প্রকল্পের ক্ষেত্রে কীভাবে বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ করা যায়? ব্যাখ্যা কর। ২

গ. প্রকল্প 'B' এর পে-ব্যাক পিরিয়ড নির্ণয় কর। ৩

ঘ. নিট বর্তমান মূল্য বিবেচনা করে মিসেস আরশিয়ার কোন প্রকল্পে বিনিয়োগ করা উচিত বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

৯ ▸ জনাব কালাম ৪ বছরের জন্য ৫,০০,০০০ টাকা বিনিয়োগ করেন। নিম্নে প্রকল্প হতে সম্ভাব্য নিট নগদ প্রবাহ দেওয়া হলো :

বছর	১	২	৩	৪
নিট নগদ প্রবাহ	১,৭৫,০০০	১,৬৫,০০০	১,৫০,০০০	১,৮০,০০০

জনাব কালামের মূলধন ব্যয় ১৪% এবং তিনি সরলরৈখিক পদ্ধতিতে অবচয় নির্ধারণ করেন। প্রকল্প মূল্যায়নের ক্ষেত্রে জনাব কালাম আন্তঃআয়ের হার ব্যবহার করেন। ১১% বাট্টার হারে নিট বর্তমান মূল্য ১৯,৮২৬ টাকা এবং ১৮% বাট্টার হারে নিট বর্তমান মূল্য –৪৯,০৫৮ টাকা।

ক. প্রকল্প কী? ১

খ. কখন নিট বর্তমান মূল্য শূন্য হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে গড় মুনাফার হার নির্ণয় কর। ৩

ঘ. জনাব কালামের বিনিয়োগ সিদ্ধান্ত যথার্থ হয়েছে কিনা মূল্যায়ন কর। ৪

১০ ▸ মিসেস অর্পা সদ্য অবসরপ্রাপ্ত চাকরিজীবী। তিনি শেয়ারবাজারে বিনিয়োগ করতে আগ্রহী। শেয়ারবাজার পর্যালোচনা করে স্টক 'A' ও স্টক 'B' এর বিভিন্ন তথ্যাবলি সংগ্রহ করেছেন :

অর্থনৈতিক অবস্থা	সম্ভাবনা	মুনাফার হার	
		A	B
স্বাভাবিক	.২০	১০%	১৪%
ভালো	.৩০	১৫%	১৮%
খুব ভালো	.৫০	২৫%	২০%
প্রত্যাশিত আয়ের হার		১৯%	১৮.২০%
পরিমিত ব্যবধান		৬.২৫%	-

ক. ঝুঁকি কী? ১

খ. বাজার ঝুঁকিকে কেন অপরিহারযোগ্য ঝুঁকি বলা হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে স্টক 'B' এর পরিমিত ব্যবধান নির্ণয় কর। ৩

ঘ. মিসেস অর্পার জন্য কোন স্টকে বিনিয়োগ করা কম ঝুঁকিপূর্ণ? গাণিতিকভাবে যুক্তিসহ মতামত দাও। ৪

১১ ▸ জনাব আরিজ একটি প্রতিষ্ঠানের আর্থিক ব্যবস্থাপক। প্রতিষ্ঠানের বিটার মান ১.৫, বাজার আয়ের হার ১৬% এবং ঝুঁকিমুক্ত আয়ের হার ৮%। জনাব আরিজ ব্যক্তিগতভাবে আর্থিক বাজারে বিনিয়োগ করে থাকেন। তিনি ঝুঁকি হ্রাসের জন্য এক এর অধিক সিকিউরিটিতে বিনিয়োগ করতে আগ্রহী। তার বিনিয়োগকৃত সিকিউরিটিগুলোর তথ্য নিম্নরূপ :

	সিকিউরিটি A	সিকিউরিটি B
প্রত্যাশিত আয়ের হার	১৪%	১৬%
পরিমিত ব্যবধান	৪%	৪.৩৫%
ভার	৪০%	৬০%
সিকিউরিটির সহসম্বন্ধ	–০.৮৫	

ক. অনিশ্চয়তা কী? ১

খ. আয় ও ঝুঁকির মধ্যে কোন ধরনের সম্পর্ক রয়েছে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত আর্থিক প্রতিষ্ঠানের প্রয়োজনীয় আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে জনাব আরিজের বিনিয়োগ সিদ্ধান্ত ঝুঁকি হ্রাসে সহায়ক কিনা মূল্যায়ন কর। ৪

সিলেট বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 9 2

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ 'নাইস ভোজনালয়' একটি হোটেল। প্রথমদিকে তারা সিদ্ধান্ত গ্রহণ করে যে, তারা শুধু দুপুরের খাবার ও বিভিন্ন প্রতিষ্ঠানের চাহিদা অনুযায়ী খাবার সরবরাহ করবে? কিন্তু দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি ও কর্মচারীদের বেতন পরিশোধে অতিরিক্ত অর্থ সংরক্ষণ করায় প্রতিষ্ঠানটির অসচ্ছলতার ঝুঁকি বৃদ্ধি পায়। তাই পরবর্তীতে তাদের বিনিয়োগ বৃদ্ধি করে ভোক্তাদের চাহিদা অনুযায়ী রাতের খাবার, বিভিন্ন প্রকার মিষ্টান্ন, কেক, পানীয়, আইসক্রিম ইত্যাদি তৈরি ও বিক্রয়ে সচেষ্ট হয়।

ক. ব্যবসায় অর্থায়ন কী? ১

খ. মূলধন কাঠামো তৈরি করা অর্থায়নে গুরুত্বপূর্ণ কেন? ২

গ. অর্থায়নের কোন নীতি অনুসরণের কারণে 'নাইস ভোজনালয়'-এর অসচ্ছলতার ঝুঁকি বৃদ্ধি পায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'নাইস ভোজনালয়' এর গৃহীত পদক্ষেপ কি তাদের অসচ্ছলতার ঝুঁকি হ্রাস করবে? বিশ্লেষণ কর। ৪

২ ▸ 'আশা' ও 'আস্থা' দুইটি কোম্পানি। উভয় কোম্পানির শেয়ারের লিখিত মূল্য ১৫ টাকা। ২০২০ ও ২০২১ সালে 'আশা' কোম্পানির শেয়ারপ্রতি আয় যথাক্রমে ৫ ও ৭ টাকা। শেয়ারের বাজারমূল্য ২০ টাকায় অপরিবর্তিত থাকে। অপরদিকে উক্ত সময়ে 'আস্থা' কোম্পানির শেয়ারপ্রতি আয় ৫ টাকায় অপরিবর্তিত থাকলেও শেয়ারের বাজারমূল্য ২০ টাকা থেকে বৃদ্ধি পেয়ে ২২ টাকা হয়।

ক. মুনাফা সর্বোচ্চকরণ কী? ১

খ. অর্থায়নে তারল্য ও মুনাফা নীতির মধ্যে কেন সমন্বয় করতে হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপক অনুযায়ী 'আশা' কোম্পানি অর্থায়নের কোন লক্ষ্যটি অনুসরণ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত কোম্পানি দুইটির মধ্যে কোন কোম্পানিটি দীর্ঘমেয়াদে টিকে থাকবে? অর্থায়নের লক্ষ্যের ভিত্তিতে বিশ্লেষণ কর। ৪

৩ ▸ মিস স্বর্ণা এইচএসসি পরীক্ষায় সফলতার সাথে পাস করায় একটি এনজিও থেকে তাকে ২০,০০০ টাকা পুরস্কার দেওয়া হয়। যাহা সে RBC ব্যাংকে ৯% সুদে ৫ বছরের জন্য জমা রাখে। ব্যাংকটি ৬ মাস অন্তর সুদ প্রদান করে। পরবর্তীতে স্বর্ণা বুয়েটে ভর্তি হওয়ায় তার পরিবার তাকে তিনটি প্রস্তাব দেয়। প্রস্তাব তিনটি হলো :
প্রথমত, আগামী ৫ বছর, প্রত্যেক বছরে ২,৬০০ টাকা গ্রহণ।
দ্বিতীয়ত, আগামী ৫ বছর যথাক্রমে, ৩,০০০, ২,৮০০, ২,৫০০, ২,৩০০ ও ২,০০০ টাকা গ্রহণ।
অথবা, বর্তমানে ১০,০০০ টাকা গ্রহণ। প্রত্যেক প্রস্তাবের সুযোগ ব্যয় ৮%।

ক. চিরস্থায়ী বৃত্তি কী? ১

খ. কখন নামিক সুদের হার ও কার্যকরী সুদের হার সমান হয়? ২

গ. মেয়াদোত্তীর্ণ মিস স্বর্ণা RBC ব্যাংক থেকে কত টাকা পাবে? নির্ণয় কর। ৩

ঘ. পরিবারের পক্ষ থেকে প্রদত্ত প্রস্তাবসমূহের মধ্যে মিস স্বর্ণা কোনটি গ্রহণ করবে? বিশ্লেষণ কর। ৪

৪ ▸ জনাব ছালাম একজন চাকরিজীবী। তিনি নিচের দুইটি বন্ডের মধ্যে যেকোনো একটি ক্রয় করতে চান। বন্ড দুইটির তথ্য নিম্নরূপ :

বিবরণ	মধুমতি লি.	সুরমা লি.
লিখিত মূল্য	২,৫০০	২,৫০০
কুপন হার	১২%	১৫%
বাজারমূল্য	২,৮০০	২,০০০
মেয়াদকাল	৫ বছর	৫ বছর
প্রয়োজনীয় আয়ের হার	১০%	১০%

ক. চিরস্থায়ী বন্ড কী? ১

খ. কখন বন্ডের বাজারমূল্য ও লিখিত মূল্য সমান হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত মধুমতি লি.-এর বন্ডের বর্তমান মূল্য নির্ণয় কর। ৩

ঘ. জনাব ছালাম মেয়াদপূর্তিতে বন্ড দুইটির মধ্যে কোনটি ক্রয় করবেন? মতামত দাও। ৪

৫ ▸ জনাব কাদের একটি নতুন মেশিন ক্রয় করতে ইচ্ছুক। মেশিনটির ক্রয়মূল্য ৮০,০০০ টাকা এবং আয়ুষ্কাল ৪ বছর। মেশিনটির মূলধনী ব্যয় ১২% এবং কর হার ৪০%। উক্ত মেশিন হতে আগামী ৪ বছর অবচয় ও করপূর্ব আন্তঃপ্রবাহ হবে যথাক্রমে ২০,০০০, ৩২,০০০, ৩০,০০০ এবং ২৫,০০০ টাকা। ৪ বছর পরে মেশিনটি ১০,০০০ টাকায় বিক্রয় করা যাবে। অবচয় সরলরৈখিক পদ্ধতিতে ধার্য করা হয়।

ক. স্বাধীন প্রকল্প কী? ১

খ. মূলধন বাজেটিংকে সর্বদাই ঝুঁকিমুক্ত সিদ্ধান্ত বলা হয় কেন? ২

গ. জনাব কাদেরের ক্রয়কৃত মেশিনটির গড় আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত মেশিনটি ক্রয় করা জনাব কাদেরের জন্য যুক্তিযুক্ত কিনা? নিট বর্তমান মূল্যের ভিত্তিতে বিশ্লেষণ কর। ৪

৬ ▸ জনাব হারুন পোর্টফোলিও-এর মাধ্যমে সিকিউরিটিতে বিনিয়োগ করতে আগ্রহী। তিনি বিনিয়োগযোগ্য অর্থ নিম্নোক্তভাবে ব্যবহার করতে চান :

	সিকিউরিটি	বিনিয়োগকৃত তহবিল	প্রত্যাশিত আয়ের হার	আদর্শ বিচ্যুতি	সহসম্বন্ধ
পোর্টফোলিও-১	X	৬০%	১০%	৫%	০.৪৫
	Y	৪০%	২০%	১০%	
পোর্টফোলিও-২	Y	৩০%	২০%	১০%	০
	ট্রেজারি বিল	৭০%	৩০%	০%	

ক. তারল্য ঝুঁকি কী? ১

খ. পোর্টফোলিও কেন গঠন করা হয়? ২

গ. পোর্টফোলিও-১ এর আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. জনাব হারুনের জন্য কোন পোর্টফোলিওতে বিনিয়োগ করা উত্তম? মতামত দাও। ৪

৭ ▸ মি. জামিল নিজ এলাকায় গরিব মানুষের জন্য একটি চিকিৎসা কেন্দ্র গড়ে তোলেন। সমাজের ধনী ব্যক্তিগণের সহযোগিতায় চিকিৎসা কেন্দ্রটি পরিচালিত হয়ে আসছে। চিকিৎসা কেন্দ্রটিতে আরও বেশিসংখ্যক লোককে সেবা প্রদানের কথা ভাবছেন। এজন্য দেশি ও বিদেশি দাতা সংস্থার কাছে মি. জামিল সহযোগিতা চান। পর্যায়ক্রমে তিনি চিকিৎসা কেন্দ্রটি সম্প্রসারণের কথা ভাবছেন।

ক. ব্যবসায়ের নৈতিকতা কী? ১

খ. সম্পদ সর্বাধিকরণ গুরুত্বপূর্ণ কেন? ২

গ. উদ্দীপকের চিকিৎসা কেন্দ্রটিতে দেশি ও বিদেশি দাতা সংস্থাগুলো অর্থের যোগান দিয়ে কোন ধরনের দায়িত্ব পালন করছেন? আলোচনা কর। ৩

ঘ. মি. জামিলের কার্যক্রমকে তুমি কীভাবে মূল্যায়ন করবে? মতামত দাও। ৪

৮ ▸ জনাব সাজেদুল তার বিনিয়োগ হতে ১২% আয় পেতে চায়। SDC ব্যাংক তাকে প্রস্তাব দেয় যে, যদি সে ১,০০,০০০ টাকা ৫ বছরের জন্য জমা রাখে তবে তাকে ১১.৭৫% হারে মাসিক চক্রবৃদ্ধি সুদ প্রদান করা হবে। অন্যদিকে TBR ব্যাংক উক্ত জমাকৃত অর্থের ওপর ১১.৯০% অর্ধবার্ষিক চক্রবৃদ্ধি সুদ প্রদানের প্রস্তাব দেয়।

ক. নামিক সুদের হার কী? ১

খ. সুদের হার চিরস্থায়ী বার্ষিক বৃত্তিকে কীভাবে প্রভাবিত করে? ২

গ. জনাব সাজেদুল SDC ব্যাংক থেকে ৫ বছরে কত টাকা পাবেন? নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপক অনুযায়ী জনাব সাজেদুলের কোন ব্যাংকে টাকা জমা রাখা লাভজনক? বিশ্লেষণ কর। ৪

৯ ▸ জনাব পবন বিনিয়োগকৃত অর্থে ১০% আয় পেতে ইচ্ছুক। তিনি ৭ বছর মেয়াদি বন্ডের বাজার বিশ্লেষণ করে দেখেন। যা নিম্নে উল্লিখিত হলো :

বিবরণ	লুকাস কোম্পানি	নেপচুন কোম্পানি
লিখিত মূল্য	৩,০০০	২,০০০
কুপন হার	১২%	১৪%
বাজারমূল্য	৩,৫০০	২,২০০

উল্লেখ্য যে, নেপচুন কোম্পানি অর্ধবার্ষিক ভিত্তিতে সুদ প্রদান করে।

ক. পুট বন্ড কী? ১

খ. সরকারি বন্ডে কোন ধরনের ঝুঁকি থাকে না? ২

গ. উদ্দীপকের নেপচুন কোম্পানির বন্ডের বর্তমান মূল্য নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত বন্ড দুইটির মধ্যে জনাব পবনের কোনটিতে বিনিয়োগ করা যুক্তিযুক্ত? বর্ণনা কর। ৪

১০ ▸ মি. হিরা ১,০০,০০০ টাকা বিনিয়োগ করতে ইচ্ছুক। তাহার কাছে S ও R নামে দুইটি পরস্পর বর্জনশীল প্রকল্প রয়েছে। প্রকল্প দুটি হতে ৫ বছরে অবচয় ও করপরবর্তী নগদ প্রবাহ হবে–

বছর	S-প্রকল্প	R-প্রকল্প
১	৪০,০০০	২৫,০০০
২	৩৫,০০০	৪০,০০০
৩	৩০,০০০	৩০,০০০
৪	২০,০০০	৩৫,০০০
৫	১৫,০০০	১৫,০০০

ক. মূলধন রেশনিং কী? ১

খ. প্রকল্প পুনর্মূল্যায়ন করা হয় কেন? ২

গ. উদ্দীপক অনুযায়ী প্রকল্প S-এর পরিশোধকাল নির্ণয় কর। ৩

ঘ. বাট্টাকৃত নগদ প্রবাহের ভিত্তিতে কোন প্রকল্পটি মি. হিরার গ্রহণ করা উচিত? মতামতসহ বিশ্লেষণ কর। ৪

১১ ▸ জনাব আমীন A, B ও C এই তিনটি সিকিউরিটির যেকোনো একটিতে বিনিয়োগ করতে চায়। তবে তিনি বিনিয়োগের ক্ষেত্রে অপরিহারযোগ্য ঝুঁকিকে গুরুত্ব দেন। সিকিউরিটি তিনটির তথ্য নিম্নরূপ :
সিকিউরিটি-A : ২০১৮, ২০১৯, ও ২০২০ সালের মুনাফার হার যথাক্রমে ৬%, ১২% ও ৮% এবং বাজার মুনাফার হার যথাক্রমে ১০%, ১৮% ও ৯%।
সিকিউরিটি-B : উক্ত সিকিউরিটির সাথে বাজার মুনাফা হারের সহ-ভেদাঙ্ক ১৩.৫% এবং আদর্শ বিচ্যুতি ১২%।
সিকিউরিটি-C : প্রত্যাশিত আয়ের হার ২০%, যেখানে ঝুঁকিমুক্ত আয়ের হার ৫% এবং বাজার মুনাফার হার ১০%।

ক. মূলধনী লাভ কী? ১

খ. বিনিয়োগ সিদ্ধান্তের ক্ষেত্রে ব্যবসায়িক ঝুঁকি বিবেচনা করতে হয় কেন? ২

গ. উদ্দীপক অনুযায়ী সিকিউরিটি-A এর সহ-ভেদাঙ্ক নির্ণয় কর। ৩

ঘ. জনাব আমীনের উক্ত তিনটি সিকিউরিটির মধ্যে কোনটিতে বিনিয়োগ করা যৌক্তিক? মতামত দাও। ৪

বরিশাল বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 9 2

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ABC কোম্পানি বাংলাদেশের একটি সুপ্রতিষ্ঠিত ব্যবসায় প্রতিষ্ঠান। কোম্পানিটি ঔষধ এবং ভোগ্যপণ্য ব্যবসায় প্রসার করেছে। প্রতিষ্ঠানটি তাদের কাঙ্ক্ষিত মুনাফাও অর্জন করতে পেরেছে। ফলে শেয়ারবাজারে এই কোম্পানিটির শেয়ারের মূল্যও প্রতিবছর বৃদ্ধি পাচ্ছে।

ক. ব্যবসায় অর্থায়ন কী? ১

খ. মুনাফা সর্বাধিকরণ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত কোম্পানিটি বিনিয়োগের ক্ষেত্রে অর্থায়নের কোন নীতিটি অনুসরণ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. ABC কোম্পানি তার ব্যবসায়ের অর্থায়নের ক্ষেত্রে যে লক্ষ্য অর্জন করতে পেরেছে তার যথার্থতা বিশ্লেষণ কর। ৪

২ XYZ কোম্পানি লি. একটি চামড়া প্রক্রিয়াজাতকারী প্রতিষ্ঠান। এটি তুরাগ নদীর তীরে অবস্থিত। প্রক্রিয়াজাতকরণের সময় এর বর্জ্য ও দূষিত পানি, বায়ু ও মাটিকে দূষিত করছে। এর জন্য ব্যবস্থাপনা কর্তৃপক্ষ একটি পানি পরিশোধন যন্ত্র ক্রয় করার সিদ্ধান্ত নিয়েছে। যন্ত্রটি ক্রয় করার জন্য ৫ কোটি টাকা প্রয়োজন। এর আয়ুষ্কাল ১৫ বছর। কোম্পানিটি প্রতিবছর মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি প্রদান করে থাকে।

ক. সরকারি অর্থায়ন কী? ১

খ. সম্পদ সর্বোচ্চকরণ বলতে কী বোঝায়? ২

গ. পানি পরিশোধনকারী যন্ত্র ক্রয় অর্থায়নের কোন কার্যাবলির অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে XYZ কোম্পানি লি.-এর বিনিয়োগ সিদ্ধান্তটি অর্থায়নের কোন ধারণার সাথে সম্পৃক্ত? বিশ্লেষণ কর। ৪

৩ জনাব শাহীন জমি বিক্রয় করে ১০,০০,০০০ টাকা পেলেন। উক্ত টাকা তিনি M ব্যাংকে ৫ বছরের জন্য জমা রাখলে ব্যাংক তাকে ১২,০০,০০০ টাকা প্রদান করবে। অন্যদিকে N ব্যাংকে ৮ বছরের জন্য জমা রাখলে ব্যাংক তাকে ১৪,৫০,০০০ টাকা প্রদান করবে।

ক. ভবিষ্যৎ মূল্য কী? ১

খ. বার্ষিক বৃত্তি বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত M ব্যাংকের সুদের হার নির্ণয় কর। ৩

ঘ. সুদের হারের ভিত্তিতে জনাব শাহীনের কোন ব্যাংকে টাকা জমা রাখা লাভজনক হবে তা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৪ মি. জাওয়াদ একজন চাকরিজীবী। তিনি অবসর ভাতা বাবদ ২০,০০,০০০ টাকা পেলেন। তিনি উক্ত টাকা একটি ব্যাংকে ৫ বছরের জন্য জমা রাখার চিন্তা করছেন। ABC ব্যাংক তাকে ১২% হারে বার্ষিক চক্রবৃদ্ধি সুদ প্রদানের প্রস্তাব দিয়েছে এবং XYZ ব্যাংক তাকে ১০% ত্রৈমাসিক চক্রবৃদ্ধি সুদ প্রদানের প্রস্তাব দিয়েছে।

ক. অর্থের সময়মূল্য কী? ১

খ. সময়ের পরিবর্তনের ফলে বর্তমান মূল্যের ওপর কী প্রভাব পড়বে? ব্যাখ্যা কর। ২

গ. মেয়াদ শেষে মি. জাওয়াদ ABC ব্যাংক হতে কত টাকা পাবেন? ৩

ঘ. মি. জাওয়াদের জন্য কোন ব্যাংকে টাকা জমা রাখা লাভজনক হবে তা উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর। ৪

৫ জনাব হাফিজ একটা ফ্ল্যাট ক্রয় করতে আগ্রহী। তার জন্য দুটি বিকল্প প্রস্তাব দেওয়া হলো। ১ম প্রস্তাবে তাকে ৪,০০,০০০ টাকা নগদে এবং অবশিষ্ট ৪,০০,০০০ টাকা দুই বছর শেষে দেওয়ার প্রস্তাব দেয়। ২য় প্রস্তাবে তাকে প্রতিবছরের শেষে ২,৩০,০০০ টাকা করে ৪ বছর ধরে টাকা প্রদানের প্রস্তাব দেওয়া হয়। উভয় ক্ষেত্রে সুযোগ ব্যয় ১০%।

ক. বাট্টাকরণ কী? ১

খ. 'বিধি-৭২' বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের ২য় প্রস্তাবের বর্তমান মূল্য কত? ৩

ঘ. জনাব হাফিজের জন্য কোন প্রস্তাবটি গ্রহণ করা উচিত হবে? বিশ্লেষণ কর। ৪

৬ জনাব মিনা তার ব্যাংকে রক্ষিত অর্থ বন্ডে বিনিয়োগ করতে ইচ্ছুক। তিনি বন্ড বাজারে ১০০০ টাকা লিখিত মূল্যের দুইটি বন্ড পছন্দ করেছেন। বন্ড দুটির তথ্য নিম্নরূপ :

বন্ড	কুপন হার	বাজারমূল্য	মেয়াদকাল
A	১৩%	১,১৯০ টাকা	৫ বছর
B	১১%	৮০০ টাকা	–

জনাব মিনার প্রত্যাশিত আয়ের হার ১০%।

ক. দীর্ঘমেয়াদি অর্থায়ন কী? ১

খ. জিরো কুপন বন্ডের মূল্য কীভাবে নির্ণয় করা হয়? ২

গ. উদ্দীপকে বর্ণিত B বন্ডের চলতি আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. বন্ডের অন্তর্নিহিত মূল্যের ভিত্তিতে জনাব মিনার জন্য কোন বন্ডটি উপযোগী? যুক্তি দাও। ৪

৭ জনাব নোমান দীর্ঘ প্রবাসজীবন কাটিয়ে দেশে ফিরে তার কাঙ্ক্ষিত ও কষ্টার্জিত সঞ্চয় লাভজনক খাতে বিনিয়োগ করতে চান। বন্ডের প্রয়োজনীয় তথ্যাবলি নিম্নরূপ :

বন্ড	অভিহিত মূল্য	কুপন সুদের হার	মেয়াদ
M	১,০০০	১৪%	৫ বছর
Q	৫০০	–	৫ বছর

জনাব নোমানের প্রত্যাশিত আয়ের হার ১০%।

ক. ঋণপত্র কী? ১

খ. মুদ্রাস্ফীতি কীভাবে বিনিয়োগ সিদ্ধান্তকে প্রভাবিত করে? ২

গ. উদ্দীপকে বর্ণিত Q বন্ডের মূল্য নির্ণয় কর। ৩

ঘ. যদি M বন্ড থেকে অর্ধবার্ষিক ভিত্তিতে সুদ পাওয়া যায় তা হলে কোন বন্ডে বিনিয়োগ লাভজনক হবে? মন্তব্য কর। ৪

৮ মুনস্টার লি.-এর আর্থিক ব্যবস্থাপক জনাব রহমানের নিকট বিনিয়োগের জন্য ১,০০,০০০ টাকা আছে। তিনি 'ক' ও 'খ' নামক দুটি বিনিয়োগ প্রকল্পে বিনিয়োগের চিন্তা করছেন। প্রকল্প দুটির কর পরবর্তী নিট মুনাফা নিম্নরূপ :

প্রকল্প/সময়	০	১	২	৩
ক	(৫০,০০০)	২৫,০০০	২৫,০০০	২৫,০০০
খ	(৩০,০০০)	৩০,০০০	২০,০০০	২৮,০০০

কোম্পানির সর্বনিম্ন প্রয়োজনীয় আয়ের হার ১০%।

ক. অভ্যন্তরীণ আয়ের হার কী? ১

খ. পরস্পর বর্জনশীল প্রকল্পের ক্ষেত্রে কীভাবে বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ করা হয়? ব্যাখ্যা কর। ২

গ. প্রকল্প 'ক' এর গড় মুনাফার হার নির্ণয় কর। ৩

ঘ. নিট বর্তমান মূল্যের ভিত্তিতে জনাব রহমানের বিনিয়োগ সিদ্ধান্ত কী হবে তা ব্যাখ্যা কর। ৪

৯ জনাব তারিমের বিনিয়োগযোগ্য তহবিল ৫০,০০০ টাকা তার উক্ত ফান্ড দুটি প্রকল্পে বিনিয়োগ করার সুযোগ রয়েছে। প্রকল্পের তথ্যসমূহ নিম্নরূপ :

প্রকল্পের সময় (বছর)	০	১	২	৩	৪
A এর নিট নগদ প্রবাহ	(২০,০০০)	৬,০০০	৬,০০০	৬,০০০	৬,০০০
B এর নিট নগদ প্রবাহ	(৩০,০০০)	৬,০০০	৮,০০০	১০,০০০	১০,০০০

ক. মূলধন বাজেটিং কী? ১

খ. মূলধন রেশনিং বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. প্রকল্প-B এর PBP নির্ণয় কর। ৩

ঘ. জনাব তারিমের কোন প্রকল্পে বিনিয়োগ লাভজনক হবে? মূল্যায়ন কর। ৪

১০ জনাব বাবলা একজন সিকিউরিটি বিশ্লেষক। একজন বিনিয়োগকারীর নিম্নোক্ত দুটি সিকিউরিটির মধ্যে কোনটিতে বিনিয়োগ করা উচিত হবে সে সম্পর্কে জনাব বাবলার মতামত চান।

সম্ভাবনা	প্রত্যাশিত আয়ের হার (%)	
	সিকিউরিটি-A	সিকিউরিটি-B
০.২০	–১৫%	২০%
০.৫০	২০%	৩০%
০.৩০	৬০%	৪০%

উপরিউক্ত তথ্যাবলি বিশ্লেষণ করে, জনাব বাবলা উক্ত বিনিয়োগকারীকে সিকিউরিটি B তে বিনিয়োগ করার পরামর্শ দেন।

ক. ঝুঁকিমুক্ত আয়ের হার কী? ১

খ. আর্থিক ঝুঁকি কীভাবে সৃষ্টি হয়? ব্যাখ্যা কর। ২

গ. সিকিউরিটি-A এর আয়ের পরিমিত ব্যবধান নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত জনাব বাবলা বিনিয়োগকারীকে যে পরামর্শ দিয়েছেন সেটির যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

১১ নিম্নে দুটি প্রকল্পের বিগত চার বছরের আয়ের হার দেওয়া হলো :

বছর	২০১৫	২০১৬	২০১৭	২০১৮
যমুনা প্রকল্পের আয় হার	২০%	৬%	১৫%	২৩%
পদ্মা প্রকল্পের আয় হার	৫%	১৫%	২০%	২৪%

ক. অনিশ্চয়তা কী? ১

খ. বন্ডের বিনিয়োগকারীদের কোন ধরনের ঝুঁকি বহন করতে হয়? ব্যাখ্যা কর। ২

গ. যমুনা প্রকল্পের আদর্শ বিচ্যুতি নিরূপণ কর। ৩

ঘ. প্রকল্প দুটির মধ্যে কোনটি অধিকতর গ্রহণযোগ্য? গাণিতিক বিশ্লেষণের ভিত্তিতে যুক্তি দাও। ৪

দিনাজপুর বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 9 2

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▸ জনাব মোস্তাক আহমেদ মুদি মালের পাইকার, অপরদিকে জনাব ইসতিয়াক মুদি মালের পাশাপাশি মনিহারি দ্রব্যের ব্যবসায় করেন। জনাব মোস্তাক আহমেদ অধিক লাভের আশায় অধিকাংশ নগদ মূলধন ব্যবসায় বিনিয়োগ করেন।

ক. অর্থায়ন কী? ১

খ. স্বল্পমেয়াদি সম্পদ ব্যবস্থাপনা বলতে কী বোঝায়? ২

গ. জনাব ইসতিয়াক বিনিয়োগের ক্ষেত্রে অর্থায়নের কোন নীতি অনুসরণ করেছেন? উদ্দীপকের আলোকে বর্ণনা কর। ৩

ঘ. জনাব মোস্তাকের বিনিয়োগ সিদ্ধান্ত কি জনাব ইসতিয়াকের বিনিয়োগ সিদ্ধান্ত অপেক্ষা বেশি ঝুঁকিপূর্ণ? যুক্তিসহ মতামত দাও। ৪

২▸ 'Y' লিমিটেড একটি নতুন প্রকল্পের জন্য ১,০০,০০০ টাকা বিনিয়োগ করতে চায়। প্রকল্পটির সংস্থাপন ব্যয় ১০,০০০ টাকা, আয়ুষ্কাল ৫ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ২০,০০০ টাকা, করহার ৫০%।

প্রকল্পটির নগদ প্রবাহ নিম্নরূপ :

বছর	১	২	৩	৪	৫
নগদ প্রবাহ (টাকা)	২০,০০০	৫০,০০০	৪০,০০০	৬০,০০০	৩০,০০০

ক. মূলধন রেশনিং কী? ১

খ. পরস্পর বর্জনশীল প্রকল্প বলতে কী বোঝায়? উদাহরণ দাও। ২

গ. প্রকল্পটির পে-ব্যাক সময় নির্ণয় কর। ৩

ঘ. যদি বাট্টার হার ১০% হয় তবে NPV-এর মাধ্যমে প্রকল্পটির গ্রহণযোগ্যতা মূল্যায়ন কর। ৪

৩▸ জনাব আব্দুল আলিম একজন স্নাতক শ্রেণির শিক্ষার্থী। তিনি মূলধন বাজারে বিনিয়োগকারী। বাজার অস্থিরতার কারণে তিনি দুইটি সিকিউরিটিজের মধ্যে কোনটি তার পোর্টফোলিওতে অন্তর্ভুক্ত করবেন তা নিয়ে চিন্তিত। নিম্নে দুটি সিকিউরিটির আয়ের হারের তথ্য দেওয়া হলো :

বছর	আয়ের হার	
	রাকিব ফুড্স লি.	জাকির ফুড্স লি.
২০১৯	২২%	২০%
২০২০	১৫%	২২%
২০২১	–১০%	৭%
২০২২	১৪%	–৮%

ক. মিশ্র নগদ প্রবাহ কাকে বলে? ১

খ. পোর্টফোলিও বৈচিত্র্যায়ন বলতে কী বোঝায়? ২

গ. রাকিব ফুডস লি.-এর গড় আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. কোন সিকিউরিটিটি জনাব আব্দুল আলিম তার পোর্টফোলিওতে অন্তর্ভুক্ত করবেন? যুক্তিসহ মতামত দাও। ৪

৪▸ জনাব আব্দুল কাদির মূলধন বাজারে বিনিয়োগ করতে আগ্রহী। বিনিয়োগ করার জন্য তিনি দুটি সিকিউরিটির নিম্নলিখিত তথ্য বিবেচনা করছেন :

সম্ভাবনা	আয়ের হার	
	সিকিউরিটি-A	সিকিউরিটি-B
.১৫	১০%	১২%
.৩০	১৩%	১৫%
.২৫	১৫%	২০%
.৩০	১২%	১৪%

ক. মুনাফার হার কী? ১

খ. ঝুঁকি ও অনিশ্চয়তার মধ্যে পার্থক্য দেখাও। ২

গ. সিকিউরিটি-A এর পরিমিত ব্যবধান নির্ণয় কর। ৩

ঘ. কোন সিকিউরিটিতে বিনিয়োগ করা জনাব কাদিরের জন্য অধিক যুক্তিযুক্ত? মতামত দাও। ৪

৫▸ জনাব আব্দুল হাই এর হাতে দুটি প্রকল্প রয়েছে। প্রতিটি প্রকল্পে বিনিয়োগের পরিমাণ ২,২৫,০০০ টাকা। প্রকল্পের মেয়াদ ৫ বছর। প্রকল্পদ্বয় থেকে প্রত্যাশিত নিট আয় নিম্নরূপ :

বছর	প্রকল্পের নিট আয়	
	প্রকল্প-X (টাকা)	প্রকল্প-Y (টাকা)
১	৮০,০০০	৬০,০০০
২	১,২০,০০০	৮০,০০০
৩	৮০,০০০	৫০,০০০
৪	১,১০,০০০	১,০০,০০০
৫	১,০০,০০০	১,৪০,০০০

বাট্টা হার ১০%।

ক. মূলধন বাজেটিং কী? ১

খ. মূলধন বাজেটিং কীভাবে প্রতিষ্ঠানের মুনাফা অর্জন ক্ষমতা বৃদ্ধি করে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের X প্রকল্পের পরিশোধকাল নির্ণয় কর। ৩

ঘ. NPV-এর ভিত্তিতে কোন প্রকল্পে বিনিয়োগ অধিকতর যৌক্তিক? মতামত বিশ্লেষণ কর। ৪

৬▸ জনাব সালমান বন্ডবাজারে বিনিয়োগ করতে আগ্রহী। তিনি বন্ড A ও B এর মধ্যে যেকোনো একটিতে বিনিয়োগ করবেন। তার সিদ্ধান্ত যাচাইয়ের জন্য বন্ড দুটির প্রাসঙ্গিক তথ্যসমূহ নিম্নে দেওয়া হলো :

বন্ড	অভিহিত মূল্য (টাকা)	কুপন সুদের হার	মেয়াদপূর্তির সময়	প্রত্যাশিত আয়ের হার	বাজারমূল্য (টাকা)
A	১,০০০	১০%	১৫ বছর	৮%	১,১০০
B	১,০০০	৫%	১২ বছর	৬%	৯০০

ক. দীর্ঘমেয়াদি অর্থায়ন কী? ১

খ. চিরস্থায়ী বন্ড বলতে কী বোঝায়? ২

গ. A বন্ডের অন্তর্নিহিত মূল্য নির্ণয় কর। ৩

ঘ. কোন বন্ডটি অধিকতর লাভজনক বলে তুমি মনে কর? যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৭▸ কিউট ফার্মাসিটিক্যালস কোম্পানি লিমিটেড ২০২১ সনের জানুয়ারি ১ তারিখে ৪ বছর মেয়াদি বন্ড ইস্যু করেছে; যার লিখিত মূল্য ১,০০০ টাকা। কুপন হার ১২%, সুদ অর্ধবার্ষিক ভিত্তিতে প্রদান করা হবে এবং বন্ডের প্রয়োজনীয় আয়ের হার ১৫%।

ক. ট্রেজারি বন্ড কী? ১

খ. কুপন আয়ের হার বন্ড আয়ের ওপর কী প্রভাব ফেলে? ব্যাখ্যা কর। ২

গ. কিউট ফার্মাসিটিক্যালস কোম্পানি লি.-এর বন্ডের বর্তমান মূল্য নির্ণয় কর। ৩

ঘ. যদি প্রয়োজনীয় আয়ের হার বৃদ্ধি পেয়ে ১৭% হয় এবং বাজারমূল্য ১,২৫০ টাকা হয় তবে বন্ডটি ক্রয়ের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৮▸ জনাব আমীন একটি প্রতিষ্ঠানে কর্মরত। প্রতিষ্ঠানটি সেতু, রাস্তাঘাট, ফ্লাইওভার ইত্যাদি নির্মাণ করে। এ প্রতিষ্ঠানের আয়ের উৎস কর, ভ্যাট, শুল্ক ইত্যাদি। অপরদিকে জনাব সিজান 'বিজলী' কোম্পানির আর্থিক ব্যবস্থাপক। তিনি প্রতিষ্ঠানের দৈনন্দিন কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনের তুলনায় কম নগদ অর্থ সংরক্ষিত রেখে বেশি মুনাফার আশায় একটি প্রকল্পে অধিক পরিমাণ বিনিয়োগ করেন। ফলে প্রতিষ্ঠানের দৈনন্দিন কার্যক্রমে বিঘ্ন ঘটে এবং ঝুঁকি বৃদ্ধি পায়।

ক. কাকে ব্যবসায়ের জীবনীশক্তি বলা হয়? ১

খ. অর্থায়নের দৃষ্টিতে একটি ফার্মের মূল লক্ষ্য কী হওয়া উচিত? ব্যাখ্যা কর। ২

গ. জনাব আমীনের প্রতিষ্ঠানের অর্থায়নের ধরন ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত 'বিজলী' কোম্পানির সমস্যা সমাধানের জন্য করণীয় সম্পর্কে তোমার মতামত দাও। ৪

৯▸ শাহীন বেভারেজ ও আলভী ফুডস প্রডাক্টস উভয়ই বাজারে খাদ্যপণ্য উৎপাদন ও সরবরাহকারী প্রতিষ্ঠান। ব্যয় সংকোচন নীতির কারণে আলভী ফুস প্রডাক্ট এর কর্মচারীদের বেতন কাঠামো সমজাতীয় প্রতিষ্ঠানের তুলনায় কম। কিন্তু পণ্যের উৎপাদন ব্যয় কম হওয়ায় বিক্রয় এবং শেয়ারপ্রতি আয় বেশি। অপরদিকে শাহীন বেভারেজের কর্মচারীদের বেতন কাঠামো তুলনামূলক ভালো এবং মানসম্পন্ন পণ্য উৎপাদন করার কারণে মূল্য একটু বেশি হলেও পণ্যের যথেষ্ট সুনাম আছে। প্রতিষ্ঠানটি দরিদ্র শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তি দানের জন্য অর্জিত মুনাফার ১% ব্যয় করে থাকে।

ক. অর্থায়ন কী? ১

খ. সম্পদ সর্বাধিকরণ বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. আলভী ফুডস প্রডাক্ট অর্থায়নের কোন লক্ষ অর্জন করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "শাহীন বেভারেজের কার্যক্রমে অর্থায়নের সামাজিক দায়বদ্ধতা প্রভাব প্রতিফলিত হলেও আলভী ফুডসের ক্ষেত্রে তা ততটা হয়নি"– তুমি কি এ উক্তির সাথে একমত? প্রয়োজনীয় যুক্তি দাও। ৪

১০▸ মি. আজমল Walton Co. তে ব্যবস্থাপক হিসেবে কর্মরত। তার ইচ্ছা এখন থেকে ছয় বছর পর ১২,০০,০০০ টাকা দিয়ে একটি গাড়ি কিনবেন। তিনি এমন একটি ব্যাংক হিসাব খুলতে চান যেখানে মাসে একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ জমা রাখলে ৬ বছর পরে অবশ্যই ১২,০০,০০০ টাকা পাবেন। ঐ হিসাব থেকে প্রত্যাশিত আয়ের হার ১০%। উল্লেখ্য যে, বর্তমানে গাড়িটির মূল্য ৯,০০,০০০ টাকা।

ক. কার্যকরী সুদের হার কী? ১

খ. চক্রবৃদ্ধির সংখ্যা বৃদ্ধি পেলে অর্থের ভবিষ্যৎ মূল্যের ওপর কী প্রভাব পড়বে? ব্যাখ্যা কর। ২

গ. মি. আজমলকে ঐ তহবিলে প্রতি মাসে কত টাকা জমা দিতে হবে? ৩

ঘ. মি. আজমলের জন্য মেয়াদ শেষে জমাকৃত টাকায় গাড়িটি ক্রয় করা কি উচিত হবে? মতামত বিশ্লেষণ কর। ৪

১১▸ P ও Q দুই বন্ধু। P তার সঞ্চিত ২,০০,০০০ টাকা একটি ব্যাংকে জমা রেখে ৫ বছর পর ৩,৫০,০০০ টাকা গ্রহণ করেন। অপরদিকে Q তার সঞ্চিত ১,০০,০০০ টাকা বিনিয়োগযোগ্য দুটি প্রকল্প থেকে একটি প্রকল্পে বিনিয়োগ করতে চান। প্রকল্প 'A' তে বিনিয়োগ করলে আগামী ৫ বছর যথাক্রমে ২০,০০০, ২৮,০০০, ২৬,০০০, ২৪, ০০০ ও ৫৮,০০০ টাকা পাবেন। অপরদিকে, প্রকল্প 'B' তে বিনিয়োগ করলে আগামী ৫ বছর ধরে প্রতিবছর ২৬,০০০ টাকা করে মুনাফা পাবেন। জনাব 'Q' এর প্রত্যাশিত আয়ের হার ১০%।

ক. বর্তমান মূল্য কী? ১

খ. প্রকল্প মূল্যায়ন বলতে কী বোঝ? ২

গ. জনাব P এর বিনিয়োগের ওপর সুদের হার নির্ণয় কর। ৩

ঘ. জনাব Q এর বিনিয়োগের জন্য কোন প্রকল্পটি উত্তম? মূল্যায়ন কর। ৪

ময়মনসিংহ বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 9 2

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ◉ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ জনাব শাহাদাত একটি কর্পোরেট প্রতিষ্ঠানের অর্থ ব্যবস্থাপক। তিনি বার্ষিক পরিকল্পনার আওতায় তার প্রতিষ্ঠানের প্রয়োজনীয় অর্থের সংস্থানের জন্য কোন উৎস বেশি সুবিধাজনক হবে তা নির্ণয় করেন। অতঃপর যথাসময়ে অর্থ প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করেন। যেকোনো নতুন প্রকল্প গ্রহণের ক্ষেত্রে তিনি প্রথমেই সেখানে জমি ক্রয়, বিল্ডিং নির্মাণ, যন্ত্রপাতি ক্রয়সহ দীর্ঘমেয়াদি খরচ কী করতে হবে তা হিসাবে আনেন। প্রত্যাশিত আয় কি হবে সেটাও হিসাবে নিয়ে আসেন। এগুলোর আলোকে কর্তৃপক্ষ চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন।

ক. ব্যবসায় অর্থায়ন কী? ১

খ. অর্থায়নে পোর্টফোলিও বৈচিত্র্যায়নের নীতি কেন অনুসরণ করা হয়? ২

গ. উদ্দীপকের বর্ণনা অনুযায়ী জনাব শাহাদাত প্রথমত অর্থায়নের কোন কাজ করেন তা ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব শাহাদাত কোন নতুন প্রকল্প গ্রহণে মূলধন বাজেটিং করেন? তুমি কি এ বক্তব্যের সাথে একমত? মতের পক্ষে যুক্তি দাও। ৪

২ ▸ দুটি কোম্পানির তথ্যাবলি নিম্নরূপ :

কোম্পানি	শেয়ার প্রতি লিখিত মূল্য (টাকা)	শেয়ারপ্রতি আয় (টাকা)		শেয়ারের বাজারমূল্য (টাকা)	
		২০২১ সাল	২০২২ সাল	২০২১ সাল	২০২২ সাল
কেয়ার	১০	২	৪	১২	১২
মডেল	১০	১.৫	১.৫	১২	১৫

ক. সরকারি অর্থায়ন কী? ১

খ. অর্থায়ন ও হিসাববিজ্ঞানের মধ্যে সম্পর্ক ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে কেয়ার কোম্পানি অর্থায়নের কোন লক্ষ্যটি অর্জন করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকে মডেল কোম্পানি অর্থায়নের যে লক্ষ্যটি অর্জন করেছে তা কেয়ার কোম্পানি কর্তৃক অর্জিত লক্ষ্যের অনুরূপ নয়।"– তুমি কি একমত? বিশ্লেষণ কর। ৪

৩ ▸ জনাব কামাল বিদেশ যাওয়ার আগে ডাচ্-বাংলা ব্যাংকে একটি 'ফরেন-ডিপোজিট স্কিম' চালু করে গেছেন। বিদেশে চাকরি থেকে অর্জিত আয় কামাল সাহেব প্রতি মাসের শুরুতে সরাসরি ব্যাংকে পাঠিয়ে দেয়। ডাচ্-বাংলা ব্যাংক 'ফরেন-ডিপোজিট স্কিম' এ জমাকৃত অর্থের ওপর মাসিক ১২% চক্রবৃদ্ধি সুদ প্রদান করে।

ক. নামিক সুদের হার কী? ১

খ. নামিক সুদের হার এবং কার্যকরী সুদের মধ্যে দুটি মৌলিক পার্থক্য দেখাও। ২

গ. ডাচ্-বাংলা ব্যাংকের নামিক সুদের হার এবং কার্যকরী সুদের হার কত? ৩

ঘ. জনাব কামাল যদি প্রতি মাসের শুরুতে চক্রবৃদ্ধির সুবিধা পান তাহলে তার কার্যকরী সুদের ওপর কী প্রভাব পড়বে? বিশ্লেষণ কর। ৪

৪ ▸ যমুনা টেক্সটাইল লিমিটেড ২০২২ সালের জুন মাসে ৫ বছর মেয়াদি পরিশোধযোগ্য অগ্রাধিকার শেয়ার বিক্রয় করে ৫,০০,০০০ টাকা অতিরিক্ত মূলধন সংগ্রহ করেছিল। ২০২৭ সালের জুন মাসে অগ্রাধিকার শেয়ারের দায়মোচন করতে হবে, অর্থাৎ ৫,০০,০০০ টাকা পরিশোধ করে দিতে হবে। দায় পরিশোধের বছর প্রতিষ্ঠানের ওপর যেন কোনো বাড়তি চাপ সৃষ্টি না হয় সেজন্য পরিচালকমণ্ডলী প্রতিপূরক তহবিল গঠনের সিদ্ধান্ত নিয়েছেন। প্রতি বছরের শেষে অর্জিত মুনাফা থেকে ৯০,০০০ টাকা এই তহবিলে প্রদান করা হবে এবং তহবিলটি মেঘনা ব্যাংকে ১২% চক্রবৃদ্ধি সুদে বিনিয়োগ করা হবে। এর ফলে ২০২৭ সালে ঋণ পরিশোধ করতে প্রতিষ্ঠানকে বাড়তি কোনো ঝামেলা পোহাতে হবে না।

ক. প্রকল্প কী? ১

খ. সাধারণ বৃত্তি ও অগ্রিম বৃত্তি বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. ২০২৭ সালের জুন মাসে মেঘনা ব্যাংকে বিনিয়োজিত প্রতিপূরক তহবিল থেকে সুদ-আসলে মোট কত টাকা পাওয়া যাবে? ব্যাখ্যা কর। ৩

ঘ. প্রতিপূরক তহবিল থেকে প্রাপ্ত সুদ-আসলের পরিমাণটি কী ঋণের সমপরিমাণ হবে? যদি না হয় তাহলে প্রতি কিস্তিতে কত টাকা জমা দিলে ৫,০০,০০০ টাকা ঋণ পরিশোধ করা যাবে? ব্যাখ্যা কর। ৪

৫ ▸ মি. সামাদ AB লি.-এর ১,০০০ টাকা লিখিত মূল্যের ৫ বছর মেয়াদি একটি বন্ড ক্রয়ের কথা বিবেচনা করছেন। বন্ডটির কুপন রেট ৭% এবং বিনিয়োগকারীর প্রত্যাশিত আয়ের হার ৮%। বন্ডটির বর্তমান বাজারমূল্য ৯৫০ টাকা।

ক. বন্ড কী? ১

খ. কুপন বন্ড ও শূন্য কুপন বন্ডের মধ্যে পার্থক্য ব্যাখ্যা কর। ২

গ. মি. সামাদ যে বন্ডটি ক্রয় করতে চাচ্ছেন সেটির মেয়াদপূর্তিতে উপার্জন হার কত? ৩

ঘ. যদি মি. সামাদের প্রত্যাশিত আয়ের হার ১০% হয়, তবে তিনি কি বন্ডটি ক্রয় করবেন? বিশ্লেষণ কর। ৪

৬ ▸ মি. শামস্ তার সঞ্চয় বিনিয়োগে আগ্রহী। সে বাজার জরিপ করে দুটো বন্ড নির্বাচন করেছে। উভয় বন্ডের অভিহিত মূল্য ১০০ টাকা। বন্ডগুলোর বিস্তারিত তথ্যাবলি নিম্নরূপ :

বন্ড	কুপন রেট	বাজারমূল্য (টাকা)	মেয়াদকাল
X	১২.৫০%	১২৫	১০ বছর
Y	১১%	৯০	–

মি. শামসের প্রত্যাশিত আয়ের হার ১০%।

ক. দীর্ঘমেয়াদি অর্থায়ন কী? ১

খ. দীর্ঘমেয়াদি অর্থায়ন এক প্রকার হাইব্রিড সিকিউরিটি। ব্যাখ্যা কর। ২

গ. X বন্ডের মেয়াদপূর্তিতে উপার্জন হার নির্ণয় কর। ৩

ঘ. অন্তর্নিহিত মূল্যের ভিত্তিতে মি. শামসের কোন বন্ডে বিনিয়োগ উপযুক্ত? বিশ্লেষণ কর। ৪

৭ ▸ জনাব জহিরের বিনিয়োগযোগ্য তহবিল ১,০০,০০০ টাকা। তার এ তহবিল দুটি প্রকল্পে বিনিয়োগ করার সুযোগ রয়েছে।

প্রকল্পের তথ্যসমূহ নিম্নরূপ :

প্রকল্পের সময় (বছর)	০ (টাকা)	১ (টাকা)	২ (টাকা)	৩ (টাকা)	৪ (টাকা)
A এর নিট নগদ প্রবাহ	(৪০,০০০)	১২,০০০	১২,০০০	১২,০০০	১২,০০০
B এর নিট নগদ প্রবাহ	(৬০,০০০)	১২,০০০	১৬,০০০	২০,০০০	২৪,০০০

বিনিয়োগের প্রত্যাশিত আয়ের হার ১০% এবং ভগ্নাবশেষ মূল্য উভয় প্রকল্পে ১০,০০০ টাকা।

ক. মূলধন বাজেটিং কী? ১

খ. মূলধন রেশনিং কীভাবে করা হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের তথ্যের আলোকে প্রকল্প A এর PBP নির্ণয় কর। ৩

ঘ. নিট বর্তমান মূল্যের ভিত্তিতে জনাব জহিরের কোন প্রকল্পে বিনিয়োগ যৌক্তিক হবে? বিশ্লেষণ কর। ৪

৮ ▸ জনাব মতিন সাহেব ৫,০০,০০০ টাকা দিয়ে একটি মেশিন ক্রয় করতে চাচ্ছেন। মেশিনটির করপরবর্তী মুনাফা নিম্নরূপ :

বছর	টাকা
১ম	১,০০,০০০
২য়	১,১০,০০০
৩য়	১,৪০,০০০
৪র্থ	১,৫০,০০০
৫ম	২,৫০,০০০

মতিন সাহেবের প্রত্যাশিত আয়ের হার ১০%।

ক. অবচয় কী? ১

খ. প্রকল্প মূল্যায়নে NPV-এর ভূমিকা ব্যাখ্যা কর। ২

গ. মেশিনটি থেকে মতিন সাহেব গড়ে কী হারে মুনাফা অর্জন করবে তা নির্ণয় কর। ৩

ঘ. IRR-এর ভিত্তিতে তার মেশিনটি ক্রয়ের সিদ্ধান্ত কী হওয়া উচিত? বিশ্লেষণ কর। ৪

৯ ▸ জনাব হাসান দুটি প্রকল্পের মধ্যে একটিতে বিনিয়োগের চিন্তা করছেন। নিকট অতীতে সম্পাদিত অনুরূপ দুটি প্রকল্পের ভিত্তিতে প্রয়োজনীয় তথ্যাবলি নিম্নরূপ :

অর্থনৈতিক পরিস্থিতি	সম্ভাবনা	আয়ের হার	
		প্রকল্প-X	প্রকল্প-Y
ভালো	.২০	২৫%	৩০%
স্বাভাবিক	.৫০	১০%	৮%
মন্দা	.৩০	৩%	৩%

X প্রকল্পের প্রত্যাশিত আয় ১০.৯%।

ক. কোম্পানি ঝুঁকি কী? ১

খ. ঝুঁকি ও আয়ের মধ্যে সম্পর্ক ব্যাখ্যা কর। ২

গ. Y প্রকল্পের প্রত্যাশিত আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. কোন প্রকল্পটি জনাব হাসানের জন্য অধিক উপযুক্ত? যুক্তিসহ মন্তব্য কর। ৪

১০ ▸ জনাব আজিম নিচের দুটি সিকিউরিটির মধ্যে ভালো সিকিউরিটিতে বিনিয়োগে আগ্রহী। সিকিউরিটি দুটির আয়ের হার নিম্নে দেওয়া হলো :

বছর	১ম	২য়	৩য়	৪র্থ
সিকিউরিটি-M	–১০%	৫%	২০%	৩৫%
সিকিউরিটি-N	১৯%	২১%	১৫%	৯%

ক. পোর্টফোলিও ঝুঁকি কী? ১

খ. আর্থিক ঝুঁকি কীভাবে সৃষ্টি হয়? ব্যাখ্যা কর। ২

গ. সিকিউরিটি-M এর পরিমিত ব্যবধান নির্ণয় কর। ৩

ঘ. কোন সিকিউরিটিতে বিনিয়োগ করা জনাব আজিমের জন্য লাভজনক হবে? বিশ্লেষণ কর। ৪

১১ ▸ দৈনিক পত্রিকায় প্রকাশিত বিবরণ পড়ে জনাব তানহা দুরন্ত কোম্পানির ১০০ টাকা লিখিত মূল্যের ২,০০০ শেয়ার ক্রয়ের আবেদন করে। লটারির মাধ্যমে সে ১,০০০ শেয়ার পায়। তবে সে তার কাছে থাকা কিছু পুরাতন শেয়ার বিক্রি করে দিলেন। জনাব তানহার বন্ধু জনাব মিনহাজ শেয়ারবাজারের সাথে নিয়মাবলি পালন করে তানহার বিক্রি করা শেয়ারগুলো ক্রয় করেন। কিন্তু হঠাৎ করে বাজার সংশোধনের কারণে শেয়ারের দাম ব্যাপক ধস নামায় মিনহাজ চরম দুশ্চিন্তায় পড়ে যান।

ক. শেয়ারবাজার কী? ১

খ. শংকরজাতীয় সিকিউরিটি কী? ব্যাখ্যা কর। ২

গ. তানহা কোন ধরনের বাজার থেকে শেয়ার ক্রয় করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. "তানহা যে বাজার থেকে শেয়ার ক্রয় করেছেন তার সাথে মিনহাজ কর্তৃক ক্রয়কৃত শেয়ারের বাজার সম্পূর্ণ ভিন্ন।"– উক্তিটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

ঢাকা বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 2

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৪০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ করোনা ভাইরাসের ভ্যাকসিন তৈরির জন্য জেনিথ কোম্পানি ১ কোটি টাকা মূল্যের একটি নতুন মেশিন স্থাপন করেন। উক্ত অর্থ তারা এমন উৎস থেকে সংগ্রহ করবে যেখানে কর সুবিধা বিদ্যমান। কিন্তু অর্থ সরবরাহকারী প্রতিষ্ঠান ঐ কোম্পানির সিদ্ধান্তে অংশ নিতে পারবে না। অন্যদিকে ঔষধের উৎপাদন খরচ বেশি হলেও কোম্পানিটি করোনা প্রতিরোধে বিনামূল্যে মাস্ক ও হ্যান্ড সেনিটাইজার বিতরণ করে। ফলে সমাজে কোম্পানিটির সুনাম বৃদ্ধি পায়।

ক. একটি ফার্মের চূড়ান্ত লক্ষ্য কী? ১

খ. তহবিল সংগ্রহ বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপক অনুযায়ী জেনিথ কোম্পানি নতুন মেশিনের জন্য কোন উৎস থেকে অর্থ সংগ্রহ করবে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত কোম্পানিটির সম্পদ সর্বাধিকরণে অর্থায়নের কোন ধারণা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে? বিশ্লেষণ কর। ৪

২ ▸ জনাব লিয়ন ৬ বছর পর একটি ফ্লাট ক্রয় করতে ইচ্ছুক। যাহার মূল্য তখন হবে ৫০,০০,০০০ টাকা। তাই জনাব লিয়ন ইষ্ট ব্যাংকে ৫,০০,০০০ টাকা জমা রাখতে চায় যাহা ৬ বছর পর দ্বিগুণ হবে। অবশিষ্ট ৪০,০০,০০০ টাকা সংগ্রহের জন্য তিনি নর্থ ও সাউথ নামে দুইটি ব্যাংকের সাথে যোগাযোগ করলে ব্যাংক দুইটি জানায় প্রথমত নর্থ ব্যাংক বছরের প্রথমে জমাকৃত অর্থের উপর বার্ষিক ১২% চক্রবৃদ্ধি সুদ প্রদানের প্রস্তাব দেয়। দ্বিতীয়ত সাউথ ব্যাংক বছরের শেষে জমাকৃত অর্থের উপর ১০% অর্ধবার্ষিক চক্রবৃদ্ধি সুদ প্রদানের প্রস্তাব দেয়।

ক. ৬৯ বিধি কী? ১

খ. অর্থের ক্রয়ক্ষমতা মুদ্রাস্ফীতি দ্বারা কীভাবে প্রভাবিত হয়? ২

গ. উদ্দীপক অনুযায়ী জনাব লিয়নের ইষ্ট ব্যাংকে জমাকৃত অর্থের সুদের হার নির্ণয় কর। ৩

ঘ. জনাব লিয়নের কোন উৎস থেকে অর্থ সংগ্রহ করা উচিত বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

৩ ▸ জনাব হেলাল একজন ঠিকাদার। তাহার চুক্তিভিত্তিক কাজসমূহ সঠিক সময়ে সম্পন্ন করার জন্য একটি মিকচার মেশিন ও একটি খোয়া ভাঙা মেশিন দরকার। প্রতিটি মেশিনের দাম ১,০০,০০০ টাকা। আগামি ৫ বছর পর মিকচার মেশিনটি ৫০,০০০ টাকায় এবং খোয়া ভাঙা মেশিনটি ১০,০০০ টাকায় বিক্রয় করা যাবে। মিকচার মেশিনটি থেকে উক্ত ৫ বছরে অবচয় ও কর পূর্ব মুনাফা হবে যথাক্রমে ১০,০০০ টাকা, ১৫,০০০ টাকা, ২০,০০০ টাকা, ২৫,০০০ টাকা ও ৩০,০০০ টাকা। কর হার ২৫% এবং অবচয় সরলরৈখিক পদ্ধতিতে নির্ণয় করা হয়। অপরদিকে খোয়া ভাঙা মেশিনটি হতে প্রতি বছর ১৫,০০০ টাকা আয় হবে। বাট্টার হার ১২%। তিনি যেকোনো একটি মেশিন ক্রয় করতে ইচ্ছুক।

ক. নগদ প্রবাহ কী? ১

খ. আন্তঃআয় হার পদ্ধতিতে কীভাবে প্রকল্প মূল্যায়ন করা হয়? ২

গ. উদ্দীপক অনুযায়ী মিকচার মেশিনটির মূল্য কত বছরে ফেরত পাওয়া যাবে? ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত জনাব হেলালের কোন মেশিনটি ক্রয় করা উচিত? বাট্টাকৃত নগদ প্রবাহের ভিত্তিতে বিশ্লেষণ কর। ৪

৪ ▸ জনাব ইকবাল চাকরির পাশাপাশি শেয়ারবাজারে বিনিয়োগ করতে আগ্রহী। তিনি বিভিন্ন অর্থনৈতিক অবস্থা বিবেচনা করে বিনিয়োগের জন্য ই ও এফ নামে দুইটি শেয়ার পছন্দ করেছেন। শেয়ার দুইটির আয়ের হার ও সম্ভাবনা নিম্নরূপ :

অর্থনৈতিক অবস্থা	সম্ভাবনা	আয়ের হার (%)	
		ই	এফ
আশাব্যাঞ্জক	০.৩০	২৫	২০
স্বাভাবিক	০.৪০	৩৫	৩০
হতাশাজনক	০.১০	১৫	১০

শেয়ার দুইটির প্রত্যাশিত আয়ের হার যথাক্রমে ২৩% ও ১৯%।

ক. অনিশ্চয়তা কী? ১

খ. বাজার ঝুঁকিকে নিয়ন্ত্রণ করা যায় না কেন? ২

গ. উদ্দীপক অনুযায়ী এফ শেয়ারের পরিমিত ব্যবধান নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত শেয়ার দুইটির মধ্যে জনাব ইকবাল কোন শেয়ারটি ক্রয় করবেন? ঝুঁকি বিবেচনায় বিশ্লেষণ কর। ৪

৫ ▸ জনাব তুহিন তার বিনিয়োগ থেকে ১০% আয় পেতে চায়। তিনি লক্ষ করেন লুকাস কোম্পানি ৭ বছর মেয়াদি একটি বন্ড বাজারে ছেড়েছে। যাহার লিখিত মূল্য ৩,০০০ টাকা এবং ১২% কুপন হারে ৩,৫০০ টাকায় বিক্রয় হচ্ছে। অপরদিকে সুরমা কোম্পানিও ৭ বছর মেয়াদি ২,০০০ টাকা মূল্যে একটি বন্ড বাজারে ইস্যু করেছে। যাহার কুপন হার ১৪% এবং বাজারমূল্য ২,২০০ টাকা।

ক. আয় বন্ড কী? ১

খ. কোন ধরনের শেয়ারে সাধারণ শেয়ার ও বন্ডের বৈশিষ্ট্য বিদ্যমান? ২

গ. উদ্দীপকে উল্লিখিত লুকাস কোম্পানির বন্ডের অভ্যন্তরীণ আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত বন্ড দুইটির মধ্যে জনাব তুহিনের কোন বন্ড ক্রয় করা উচিত? বিশ্লেষণ কর। ৪

৬ ▸ জনাব আজিজ একজন ব্যবসায়ী। তার মোট মূলধন ১০ লক্ষ টাকার মধ্যে ৮ লক্ষ টাকা শেয়ারবাজারে বিনিয়োগ করতে আগ্রহী। তাহার বিবেচ্য চারটি কোম্পানির তথ্য নিম্নরূপ :

কোম্পানি	প্রত্যাশিত আয়ের হার	পরিমিত ব্যবধান
ক	২০%	১০%
খ	১৬%	৮%
গ	১২%	৫%
ঘ	৮%	০%

উপরিউক্ত তথ্যাদি বিশ্লেষণ করে তিনি কোম্পানি খ-এ বিনিয়োগের সিদ্ধান্ত গ্রহণ করেন। অবশিষ্ট ২ লক্ষ টাকা দৈনন্দিন ব্যবসায়িক কাজ পরিচালনার জন্য তিনি সংরক্ষণ করে রাখেন।

ক. লভ্যাংশ কী? ১

খ. সরকার তার মূল লক্ষ্য অর্জনে কীভাবে অর্থায়ন করে থাকে? ২

গ. জনাব আজিজ ব্যবসা পরিচালনায় অর্থায়নের কোন নীতি অনুসরণ করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব আজিজের বিনিয়োগ সিদ্ধান্তটি কি সঠিক? যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪

৭ ▸ জনাব রাকিব একজন সরকারি কর্মচারী। তিনি দিনাজপুর শহরের সুইহারী এলাকায় ২০,০০,০০০ টাকায় একটি জমি ক্রয় করতে ইচ্ছুক। তাই তিনি ১০% সুদে বার্ষিক কিস্তিতে ৪ বছরের জন্য 'আস্থা ব্যাংক' থেকে ঋণ গ্রহণের প্রস্তাব দেয়। যাহার প্রথম কিস্তি পরবর্তী মাসের ঋণ গ্রহণের তারিখে পরিশোধ করতে হবে।

ক. অগ্রিম অ্যানুইটি কী? ১

খ. বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণে কেন অর্থের সময়মূল্য বিবেচনা করতে হয়? ২

গ. উদ্দীপক অনুযায়ী জনাব রাকিব প্রতিবারে কী পরিমাণ অর্থ 'আস্থা ব্যাংক' কে পরিশোধ করবে? ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত জনাব রাকিবের ঋণের প্রতিটি কিস্তির সুদ ও আসলের পরিমাণ নির্ণয় কর। ৪

৮ ▸ মি. কাদের একজন কৃষিবিদ। তিনি তার কার্যক্রম পরিচালনার জন্য একটি আধুনিক মেশিন স্থাপনের কথা ভাবছেন। যাহাতে পণ্য উৎপাদন ব্যয় সর্বনিম্ন হয়। এক্ষেত্রে তিনি মেশিনের নগদ আন্তঃপ্রবাহ ও বহিঃপ্রবাহ এর বর্তমান মূল্য শূন্য হয় এমন একটি পদ্ধতি অনুসরণ করেন। সেইসাথে মেশিনটির কার্যক্রম মূল্যায়নের মাধ্যমে বিনিয়োগকৃত অর্থ দ্রুত ফেরত পাওয়ার প্রত্যাশা করেন। উক্ত মেশিনটির ক্রয়মূল্য ১,০০,০০০ টাকা। মি. কাদের আশা করছে যে, মেশিনটি থেকে আগামী ৫ বছর আয় হবে যথাক্রমে ২৫,০০০ টাকা, ৪০,০০০ টাকা, ৩৫,০০০ টাকা, ৩০,০০০ টাকা ও ১৫,০০০ টাকা। মেশিনটির মূলধনী ব্যয় ১৪%।

ক. মূলধন নিয়ন্ত্রণ কী? ১

খ. গড় মুনাফা হারের দুটি সুবিধা উল্লেখ কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত মি. কাদের অর্থায়নের কোন ধরনের কার্যক্রম সম্পাদন করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত মেশিনটি মি. কাদেরের ক্রয় করার সিদ্ধান্তটি আন্তঃআয় হারের ভিত্তিতে বিশ্লেষণ কর। ৪

৯ ▸ হানিফ একজন বিনিয়োগকারী। তিনি নিম্নের দুইটি কোম্পানির যেকোনো একটিতে বিনিয়োগ করতে আগ্রহী। কোম্পানি দুইটির তথ্য হলো :

বিবরণ	প্রত্যাশা কোম্পানি	রূপালী কোম্পানি
বন্ডের লিখিত মূল্য	২,৫০০ টাকা	২,৫০০ টাকা
কুপন হার	–	১২%
মেয়াদকাল	৫ বছর	–
প্রত্যাশিত আয়ের হার	১০%	১৫%
বর্তমান বাজারমূল্য	২,০০০ টাকা	২,৮০০ টাকা

ক. স্টক কী? ১

খ. কখন বন্ডের বাজারমূল্য ও লিখিত মূল্য সমান হয়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত রূপালী কোম্পানির বন্ডের বর্তমান মূল্য নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত বন্ড দুইটির মধ্যে জনাব হানিফ কোন বন্ডে বিনিয়োগ করবে? মতামত দাও। ৪

১০ ▸ জানব সৌরভ P ও Q নামক দুইটি কোম্পানির মধ্যে যেকোনো একটিতে বিনিয়োগ করতে আগ্রহী। বিনিয়োগের ক্ষেত্রে তিনি বাজার ঝুঁকিকে বিশেষভাবে বিবেচনা করেন। বিগত ৩ বছরের P ও Q কোম্পানির বাজার মুনাফার হার দেওয়া হলো :

বছর	P কোম্পানি %	Q কোম্পানি %	বাজার মুনাফার হার (%)
২০১৬	১০	৮	১০
২০১৭	২০	১৫	১৫
২০১৮	৮	৬	৭

ক. তারল্য ঝুঁকি কী? ১

খ. আর্থিক ঝুঁকি কীভাবে মূলধন গঠনে সহায়তা করে? ২

গ. উপরিউক্ত তথ্যের ভিত্তিতে P কোম্পানির সহ-ভেদাঙ্ক নির্ণয় কর। ৩

ঘ. জনাব সৌরভের কোন কোম্পানিতে বিনিয়োগ করা যুক্তিসংগত হবে? মতামত দাও। ৪

১১ ▸ সোনালী লি. এর অতিরিক্ত মূলধনের প্রয়োজন হওয়ায় ২,০০০ শেয়ার বিক্রয়ের সিদ্ধান্ত নেন। এই শেয়ারহোল্ডারগণের কোনো ভোটাধিকার নাই, তবে নির্দিষ্ট হারে লভ্যাংশ পাবে। অন্যদিকে ইস্যুকৃত শেয়ারের মধ্যে ১,৫০০ শেয়ারের মালিকগণ পূর্ববর্তী বছরের বকেয়া লভ্যাংশ পরবর্তী বছরে প্রাপ্তির সুযোগ পাবেন। অবশিষ্ট ৫০০ শেয়ারের কোনো মেয়াদ নাই তবে মালিকগণ ৫ বছর পর কোম্পানির ভোটাধিকার পাওয়ার দাবিদার।

ক. পুট বন্ড কী? ১

খ. নিমজ্জিত তহবিল সৃষ্টি করা হয় কেন? ২

গ. উদ্দীপকে উল্লিখিত সোনালী লি. কর্তৃক ইস্যুকৃত ১,৫০০ শেয়ার কোন ধরনের শেয়ার? ব্যাখ্যা কর। ৩

ঘ. মেয়াদহীন ৫০০টি শেয়ারের মালিকগণকে ভোটাধিকার প্রদানের কারণ ও ঐসব শেয়ারের ধরন বিশদভাবে ব্যাখ্যা কর। ৪

রাজশাহী বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 2

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৪০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ মেঘনা কোম্পানি উৎপাদিত পণ্যের মানের উপর গুরুত্ব দেয় এবং ভোক্তা ও শ্রমিকদের স্বার্থ বিবেচনা করে। কোম্পানি মুনাফার একটি অংশ লভ্যাংশ হিসাবে বণ্টন করে এবং প্রকল্প বিনিয়োগে অর্থের সময়মূল্য বিবেচনা করে। ফলে কোম্পানির বাজার দ্রুত সম্প্রসারিত হচ্ছে।

ক. লভ্যাংশ সিদ্ধান্ত কী? ১

খ. তারল্য ও মুনাফা নীতি বলতে কী বোঝায়? ২

গ. মেঘনা কোম্পানি অর্থায়নের কোন দায়িত্ব পালন করতেছে? আলোচনা কর। ৩

ঘ. মেঘনা কোম্পানি কর্তৃক অনুসৃত অর্থায়নের লক্ষ্যটি আলোচনা কর। ৪

২ ▸ মি. রহমান স্কয়ার লি. এর একজন আর্থিক ব্যবস্থাপক। তার কোম্পানির ব্যাংকে ৫০,০০,০০০ টাকা জমা আছে। তিনি উক্ত টাকা তিনটি প্রকল্পে বিনিয়োগ করেন। প্রথম প্রকল্পে তিনি ক্ষতির সম্মুখীন হন কিন্তু ২য় ও ৩য় প্রকল্পে তিনি মুনাফা অর্জন করেন।

ক. তারল্য কী? ১

খ. পোর্টফোলিও নীতি কেন গ্রহণ করা হয়? ২

গ. উদ্দীপকে অর্থায়নের কোন কার্যাবলির উল্লেখ আছে? আলোচনা কর। ৩

ঘ. মি. রহমান অর্থায়নের কোন নীতি অনুসরণ করেছেন? আলোচনা কর। ৪

৩ ▸ জনাব সরোয়ার একজন কৃষক যার কাছে ২,০০,০০০ টাকা রয়েছে। তিনি একটি মৎস্য প্রকল্পে বিনিয়োগ করতে চান যা থেকে আগামী ৫ বছর যথাক্রমে ৪০,০০০ টাকা, ৫৬,০০০ টাকা, ৪২,০০০ টাকা, ২৫,০০০ টাকা এবং ৮০,০০০ টাকা পাওয়া যাবে। অন্যদিকে তার বন্ধু তাকে পরামর্শ দেয় পোল্ট্রি ফার্মের ব্যবসা করতে যা হতে আগামী ৫ বছর প্রতি বছর শেষে ৫০,০০০ টাকা করে পাওয়া যাবে। প্রত্যাশিত আয়ের হার ১০%।

ক. সরল সুদ কী? ১

খ. বর্তমান মূল্য অপেক্ষা ভবিষ্যৎ মূল্য বেশি হয়– ব্যাখ্যা কর। ২

গ. সরোয়ার সাহেবের মৎস্য প্রকল্প থেকে নগদ আন্তঃপ্রবাহের মোট বর্তমান মূল্য নির্ণয় কর। ৩

ঘ. সরোয়ার সাহেবের কোন প্রকল্পে বিনিয়োগ করা উচিত? ব্যাখ্যা কর। ৪

৪ ▸ জনাব সুমন একজন উদ্যোক্তা হওয়ার স্বপ্ন ছোটবেলা থেকে দেখছেন। বিশ্ববিদ্যালয়ে পড়াকালীন সময় থেকে তিনি বার্ষিক ৫০,০০০ টাকা করে ১২% হারে ১০ বছর মেয়াদি একটি ডিপিএস করেন। তার স্বপ্নের ব্যবসায়টি চালু করার জন্য ১০,০০,০০০ টাকা প্রয়োজন।

ক. সাধারণ বার্ষিকী কী? ১

খ. কার্যকরী সুদের হার বলতে কী বোঝায়? ২

গ. ১০ বছর পরে সুমন কত টাকা ডিপিএস থেকে পেয়েছিলেন? ৩

ঘ. উদ্দীপকের আলোকে ব্যবসায় আরম্ভের জন্য সুমনের বার্ষিক কত টাকা ডিপিএস হিসেবে জমানো উচিত? বিশ্লেষণ কর। ৪

৫ ▸ জনাব সেলিম অবসর গ্রহণের পর ৮,০০,০০০ টাকা পান। তিনি উক্ত অর্থ ৫ বছরের জন্য ব্যাংকে জমা রাখতে চান। তার কাছে দুটি বিকল্প রয়েছে। সোনালী ব্যাংক ১২% সরল সুদে ও রূপালী ব্যাংক ১০% চক্রবৃদ্ধি সুদ প্রদানে আগ্রহী। ব্যাংক ছাড়াও এলিকো বিমা কোম্পানি ৫ বছর শেষে ১২,০০,০০০ টাকা প্রাপ্তির একটি বিকল্প প্রস্তাব তার কাছে রয়েছে।

ক. বিধি ৭২ কী? ১

খ. অর্থের সময়মূল্য কেন পছন্দনীয়? ব্যাখ্যা কর। ২

গ. সেলিম সাহেব রূপালী ব্যাংক থেকে ৫ বছর পর কত টাকা পাবেন? ৩

ঘ. উদ্দীপকের কোন বিকল্পটি জনাব সেলিমের গ্রহণ করা উচিত? ব্যাখ্যা কর। ৪

৬ ▸ জব্বার সাহেব প্রতিটি ১০,০০০ টাকা মূল্যের ৮% কুপন বন্ড ১০,২০০ টাকায় ক্রয় করেন। বন্ডের মেয়াদ ১০ বছর। মেয়াদপূর্তিতে বন্ডটি ১০% অধিহারে পরিশোধ করতে হবে। প্রত্যাশিত আয়ের হার ১০%।

ক. চিরস্থায়ী বন্ড কী? ১

খ. সংরক্ষিত আয় বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বন্ডটির মেয়াদপূর্তিতে আয়ের হার কত? ৩

ঘ. উদ্দীপকের বন্ডটি কী ক্রয় করা লাভজনক? যুক্তিসহ মতামত দাও। ৪

৭ ▸ মিস স্বর্ণা বন্ড বাজারে বিনিয়োগ করতে আগ্রহী। তিনি বিনিয়োগের জন্য নিম্নোক্ত দুইটি বন্ড বিবেচনা করছেন :

বন্ড	সুদের হার	মেয়াদ	বাজারমূল্য
P	১২%	৬ বছর	১,১০০
Q	১১%	৬ বছর	১,০৫০

উভয় বন্ডের অভিহিত মূল্য ১,০০০ টাকা। মিস স্বর্ণার প্রত্যাশিত আয়ের হার ১০%।

ক. কুপন বন্ড কী? ১

খ. ট্রেজারি বন্ড বলতে কী বোঝ? ২

গ. 'P' বন্ডের মেয়াদপূর্তিতে আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. বর্তমান মূল্যের আলোকে মিস স্বর্ণার কোন বন্ডে বিনিয়োগ করা উচিত? বিশ্লেষণ কর। ৪

৮ ▸ মি. সালাম দুটি প্রকল্পের মধ্যে যেকোনো একটি প্রকল্পে বিনিয়োগের জন্য সিদ্ধান্ত নিতে চান। প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ৫০,০০০ টাকা এবং বাট্টার হার ১০%। প্রকল্প দুটির নগদ আন্তঃপ্রবাহ নিম্নরূপ :

প্রকল্প	নগদ আন্তঃপ্রবাহ (টাকা)				
	১ম বছর	২য় বছর	৩য় বছর	৪র্থ বছর	৫ম বছর
প্রকল্প-১	১২,০০০	১৮,০০০	৩০,০০০	১৬,০০০	২২,০০০
প্রকল্প-২	১৮,০০০	২০,০০০	২২,০০০	২৪,০০০	১৮,০০০

ক. মূলধন বাজেটিং কী? ১

খ. পরস্পর বর্জনশীল প্রকল্প বলতে কী বোঝায়? ২

গ. প্রকল্প-১ এর গড় মুনাফার হার নির্ণয় কর। ৩

ঘ. মি. সালামের নিট বর্তমান মূল্যের আলোকে কোন প্রকল্পে বিনিয়োগ করা লাভজনক? মূল্যায়ন কর। ৪

৯ ▸ রায়হান লিমিটেড কোম্পানি একটি প্রকল্পে ৫,০০,০০০ টাকা বিনিয়োগে আগ্রহী যার ভগ্নাবশেষ মূল্য ৩৫,০০০ টাকা। কোম্পানির করের হার ৩০% এবং মূলধন ব্যয় ১২%। প্রকল্পটির করপূর্ববর্তী তথ্যাবলি নিম্নরূপ :

বছর	করপূর্ববর্তী মুনাফা
১	১,০০,০০০
২	১,২০,০০০
৩	৯০,০০০
৪	১,৫০,০০০
৫	১,৭০,০০০

ক. মূলধন রেশনিং কী? ১

খ. মূলধন বাজেটিং মুনাফা অর্জনের ক্ষমতা বৃদ্ধি করে– ব্যাখ্যা কর। ২

গ. প্রকল্পটির নিট বর্তমান মূল্য নির্ণয় কর। ৩

ঘ. অভ্যন্তরীণ উপার্জন হারের মাধ্যমে প্রকল্পের বিনিয়োগ সিদ্ধান্ত মূল্যায়ন কর। ৪

১০ ▸ দুটি প্রকল্পের বিগত তিন বছরের আয়ের হার নিম্নরূপ :

বছর	প্রকল্প-ক	প্রকল্প-খ
২০১৮	৮%	১০%
২০১৯	৯%	–২%
২০২০	১২%	১৬%

ক. ঝুঁকি কী? ১

খ. পোর্টফোলিও নীতি কেন অনুসরণ করা হয়? ২

গ. প্রকল্প-ক এর আয়ের আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩

ঘ. ঝুঁকি বিবেচনায় কোন প্রকল্পে বিনিয়োগ করা উচিত? বিশ্লেষণ কর। ৪

১১ ▸ নিম্নের দুটি কোম্পানির সম্ভাবনা ও প্রত্যাশিত আয়ের হার দেওয়া হলো :

সম্ভাবনা	০.২০	০.৪০	০.৪০
মনি কোম্পানির আয়	০.১৫	০.১৪	০.১৮
রনি কোম্পানির আয়	০.১২	০.২০	০.১০

ক. সম্ভাবনা বিন্যাস কী? ১

খ. পরিহারযোগ্য ঝুঁকি বলতে কী বোঝায়? ২

গ. কোম্পানি দুটির গড় মুনাফা নির্ণয় কর। ৩

ঘ. বিভেদাঙ্কের বিবেচনায় কোন কোম্পানিটি ভালো? মূল্যায়ন কর। ৪

যশোর বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 2

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৪০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▶ সানমুন কোম্পানি লি. চার বছর মেয়াদি একটি প্রকল্পে বিনিয়োগের সিদ্ধান্ত নেয়। প্রকল্পটির নগদ আন্তঃপ্রবাহ ও অন্যান্য তথ্য নিম্নরূপ :

প্রাথমিক বিনিয়োগ	বছর-১	বছর-২	বছর-৩	বছর-৪
২,০০,০০০	৬০,০০০	৭০,০০০	৮০,০০০	৭৬,০০০

বাট্টার হার ৮%।

ক. স্বাধীন প্রকল্প কী? ১

খ. মূলধন রেশনিং কেন করা হয়? ২

গ. প্রকল্পটির নিট বর্তমান মূল্য নির্ণয় কর। ৩

ঘ. অভ্যন্তরীণ আয়ের হারের (IRR) ভিত্তিতে সানমুন কোম্পানির বিনিয়োগ সিদ্ধান্ত মূল্যায়ন কর। ৪

২ ▶ ABC কোম্পানি একটি নতুন মেশিন ৫,০০,০০০ টাকায় ক্রয় করে। মেশিনটির আয়ুষ্কাল ৫ বছর এবং কোনো ভগ্নাবশেষ মূল্য নেই। কোম্পানির করের হার ৪০%।

বছর	১	২	৩	৪	৫
নগদ আন্তঃপ্রবাহ	১,০০,০০০	১,১০,০০০	১,৪০,০০০	১,৫০,০০০	২,৫০,০০০

ক. মূলধন বাজেটিং কী? ১

খ. পরস্পর বর্জনশীল প্রকল্প বলতে কী বোঝায়? ২

গ. ABC কোম্পানির গড় মুনাফার হার (ARR) নির্ণয় কর। ৩

ঘ. যদি বাট্টার হার ১০% হয়, তাহলে নিট বর্তমান মূল্যের (NPV) ভিত্তিতে মেশিনটি ক্রয় করা উচিত কি না? বিবেচনা কর। ৪

৩ ▶ জনাব রাসেল একজন বিনিয়োগকারী। তিনি বিনিয়োগের জন্য যে দুটি সিকিউরিটি চিহ্নিত করেছেন তা নিম্নরূপ :

বছর	আয়ের হার	
	সিকিউরিটি-A	সিকিউরিটি-B
২০১৯	৩০%	২৫%
২০২০	২০%	৩৫%
২০২১	১৫%	৪৫%

মুন কোম্পানির বিটার মান ১.৮। ট্রেজারি বিলের আয়ের হার ৯%। বাজার আয়ের হার ১৮%।

ক. ঝুঁকি কী? ১

খ. বাজার ঝুঁকিকে কেন অপরিহারযোগ্য ঝুঁকি বলা হয়? ২

গ. মুন কোম্পানির প্রত্যাশিত আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. জনাব রাসেলের কোন সিকিউরিটিতে বিনিয়োগ করা উত্তম? গাণিতিক বিশ্লেষণ কর। ৪

৪ ▶ জনাব আসলাম একটি প্রকল্পে বিনিয়োগের চিন্তা-ভাবনা করছেন। কোম্পানির তথ্য নিম্নরূপ :

অর্থনৈতিক অবস্থা	সম্ভাবনা	আয়ের হার	
		প্রকল্প-P	প্রকল্প-Q
ভালো	০.৪০	১২%	১০%
মন্দ	০.২৫	৪%	৬%
স্বাভাবিক	০.৩৫	৯%	৮%

ক. আর্থিক ঝুঁকি কী? ১

খ. পোর্টফোলিও কেন গঠন করা হয়? ২

গ. প্রকল্প-P এর পরিমিত ব্যবধান নির্ণয় কর। ৩

ঘ. জনাব আসলামের কোন প্রকল্পে বিনিয়োগ করা উচিত? বিশ্লেষণ কর। ৪

৫ ▶ মি. সুমন মূলধন বাজারে বিনিয়োগ করতে আগ্রহী। প্রয়োজনীয় তথ্য নিম্নরূপ :

সিকিউরিটিজ	বিনিয়োগ	আয়ের হার	আদর্শ বিচ্যুতি	সহ-সম্বন্ধ
X	৪০,০০০	১২%	৮%	০.৮০
Y	৬০,০০০	১০%	৬%	

ক. অনিশ্চয়তা কী? ১

খ. তারল্য ঝুঁকি কীভাবে সৃষ্টি হয়? ২

গ. মি. সুমনের পোর্টফোলিও আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. পোর্টফোলিও আদর্শ বিচ্যুতি নির্ণয় করে পোর্টফোলিও বিনিয়োগের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৬ ▶ জনাব কামাল একজন ফল ব্যবসায়ী। তিনি তার দোকানের একাই মালিক। যার ফলে সকল লাভ-ক্ষতি তিনি নিজেই বহন করেন। তার দোকানে বিভিন্ন রকমের ফল আছে? যা ভোক্তাদের কাছে বিক্রি করেন। তিনি ঝুঁকি কমানোর জন্য পণ্যের মাঝে বৈচিত্র্য রাখেন।

ক. সম্পদ সর্বাধিকরণ কী? ১

খ. সরকারি অর্থায়ন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে জনাব কামাল কোন ধরনের ব্যবসায়ী? বর্ণনা কর। ৩

ঘ. জনাব কামাল তার ব্যবসায়ের উন্নতির জন্য অর্থায়নের যে নীতি অবলম্বন করেছেন তা বর্ণনা কর। ৪

৭ ▶ ইউনিক কোম্পানি মোবাইল ফোন ব্যবসায় জড়িত। কোম্পানিটি বাংলাদেশের বাজারে প্রবেশের জন্য দীর্ঘমেয়াদি পরিকল্পনা গ্রহণ করে। নতুন পরিকল্পনায় কোম্পানিটি আর্থিক সংকটে পড়ে। তাই তারা শেয়ার বিক্রির সিদ্ধান্ত নেয়।

ক. অর্থায়ন কী? ১

খ. সামাজিক দায়বদ্ধতা বলতে কী বোঝায়? ২

গ. ইউনিক কোম্পানির শেয়ার বিক্রয় কী ধরনের সিদ্ধান্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. কোম্পানিটির দীর্ঘমেয়াদি পরিকল্পনায় শেয়ার বিক্রি যুক্তিযুক্ত কিনা? ব্যাখ্যা কর। ৪

৮ ▶ জনাব তানভির গাড়ি ক্রয়ের জন্য লিজিং কোম্পানি লি. হতে ৫ লক্ষ টাকা ঋণ গ্রহণ করেছেন। ঋণের সুদের হার ১০%। তিনি আগামী ৪ বছরব্যাপী প্রতি বছর শেষে সমপরিমাণ টাকা ঋণের কিস্তি হিসাবে পরিশোধ করবেন।

ক. অর্থের সময়মূল্য কী? ১

খ. সুযোগ ব্যয় বলতে কী বোঝায়? ২

গ. জনাব তানভিরের ঋণের কিস্তির পরিমাণ নির্ণয় কর। ৩

ঘ. জনাব তানভিরের ঋণ পরিশোধ সূচি তৈরি করে বিভিন্ন বছরের সুদের পরিমাণ দেখাও। ৪

৯ ▶ জনাব রাকিব জমি বিক্রি করে ৫,০০,০০০ টাকা পেলেন, যা ব্যাংকে ১০ বছরের জন্য স্থায়ী হিসাব খুলে জমা রাখার সিদ্ধান্ত নিলেন। তিনি জানতে পারলেন, যমুনা ব্যাংকে জমা রাখলে ৫ বছর শেষে ৭,০০,০০০ টাকা পাবেন। অন্যদিকে, সুরমা ব্যাংকে রাখলে ৪ বছর শেষে ৬,৫০,০০০ টাকা পাবেন।

ক. নগদ প্রবাহ কী? ১

খ. চক্রবৃদ্ধিকরণ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের আলোকে যমুনা ব্যাংকের সুদের হার নির্ণয় কর। ৩

ঘ. জনাব রাকিবের কোন ব্যাংকে অর্থ জমা রাখা উচিত? গাণিতিক বিশ্লেষণ কর। ৪

১০ ▶ জনাব মিঠু তার অলস অর্থ বন্ডে বিনিয়োগ করতে চাচ্ছেন। তিনি বন্ডবাজার অনুসন্ধান করে ২টি বন্ড নির্বাচন করেন। উভয় বন্ডের অভিহিত মূল্য ১,০০০ টাকা। প্রত্যাশিত আয়ের হার ১০%। অন্যান্য তথ্য নিম্নরূপ :

বন্ড	কুপন সুদের হার	বাজারমূল্য	মেয়াদ	পরিপক্ব মূল্য
A	১২%	১,১০০	–	১,০০০
B	–	৬০০	১২ বছর	১,৫০০

ক. কুপন বন্ড কী? ১

খ. কার্যকরী মূলধন ধারণাটি ব্যাখ্যা কর। ২

গ. 'A' বন্ডের চলতি আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. জনাব মিঠুর কোন বন্ডে বিনিয়োগ করা উচিত? বিশ্লেষণ কর। ৪

১১ ▶ জনাব রিয়াদ বন্ডবাজারে বিনিয়োগে আগ্রহী। তিনি বন্ডবাজারে ১০০ টাকা অভিহিত মূল্যের দুটি বন্ড দেখতে পেলেন। বন্ডের অন্যান্য তথ্য নিম্নরূপ :

বন্ড	কুপন সুদের হার	বাজারমূল্য	মেয়াদ
P	১২%	১১৯	৮ বছর
Q	১০%	৮০	–

জনাব রিয়াদের প্রত্যাশিত আয়ের হার ১০%।

ক. YTC-এর পূর্ণরূপ লেখ। ১

খ. কর্পোরেট বন্ড বলতে কী বোঝায়? ২

গ. 'P' বন্ডের মেয়াদপূর্তিতে আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. জনাব রিয়াদের কোন বন্ডে বিনিয়োগ করা উচিত? বিশ্লেষণ কর। ৪

কুমিল্লা বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 2

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৪০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১▸ BBC কোম্পানি একটি প্রসাধনী উৎপাদনকারী প্রতিষ্ঠান। উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপক রফিক সাহেব ব্যবসায় সম্প্রসারণের জন্য নতুন নতুন প্রকল্পে বিনিয়োগের চিন্তা করছেন, প্রকল্পগুলো হলো প্রকল্প 'X' প্রকল্প 'Y' এবং প্রকল্প 'Z'। উক্ত প্রকল্পগুলোতে বিনিয়োগের জন্য তিনি শাপলা ব্যাংক হতে ৫ বছরের জন্য ১০% হারে ১৫ লক্ষ টাকা ঋণ করেন। ব্যবস্থাপক ঋণকৃত সম্পূর্ণ টাকা প্রকল্প 'Y'-তে বিনিয়োগের জন্য পরিচালনা পর্ষদে প্রস্তাব উপস্থাপন করেন। কিন্তু পরিচালনা পর্ষদ তার প্রস্তাব প্রত্যাখ্যান করে সবকটি প্রকল্পে বিনিয়োগের সুপারিশ করেন।

ক. প্রাতিষ্ঠানিক অর্থায়ন কী? ১
খ. ঝুঁকি ও মুনাফার সম্পর্ক ব্যাখ্যা কর। ২
গ. ব্যবস্থাপক অর্থায়নের কোন উৎস হতে অর্থ সংগ্রহ করেছেন? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. পরিচালনা পর্ষদ অর্থায়নের কোন নীতি গ্রহণের সুপারিশ করেছে? উদ্দীপকের আলোকে তা বিশ্লেষণ কর। ৪

২▸ কেয়া ও রেখা দুই বান্ধবী। তারা লেখাপড়া শেষ করে সম্প্রতি একটি প্রতিষ্ঠিত কোম্পানিতে চাকরি পেয়েছেন। ভবিষ্যৎ সঞ্চয়ের কথা চিন্তা করে তারা দুই বান্ধবী যমুনা ব্যাংকে যান। ব্যাংক ব্যবস্থাপক তাদের বলেন যে, সঞ্চয়ের উপর বছরের শুরুতে ও শেষে সুদ গণনা করা হয়। এক্ষেত্রে সুদের হারের পার্থক্য রয়েছে। কেয়া বছরের শুরুতে ৮% সুদে এবং রেখা বছরের শেষে ১০% সুদে ২৫,০০০ টাকা করে ১০ বছর ব্যাংকে জমা করেন।

ক. সুযোগ ব্যয় কী? ১
খ. সাধারণ বৃত্তি বলতে কী বোঝায়? ২
গ. ১০ বছর পরে কেয়া কত টাকা পাবেন? ৩
ঘ. মেয়াদ শেষে কে বেশি টাকা পাবেন বলে তুমি মনে কর? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করে দেখাও। ৪

৩▸ জনাব আজিজ একজন সাধারণ ব্যবসায়ী। সম্প্রতি তিনি একটি নতুন প্রকল্পের বিনিয়োগের কথা ভাবছেন। এজন্য তিনি তার ব্যবসায়ী বন্ধু জনাব আলমের নিকট হতে পরামর্শ গ্রহণ করেন। তিনি তাকে কাম্য পরিমাণ মূলধন বিনিয়োগের পরামর্শ দেন। কিন্তু জনাব আজিজ অধিক লাভের আশায় সমুদয় মূলধন উক্ত প্রকল্পে বিনিয়োগ করেন এবং তার মূলধন ক্ষতিগ্রস্ত হয়। এজন্য তিনি বেশ চিন্তিত।

ক. ব্যবসায় নৈতিকতা কী? ১
খ. সরকারি ও বেসরকারি অর্থায়নের দুটি পার্থক্য লেখ। ২
গ. জনাব আজিজকে তার বন্ধু অর্থায়নের যে নীতি অনুসরণের পরামর্শ দিয়েছিলেন তা ব্যাখ্যা কর। ৩
ঘ. সমুদয় মূলধন বিনিয়োগের ক্ষেত্রে উপরিউক্ত নীতির যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৪▸ জনাব রাসেল একজন বিনিয়োগকারী। তিনি তার সঞ্চিত অর্থ শেয়ারবাজারে বিনিয়োগ করতে আগ্রহী। তিনি বিনিয়োগের জন্য নিম্নোক্ত দুটি কোম্পানির বন্ডকে বিবেচনা করছেন :

বন্ড	অভিহিত মূল্য	মেয়াদকাল	কুপন হার	বাজারমূল্য	আয়ের হার
'A'	১,০০০ টাকা	১৫ বছর	১২%	১,১৮০ টাকা	১১%
'B'	১,০০০ টাকা	১২ বছর	১০%	৯৭৫ টাকা	১০%

ক. মাধ্যমিক বাজার কী? ১
খ. কুপন হার বন্ডের আয়ের ওপর কী প্রভাব ফেলে? ২
গ. 'A' বন্ডের বর্তমান মূল্য নির্ণয় কর। ৩
ঘ. কোন বন্ডে বিনিয়োগ করলে জনাব রাসেল লাভবান হবেন? মন্তব্য কর। ৪

৫▸ জনাব রহমান পেনশন থেকে প্রাপ্ত ১০,০০,০০০ টাকা ১৫ বছরের জন্য 'পদ্মা' ব্যাংকে জমা রাখতে চান। পদ্মা ব্যাংক ১০% ত্রৈমাসিক চক্রবৃদ্ধি সুদ প্রদান করে। কিন্তু জনাব রহমানের বন্ধু 'যমুনা' ব্যাংকে টাকা জমা রাখতে পরামর্শ দেন, যেখান থেকে ১৫ বছর পর ৪ গুণ টাকা পাবেন। জনাব রহমানের সুযোগ ব্যয়ের হার ১২%।

ক. 'বিধি ৬৯' কী? ১
খ. ঋণের কিস্তি কীভাবে নির্ণয় করা হয়? ব্যাখ্যা কর। ২
গ. জনাব রহমানের 'পদ্মা' ব্যাংকে জমাকৃত অর্থের কার্যকর সুদের হার নির্ণয় কর। ৩
ঘ. জনাব রহমানের বন্ধুর পরামর্শ গ্রহণ করা উচিত কি না তা গাণিতিক যুক্তিসহ উত্তর দাও। ৪

৬▸ বেঙ্গল লি. কোম্পানি দীর্ঘদিন ধরে সফলতার সাথে ব্যবসায় পরিচালনা করে আসছে। আর্থিক সংকটের কারণে উৎপাদন মৌসুমে কাঁচামাল সংগ্রহে অসুবিধায় পড়ে। কোম্পানিটি আরও কিছু সাধারণ শেয়ার ইস্যুর মাধ্যমে আর্থিক বাজার হতে অর্থ সংগ্রহ করে তা মোকাবিলা করতে সক্ষম হয়। কিছুদিন পরে কোম্পানিটির ব্যবস্থাপক ব্যবসায় সম্প্রসারণের কথা চিন্তা করে। উক্ত সম্প্রসারণ কাজের জন্য প্রায় ১ কোটি টাকার প্রয়োজন। এ জন্য কোম্পানির ব্যবস্থাপক শেয়ারবাজারে অগ্রাধিকার শেয়ার ইস্যুর মাধ্যমে অর্থ সংগ্রহের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

ক. বন্ড কী? ১
খ. "সাধারণ শেয়ারহোল্ডারগণ কোম্পানির প্রকৃত মালিক"– ব্যাখ্যা কর। ২
গ. "অগ্রাধিকার শেয়ার হতে সাধারণ শেয়ার উত্তম"– ব্যাখ্যা কর। ৩
ঘ. কোম্পানি সম্প্রসারণের জন্য যে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে, তার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৭▸ 'ওয়ার্ল্ড ফ্যাশন কোম্পানি' প্রতিটি ১,০০০ টাকা মূল্যের জিরো কুপন বন্ড ইস্যু করে। কোম্পানির ইস্যুকৃত বন্ডের মেয়াদকাল ১০ বছর।

ক. সাধারণ শেয়ার কী? ১
খ. মুদ্রাস্ফীতি কীভাবে বিনিয়োগ সিদ্ধান্তকে প্রভাবিত করে? ২
গ. উক্ত কোম্পানির প্রত্যাশিত আয়ের হার ১৫% হলে বন্ডের বর্তমান মূল্য কত হবে? ৩
ঘ. বন্ডটির বাজারমূল্য ২০০ টাকা হলে ওয়ার্ল্ড ফ্যাশন কোম্পানির বিনিয়োগ সিদ্ধান্তের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৮▸ 'নোভা কোম্পানি লি.' এর ব্যবস্থাপক কামাল সাহেব 'M' এবং 'N' নামে পরস্পর বর্জনশীল দুটি প্রকল্পের যেকোনো একটিতে অর্থ বিনিয়োগের চিন্তা-ভাবনা করছেন। উভয় প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ২,০০,০০০ টাকা। কোম্পানির মূলধন ব্যয় ১২%। প্রকল্প দুটির নগদ আন্তঃপ্রবাহ নিচে দেওয়া হলো :

প্রকল্প	১ম বছর	২য় বছর	৩য় বছর	৪র্থ বছর	৫ম বছর
'M'	৬৬,০০০	৬০,০০০	১,০৬,০০০	৭৮,০০০	৮৩,০০০
'N'	১,০২,০০০	৮০,০০০	৭৪,০০০	৬১,০০০	৮২,০০০

ক. মূলধন রেশনিং কী? ১
খ. প্রকল্প মূল্যায়ন বলতে কী বোঝায়? ২
গ. 'M' প্রকল্পের পরিশোধকাল নির্ণয় কর। ৩
ঘ. NPV-এর ভিত্তিতে কামাল সাহেবের কোন প্রকল্পটি গ্রহণ করা উচিত? ব্যাখ্যা দাও। ৪

৯▸ সুজন ও সবুজ দুই ভাই মিলে একটি মৎস্য খামার করার উদ্যোগ গ্রহণ করে। উক্ত খামার করতে ১৫ লক্ষ টাকার প্রয়োজন। কিন্তু তাদের বাবা ব্যবসায় শুরু করার জন্য ১০ লক্ষ টাকা দিতে রাজি হলেন। বাকি ৫ লক্ষ টাকা ৮ বছরের জন্য মধুমতি অথবা গোমতি ব্যাংক হতে ঋণ গ্রহণ করতে পারে। মধুমতি ব্যাংক বার্ষিক ১২% চক্রবৃদ্ধি হার সুদে এবং গোমতি ব্যাংক মাসিক ১০% চক্রবৃদ্ধি হার সুদে মেয়াদ শেষে পরিশোধের কথা বলেন।

ক. ইক্যুইটি বাজার কী? ১
খ. অবচয়কে কোন ধরনের খরচ বলা হয়? ২
গ. মধুমতি ব্যাংক হতে ঋণ নিলে কত টাকা পরিশোধ করতে হবে? ৩
ঘ. সুজন ও সবুজ কোন ব্যাংক হতে ঋণ গ্রহণ করলে বেশি লাভবান হবে বলে তুমি মনে কর? ব্যাখ্যা কর। ৪

১০▸ মি. হাসান কোম্পানির অর্থনৈতিক অবস্থা চিন্তা করে দুটি স্টকে বিনিয়োগ করার সিদ্ধান্ত গ্রহণ করলেন। নিম্নে স্টক দুটির সম্ভাবনা ও আয়ের হার দেওয়া হলো :

অর্থনৈতিক অবস্থা	সম্ভাবনা	আয়ের হার	
		স্টক 'P'	স্টক 'Q'
মন্দাভাব	২৫%	১৫%	২৫%
স্বাভাবিক	৫০%	২০%	১৮%
চাঙ্গা	৩০%	৬০%	২৮%

ক. ঝুঁকি কী? ১
খ. আর্থিক ঝুঁকি কীভাবে সৃষ্টি হয়? ব্যাখ্যা কর। ২
গ. স্টক 'P' ও স্টক 'Q' এর গড় মুনাফার হার নির্ণয় কর। ৩
ঘ. মি. হাসানের কোন স্টকে বিনিয়োগ করা উচিত এবং কেন? উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর। ৪

১১▸ জনাব মান্নান মূলধন বাজারে বিনিয়োগ করতে আগ্রহী। তিনি বিনিয়োগ করার জন্য নিম্নোক্ত দুটি সিকিউরিটির তথ্য বিবেচনা করছেন :

সম্ভাবনা	প্রত্যাশিত আয়	
	সিকিউরিটি-A	সিকিউরিটি-B
০.৫০	২৫%	৩০%
০.৩০	২২%	৩৫%
০.৩৫	২০%	২৮%

ক. অনিশ্চয়তা কী? ১
খ. একক ঝুঁকি বলতে কী বোঝ? ২
গ. 'সিকিউরিটি-A' এর আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩
ঘ. কোন সিকিউরিটি অধিক ঝুঁকিপূর্ণ? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

চট্টগ্রাম বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 2

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৪০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১▸ জামাল ও কামাল দুই জনই প্রতিষ্ঠিত ব্যবসায়ী। জনাব জামাল শুধু জাহাজ ভাঙা ব্যবসায়ে যুক্ত অপরদিকে জনাব কামাল পুরাতন জাহাজ ব্যবসার পাশাপাশি গার্মেন্টস ব্যবসায় যুক্ত। কারণ জনাব কামাল মনে করেন, লোহার ব্যবসায় কোনো কারণে যদি ক্ষতি হয় তবে গার্মেন্টস ব্যবসার মুনাফার দ্বারা সেই ক্ষতি পূরণ করা যাবে। কিন্তু জনাব জামাল বেশি মুনাফার আশায় সর্বদা নগদ অর্থ হাতে কম রেখে বেশি বিনিয়োগ করেন।

ক. ব্যবসায় অর্থায়ন কী? ১
খ. তারল্য বলতে কী বোঝ? ২
গ. জনাব কামাল বিনিয়োগের ক্ষেত্রে কোন নীতি অনুসরণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব জামালের বেশি অর্থ বিনিয়োগ তার ব্যবসায়ে কী প্রভাব ফেলতে পারে? তা বিশ্লেষণ কর। ৪

২▸ জনাব রহমান ৫,০০,০০০ টাকা ৭ বছরের জন্য ব্যাংকে জমা রাখতে চান। 'ফুলজোড়' ব্যাংক তাকে ১০% হারে বার্ষিক চক্রবৃদ্ধি সুদ দিবে। অপরদিকে 'ইছামতি' ব্যাংক তাকে ৮% হারে মাসিক চক্রবৃদ্ধি সুদ প্রদানের প্রস্তাব দেয়।

ক. অর্থের সময়মূল্য কী? ১
খ. সাধারণ বার্ষিক বৃত্তি বলতে কী বোঝায়? ২
গ. মেয়াদ শেষে জনাব রহমান 'ফুলজোড়' ব্যাংক থেকে কত টাকা পাবেন? ৩
ঘ. জনাব রহমানের কোন ব্যাংকে টাকা জমা রাখা বেশি লাভজনক হবে? ব্যাখ্যা কর। ৪

৩▸ জনাব হানিফ সোনালী ব্যাংক লি. থেকে বার্ষিক ১২% সুদে ৫,০০,০০০ টাকা ঋণ নেন। আগামী ৫ বছর প্রতি বছরের শেষে তিনি ঋণের কিস্তি পরিশোধ করবেন।

ক. ভবিষ্যৎ মূল্য কী? ১
খ. ঋণ সূচি বলতে কী বোঝায়? ২
গ. জনাব হানিফের ঋণের কিস্তির পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. বছরের শুরুতে কিস্তি পরিশোধ করলে কিস্তির পরিমাণের ওপর কী প্রভাব পড়বে? সে সম্পর্কে তোমার মতামত দাও। ৪

৪▸ সুলেখা কোম্পানি বার্ষিক ১৬% কুপন সুদে প্রতিটির লিখিত মূল্য ১,০০০ টাকার বন্ড ইস্যু করে। উক্ত বন্ড ১০ বছরের জন্য ইস্যু করা হয়। কোম্পানির প্রয়োজনীয় আয়ের হার ১২%।

ক. বন্ড কী? ১
খ. অগ্রাধিকার শেয়ারকে কেন হাইব্রিড সিকিউরিটি বলা হয়? ২
গ. যদি সুদ বার্ষিক ভিত্তিতে প্রদান করা হয়, তাহলে বন্ডের বর্তমান মূল্য কত হবে? ৩
ঘ. অর্ধবার্ষিক ভিত্তিতে সুদ প্রদান করলে, বন্ডের বর্তমান মূল্যে কী প্রভাব পড়বে? বিশ্লেষণ কর। ৪

৫▸ জনাব সাজ্জাদ বর্তমানে অবসরে গিয়ে কিছু টাকা পেয়েছেন। এই অর্থ তিনি শেয়ারবাজারে বিনিয়োগ করতে আগ্রহী। কিন্তু তিনি বেশি ঝুঁকি নিতে চান না। তাই শেয়ার বাজারে ১০০ টাকার অভিহিত মূল্যের দুটি বন্ডের কথা বিবেচনা করেন। নিম্নে বন্ড দুটির তথ্য প্রদান করা হলো :

বন্ড	কুপন হার	বাজারমূল্য	মেয়াদ
A	১৩%	১১৯ টাকা	৮ বছর
B	১১%	৮০ টাকা	–

ক. জাঙ্ক বন্ড কী? ১
খ. ট্রেজারি বন্ডের আয়ের হারকে কেন ঝুঁকিমুক্ত আয়ের হার বলা হয়? ২
গ. 'A' বন্ডের মেয়াদপূর্তিতে আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. অন্তর্নিহিত মূল্যের ভিত্তিতে জনাব সাজ্জাদের জন্য কোন বন্ডে বিনিয়োগ করা উচিত? ব্যাখ্যা কর। ৪

৬▸ ACL কোম্পানি একটি নতুন প্রকল্পে ৭,০০,০০০ টাকা বিনিয়োগ করতে চায়। কোম্পানির মূলধন ব্যয় ১০% এবং কর্পোরেট কর হার ৪০%। প্রকল্প থেকে আগামী ৫ বছর যাবৎ করপূর্ববর্তী নগদ প্রবাহ নিম্নলিখিতভাবে আসবে বলে ধারণা করা হচ্ছে।

বছর	করপূর্ববর্তী নগদ প্রবাহ
১	১,৪০,০০০ টাকা
২	২,১০,০০০ টাকা
৩	৩,২০,০০০ টাকা
৪	৩,০০,০০০ টাকা
৫	২,১০,০০০ টাকা

ক. মূলধন বাজেটিং কী? ১
খ. প্রকল্পের মূল্যায়ন বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে উল্লিখিত প্রকল্পটির গড় উপার্জন হার (ARR) নির্ণয় কর। ৩
ঘ. নিট বর্তমান মূল্যের আলোকে (NPV) উক্ত প্রকল্পে বিনিয়োগ সিদ্ধান্ত কতটুকু যুক্তিযুক্ত বলে তুমি মনে কর? ৪

৭▸ মি. পরশ সাম্স ৫০,০০০ টাকা 'X' কোম্পানির শেয়ার এবং ২০,০০০ টাকা 'Y' কোম্পানির শেয়ারে বিনিয়োগ করলেন। বিভিন্ন অর্থনৈতিক অবস্থায় শেয়ার দুটির আয়ের হার নিম্নরূপ :

অর্থনৈতিক অবস্থা	সম্ভাবনা	আয়ের হার	
		X কোঃ	Y কোঃ
মন্দা অবস্থা	০.৩০	১৩%	১০%
স্বাভাবিক অবস্থা	০.৪০	১২%	১১%
তেজি অবস্থা	০.৩০	১৬%	১৫%

ক. ঝুঁকি কী? ১
খ. ঝুঁকির প্রিমিয়াম বলতে কী বোঝ? ২
গ. 'X' ও 'Y' কোম্পানির প্রত্যাশিত আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. মি. পরশ সাম্সের প্রত্যাশিত আয়ের হার ১২% হলে পোর্টফোলিও বিনিয়োগের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৮▸ মিথুন একজন বিনিয়োগকারী। তার কিছু অর্থ তিনি শেয়ার বাজারে বিনিয়োগ করতে চান। সেই উদ্দেশ্যে তিনি শেয়ার বাজার থেকে বাটা সুজ ও কোকাকোলার বিগত ৪ বছরের মুনাফা অর্জনের তথ্য সংগ্রহ করলেন। তথ্যগুলো নিচে দেওয়া হলো :

বছর	বাটা সুজ আয়ের হার	কোকাকোলা আয়ের হার
১	১৫%	২৫%
২	১৭%	৭%
৩	১৯%	৩২%
৪	২১%	১০%

ক. CAPM কী? ১
খ. ঝুঁকি ছাড়া কি মুনাফা অর্জন সম্ভব? ব্যাখ্যা কর। ২
গ. বাটা সুজ-এর আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩
ঘ. মিথুনের কোন সিকিউরিটিতে বিনিয়োগ করা সঠিক হবে? তোমার মতামত লেখ। ৪

৯▸ ওয়ালমার্ট একটি আন্তর্জাতিক পোশাক রপ্তানিকারক কোম্পানি। প্রতিষ্ঠানটি ইউরোপের বাজারে প্রবেশ করার জন্য দীর্ঘমেয়াদি পরিকল্পনা নেয়। যথাযথ নিয়ম মেনে কোম্পানিটি তার কার্যক্রম পরিচালনা করে। কিন্তু নতুন পরিকল্পনা নিতে গিয়ে কোম্পানিটি আর্থিক সংকটে পড়ে। তাই তারা শেয়ার বিক্রয় করার সিদ্ধান্ত নেয়।

ক. অর্থায়ন কী? ১
খ. সম্পদের সর্বাধিকরণ বলতে কী বোঝ? ২
গ. ওয়ালমার্ট কোম্পানিটির শেয়ার বিক্রয় কোন ধরনের সিদ্ধান্ত? তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে ওয়ালমার্ট কোম্পানির শেয়ার বিক্রির সিদ্ধান্তটি যথার্থ কিনা? তোমার মতামত লেখ। ৪

১০▸ মি. রায়হান একজন ব্যবসায়ী। তিনি ৫ বছর মেয়াদি ১২% কুপন বন্ডে বিনিয়োগের সিদ্ধান্ত নিলেন। প্রতিটি কুপন বন্ডের অভিহিত মূল্য ১,০০০ টাকা হলেও বর্তমান বাজারমূল্য ১,১৫০ টাকা। মি. রায়হানের প্রত্যাশিত আয়ের হার ১০%।

ক. কুপন বন্ড কী? ১
খ. প্রত্যাশিত আয়ের হার বিনিয়োগ সিদ্ধান্তকে কীভাবে প্রভাবিত করে? ২
গ. উদ্দীপকের আলোকে বন্ডের চলতি আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে মি. রায়হানের বিনিয়োগ সিদ্ধান্তের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

১১▸ জমজম বেভারেজ কোম্পানি লি. এর কাছে দুটি পরস্পর বর্জনশীল প্রকল্প 'X' ও 'Y' তে বিনিয়োগের সুযোগ আছে। প্রকল্প দুটির নগদ প্রবাহ নিম্নরূপ :

সময়	'X' টাকা	'Y' টাকা
০	(৩০,০০০)	(৪০,০০০)
১	১২,০০০	২৫,০০০
২	১৫,০০০	১৮,০০০
৩	৭,০০০	৯,০০০
৪	৫,০০০	৬,০০০

ক. IRR-এর পূর্ণরূপ লেখ। ১
খ. পে-ব্যাক পিরিয়ড বলতে কী বোঝ? ২
গ. মূলধন ব্যয় ১৫% ধরে প্রকল্প দুটির NPV নির্ণয় কর। ৩
ঘ. প্রকল্প দুটি স্বাধীন এবং মূলধন ব্যয় ১২% হলে তুমি কোন প্রকল্প পছন্দ করবে? তার সপক্ষে তোমার যুক্তি দেখাও। ৪

সিলেট বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 2

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৪০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ জনাব বসির আহম্মেদ লালপুরে একটি বৃহৎ গার্মেন্টস কারখানা স্থাপন করলেন। তিনি কারখানার পার্শ্ববর্তী এলাকার গ্রামের রাস্তাগুলো পাকা করে দিলেন, রাস্তার ভাঙা কালভার্ট মেরামত করলেন এবং রাস্তার দু'পাশে বৃক্ষরোপণ করলেন। কারখানায় কর্মরত কর্মীগণ নিয়মিত বেতন, বোনাস এবং বিনামূল্যে চিকিৎসা সুবিধা পাওয়ায় তারা মালিকের প্রতি সন্তুষ্ট। এলাকার জনগণ এবং কারখানার শ্রমিক-কর্মকর্তাগণ ব্যবসায় প্রতিষ্ঠানটির প্রতি অনেক সহানুভূতিশীল। জনাব বসির আহম্মেদের ব্যবসায় দিন দিন উন্নতি সাধিত হচ্ছে।

ক. অর্থায়ন কী? ১

খ. মুনাফা অর্জন না করে কি সম্পদ সর্বাধিকরণ করা যায়? ২

গ. জনাব বসির আহম্মেদ গ্রামের রাস্তা পাকা করে তার দুই পাশে বৃক্ষরোপণ করে ব্যবসায়ের কোন দায়িত্ব পালন করেছেন? ৩

ঘ. তোমার মতে জনাব বসির আহম্মেদের ব্যবসায় দিন দিন উন্নতিসাধনের কারণ কী? ব্যাখ্যা কর। ৪

২ ▸ 'বর্ধনকুঠি লি.'-এর ব্যবস্থাপক অধিক মুনাফার আশায় তার প্রতিষ্ঠানের সমুদয় অর্থ একটি নতুন প্রকল্পে বিনিয়োগ করলেন। কিছু দিন পর বর্ধনকুঠি লি. ইহার দৈনন্দিন খরচ মেটাতে ব্যর্থ হলো। পাওনাদারগণ পাওনা অর্থ সময়মতো না পেয়ে প্রতিষ্ঠানের ওপর আস্থা হারালেন। প্রতিষ্ঠানটি এখন অস্তিত্ব রক্ষার চেষ্টা করছে।

ক. বেসরকারি অর্থায়ন কী? ১

খ. বাহ্যিক অর্থায়নের চেয়ে অভ্যন্তরীণ অর্থায়ন কি উত্তম? ২

গ. বর্ধনকুঠি লি.-এর অর্থ সংকটের কারণ অর্থায়নের কোন নীতির লঙ্ঘন? ৩

ঘ. বর্ধনকুঠি লি.-এর অস্তিত্ব রক্ষার উপায় কী হতে পারে? মতামত দাও। ৪

৩ ▸ জনাব নূরুল আলম ২০,০০,০০০ টাকা পাঁচ বছরের জন্য ব্যাংকে জমা রাখতে চান। সুরমা ব্যাংক তাকে ১০% চক্রবৃদ্ধি সুদ প্রদানের প্রস্তাব করলেন। অপরদিকে 'পদ্মা ব্যাংক' তাকে ৮% মাসিক চক্রবৃদ্ধি সুদ প্রদানের প্রস্তাব দিল।

ক. সরল সুদ কী? ১

খ. নামিক সুদ এবং কার্যকরী সুদের হার আলাদা হয় কেন? ২

গ. জনাব নূরুল আলম সুরমা ব্যাংক থেকে কত টাকা পাবেন? ৩

ঘ. জনাব নূরুল আলম কোন ব্যাংকে টাকা জমা রাখলে অধিক লাভবান হবেন? গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

৪ ▸ মিসেস জেসমিন মূলধন বাজারে বিনিয়োগের জন্য দুইটি বন্ড পছন্দ করলেন। বন্ড দুইটির তথ্য নিম্নরূপ :

কোম্পানি	অভিহিত মূল্য	কুপন সুদের হার	মেয়াদকাল	বাজারমূল্য	প্রয়োজনীয় আয়ের হার
X	২,৫০০	১৬%	১০ বছর	২,৫০০	১২%
Y	২,৫০০	১৬%	–	১,৩৫০	১২%

ক. দীর্ঘমেয়াদি অর্থায়ন কী? ১

খ. জিরো কুপন বন্ডে সুদের হার উল্লেখ থাকে কি? ২

গ. X কোম্পানির বন্ডের প্রকৃত মূল্য কত? ৩

ঘ. মিসেস জেসমিন কোন বন্ডে বিনিয়োগ করে লাভবান হবেন? বর্ণনা কর। ৪

৫ ▸ জনাব কালাম বিনিয়োগের জন্য ৪ বছর মেয়াদি দুইটি প্রকল্প বিবেচনা করছেন। প্রত্যেকটি প্রকল্পেরই প্রাথমিক বিনিয়োগ ২,০০,০০০ টাকা। প্রকল্প দুইটির সুদ ও কর পরবর্তী নগদ প্রবাহ নিম্নরূপ :

বছর	প্রকল্প-ক (টাকা)	প্রকল্প-খ (টাকা)
১	৫৫,০০০	৯৫,০০০
২	৭০,০০০	৮৫,০০০
৩	৭৫,০০০	৪০,০০০
৪	১,০০,০০০	৯০,০০০

ক. মূলধন বাজেটিং কী? ১

খ. কোন বাট্টার হারে নগদ প্রবাহকে বাট্টা করলে নিট বর্তমান মূল্য শূন্য হয়? ২

গ. প্রকল্প-ক এর পরিশোধকাল কত? ৩

ঘ. জনাব কালামের কোন প্রকল্পে বিনিয়োগ করা উচিত বলে তুমি মনে কর? যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪

৬ ▸ জনাব আনিসুর রহমান একজন নতুন ব্যবসায়ী। তিনি নিম্ন উল্লিখিত দুইটি বন্ডের একটিতে অর্থ বিনিয়োগ করতে আগ্রহী :

বন্ড	অভিহিত মূল্য	কুপন সুদের হার	মেয়াদকাল	বাজারমূল্য (টাকা)
M	৪০০	১২%	৮ বছর	২৪০
N	৫০০	১০%	৫ বছর	৪০০

ক. বন্ড বাজার কী? ১

খ. অগ্রাধিকার শেয়ারহোল্ডার কি কোম্পানির প্রকৃত মালিক? ২

গ. M বন্ডের YTM নির্ণয় কর। ৩

ঘ. YTM এর ভিত্তিতে জনাব আনিসুর রহমানের কোন বন্ডে বিনিয়োগ করা উচিত? গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

৭ ▸ দুইটি সিকিউরিটি A এবং B এর আয়ের হার ও সম্ভাবনা নিচে প্রদান করা হলো :

সম্ভাবনা	.২৫	.৪০	.৩৫
সিকিউরিটি-A	.১০	.২০	.১৫
সিকিউরিটি-B	.৩০	.১০	.২০

ক. পরিহারযোগ্য ঝুঁকি কী? ১

খ. 'পোর্টফোলিও নীতি' অনুসরণের উদ্দেশ্য কী? ২

গ. সিকিউরিটি-A এর আদর্শ বিচ্যুতি কত? ৩

ঘ. উদ্দীপকের কোন সিকিউরিটিতে বিনিয়োগ করা অধিকতর গ্রহণযোগ্য হবে? গাণিতিক ব্যাখ্যা দাও। ৪

৮ ▸ মিসেস সায়রা বানু তার সঞ্চিত ৮,০০,০০০ টাকা ব্যাংকে জমা রাখতে চান। রূপসা ব্যাংক মিসেস সায়রা বানুকে ১০ বছর পর ১৭,২৭,১৪০ টাকা প্রদানের প্রস্তাব দিল। অপর পক্ষে কুশিয়ারা ব্যাংক ৮ বছর পর তাকে ১৫,৯৪,০৫০ টাকা প্রদানের নিশ্চয়তা দিল।

ক. অগ্রিম বৃত্তি কী? ১

খ. বাট্টার হার বৃদ্ধি পেলে কি বর্তমান মূল্য হ্রাস পায়? ২

গ. উদ্দীপকের রূপসা ব্যাংকের সুদের হার নির্ণয় কর। ৩

ঘ. মিসেস সায়রা বানুকে তুমি কোন ব্যাংকে টাকা জমা রাখার পরামর্শ দিবে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৯ ▸ জনাব আরমান মণ্ডল মূলধন বাজার থেকে একটি বন্ড ক্রয় করার সিদ্ধান্ত নিলেন। বন্ডটির অভিহিত মূল্য ৩,০০০ টাকা, কুপন সুদের হার ১৪%। মেয়াদকাল ৫ বছর এবং বাজারমূল্য ৩,২০০ টাকা। প্রত্যাশিত আয়ের হার ১২%।

ক. ট্রেজারি বন্ড কী? ১

খ. একটি বন্ড কখন অধিহারে ইস্যু করা হয়? ২

গ. উদ্দীপকের বন্ডটির মেয়াদপূর্তিতে উপার্জন হার কত? ৩

ঘ. বন্ডটির বাজারমূল্য ৩,৩০০ টাকা হলে জনাব আরমান মণ্ডলের কি বন্ডটি ক্রয় করা যুক্তিসংগত হবে? গাণিতিকভাবে প্রমাণ কর। ৪

১০ ▸ সাদিয়া আফরিন শেয়ারবাজারে বিনিয়োগ করতে আগ্রহী। শেয়ারবাজার থেকে তিনি 'স্টার ফুডস্' এবং 'মুন ল্যাম্প' এর বিগত ৪ বছরের মুনাফা অর্জনের তথ্য সংগ্রহ করলেন। 'স্টার ফুডস্' এবং 'মুন ল্যাম্প' এর তথ্য নিম্নরূপ :

বছর	স্টার ফুডস্	মুন ল্যাম্প
১	১৬%	২৬%
২	১৮%	০৮%
৩	২০%	৩০%
৪	২২%	১২%

ক. CAPM কী? ১

খ. অনিশ্চয়তা এবং ঝুঁকির মধ্যে সম্পর্ক ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের 'স্টার ফুডস্রে' আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩

ঘ. 'স্টার ফুডস্' এবং 'মুন ল্যাম্পের' মধ্যে কোন প্রকল্পের ঝুঁকি কম? গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

১১ ▸ 'গোবিন্দগঞ্জ লি.' এর দুইটি প্রকল্পের বিগত ৪ বছরের আয়ের বিবরণ নিচে দেওয়া হলো :

বছর	১	২	৩	৪
প্রকল্প-ক	১২	১৪	–২	১৬
প্রকল্প-খ	১০	২৪	১২	–৬

ক. ঝুঁকি কী? ১

খ. ব্যবসায়িক ঝুঁকি কি পরিহার করা যায়? ২

গ. প্রকল্প-ক এর পরিমিত ব্যবধান নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের কোন প্রকল্পে বিনিয়োগ করা নিরাপদ? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

বরিশাল বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 2

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৪০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ 'XYZ' কোম্পানির আর্থিক ব্যবস্থাপক এবছর অর্জিত মুনাফার ৬০% লভ্যাংশ হিসাবে শেয়ারমালিকদের মাঝে ভাগ করে দেওয়ার সিদ্ধান্ত ঘোষণা দেন এবং অবশিষ্ট অর্থ ভবিষ্যতের জন্য সংরক্ষণের সিদ্ধান্ত নেন। এজন্য তার প্রতিষ্ঠানের শেয়ারের বাজারমূল্য গত বছরের তুলনায় বৃদ্ধি পেয়েছে।

ক. ব্যবসায় অর্থায়ন কী? ১

খ. অর্থায়নের সামাজিক দায়িত্ব বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত 'XYZ' কোম্পানির ব্যবস্থাপকের সিদ্ধান্ত অর্থায়নের কোন কার্যাবলি? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'XYZ কোম্পানি অর্থায়নের মূল লক্ষ্য অর্জন করতে পেরেছে'– উক্তিটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

২ ▸ মি. হাসান ও মি. সাদ দুজন ব্যবসায়ী। মি. হাসান শুধু চশমার ব্যবসায় করে। অন্যদিকে, মি. সাদ চশমার ব্যবসায়ের সাথে কাপড়ের ব্যবসায়ও করে। মি. সাদ মনে করে চশমার ব্যবসায় যদি ক্ষতি হয় তাহলে কাপড়ের ব্যবসায় থেকে তা সমন্বয় হবে। মি. হাসান অধিক মুনাফার আশায় সর্বদা নগদ অর্থ কম হাতে রেখে অধিক বিনিয়োগ করে।

ক. সরকারি অর্থায়ন কী? ১

খ. মূলধন বাজেটিং কেন করা হয়? ব্যাখ্যা কর। ২

গ. মি. সাদ অর্থায়নের কোন নীতি অনুসরণ করেছেন? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. হাসানের অধিক অর্থ বিনিয়োগ তার ব্যবসায় কী প্রভাব ফেলতে পারে? বিশ্লেষণ কর। ৪

৩ ▸ মিসেস সুষমা আক্তার তার পিতার নিকট হতে ৫০,০০,০০০ টাকা উপহারস্বরূপ পেলেন। উক্ত টাকা বিনিয়োগের জন্য তার নিকট দুটি বিকল্প রয়েছে। প্রথমটি পারিবারিক সঞ্চয়পত্রে বিনিয়োগ করা। যেখান থেকে তিনি মাসিক ৩৫,০০০ টাকা মুনাফা পাবেন এবং ৫ বছর মেয়াদপূর্তিতে ৫০,০০,০০০ টাকা সম্পূর্ণ ফেরত পাবেন। দ্বিতীয় বিকল্পটি হলো সোনালী ব্যাংকে ৫ বছর মেয়াদি স্থায়ী আমানতে বিনিয়োগ করা যেখান থেকে তিনি ৫ বছর পর একত্রে ৭০,০০,০০০ টাকা পাবেন। তার সুযোগ ব্যয় ৯%।

ক. অর্থের সময়মূল্য কী? ১

খ. বর্তমানের নগদ অর্থ পছন্দের কারণগুলো কী কী? ২

গ. উদ্দীপকে উল্লিখিত সঞ্চয়পত্র হতে প্রাপ্ত মুনাফার বর্তমান মূল্য কত? ৩

ঘ. মিসেস সুষমার কোন বিকল্পটি গ্রহণ করা উচিত? কেন? ৪

৪ ▸ জনাব শরিফুল একটি বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত। অফিসে যাতায়াতের জন্য তিনি ৫ বছর পর ২,০০,০০০ টাকায় একটি মোটর সাইকেল ক্রয়ের পরিকল্পনা করছেন। এজন্য তিনি তহবিল সঞ্চয়ের দুটি বিকল্পের কথা ভাবছেন। প্রথম বিকল্প হলো ১০% মুনাফায় মাসিক সঞ্চয় প্রকল্পে বিনিয়োগ করা এবং দ্বিতীয়টি হলো ১,০০,০০০ টাকা বর্তমানে এককালীন ব্যাংকে গচ্ছিত রাখা যেখান থেকে তিনি পাঁচ বছর পর ২,০০,০০০ টাকা পাবেন।

ক. কার্যকরী সুদের হার কী? ১

খ. কখন কার্যকরী বা প্রকৃত সুদের হার নামিক সুদের হারের সমান হয়? ব্যাখ্যা কর। ২

গ. প্রথম বিকল্প অনুযায়ী শরিফুলের মাসিক সঞ্চয়ের পরিমাণ কত? ৩

ঘ. জনাব শরিফুলের কোন বিকল্পটি গ্রহণ করা উচিত? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে ব্যাখ্যা কর। ৪

৫ ▸ জনাব আশরাফুল একটি বহুজাতিক কোম্পানির কর্মকর্তা। কোম্পানি তার আবাসনের জন্য স্বল্পমূল্যে একটি ফ্ল্যাট প্রদানে আগ্রহী। কোম্পানি তাকে দুটি বিকল্প প্রস্তাব দিল। প্রথমটি হলো ফ্ল্যাটের মূল্য বাবদ ৪,০০,০০০ টাকা করে সমান বার্ষিক কিস্তিতে ১০ বছরে পরিশোধ করা। দ্বিতীয়টি হলো ১০,০০,০০০ টাকা নগদ পরিশোধ করে অবশিষ্ট অর্থের জন্য ২,৫০,০০০ টাকা বার্ষিক কিস্তি ১০ বছর পরিশোধ করা। আশরাফুলের সুযোগ ব্যয়ের হার ৮%।

ক. বাট্টাকরণ কী? ১

খ. সাধারণ বার্ষিক বৃত্তির মূল্য থেকে অগ্রিম বার্ষিক বৃত্তির মূল্য বেশি হয় কেন? ২

গ. প্রথম বিকল্প অনুযায়ী বার্ষিক কিস্তির বর্তমান মূল্য কত? ৩

ঘ. জনাব আশরাফুলের কোন বিকল্পটি গ্রহণ করা উচিত এবং কেন? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে উত্তর দাও। ৪

৬ ▸ জনাব আসলাম হোসেন একটি অটোমেটিক রাইস মিলের মালিক। তিনি ঝুঁকি হ্রাসকল্পে বিনিয়োগ বহুমুখীকরণ করতে আগ্রহী। এজন্য তিনি মাধ্যমিক বাজারে ১০,০০,০০০ টাকা বিনিয়োগে আগ্রহী। বিভিন্ন বিনিয়োগ বিকল্প সম্পর্কে তথ্য সংগ্রহ করে তিনি ৯% কুপন রেটে ৫ বছর মেয়াদি ৫,০০০ লিখিত মূল্যের বন্ডে বিনিয়োগ করলেন। তাকে বন্ডগুলো বর্তমান বাজারমূল্য ৫,৫০০ টাকায় কিনতে হলো। তার প্রত্যাশিত আয়ের হার ৮%।

ক. শূন্য কুপন বন্ড কী? ১

খ. মাধ্যমিক বাজার বলতে কী বোঝায়? ২

গ. জনাব আসলাম হোসেনের ক্রয়কৃত বন্ডের অন্তর্নিহিত মূল্য কত? ৩

ঘ. যদি সুদ অর্ধ-বার্ষিক ভিত্তিতে প্রদান করে তাহলে বর্তমান বাজারমূল্যে বন্ড কিনে তিনি কি লাভবান হতে পারবেন? ব্যাখ্যা কর। ৪

৭ ▸ কোয়ালিটি সিরামিকস্ লি. উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে একটি নতুন প্ল্যান্ট স্থাপনে আগ্রহী। কোম্পানিটির আর্থিক ব্যবস্থাপক ব্যাংক ঋণের মাধ্যমে অর্থায়নের পরামর্শ প্রদান করেন। যুক্তি হিসাবে তিনি উপস্থাপন করেন যে ব্যাংক ঋণ কম সময়ে পাওয়া যায় এবং অধিক নমনীয়। পক্ষান্তরে প্রতিষ্ঠানটির পরিচালনা পর্ষদ এমন উৎস থেকে মূলধন সংগ্রহ করতে চান, যেটি পরিশোধের সীমারেখার মধ্যে বাধ্যবাধকতা নেই।

ক. দীর্ঘমেয়াদি অর্থায়ন কী? ১

খ. কোন শেয়ারকে শংকর জাতীয় সিকিউরিটি বলা হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে পরিচালনা পর্ষদ মূলধন সংগ্রহের কোন উৎসের কথা বলেছেন? আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকে আর্থিক ব্যবস্থাপক ও পরিচালনা পর্ষদ কর্তৃক প্রস্তাবিত মূলধন সংগ্রহে উৎস দুটির তুলনামূলক বিশ্লেষণ করে কোনটি অধিক যুক্তিযুক্ত মন্তব্য কর। ৪

৮ ▸ বেস্ট সিমেন্ট লি. ব্যবসায় সম্প্রসারণের লক্ষ্যে একটি নতুন উৎপাদন লাইন স্থাপনে আগ্রহী যার ক্রয়মূল্য ২০,০০,০০০ টাকা, আয়ুষ্কাল ৫ বছর এবং ভগ্নাবশেষ মূল্য আনুমানিক ৩,০০,০০০ টাকা। উৎপাদন ক্ষমতা বিশ্লেষণ করে দেখা গেল, লাইনটি হতে আগামী পাঁচ বছর করপূর্ব নগদ আন্তঃপ্রবাহ পাওয়া যাবে যথাক্রমে ৪,০০,০০০ টাকা, ৫,০০,০০০ টাকা, ৭,০০,০০০ টাকা, ৫,০০,০০০ টাকা এবং ৬,০০,০০০ টাকা। প্রতিষ্ঠানটির করের হার ৩০%।

ক. মূলধন বাজেটিং কী? ১

খ. মূলধন বরাদ্দকরণ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত প্রকল্পের গড় মুনাফার হার (ARR) নির্ণয় কর। ৩

ঘ. যদি বাট্টার হার ১০% হয় তাহলে প্রকল্পটিতে বিনিয়োগ যুক্তিযুক্ত কিনা তা NPV নির্ণয় করে মন্তব্য কর। ৪

৯ ▸ মিরাকল ইন্ডাস্ট্রিজ লি. এর নিকট গ্রহণ করার জন্য দুটি বিনিয়োগ প্রকল্প আছে। প্রকল্প দুটির নগদ প্রবাহ নিম্নে দেওয়া হলো :

বছর	প্রকল্প 'X'	প্রকল্প 'Y'
০	(১,০০,০০০)	(১,০০,০০০)
১	৩০,০০০	৫০,০০০
২	৪০,০০০	৫০,০০০
৩	৩০,০০০	৫০,০০০
৪	৬০,০০০	৫০,০০০

প্রতিষ্ঠানটির মূলধন ব্যয়ের হার ১০%। প্রকল্প-Y এর IRR ৩৫%।

ক. অভ্যন্তরীণ আয়ের হার কী? ১

খ. মূলধন ফেরতকাল পদ্ধতির অসুবিধাগুলো কী কী? ২

গ. উদ্দীপকে উল্লিখিত প্রকল্প-X এর মূলধন ফেরতকাল নির্ণয় কর। ৩

ঘ. অভ্যন্তরীণ আয়ের হার বা IRR এর ভিত্তিতে প্রকল্প দুটির মধ্যে কোনটি অধিক গ্রহণযোগ্য বলে তোমার মনে হয়? ৪

১০ ▸ নিম্নে দুটি প্রকল্পের প্রত্যাশিত আয় ও সম্ভাবনা দেয়া হলো :

সম্ভাবনা (Pi)	প্রত্যাশিত আয় (%)	
	প্রকল্প-'ক'	প্রকল্প-'খ'
০.২৫	–১৫	১৫
০.৩০	১০	২০
০.৪৫	২৫	২৫

ক. ব্যবসায়িক ঝুঁকি কী? ১

খ. ঝুঁকি ও আয়ের হারের সম্পর্ক ব্যাখ্যা কর। ২

গ. প্রকল্প 'ক' এর আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩

ঘ. প্রকল্পদ্বয়ের তুলনামূলক ঝুঁকির মাত্রা বিবেচনায় কোন প্রকল্পে বিনিয়োগ যুক্তিযুক্ত হবে? ৪

১১ ▸ কোয়ান্টাম সিকিউরিটিজ পুঁজিবাজারে বিনিয়োগকারী একটি প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটির পোর্টফোলিও ম্যানেজার বিনিয়োগের জন্য নিম্নোক্ত দুটি সিকিউরিটিজ চিহ্নিত করেছেন এবং ঝুঁকি ও আয়ের হার সম্পর্কিত নিম্নোক্ত তথ্য উপস্থাপন করেছেন :

সিকিউরিটিজ	প্রত্যাশিত আয়	আদর্শ বিচ্যুতি	বিটা (β)
A	১২%	৮%	২
B	১৮%	১০%	৩

ঝুঁকিমুক্ত আয়ের হার ৬% এবং বাজার আয়ের হার ১৪%।

ক. পোর্টফোলিও কী? ১

খ. প্রয়োজনীয় আয়ের হারের ওপর বিটার প্রভাব ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত সিকিউরিটিজ দুটির প্রয়োজনীয় আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. কোয়ান্টাম সিকিউরিটিজের বিনিয়োগ সিদ্ধান্ত কি হওয়া উচিত? ব্যাখ্যা কর। ৪

দিনাজপুর বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 2

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৪০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ চৈতি লিমিটেড ১০% সুদে পদ্মা ব্যাংক থেকে ৫০,০০,০০০ টাকা ঋণ নিল এবং একটি নতুন মেশিন ক্রয় করল। ২০১৯-২০ অর্থবছরে কোম্পানি ১০,০০,০০০ টাকা মুনাফা অর্জন করল। পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত অনুযায়ী সমুদয় মুনাফা শেয়ারহোল্ডারদের মধ্যে শেয়ার অনুপাতে বণ্টন করল। কিন্তু ২০২০-২১ অর্থবছরে কাঁচামাল কিনতে গিয়ে কোম্পানি দেখল পর্যাপ্ত নগদ অর্থ নেই।

ক. অর্থায়ন কী? ১

খ. একটি কোম্পানি কীভাবে তার সামাজিক দায়িত্ব পালন করতে পারে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে চৈতি লিমিটেড কর্তৃক নতুন মেশিন ক্রয় অর্থায়নের কোন কার্যাবলির অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে চৈতি লিমিটেড কাঁচামাল ক্রয় করতে গিয়ে যে সমস্যায় পড়েছে অর্থায়নের নীতিমালার আলোকে সেটির কারণ বিশ্লেষণ কর। ৪

২ ▸ বায়েজিদ গার্মেন্টস লিমিটেড ২০২০ সালে ২০,০০,০০০ টাকা বিনিয়োগ করে। উক্ত বিনিয়োগ হতে কোম্পানি ২,০০,০০০ টাকা মুনাফা অর্জন করে। অধিক মুনাফা অর্জনের আশায় কোম্পানি মুনাফার সবটুকু বেক্সি ফার্মার শেয়ারে বিনিয়োগ করেন এবং ক্ষতির সম্মুখীন হন। অন্যদিকে, বায়েজিদ কোম্পানির পরিচালক সরকারকে বেশি কর প্রদান করার উদ্দেশ্যে ব্যয় নিয়ন্ত্রণ করতে চান এবং এজন্য কম মূল্যের কাঁচামাল ক্রয় করেন। কোম্পানির উর্ধ্বতন কর্মকর্তাগণ ও শেয়ারহোল্ডারগণ ফার্মের নিট সম্পত্তি বাড়ানোর জন্য সুপারিশ করেন কিন্তু ফার্মের পরিচালক বাজারে পণ্যের চাহিদা বাড়িয়ে মোট বিক্রয়মূল্য বাড়াতে সক্ষম হন।

ক. সরকারি অর্থায়ন কী? ১

খ. চলতি সম্পত্তি ব্যবস্থাপনা বলতে কী বোঝায়? ২

গ. বায়েজিদ লিমিটেড অর্থায়নের কোন নীতি অনুসরণ না করায় ক্ষতির সম্মুখীন হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. বায়েজিদ লিমিটেডের পরিচালক যে লক্ষ্য অর্জন করতে চেয়েছেন তা ব্যবস্থাপনা ও শেয়ার হোল্ডারদের জন্য যথার্থ কিনা? বিশ্লেষণ কর। ৪

৩ ▸ বকুল লিমিটেড একটি কাপড় রংকারী প্রতিষ্ঠান। কাপড় রংকরণে ব্যবহৃত কেমিক্যাল চিত্রা নদীর পানিতে গিয়ে মিশে। প্রতিষ্ঠানটি নদীর পানি, মাটি ও পরিবেশের কথা চিন্তা করে ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করে। এজন্য তাদের ১৫ কোটি টাকা প্রয়োজন। প্রতিষ্ঠানটি মূলধন সংগ্রহের জন্য এমন উৎসের কথা বিবেচনা করছে যেখান থেকে কর সুবিধা পাওয়া যাবে এবং মূলধন সরবরাহকারিগণ কোম্পানির প্রকৃত মালিক হতে পারবে না।

ক. সম্পদ সর্বোচ্চকরণ কী? ১

খ. কোন নীতির মাধ্যমে একটি প্রকল্পের সাফল্য অন্য প্রকল্পের ব্যর্থতার সাথে সমন্বয় করা যায়? ব্যাখ্যা কর। ২

গ. বকুল লিমিটেড কোন ধরনের মূলধন সংগ্রহের কথা বিবেচনা করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রকল্পের বিনিয়োগটি অর্থায়নের কোন ধারণার সাথে সম্পর্কযুক্ত এবং কেন? মূল্যায়ন কর। ৪

৪ ▸ গ্রীনটেক লি. ১,০০০ টাকা অভিহিত মূল্যের ৫ বছর মেয়াদি বন্ড ৫৫০ টাকায় বিক্রয় করে। জনাব রায়হান গ্রীনটেক লি. এর ১০০টি বন্ডে বিনিয়োগ করেন। তার প্রত্যাশিত আয়ের হার ১২%।

ক. দীর্ঘমেয়াদি অর্থায়ন কী? ১

খ. জিরো কুপন বন্ড হতে একজন বিনিয়োগকারী কীভাবে আয় পেয়ে থাকেন? ২

গ. উদ্দীপকে গ্রীনটেক লি. এর বন্ডগুলো কোন ধরনের বন্ড? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত বন্ডের অন্তর্নিহিত মূল্যের ভিত্তিতে জনাব রায়হানের বিনিয়োগ সিদ্ধান্তটি মূল্যায়ন কর। ৪

৫ ▸ ইমন একজন শিক্ষিত যুবক। তার মূলধন বাজার সম্পর্কে মোটামুটি ধারণা আছে। তিনি ১০% কুপন সুদের হারে ১,০০০ টাকা অভিহিত মূল্যের আজীবন মেয়াদি একটি বন্ডে বিনিয়োগ করেছেন। তিনি আরও একটি বন্ডে বিনিয়োগের চিন্তা করছেন। শাপলা লি. বাজারে ৫ বছর মেয়াদি বন্ড ইস্যু করেছে যার অভিহিত মূল্য ১,০০০ টাকা এবং কুপন সুদের হার ১২%। বন্ডটির বর্তমান বাজারমূল্য ৮৫০ টাকা। অন্যদিকে স্কয়ার লি. ১০ বছর মেয়াদি জিরো কুপন বন্ড ইস্যু করেছে যার অভিহিত মূল্য ১,০০০ টাকা এবং বাজারমূল্য ৪০০ টাকা। ইমনের প্রত্যাশিত আয়ের হার ১৪%।

ক. জিরো কুপন বন্ড কী? ১

খ. অগ্রাধিকার স্টককে 'হাইব্রিড স্টক' বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে ইমন যে বন্ডে বিনিয়োগ করেছে তার মূল্য নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে ইমনের কোন বন্ডে বিনিয়োগ করা উচিত? বন্ডের মূল্য নির্ণয়পূর্বক মতামত দাও। ৪

৬ ▸ জনাব আল আমিন জুস প্রস্তুতকরণ ব্যবসায়ের জন্য ২০ লক্ষ টাকা প্রয়োজন। তিনি নিজস্ব তহবিল থেকে ১৩ লক্ষ টাকা ও অবশিষ্ট অর্থ কর্মসংস্থান ব্যাংক থেকে ১১% হারে ৩ বছরের জন্য ঋণ গ্রহণ করার সিদ্ধান্ত নেন। কর্মসংস্থান ব্যাংক প্রতি বছরের শুরুতে অথবা শেষে কিস্তি নিয়ে থাকে। জনাব আল আমিন কোন উপায়ে কিস্তি প্রদান করবেন তা নিয়ে চিন্তিত। উল্লেখ্য যে, প্রতি বছরের শেষে কিস্তির পরিমাণ ২,৮৬,৮৮৫ টাকা।

ক. বাট্টাকরণ কী? ১

খ. চক্রবৃদ্ধির সংখ্যা বাড়লে কার্যকরী সুদের হারের ওপর কী প্রভাব পড়বে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে জনাব আল আমিন বছরের শুরুতে কিস্তি প্রদান করলে, বাৎসরিক কিস্তির পরিমাণ কত হবে? নির্ণয় কর। ৩

ঘ. "জনাব আল আমিন প্রতি বছরের শেষে ঋণের কিস্তি পরিশোধ করলে পরিশোধিত সুদের পরিমাণ ক্রমান্বয়ে হ্রাস পাবে"– ঋণ পরিশোধ সূচি প্রস্তুতের ভিত্তিতে মতামত দাও। ৪

৭ ▸ জনাব মামুন সোনালী ব্যাংকে তিন বছর পূর্বে দ্বিগুণ হবার শর্তে ৫০,০০০ টাকা জমা রেখেছিলেন। এ বাবদ বর্তমানে তিনি ১,০০,০০০ টাকা পেয়েছেন। উক্ত টাকা তিনি ১০% সুদে ৫ বছরের জন্য জনতা ব্যাংকে জমা রাখতে চান। তার স্ত্রী উক্ত টাকা দিয়ে জমি ক্রয়ের পরামর্শ দেন যেটির মূল্য আগামী ৫ বছর পর ৬০,০০০ টাকা বৃদ্ধি পাবে।

ক. কার্যকরী সুদের হার কী? ১

খ. অর্থের সময়মূল্য ধারণা কেন ব্যবহার করা হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে সোনালী ব্যাংকের সুদের হার নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে জনাব মামুনের কোন ক্ষেত্রে বিনিয়োগ করা উচিত হবে বলে তুমি মনে কর? গাণিতিক বিশ্লেষণপূর্বক মতামত দাও। ৪

৮ ▸ অবন্তী লিমিটেডের নিকট দুটি স্বাধীন বিনিয়োগ প্রকল্প আছে। প্রতিটি প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ১০,০০০ টাকা। প্রকল্প দুটির নিট নগদ আন্তঃপ্রবাহ নিচে দেওয়া হলো :

প্রকল্প	নিট নগদ আন্তঃপ্রবাহ		
	বছর-১	বছর-২	বছর-৩
প্রকল্প-ক	৪,০০০	৪,০০০	৪,০০০
প্রকল্প-খ	৬,৫০০	৪,০০০	৩,০০০

অবন্তী লি. এর মূলধন ব্যয় ১০%।

ক. মূলধন বাজেটিং কী? ১

খ. নিট বর্তমান মূল্যের মাধ্যমে কীভাবে বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ করা হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে প্রকল্প-ক এর পে-ব্যাক সময় নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রকল্পদ্বয়ের নিট বর্তমান মূল্যের ভিত্তিতে অবন্তী লিমিটেডের বিনিয়োগ সিদ্ধান্ত সুপারিশ কর। ৪

৯ ▸ জনাব মাসুম মেঘনা কোম্পানির আর্থিক ব্যবস্থাপক। তার হাতে দুটি স্বাধীন বিনিয়োগ প্রকল্প এবং বিনিয়োগের জন্য ২,৫০,০০০ টাকা রয়েছে। প্রতিটি প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ১,২৫,০০০ টাকা। কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃক নির্ধারিত সর্বোচ্চ পে-ব্যাক সময় ৪ বছর। উভয় প্রকল্পের নিট নগদ আন্তঃপ্রবাহ নিচে দেওয়া হলো :

প্রকল্প	নিট নগদ আন্তঃপ্রবাহ				
	বছর-১	বছর-২	বছর-৩	বছর-৪	বছর-৫
প্রকল্প-ক	৫২,০০০	৪৮,০০০	৩২,০০০	৪০,০০০	২০,০০০
প্রকল্প-খ	৫৫,০০০	৩৫,০০০	২০,০০০	৩০,০০০	১২,০০০

জনাব মাসুম প্রকল্প মূল্যায়ন ও বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণে পে-ব্যাক সময় ব্যবহার করেন। ক-প্রকল্পের পে-ব্যাক সময় ২.৭৮ বছর। বাট্টার হার ১২%।

ক. IRR কী? ১

খ. মূলধন রেশনিং কেন করা হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের প্রকল্প-ক এর নিট বর্তমান মূল্য নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে জনাব মাসুমের বিনিয়োগ সিদ্ধান্ত সুপারিশ কর। ৪

১০ ▸ শাবন্তী লিমিটেডের আর্থিক ব্যবস্থাপক জনাব পরশ বাজার হতে স্টক-A ও স্টক-B সম্পর্কে নিম্নোক্ত তথ্যসমূহ সংগ্রহ করেছেন :

অর্থনৈতিক অবস্থা	সম্ভাবনা বিন্যাস	আয়ের হার	
		স্টক-A	স্টক-B
ভালো	২০%	২৫%	২০%
স্বাভাবিক	৫০%	৩০%	৪০%
খারাপ	৩০%	১৫%	১০%

ক. ঝুঁকি কী? ১

খ. আয় ও ঝুঁকির মধ্যে কী ধরনের সম্পর্ক বিদ্যমান? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে স্টক-A এর আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের কোন স্টকটিতে বিনিয়োগ করা অধিক যুক্তিযুক্ত হবে? বিভেদাঙ্ক (CV) নির্ণয়পূর্বক তোমার মতামত দাও। ৪

১১ ▸ মিজান কেমিক্যাল কোম্পানি দুটি স্টকের যেকোনো একটিতে বিনিয়োগ করতে চান। অর্থনৈতিক অবস্থা ও সম্ভাবনার পরিমাণ নিচে দেওয়া হলো :

অর্থনৈতিক অবস্থা	সম্ভাবনা বিন্যাস	আয়ের হার	
		স্টক-A	স্টক-B
তেজি অবস্থা	০.৪০	১২%	১৬%
মন্দা অবস্থা	০.৩০	১০%	–৫%
স্বাভাবিক অবস্থা	০.৩০	১১%	১৪%

স্টক-A এর প্রত্যাশিত আয়ের হার ১১.১% এবং স্টক-B এর প্রত্যাশিত আয়ের হার ৯.১%। অন্যদিকে ফিনিক্স কোম্পানির বিটার মান ১.৮। বাজার আয়ের হার ১৫% এবং ট্রেজারি বিলের আয়ের হার ৬%।

ক. আর্থিক ঝুঁকি কী? ১

খ. বাজার ঝুঁকিকে পরিহার করা যায় না কেন? ব্যাখ্যা কর। ২

গ. ফিনিক্স কোম্পানির প্রত্যাশিত আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. মিজান কেমিক্যালের কোন স্টকে বিনিয়োগ করা উচিত? গাণিতিক যুক্তিসহ তোমার মতামত দাও। ৪

ময়মনসিংহ বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 2

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৪০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ জনাব আকাশ এবং জনাব সৈকত দু'জন পাইকারি বিক্রেতা। জনাব আকাশ শুধু বইয়ের ব্যবসায় করেন। অন্যদিকে জনাব সৈকত বইয়ের পাশাপাশি মোবাইল ফোনের ব্যবসায় করেন। কেননা সৈকত মনে করেন কোনো একটি ব্যবসায় ক্ষতি হলে অন্যটি থেকে মুনাফা অর্জন করা যাবে। জনাব আকাশ অধিক মুনাফার প্রত্যাশায় সর্বদা নগদ অর্থ হাতে কম রেখে বেশি বিনিয়োগ করেন।

ক. অর্থায়ন কী? ১

খ. তারল্য বলতে কী বোঝায়? ২

গ. জনাব সৈকত অর্থায়নের কোন নীতি অনুসরণ করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব আকাশের অধিক অর্থ বিনিয়োগ তার ব্যবসায়ে কী প্রভাব ফেলতে পারে? বিশ্লেষণ কর। ৪

২ ▸ আহাদ এবং আবীদ দু'জন ঘনিষ্ঠ বন্ধু। তারা উভয়েই তাদের জমানো টাকা দিয়ে ব্যবসায় করার সিদ্ধান্ত নিল। আহাদ তার পুঁজি দিয়ে প্রতিমণ ১,০০০ টাকা দরে ১,০০০ মণ ধান ক্রয় করে মজুদ করল। অন্যদিকে আবীদ তার পুঁজি দিয়ে প্রতিমণ ১,৫০০ টাকা দরে ৫০০ মণ সরিষা এবং ১,০০০ টাকা দরে ৫০০ মণ ধান ক্রয় করে মজুদ করল। পরবর্তীতে ধানের দাম কমে যাওয়ায় আহাদ ব্যবসায়ে ক্ষতিগ্রস্ত হয়। কিন্তু সরিষার দাম বৃদ্ধি পাওয়ায় আবীদ ব্যবসায়ে মুনাফা অর্জনে সক্ষম হয়।

ক. স্বল্পমেয়াদি অর্থায়ন কী? ১

খ. পোর্টফোলিও বলতে কী বোঝায়? ২

গ. আহাদ ব্যবসায়ে কেন ক্ষতিগ্রস্ত হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. আবীদের ব্যবসায়ে সফলতার কারণ বিশ্লেষণ কর। ৪

৩ ▸ মি. রাগীব একটি গাড়ি ক্রয় করতে চান। যার ক্রয়মূল্য বাবদ উত্তরা মোটরস কোম্পানিকে আগামী চার বছর যথাক্রমে ৪০,০০,০০০ টাকা, ২০,০০,০০০ টাকা, ১০,০০,০০০ এবং ৩০,০০,০০০ টাকা অথবা প্রতি বছর ১০,০০,০০০ টাকা করে আগামী ১২ বছর পরিশোধ করতে হবে। মি. রাগীবের প্রত্যাশিত আয়ের হার ১২%।

ক. বার্ষিক বৃত্তি কী? ১

খ. ভবিষ্যৎ মূল্য বলতে কী বোঝ? ২

গ. মি. রাগীবের চার বছর মেয়াদি প্রকল্পের বর্তমান মূল্য নির্ণয় কর। ৩

ঘ. মি. রাগীব কীভাবে গাড়ি ক্রয় করলে লাভবান হবেন? গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

৪ ▸ জনাব আদনান একটি সরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা ছিলেন। তিনি চাকরি থেকে অবসর গ্রহণের পূর্বেই মৃত্যুবরণ করেন। তার স্ত্রী মিসেস তানিয়া স্বামীর গ্র্যাচুইটির ২০,০০,০০০ টাকা পেলেন। উক্ত টাকা তিনি একটি ব্যাংকে ৫ বছরের জন্য জমা রাখার সিদ্ধান্ত নেন। তার কাছে দু'টি বিকল্প প্রস্তাব রয়েছে। যমুনা ব্যাংক তাকে ১২% বার্ষিক চক্রবৃদ্ধি সুদ দিবে। অন্যদিকে 'সুরমা ব্যাংক' তাকে ১০% হারে মাসিক চক্রবৃদ্ধি সুদ দিবে।

ক. চক্রবৃদ্ধি কী? ১

খ. বার্ষিক বৃত্তি বলতে কী বোঝ? ২

গ. মেয়াদ শেষে মিসেস তানিয়া 'যমুনা ব্যাংক' থেকে কত টাকা পাবেন? তা নির্ণয় কর। ৩

ঘ. মিসেস তানিয়ার জন্য কোন ব্যাংকে টাকা জমা রাখা লাভজনক হবে? বিশ্লেষণ কর। ৪

৫ ▸ তামিম 'সোনার বাংলা ব্যাংক' লিমিটেড থেকে ২,০০,০০০ টাকা ঋণ গ্রহণ করেছে। তাকে বার্ষিক ১০% সুদসহ সমান ৫টি কিস্তিতে উক্ত টাকা পরিশোধ করতে হবে।

ক. 'বিধি ৬৯' কী? ১

খ. সাধারণ অ্যানুইটির ভবিষ্যৎ মূল্য কীভাবে নির্ণয় করা হয়? ২

গ. জনাব তামিমকে প্রতি কিস্তিতে কত টাকা পরিশোধ করতে হবে? নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের তথ্য থেকে একটি ঋণ পরিশোধ তালিকা প্রস্তুত কর। ৪

৬ ▸ XYZ কোম্পানির ২৫,০০,০০০ টাকার দীর্ঘমেয়াদি মূলধনের প্রয়োজন হওয়ায় ১২% কুপন সুদের হারে ৫,০০০ টাকা অভিহিত মূল্যের ৫০০টি বন্ড ১০ বছরের জন্য বিক্রয়ের সিদ্ধান্ত নেয়। উল্লেখ্য, বিনিয়োগকারীদের প্রত্যাশিত আয়ের হার ১৪%। অন্যদিকে বাজারে সুদের হার হ্রাস পাওয়ায় অনেক বেশি বিনিয়োগকারী বন্ড কেনার জন্য ব্যস্ত হয়ে পড়লেন।

ক. কুপন রেট কী? ১

খ. কখন বন্ডের বাজারমূল্য অভিহিত মূল্যের সমান হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে XYZ কোম্পানির বন্ডের বর্তমান মূল্য নির্ণয় কর। ৩

ঘ. বাজারে সুদের হার হ্রাস পেলে কোম্পানির বন্ডের বিক্রয়মূল্যের ওপর কী ধরনের প্রভাব পড়বে? তোমার মতামত দাও। ৪

৭ ▸ জনাব আব্দুর রহমান তার ব্যাংকে সঞ্চয়কৃত অর্থ বিনিয়োগ করতে চাইলেন। তিনি বন্ড বাজার অনুসন্ধান করে ১০০ টাকা অভিহিত মূল্যের দুটি বন্ড দেখতে পেলেন। বন্ড দু'টির তথ্য নিম্নরূপ :

বন্ড	কুপন সুদের হার	বাজারমূল্য (টাকা)	মেয়াদ
X	১০%	১১০	৮ বছর
Y	৮%	৭০	–

উল্লেখ্য, জনাব আব্দুর রহমানের প্রত্যাশিত আয়ের হার ১০%।

ক. YTM-এর পূর্ণরূপ লেখ। ১

খ. ইল্ড টু কল (YTC) বলতে কী বোঝ? ২

গ. X বন্ডের মেয়াদপূর্তিতে আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. অন্তর্নিহিত মূল্যের ভিত্তিতে জনাব আব্দুর রহমানের কোন বন্ডে বিনিয়োগ করা উচিত? বিশ্লেষণ কর। ৪

৮ ▸ পূর্ণিমা কোম্পানি একটি নতুন প্রকল্পে বিনিয়োগের চিন্তা করছে। এই প্রকল্প বাস্তবায়নে ২,৫০,০০০ টাকা ব্যয়ে একটি মেশিন সংগ্রহ করা হবে। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ৫ বছর এবং এর কোনো অবশিষ্ট মূল্য থাকবে না। কোম্পানির কর হার ৫৫%। কোম্পানির ৫ বছরের করপূর্ব নগদ প্রবাহ নিম্নরূপ :

বছর	করপূর্ব নগদ প্রবাহ (টাকা)
১	৫০,০০০
২	৫৫,০০০
৩	৭০,০০০
৪	৭৫,০০০
৫	১,২৫,০০০

ক. নিট বর্তমান মূল্য কী? ১

খ. আন্তঃআয় হার কীভাবে নির্ণয় করা হয়? ব্যাখ্যা কর। ২

গ. প্রকল্পটির পরিশোধ সময়কাল (PBP) কত? ৩

ঘ. মূলধন ব্যয় ১২% হলে প্রকল্পটির নিট বর্তমান মূল্য এবং গড় উপার্জন হার (ARR) নির্ণয় কর। ৪

৯ ▸ মুন কোম্পানি লিমিটেড চার বছর মেয়াদি একটি প্রকল্পে বিনিয়োগ সিদ্ধান্ত নিতে চায়। যেখানে প্রাথমিক বিনিয়োগের পরিমাণ হবে ২,০০,০০০ টাকা এবং নগদ আন্তঃপ্রবাহসমূহ যথাক্রমে ৬০,০০০, ৭০,০০০, ৮০,০০০ এবং ৭৬,০০০ টাকা। বাট্টার হার ১০%।

ক. মূলধন বাজেটিং কী? ১

খ. "মূলধন বাজেটিং প্রতিষ্ঠানের মুনাফা অর্জন ক্ষমতা বৃদ্ধি করে"– ব্যাখ্যা কর। ২

গ. কোম্পানির নিট বর্তমান মূল্য (NPV) নির্ণয় কর। ৩

ঘ. অভ্যন্তরীণ আয়ের হারের (IRR) ভিত্তিতে মুন কোম্পানির বিনিয়োগ সিদ্ধান্তটি মূল্যায়ন কর। ৪

১০ ▸ জনাব আব্দুস সালাম বিনিয়োগ করার জন্য নিচের দু'টি সিকিউরিটির তথ্য বিবেচনা করছেন :

সম্ভাবনা	প্রত্যাশিত আয়	
	সিকিউরিটি-X	সিকিউরিটি-Y
০.২০	১৫%	১২.৫%
০.১০	১০%	১৭.৫%
০.২০	৯%	১৬.০%

ক. পোর্টফোলিও কী? ১

খ. আয় ও ঝুঁকির মধ্যে কী ধরনের সম্পর্ক বিদ্যমান? ব্যাখ্যা কর। ২

গ. সিকিউরিটি-X এর আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩

ঘ. "সিকিউরিটি-Y অধিক ঝুঁকিপূর্ণ"– গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

১১ ▸ কর্ণফুলী লিমিটেড ৩,০০,০০০ টাকা 'X' কোম্পানির শেয়ার এবং ২,০০,০০০ টাকা 'Y' কোম্পানির শেয়ারে বিনিয়োগ করলেন। বিভিন্ন অর্থনৈতিক অবস্থায় শেয়ার দু'টির আয়ের হার নিম্নরূপ :

অর্থনৈতিক অবস্থা	সম্ভাবনা	আয়ের হার	
		X-কোম্পানি	Y-কোম্পানি
মন্দা অবস্থা	০.৩০	১৩%	১০%
স্বাভাবিক অবস্থা	০.৪০	১২%	১১%
তেজি অবস্থা	০.৩০	১৬%	১৫%

ক. CAPM কী? ১

খ. আর্থিক ঝুঁকি কীভাবে সৃষ্টি হয়? ব্যাখ্যা কর। ২

গ. 'X' ও 'Y' কোম্পানির প্রত্যাশিত আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. কর্ণফুলী লিমিটেডের প্রত্যাশিত আয়ের হার ১২% হলে পোর্টফোলিও বিনিয়োগের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

ঢাকা বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 9 2

সময়–৩০ মিনিট

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. নিচের কোনটি ঝুঁকিমুক্ত সিকিউরিটি?
K ট্রেজারি বিল L বন্ড
M সাধারণ শেয়ার N অগ্রাধিকার শেয়ার

২. বাজার আয় ও ঝুঁকিমুক্ত আয়ের ব্যবধান নিচের কোনটি?
K কোম্পানি ঝুঁকি L ঝুঁকি প্রিমিয়াম
M প্রত্যাশিত আয় N বাজার ঝুঁকি

■ **উদ্দীপকটি পড়ে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব সাজু লটারি থেকে প্রাপ্ত ৫,০০,০০০ টাকা ৮% সুদে ৫ বছরের জন্য একটি ব্যাংকে জমা রাখেন। ব্যাংকটি তাকে ত্রৈমাসিক চক্রবৃদ্ধিতে সুদ প্রদানে সম্মত হয়।

৩. জনাব সাজু কর্তৃক জমাকৃত অর্থ কোন ধরনের বিনিয়োগ?
K মিশ্র নগদপ্রবাহ L এককালীন
M অগ্রিম বার্ষিক বৃত্তি N সাধারণ বার্ষিক বৃত্তি

৪. ব্যাংকটির প্রকৃত সুদের হার কত?
K ৮.২৩% L ৮.২৪%
M ১০.৪১% N ১০.০৮%

৫. কোন ঝুঁকির কারণে কোম্পানি খুব দ্রুত বিলোপসাধন হতে পারে?
K ব্যবসায়িক ঝুঁকি L বাজার ঝুঁকি
M আর্থিক ঝুঁকি N তারল্য ঝুঁকি

৬. সরকারি বন্ডের আয়ের হার ৬%, বাজার আয়ের হার ১০% এবং বিটা সহগ ০.৫০ হলে প্রত্যাশিত আয় কত?
K ৮% L ১১%
M ১২% N ১৩%

৭. নিচের কোনটি গ্রহণ করা উচিত?
K IRR < মূলধন ব্যয় L IRR > মূলধন ব্যয়
M ARR < মূলধন ব্যয় N NPV < 0

৮. CAPM-এর পূর্ণরূপ কী?
K Capital Asset Pricing Model
L Capital Asset Promoting Model
M Capital Aspect Pricing Model
N Control Aspect Promotion Model

৯. সুদাসলের ওপর কোন সুদ প্রদান করা হয়?
K সরল সুদ L চক্রবৃদ্ধি সুদ
M নামিক সুদ N কার্যকরী সুদ

১০. কার্যকরী সুদের হার নির্ণয়ের সূত্র কোনটি?
K $EIR = (1+i)^n - 1$
L $EIR = \left(1+\frac{i}{m}\right)^m - 1$
M $EIR = \left(1+\frac{i}{m}\right)^{mn} - 1$
N $EIR = \left(1+\frac{i}{m}\right)^n - 1$

১১. সময়ের পরিবর্তনের সাথে সাথে অর্থের ক্রয়ক্ষমতা হ্রাস পাবার মূল কারণ–
K মুদ্রা সংকোচন
L মুদ্রাস্ফীতি
M বিনিময় হার বৃদ্ধি
N ব্যাংক জমার হার বৃদ্ধি

১২. সম্পদ সর্বোচ্চকরণ বলতে বোঝায়–
K শেয়ারপ্রতি আয় বৃদ্ধি
L শেয়ারের বাজারমূল্য বৃদ্ধি
M পরিচালন আয় বৃদ্ধি
N বিক্রয় বৃদ্ধি

১৩. দীর্ঘমেয়াদি অর্থায়নের উৎস হলো–
i. ঋণ
ii. বিল বাট্টাকরণ
iii. লিজিং
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১৪. শংকরজাতীয় সিকিউরিটি কোনটি?
K রাইট শেয়ার L বোনাস শেয়ার
M অগ্রাধিকার শেয়ার N সাধারণ শেয়ার

১৫. যে বন্ডের ওপর সুদ প্রদান করা হয়, তাকে কী বলে?
K জাঙ্ক বন্ড L কুপন বন্ড
M জিরো কুপন বন্ড N ট্রেজারি বন্ড

১৬. মুনাফা অর্জনের উদ্দেশ্যে যে অর্থায়ন পরিচালিত হয় তাকে কী বলে?
K সরকারি অর্থায়ন L ব্যবসায় অর্থায়ন
M অব্যবসায় অর্থায়ন N ব্যক্তিগত অর্থায়ন

১৭. নিচের কোনটি মুনাফা সর্বোচ্চকরণে বিবেচনা করা হয়?
K মুনাফা বৃদ্ধি
L ঝুঁকি
M অর্থের সময়মূল্য
N শেয়ারের বাজারমূল্য

১৮. সরকারি অর্থায়নের উদ্দেশ্য কী?
K আয় বুঝে ব্যয় L মুনাফা অর্জন
M মুনাফা বণ্টন N ব্যয় বুঝে আয়

১৯. পোর্টফোলিও গঠনের উদ্দেশ্য কী?
K মূলধন গঠন L বিনিয়োগ বৃদ্ধি
M ঝুঁকি হ্রাস N আয় বৃদ্ধি

২০. বাট্টাকৃত মূল্যকে কী বলা হয়?
K বর্তমান মূল্য L ভবিষ্যৎ মূল্য
M বার্ষিকী N মিশ্র নগদ প্রবাহ

২১. ঋণ পরিশোধ তালিকায় দেওয়া থাকে?
i. কিস্তির পরিমাণ
ii. সুদের পরিমাণ
iii. আসল টাকা
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২২. ত্রৈমাসিক চক্রবৃদ্ধির গণনার ক্ষেত্রে চক্রবৃদ্ধির সংখ্যা কত?
K ১ L ২
M ৪ N ৬

২৩. নিচের কোনটি অভ্যন্তরীণ অর্থায়নের উৎস?
K সাধারণ সঞ্চিতি L বাণিজ্যিক ব্যাংক
M বিমা কোম্পানি N বিনিয়োগ ব্যাংক

২৪. আয় ও ঝুঁকির মধ্যে কোন ধরনের সম্পর্ক বিদ্যমান?
K ধনাত্মক L ঋণাত্মক
M নিরপেক্ষ N সমানুপাতিক

■ **উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬নং প্রশ্নের উত্তর দাও :**
মি. রহমান একজন বেকার যুবক। তার মূলধন বাজার সম্পর্কে মোটামুটি জ্ঞান আছে। সম্প্রতি XYZ গ্রুপ পুঁজি সংগ্রহের জন্যে একটি দৈনিক পত্রিকায় প্রসপেক্টাস দিয়েছে যা রহমানের দৃষ্টি কেড়েছে।

২৫. মি. রহমান কোন ধরনের শেয়ারের জন্য আবেদন করবেন?
K অগ্রাধিকার শেয়ার L রাইট শেয়ার
M বোনাস শেয়ার N প্রাথমিক শেয়ার

২৬. মি. রহমান শেয়ার ক্রয়ের জন্য কোন বিষয়টি পর্যালোচনা করবেন?
K মূলধন ব্যয় L আর্থিক বিবরণী
M মূলধন কাঠামো N মূলধনী লাভ

২৭. দীর্ঘমেয়াদি সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়াকে কী বলা হয়?
K স্থির বাজেটিং
L অপারেটিং বাজেটিং
M মূলধন বাজেটিং
N নগদ বাজেটিং

২৮. মূলধন বাজেটিংয়ের সনাতনী পদ্ধতি কোনটি?
K NPV L IRR
M ARR N PI

২৯. মূলধন বাজেটিংয়ের পদ্ধতিগুলো হলো–
i. পে-ব্যাক সময়
ii. নিট মুনাফার হার
iii. গড় মুনাফার হার
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৩০. নিচের কোনটি বাজার ঝুঁকির উপাদান?
K শ্রমিক ধর্মঘট
L কাঁচামালের মূল্য বৃদ্ধি
M চাহিদার পরিবর্তন
N সুদের হার

রাজশাহী বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 9 2

সময়–৩০ মিনিট

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. নিচের কোনটি অভ্যন্তরীণ অর্থায়নের উৎস?
K ব্যাংক ঋণ L ব্যবসায় ঋণ
M বন্ধকি ঋণ N সংরক্ষিত মুনাফা

২. অর্থায়নের কার্যাবলি হচ্ছে–
i. তহবিল সংগ্রহ
ii. তহবিল বণ্টন
iii. মূলধন বাজেটিং সিদ্ধান্ত
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :**
একটি স্টকের বিটার মান ২.৮০। ঝুঁকিমুক্ত আয়ের হার ৯% এবং বাজারের গড় প্রতিদানের হার ১২%।

৩. প্রত্যাশিত আয়ের হার কত?
K ১৭.৪০% L ২১.০০%
M ২৩.৮০% N ২৫.৮০%

৪. বাজারের আয়ের হার ১৪% হলে প্রত্যাশিত আয়ের হারে কী পরিবর্তন ঘটবে?
K ৫% বৃদ্ধি পাবে
L ৫.৬০% বৃদ্ধি পাবে
M ৫% হ্রাস পাবে
N ৫.৬০% হ্রাস পাবে

৫. নিচের কোনটি তারল্যের সাথে সম্পর্কিত?
K স্থির ব্যয় L স্থায়ী সম্পদ
M প্রাপ্য হিসাব N অলীক সম্পদ

৬. মুনাফা সর্বোচ্চকরণে কোনটি বিবেচনা করা হয়?
K প্রকল্পের ঝুঁকি L অর্থের সময়মূল্য
M শুধু প্রকল্পের নগদ প্রবাহ
N প্রকল্পের মোট আয়

৭. কার্যকরী সুদের হার নির্ণয়ের সূত্র কোনটি?
K $EIR = \left(1 + \frac{i}{m}\right)^{m} - 1$
L $EIR = \left(1 + \frac{i}{m}\right)^{mn} - 1$
M $EIR = (1 + i)^{m} - 1$
N $EIR = \left(1 + \frac{i}{m}\right)^{n} - 1$

৮. ভবিষ্যৎ মূল্য নির্ণয়ের কৌশলকে কী বলে?
K ভবিষ্যৎ মূল্য L বর্তমান মূল্য
M চক্রবৃদ্ধিকরণ N বাট্টাকরণ

৯. চক্রবৃদ্ধি পদ্ধতিতে কোনটির ওপর সুদ ধার্য করা হয়?
K নামিক সুদের ওপর
L আসলের ওপর
M সুদাসলের ওপর
N বাট্টার ওপর

■ **উদ্দীপকটি পড়ে ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :**
মিস স্বর্ণা ১০ বছরের জন্য CBC ব্যাংকে ৪,০০,০০০ টাকা বিনিয়োগ করেন। ব্যাংক সুদের হার ৮%।

১০. বিধি-৭২ অনুযায়ী মিস স্বর্ণার বিনিয়োগ কত সময়ে দ্বিগুণ হবে?
K ৭ বছর L ৮ বছর
M ৯ বছর N ১০ বছর

১১. যদি ব্যাংকে অর্ধ-বার্ষিক চক্রবৃদ্ধিতে সুদ প্রদান করে তাহলে কার্যকরী সুদের হার কত?
K ৭.১৬% L ৮.১৬%
M ৯.১৬% N ১০.১৬%

১২. কোন বার্ষিক বৃত্তি মেয়াদ শেষে পরিশোধ করতে হয়?
K চিরস্থায়ী বৃত্তি
L অগ্রিম বৃত্তি
M সাধারণ বৃত্তি
N বিলম্বিত বার্ষিক বৃত্তি

১৩. ঋণ পরিশোধ সূচির প্রত্যেক কিস্তিতে যেসব উপাদান বিবেচনা করা হয়–
i. আসল টাকা
ii. সুদ
iii. কমিশন
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১৪. নিচের কোনটি শংকর সিকিউরিটি?
K ট্রেজারি বিল L বন্ড
M স্টক N অগ্রাধিকার শেয়ার

১৫. দীর্ঘমেয়াদি মূলধনের উৎস হলো–
i. সাধারণ শেয়ার মূলধন
ii. অগ্রাধিকার শেয়ার মূলধন
iii. ঋণ মূলধন
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও :**
আলফা লি. প্রতিবছর ১০ টাকা সুদ প্রদান করা হবে এমন শর্তে বন্ড ইস্যু করে। বন্ডের প্রয়োজনীয় আয়ের হার ৮%। উক্ত বন্ডের বাজারমূল্য ১৪০ টাকা।

১৬. উল্লিখিত বন্ডটি কোন ধরনের বন্ড?
K চিরস্থায়ী বন্ড L কুপন বন্ড
M জাঙ্ক বন্ড N জিরো কুপন বন্ড

১৭. আলফা লি. এর বন্ডের বর্তমান মূল্য কত?
K ১২৫ টাকা L ১৩০ টাকা
M ১৪০ টাকা N ১৫০ টাকা

১৮. একাধিক প্রকল্প মূল্যায়নের ক্ষেত্রে নিচের কোন কৌশলটি উত্তম?
K পরিমিত ব্যবধান L ভেদাঙ্ক
M বিভেদাঙ্ক N প্রত্যাশিত আয়ের হার

১৯. ঝুঁকিমুক্ত আয়ের হার হলো–
i. সরকারি বন্ডের আয়ের হার
ii. ট্রেজারি বিলের আয়ের হার
iii. কর্পোরেট বন্ডের আয়ের হার
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২০. নিচের কোনটিকে ডিপ ডিসকাউন্ট বন্ড (Deep Discount Bond) বলা হয়?
K আয় বন্ড L জিরো কুপন বন্ড
M জাঙ্ক বন্ড N চিরস্থায়ী বন্ড

২১. একটি স্বাধীন প্রকল্প সাধারণত গ্রহণযোগ্য হয় না যখন–
K মুনাফা অর্জন সূচক > ১
L মুনাফা অর্জন সূচক < ১
M মুনাফা অর্জন সূচক = ০
N মুনাফা অর্জন সূচক = ১

২২. নিচের কোনটি মূলধন বাজেটিং সিদ্ধান্ত?
K কাঁচামাল ক্রয় L যন্ত্রপাতি ক্রয়
M মজুদ পণ্য ক্রয় N জ্বালানি ক্রয়

■ **উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪নং প্রশ্নের উত্তর দাও :**
PQR প্রকল্পের নগদ প্রবাহ নিম্নরূপ :

বছর	নগদ প্রবাহ (টাকা)
০	(১,৫০,০০০)
১	৬০,০০০
২	৮০,০০০
৩	১,০০,০০০
৪	৮০,০০০

২৩. ৩য় বছর শেষে ক্রমযোজিত নগদ আন্তঃপ্রবাহ কত?
K ১,৪০,০০০ টাকা L ১,৬০,০০০ টাকা
M ১,৮০,০০০ টাকা N ২,৪০,০০০ টাকা

২৪. PQR প্রকল্পের পে-ব্যাক সময় (PBP) কত বছর?
K ২.১০ L ৩.১০
M ৪.১০ N ৫.১০

২৫. একটি প্রকল্প গ্রহণ করলে অন্য প্রকল্প বর্জন করতে হয়, এমন প্রকল্পকে কী বলে?
K স্বাধীন প্রকল্প
L নির্ভরশীল প্রকল্প
M পরস্পর বর্জনশীল প্রকল্প
N মূলধন রেশনিং

২৬. মূলধন বাজেটিংয়ের বাট্টাকৃত নগদ প্রবাহ পদ্ধতি নয় কোনটি?
K বিনিয়োগ পরিশোধকাল
L নিট বর্তমান মূল্য
M অভ্যন্তরীণ আয়ের হার
N মুনাফা অর্জন সূচক

২৭. মুদ্রাস্ফীতির ফলে কোন ঝুঁকির সৃষ্টি হয়?
K আর্থিক ঝুঁকি L বাজার ঝুঁকি
M ব্যবসায়িক ঝুঁকি N তারল্য ঝুঁকি

■ **উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও :**
XYZ কোম্পানির তথ্যাবলি নিম্নরূপ :

বছর	আয়ের হার
২০২০	১০%
২০২১	১৭%
২০২২	১৫%

২৮. XYZ কোম্পানিটির প্রত্যাশিত আয়ের হার কত?
K ১০% L ১৪%
M ১৭% N ২৫%

২৯. কোম্পানিটির আদর্শ বিচ্যুতি কত?
K ২.৬১ L ৩.৬১
M ৪.৮১ N ৫.৮১

৩০. কোন ধরনের ঝুঁকি বৈচিত্র্যায়নের মাধ্যমে কমানো যায়?
K রাজনৈতিক ঝুঁকি L মূল্যস্ফীতি ঝুঁকি
M বাজার ঝুঁকি N কোম্পানি ঝুঁকি

যশোর বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 9 2

সময়–৩০ মিনিট

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. মূলধন বাজেটিংয়ের পরিশোধকাল পদ্ধতিতে বিবেচনা করা হয়–
K ভগ্নাবশেষ মূল্য
L অর্থের সময়মূল্য
M সকল নগদ প্রবাহ
N বিনিয়োগ ফেরত প্রাপ্তির সময়

২. অধিক তারল্য হাতে রাখলে ব্যবসায়ে কী ঘটে?
K মূলধন হ্রাস পায় L মূলধন বৃদ্ধি পায়
M মুনাফা বৃদ্ধি পায় N মুনাফা হ্রাস পায়

■ **উদ্দীপকটি পড়ে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব বসির আহমেদ ৫ লক্ষ টাকা দিয়ে করতোয়া লি.-এর সিকিউরিটি ক্রয় করলেন। জনাব বসির আহমেদের প্রতি বছরের আয় প্রাপ্তির হার নির্দিষ্ট। কোম্পানির সিদ্ধান্ত গ্রহণে তার অংশগ্রহণের অধিকার নাই। ৫ বছর পর তিনি বিনিয়োগকৃত অর্থ ফেরত নিতে পারবেন।

৩. জনাব বসির আহমেদ করতোয়া লি.-এর যে সিকিউরিটি ক্রয় করেছেন তা হলো–
K সাধারণ শেয়ার L অগ্রাধিকার শেয়ার
M অধিকার শেয়ার N বোনাস শেয়ার

৪. উদ্দীপকের জনাব বসির আহমেদের ক্রয়কৃত সিকিউরিটিকে নিচের কোনটিতে রূপান্তর করা যেতে পারে?
K ডিবেঞ্চারে L বোনাস শেয়ারে
M ট্রেজারি বন্ডে N সাধারণ শেয়ারে

৫. পোর্টফোলিও অন্তর্ভুক্ত সিকিউরিটির সংখ্যা বৃদ্ধি পেলে কোন ঝুঁকি হ্রাস পাবে?
K তারল্য ঝুঁকি L কোম্পানি ঝুঁকি
M আর্থিক ঝুঁকি N ব্যবসায়িক ঝুঁকি

৬. ঝুঁকি পরিমাপের সবচেয়ে গ্রহণযোগ্য পদ্ধতি হলো–
K ব্যবধানাঙ্ক L ভেদাঙ্ক
M গড় N পরিমিত ব্যবধান

৭. CAPM মডেল দ্বারা নিচের কোনটির ব্যয় নির্ণয় করা হয়?
K সাধারণ শেয়ার L অগ্রাধিকার শেয়ার
M ব্যবসায় ঋণ N জমাতিরিক্ত ঋণ

৮. কোন অবস্থায় একটি বন্ড ক্রয় করা লাভজনক?
K বর্তমান মূল্য = বাজারমূল্য
L বর্তমান মূল্য > বাজারমূল্য
M বর্তমান মূল্য > বাজারমূল্য
N বর্তমান মূল্য ≤ বাজারমূল্য

৯. YTC-এর পূর্ণরূপ কী?
K Year To Call L Year To Calculate
M Yield To Call N Yield To Calculate

১০. দীর্ঘমেয়াদি মূলধনের উৎস হলো–
i. সাধারণ শেয়ার
ii. বাণিজ্যিক কাগজ
iii. ডিবেঞ্চার
নিচের কোনটি সঠিক?
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব তাসাউফ গোবিন্দগঞ্জ লিমিটেডের ইস্যুকৃত ৫ বছর মেয়াদি ২,০০০ টাকা লিখিত মূল্যের বন্ড ১,২০০ টাকায় ক্রয় করলেন।

১১. জনাব তাসাউফের ক্রয়কৃত বন্ডটি হলো–
K জাঙ্ক বন্ড L ট্রেজারি বন্ড
M ইনকাম বন্ড N জিরো কুপন বন্ড

১২. মেয়াদপূর্তিতে জনাব তাসাউফের প্রাপ্তির হার হবে–
K ৮% L ১০%
M ১৫% N ২০%

১৩. ঝুঁকি ও মুনাফার মধ্যে সম্পর্ক হলো–
K ধনাত্মক L ঋণাত্মক
M সমানুপাতিক N আংশিক

১৪. কাঁচামালের মূল্যের হ্রাস-বৃদ্ধি কোন ঝুঁকির সৃষ্টি করে?
K আর্থিক ঝুঁকি L ব্যবসায়িক ঝুঁকি
M বাজার ঝুঁকি N তারল্য ঝুঁকি

১৫. বাজার ঝুঁকির উৎসগুলো হলো–
i. রাজস্ব নীতি
ii. সরকারি নীতির পরিবর্তন
iii. ঘূর্ণিঝড়
নিচের কোনটি সঠিক?
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

১৬. প্রতি বছরের শুরুতে সমপরিমাণ অর্থ প্রদান করলে বা গ্রহণ করলে তাকে কী বলা যায়?
K অগ্রিম বার্ষিকী L সাধারণ বার্ষিকী
M বিলম্বিত বার্ষিকী N ভবিষ্যৎ মূল্য

১৭. ব্যাংকে ৯,০০০ টাকা ৯ বছরে দ্বিগুণ হলে 'বিধি-৭২' অনুসারে সুদের হার কত?
K ৫% L ৮%
M ৯% N ১০%

■ **উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব আরমান ১,০০,০০০ টাকার একটি মেশিন ক্রয় করলেন যার আয়ুষ্কাল ১০ বছর। ১০ বছর পর মেশিনটি ২০,০০০ টাকায় বিক্রয় করা যাবে।

১৮. উদ্দীপকের মেশিনটির বার্ষিক অবচয় কত?
K ৮,০০০ টাকা L ১০,০০০ টাকা
M ১২,০০০ টাকা N ১৫,০০০ টাকা

১৯. জনাব আরমানের মেশিন ক্রয়ের সিদ্ধান্তটির বৈশিষ্ট্য হলো–
i. অধিক মুনাফা
ii. দীর্ঘমেয়াদি পরিকল্পনা
iii. নিয়মিত নগদ প্রবাহ
নিচের কোনটি সঠিক?
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

২০. Stock split-এর উদ্দেশ্য কী?
K মূলধন হ্রাস করা
L মূলধন বৃদ্ধি করা
M শেয়ার সংখ্যা হ্রাস করা
N শেয়ার সংখ্যা বৃদ্ধি করা

২১. অর্থের সময় পছন্দের কারণ হলো–
i. মুদ্রাস্ফীতি
ii. অনিশ্চয়তা
iii. বিনিয়োগের সুযোগ
নিচের কোনটি সঠিক?
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

২২. Debenture ক্রয় করলে পাওয়া যায়–
K সুদ L লভ্যাংশ
M বাট্টা N মুনাফা

২৩. কীভাবে সম্পদ সর্বাধিকরণ করা যায়?
K শেয়ারের মূল্য হ্রাস করে
L বন্ডের মূল্য হ্রাস করে
M শেয়ারের মূল্য বৃদ্ধি করে
N বন্ডের মূল্য বৃদ্ধি করে

২৪. অবণ্টিত মুনাফা কোন ধরনের অর্থায়ন?
K অভ্যন্তরীণ অর্থায়ন
L ব্যক্তিগত অর্থায়ন
M বাহ্যিক অর্থায়ন
N অপ্রাতিষ্ঠানিক অর্থায়ন

২৫. একটি কোম্পানির নিট আয় ৫ লক্ষ টাকা। কোম্পানিটির মোট শেয়ারের সংখ্যা ৫০,০০০ হলে, শেয়ার প্রতি আয় কত?
K ৫ টাকা L ১০ টাকা
M ৫০ টাকা N ১০০ টাকা

২৬. ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতা হলো–
i. মানসম্মত পণ্য সরবরাহ
ii. পরিকল্পনা প্রণয়ন
iii. নিয়মিত লভ্যাংশ প্রদান
নিচের কোনটি সঠিক?
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব আজাদ তার সঞ্চিত অর্থ একটি কোম্পানিতে বিনিয়োগ না করে, তিনটি কোম্পানিতে বিনিয়োগ করলেন। অর্থাৎ মাধ্যমিক শেয়ারবাজার থেকে তিনি তিনটি কোম্পানির শেয়ার ক্রয় করলেন।

২৭. জনাব আজাদ বিনিয়োগের ক্ষেত্রে অর্থায়নের কোন নীতি অনুসরণ করেছেন?
K তারল্য ও মুনাফার নীতি
L ঝুঁকি ও মুনাফার নীতি
M পোর্টফোলিও নীতি
N অর্থের সময়মূল্য নীতি

২৮. জনাব আজাদের এই ধরনের বিনিয়োগের ফলে তার আয় প্রাপ্তির ক্ষেত্রে–
K ঝুঁকি বৃদ্ধি পাবে
L ঝুঁকি হ্রাস পাবে
M ঝুঁকিশূন্য হবে
N ঝুঁকি অপরিবর্তিত থাকবে

২৯. মুনাফা সর্বাধিকরণের নির্দেশক কোনটি?
K শেয়ারের মূল্য বৃদ্ধি
L শেয়ারপ্রতি আয় বৃদ্ধি
M বিক্রয় বৃদ্ধি
N মূলধন বৃদ্ধি

৩০. অব্যবসায় প্রতিষ্ঠানের অর্থায়নের প্রধান উদ্দেশ্য হলো–
K মুনাফা অর্জন L সুনাম অর্জন
M ব্যবসায় সম্প্রসারণ
N নিজ সম্প্রদায়ের কল্যাণ

কুমিল্লা বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 9 2

সময়–৩০ মিনিট

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. ঝুঁকি সৃষ্টি হয় কী থেকে?
K মুনাফা L অনিশ্চয়তা
M বিনিয়োগ N নীতিবোধ

২. CAPM-এর পূর্ণরূপ কোনটি?
K Capital Assets Pricing Model
L Capital Assets Product Method
M Capital Assets Place Model
N Capital Assets Policy Method

৩. ঝুঁকি পরিমাপের উৎকৃষ্ট পদ্ধতি কোনটি?
K ভেদাঙ্ক L আদর্শ বিচ্যুতি
M গড় N বিভেদাঙ্ক

■ **উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব আরমান কম ঝুঁকিপূর্ণ প্রকল্পে বিনিয়োগ করতে আগ্রহী। তার সামনে চারটি বিনিয়োগ প্রস্তাব রয়েছে।

প্রস্তাব	শাপলা	কদম	গোলাপ	সূর্যমুখী
আদর্শ বিচ্যুতি	৯%	৮.৫%	৬%	৭%
প্রত্যাশিত আয়	১৯%	১৮%	১৭%	১৪%

৪. জনাব আরমানের ইচ্ছা অনুযায়ী কোনটি উপযুক্ত বিনিয়োগ?
K শাপলা L কদম
M গোলাপ N সূর্যমুখী

৫. প্রস্তাবিত কদমের বিভেদাঙ্ক কত?
K ৪১% L ৪৩%
M ৪৫% N ৪৭%

৬. মধুমতি কোম্পানির গত তিন বছরের আয়ের হার যথাক্রমে ১২%, ১৪% ও ১৬% হলে কোম্পানির প্রত্যাশিত আয়ের হার কত?
K ১২% L ১৪%
M ১৫% N ১৬%

৭. মূলধন বাজেটিংয়ের প্রথম ধাপ কোনটি?
K প্রকল্প নির্বাচন L প্রকল্প মূল্যায়ন
M প্রকল্প প্রণয়ন N প্রকল্প বাস্তবায়ন

৮. IRR-এর ক্ষেত্রে নিট বর্তমান মূল্য কত হবে?
K ০ L –১
M ১ N –০

■ **উদ্দীপকটি পড়ে ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :**
আকাশি লি. ১,০০,০০০ টাকা দিয়ে একটি ল্যাপটপ ক্রয় করে। এতে প্রতিষ্ঠানের করপরবর্তী বার্ষিক নগদ প্রবাহ ১৮,০০০ টাকা বেড়ে যায়। বাট্টার হার ৯%। প্রকল্পের মেয়াদ ৭ বছর।

৯. উক্ত প্রকল্পের বিনিয়োগ পরিশোধকাল কত বছর?
K ৫ L ৫.৫৫
M ৬ N ৬.৬৬

১০. আকাশি লি. এর নিট বর্তমান মূল্য কত টাকা?
K –১,০২৫ L –৪,৩৮০
M –৮,০৫০ N –৯,৪০৭

১১. মূলধন বাজেটিংয়ের বাট্টাকৃত কৌশল হচ্ছে–
i. নিট বর্তমান মূল্য
ii. অভ্যন্তরীণ আয়ের হার
iii. গড় উপার্জনের হার
নিচের কোনটি সঠিক?
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

১২. সময় পরিবর্তনের সাথে সাথে–
i. অর্থের ক্রয়ক্ষমতা হ্রাস পায়
ii. অর্থের মূল্য বৃদ্ধি পায়
iii. দ্রব্যমূল্য বৃদ্ধি পায়
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

১৩. পাক্ষিক চক্রবৃদ্ধির ক্ষেত্রে চক্রবৃদ্ধির সংখ্যা কত হবে?
K ২৪ L ১৮
M ১২ N ৬

১৪. মেয়াদ উল্লেখ থাকে না কোন বন্ডের?
K পরিশোধ্য L অপরিশোধ্য
M অগ্রাধিকার N পরিপক্ব

১৫. দীর্ঘমেয়াদি অর্থায়নের হাতিয়ার কোনটি?
K বাণিজ্যিকপত্র L স্টক
M প্রত্যয়নপত্র N ব্যবসায় ঋণ

১৬. YTC-এর পূর্ণরূপ কোনটি?
K Year To Call L Yield To Cell
M Year To Come N Yield To Call

১৭. শূন্য কুপন বন্ডের বৈশিষ্ট্য হলো–
i. লিখিত মূল্যে বিক্রয় করা
ii. অভিহিত মূল্যের চেয়ে কম মূল্যে বিক্রি করা
iii. সুদের হার না থাকা
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব আজিজ ২০,০০০ টাকা শেয়ারে বিনিয়োগ করেন। তিনি নির্দিষ্ট হারে লভ্যাংশ পাবেন কিন্তু ভোট দিতে পারবেন না। পরবর্তী ৪ বছর শেষে তিনি বিনিয়োগকৃত অর্থ ফেরত নিয়ে আসেন।

১৮. জনাব আজিজ কোন ধরনের শেয়ারে বিনিয়োগ করেছেন?
K বোনাস L অগ্রাধিকার
M রাইট N সাধারণ

১৯. তিনি নিচের কোন বাজার হতে বিনিয়োগের টাকা ফেরত নিলেন?
K কলমানি L প্রাথমিক
M ওটিসি N মাধ্যমিক

২০. প্রকল্পের শুরুতে যে নগদ বহিঃপ্রবাহ হয় তাকে কী বলে?
K বিনিয়োগ প্রবাহ L মিশ্র প্রবাহ
M ক্রমযোজিত প্রবাহ N বৃত্তি প্রবাহ

২১. নিচের কোনটি অর্থায়নের কাজ?
K গবেষণা L বাজারজাতকরণ
M বিনিয়োগ N সময়মূল্য

২২. নগদ টাকা ও নগদ সমতুল্য হাতে রাখার মূল উদ্দেশ্য কোনটি?
K মুনাফা L আয়
M ব্যয় N তারল্য

২৩. সরকারি অর্থায়নের প্রধান উদ্দেশ্য কোনটি?
K বিশেষ ব্যক্তির কল্যাণ
L মুনাফা অর্জন
M সামাজিক কল্যাণ
N কর্মচারীর কল্যাণ

২৪. বাংলাদেশের ন্যায় উন্নয়নশীল দেশে অর্থায়নের গুরুত্বের কারণ হলো–
i. উদ্যোক্তা সৃষ্টি
ii. শিল্পায়ন
iii. কর্মসংস্থান
নিচের কোনটি সঠিক?
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

২৫. প্রতিষ্ঠানের তারল্যের সাথে নিচের কোনটির প্রত্যক্ষ সম্পর্ক রয়েছে?
K স্থায়ী মূলধন
L চলতি মূলধন
M বিনিয়োগকৃত মূলধন
N স্বল্প মূলধন

২৬. আয়ের পূর্বে ব্যয়ের পরিকল্পনা করা হয় কোন অর্থায়নে?
K সরকারি L বেসরকারি
M ব্যক্তিগত N পারিবারিক

২৭. কোন চক্রবৃদ্ধিতে ভবিষ্যৎ মূল্য বেশি হবে?
K পাক্ষিক L মাসিক
M ত্রৈমাসিক N ষান্মাসিক

২৮. চক্রবৃদ্ধি ও বাট্টাকরণের মধ্যে কীরূপ সম্পর্ক বিদ্যমান?
K সমমুখী L সমানুপাতিক
M বিপরীতমুখী N নিরপেক্ষ

■ **উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব সাকিল জনতা ব্যাংক লি. এ ২৭,০০০ টাকা জমা দিয়ে ১০ বছরের জন্য একটি হিসাব খুলেছেন। যার সুদের হার ১২%।

২৯. জনতা ব্যাংকে জমাকৃত অর্থ কোন ধরনের নগদ প্রবাহ?
K এককালীন L বার্ষিক বৃত্তি
M মিশ্র N অসমান

৩০. জনাব সাকিলের আমানত ১০ বছর পরে কত টাকা হবে?
K ৮১,২৫৩ L ৮২,৭৫৭
M ৮৩,৮৫৮ N ৮৪,৫২৫

চট্টগ্রাম বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 9 2

সময়–৩০ মিনিট

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. গড় মুনাফার হার পদ্ধতিতে 'মুনাফা' বলতে বোঝায়–
K করপরবর্তী মুনাফা L করপূর্ববর্তী মুনাফা
M মোট মুনাফা N গড় মুনাফা

২. লাভজনক প্রকল্পের ক্ষেত্রে গ্রহণযোগ্য হলো–
K আন্তঃআয়ের হার ১৬% হলে নিট বর্তমান মূল্য শূন্য
L আন্তঃআয়ের হার ও বাট্টার হার সমান
M আন্তঃআয়ের হার ১৫% এবং বাট্টার হার ১২%
N আন্তঃআয়ের হার ১০% এবং বাট্টার হার ২০%

৩. বাজার 'বিটার' (β) মান সবসময়–
K শূন্য
L এক অপেক্ষা কম
M এক
N এক অপেক্ষা বেশি

৪. দুটি সিকিউরিটির প্রত্যাশিত আয়ের হার সমান হলে, ঝুঁকি তুলনা করার জন্য ব্যবহার করা হয়–
K পরিমিত ব্যবধান L পরিসর
M বেটা N সহ-সম্বন্ধ

৫. ঝুঁকি অধিহারের সূত্র হলো–
K $(R_m - R_f)$ L $(R_m - R_f)\beta_m$
M $(R_m - R_f)\beta_f$ N $(R_m - R_f)\beta_i$

৬. ঋণ মূলধন সংগ্রহ করলে কোন ঝুঁকির সৃষ্টি হয়?
K বাজার ঝুঁকি L কোম্পানি ঝুঁকি
M আর্থিক ঝুঁকি N ব্যবসায় ঝুঁকি

৭. কোনো প্রকল্পের প্রত্যাশিত আয় হতে প্রকৃত আয়ের পরিবর্তনশীলতাকে কী বলে?
K অনিশ্চয়তা L ঝুঁকি অধিহার
M বাজার অধিহার N ঝুঁকি

৮. নগদ আন্তঃপ্রবাহ ও নগদ বহিঃপ্রবাহের বর্তমান মূল্যের পার্থক্যকে কী বলা হয়?
K NPV L IRR
M ARR N PBP

৯. চলতি মূলধন সিদ্ধান্তের ক্ষেত্রে মূল বিবেচ্য বিষয় কোনটি?
K লভ্যাংশ L শেয়ারের মূল্য
M তারল্য N ঝুঁকি

১০. একটি ফার্মের চূড়ান্ত লক্ষ্য পরিমাপের সূচক কোনটি?
K শেয়ার প্রতি আয় বৃদ্ধি করা
L শেয়ারের বাজারমূল্য বৃদ্ধি করা
M শেয়ার সংখ্যা বৃদ্ধি করা
N কোম্পানির ঝুঁকি হ্রাস করা

১১. আর্থিক ব্যবস্থাপক সমন্বয় করেন–
i. ঝুঁকি ও আয়
ii. তারল্য ও মুনাফা
iii. বিক্রয় ও মুনাফা
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

১২. একটি ফার্মের সামাজিক দায়বদ্ধতার মধ্যে পড়ে–
i. ন্যায্য মজুরি প্রদান
ii. নিরাপদ কর্ম পরিবেশ
iii. মুনাফা সর্বোচ্চকরণ
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

১৩. পোর্টফোলিও তৈরির উদ্দেশ্য কী?
K মুনাফা বৃদ্ধি করা
L অপরিহারযোগ্য ঝুঁকি হ্রাস করা
M মোট আয় বৃদ্ধি করা
N মোট ঝুঁকি হ্রাস করা

১৪. নিচের কোনটি মুনাফা সর্বোচ্চকরণে বিবেচনা করা হয়?
K ঝুঁকি L সম্পদের ব্যবহার
M অর্থের সময়মূল্য N নগদ প্রবাহ

১৫. অর্থের সময়মূল্য নির্ণয়ে বিবেচ্য হলো–
i. সময়
ii. সুদের হার
iii. চক্রবৃদ্ধির সংখ্যা
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব বাবু প্রত্যয় ব্যাংকে ৫,০০,০০০ টাকা ছয় বছরের জন্য জমা রাখেন। মেয়াদ শেষে তিনি দ্বিগুণ টাকা ফেরত পান।

১৬. জনাব বাবু কর্তৃক ব্যাংকে জমা দেওয়া এবং ফেরত পাওয়া টাকাকে কোন ধরনের নগদ প্রবাহ বলা যায়?
K সাধারণ বার্ষিক বৃত্তি
L অগ্রিম বার্ষিক বৃত্তি
M মিশ্র নগদ প্রবাহ
N একক নগদ প্রবাহ

১৭. জনাব বাবুর ব্যাংক হতে প্রাপ্ত সুদের হার কত?
K ৮.৯১% L ১২.২৫%
M ১৬.৬৭% N ২০%

১৮. একটি বন্ডের লিখিত মূল্য ১,০০০ টাকা এবং কুপন রেট ১০%। বর্তমানে বন্ডটি ৯৫০ টাকায় বাজারে বিক্রয় হচ্ছে। চলতি ইল্ড কত?
K ৯.০৯% L ১০.০০%
M ১০.৫৩% N ১১.১১%

১৯. নিচের কোনটি শংকরজাতীয় সিকিউরিটি?
K রাইট শেয়ার L বোনাস শেয়ার
M সাধারণ শেয়ার N অগ্রাধিকার শেয়ার

২০. একক নগদ প্রবাহের ভবিষ্যৎ মূল্য নির্ণয়ের সূত্র কোনটি?
K $FV = PV\,(১ + i)^{nm}$
L $FV = PV\,(১ + i)^{n}$
M $FV = PV\,(১ + i)^{n}$
N $FV = PV\left(১ + \frac{i}{m}\right)^{n}$

২১. নিচের কোনটি কুপন সুদ প্রদান করে না?
K কল বন্ড L পুট বন্ড
M জিরো কুপন বন্ড N পারপিচ্যুয়াল বন্ড

২২. সাধারণ শেয়ারহোল্ডারকে কী বলা হয়?
K শেষ দাবিদার
L প্রথম দাবিদার
M ব্যবস্থাপনা কর্তৃপক্ষ
N স্বার্থসংশ্লিষ্ট পক্ষ

২৩. একজন বিনিয়োগকারী বন্ড ক্রয় করবে যদি–
K বন্ডের কুপন সুদ মেয়াদ পূর্তি আয় থেকে বেশি হয়
L বন্ডের কুপন সুদ চলতি আয়ের হার থেকে বেশি হয়
M বন্ডের অভিহিত মূল্য বাজারমূল্যের বেশি হয়
N বন্ডের অন্তর্নিহিত মূল্য বাজারমূল্যের বেশি হয়

২৪. অগ্রাধিকার শেয়ারের বৈশিষ্ট্য হলো–
i. স্থির লভ্যাংশ
ii. রূপান্তরযোগ্যতা
iii. ব্যবস্থাপনায় অংশগ্রহণ
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

২৫. নির্দিষ্ট আয় প্রদান করে না কোনটি?
K অগ্রাধিকার শেয়ার L জিরো কুপন বন্ড
M পারপেচ্যুয়াল বন্ড N সাধারণ শেয়ার

২৬. নিচের কোন বাজারে নতুন শেয়ার ইস্যু করা হয়?
K প্রাথমিক বাজারে L মাধ্যমিক বাজারে
M মুদ্রাবাজারে N বন্ড বাজারে

২৭. একটি প্রকল্প গ্রহণ করা হবে যদি–
K আন্তঃআয়ের হার মূলধন ব্যয় থেকে কম হয়
L নিট বর্তমান মূল্য ধনাত্মক হয়
M গড় আয়ের হার অপেক্ষা মূলধন ব্যয় বেশি হয়
N মোট নগদ আন্তঃপ্রবাহ বিনিয়োগের চেয়ে কম হয়

২৮. নগদ বহিঃপ্রবাহকে সমান নগদ আন্তঃপ্রবাহ দ্বারা ভাগ করলে পাওয়া যাবে–
K মূলধন ব্যয় L গড় আয়ের হার
M নিট বর্তমান মূল্য N পে-ব্যাক সময়

■ **উদ্দীপকটি পড়ে ২৯নং প্রশ্নের উত্তর দাও :**
প্রকল্প A এবং প্রকল্প B এর আন্তঃআয়ের হার যথাক্রমে ১২% এবং ১৪%। প্রকল্প দুটি পরস্পর বর্জনশীল এবং প্রতিষ্ঠানটির মূলধন ব্যয় ১৫%।

২৯. প্রতিষ্ঠানের বিনিয়োগ সিদ্ধান্ত হবে–
K প্রকল্প A গ্রহণ করা
L প্রকল্প B গ্রহণ করা
M উভয় প্রকল্প গ্রহণ করা
N উভয় প্রকল্প বর্জন করা

৩০. একটি প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ১,০০,০০০ টাকা এবং গড় নিট মুনাফা ২৫,০০০ টাকা। প্রকল্পটির গড় মুনাফার হার কত?
K ১২.৫০% L ২৫.০০%
M ৩৩.৩৩% N ৫০.০০%

সিলেট বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 9 2

সময়–৩০ মিনিট

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. মিস ঋতি একজন সাধারণ শেয়ারহোল্ডার। তিনি মুনাফার অংশ পাবেন–
i. ঋণপত্রের ধারকদের সুদ প্রদানের পর
ii. অগ্রাধিকার শেয়ারমালিকদের পাওনা পরিশোধের পর
iii. পাওনাদারদের পাওনা পরিশোধের পর
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২. একটি বন্ডের অভিহিত মূল্য ১,০০০ টাকা এবং প্রত্যাশিত আয়ের হার ১৫%। কুপন রেট ১০% হলে বন্ডটির অন্তর্নিহিত মূল্য কত?
K ৪৯৭ টাকা L ৫৩২ টাকা
M ৬৬৭ টাকা N ১,০০০ টাকা

■ **উদ্দীপকটি পড়ে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :**
গাজী লি. এর ব্যবসায় সম্প্রসারণের জন্য অতিরিক্ত অর্থের প্রয়োজন হওয়ায় চলতি বছর নগদে লভ্যাংশ প্রদান না করে তার পরিবর্তে মালিকগণকে শেয়ার প্রদান করলেন। পরবর্তীতে ব্যবসায়ের জন্য অতিরিক্ত অর্থের প্রয়োজন হলে বিনিয়োগকারীদের নগদ লভ্যাংশ প্রাপ্তির প্রত্যাশা বিবেচনা করে গাজী লি. নির্দিষ্ট মূলধন ব্যয়ের হাতিয়ারের মাধ্যমে অর্থসংস্থানের সিদ্ধান্ত নিলেন।

৩. গাজী লি. প্রথমে কোন ধরনের শেয়ার ইস্যু করেছিল?
K সাধারণ শেয়ার L অগ্রাধিকার শেয়ার
M রাইট শেয়ার N বোনাস শেয়ার

৪. গাজী লি. দ্বিতীয় পর্যায়ে কোন ধরনের সিকিউরিটি বিক্রয়ের মাধ্যমে অর্থায়নের সিদ্ধান্ত নিলো?
i. ঋণপত্র
ii. সাধারণ শেয়ার
iii. অগ্রাধিকার শেয়ার
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৫. জনাব স্বপন ১,২০০ টাকা অভিহিত মূল্যের একটি বন্ড ক্রয় করেন। উক্ত বন্ডের সুদের হার ১০% এবং বাজারমূল্য ১,১০০ টাকা। বন্ডটির চলতি উপার্জন হার কত?
K ৮.৫৭% L ৯.৩১%
M ৯.৯১% N ১০.৯১%

৬. মূলধন বাজেটিংয়ের ক্ষেত্রে প্রকল্প মূল্যায়নের সনাতন পদ্ধতি কোনটি?
K ARR L NPV M PI N IRR

৭. কোন ক্ষেত্রে প্রকল্প গ্রহণযোগ্য হবে?
K $NPV \geq 0$ L $NPV = 0$
M $NPV \leq 0$ N $NPV < -1$

৮. একটি প্রকল্পের ১ম বছর হতে ৪র্থ বছর পর্যন্ত করপরবর্তী নগদ প্রবাহ যথাক্রমে ৬২,৫০০ টাকা; ৫৩,৫০০ টাকা; ৫৪,৫০০ টাকা ও ৪৫,৫০০ টাকা। প্রাথমিক বিনিয়োগ ১,৫০,০০০ টাকা হলে প্রকল্পটির পুঁজি ফেরতকাল কত?
K ১.৬২ বছর L ২.৬৩ বছর
M ৩.৫২ বছর N ৩.৭৮ বছর

৯. প্রকল্পের পুঁজি ফেরতকাল আয়ুষ্কালের চেয়ে বড় হলে প্রকল্পটি–
K বাতিলযোগ্য হবে
L গ্রহণযোগ্য হবে
M গ্রহণযোগ্য হতে পারে
N বিবেচনাযোগ্য হবে

১০. যখন মূলধন ব্যয়ের হার ১০% এবং নিট বর্তমান মূল্যের পরিমাণ ০ তখন অভ্যন্তরীণ আয়ের হার কত হবে?
K ৫% L ১০%
M ১২% N ১৫%

১১. কোন ঝুঁকি পরিহার করা সম্ভব নয়?
K আর্থিক ঝুঁকি L কোম্পানি ঝুঁকি
M ব্যবসায়িক ঝুঁকি N বাজার ঝুঁকি

১২. ২০১৮ সাল হতে ২০২০ সাল পর্যন্ত স্টার লাইন ফুডসের আয়ের হার ছিল ১৪%, ১৫% ও ২৫%। স্টার লাইন ফুডসের গড় আয় কত?
K ১৪% L ১৮%
M ২০% N ২২%

■ **উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :**
মি. অজয় তার অর্থের ৪০% A কোম্পানি ও ৬০% B কোম্পানির শেয়ারে বিনিয়োগ করে। দুটি কোম্পানির বিনিয়োগ হতে আয়ের হার যথাক্রমে ১০% ও ১২%।

১৩. মি. অজয়ের পোর্টফোলিও আয়ের হার কত?
K ১০.৮০% L ১১.০০%
M ১১.২০% N ১১.৫০%

১৪. নিচের কোন পরিস্থিতিতে মি. অজয় A কোম্পানিতে বিনিয়োগ বাড়িয়ে B কোম্পানিতে বিনিয়োগ হ্রাস করবে?
K B কোম্পানির আয়ের হার ও পরিমিত ব্যবধান দুটোই হ্রাস পেলে
L B কোম্পানির আয়ের হার ও পরিমিত ব্যবধান দুটোই বৃদ্ধি পেলে
M B কোম্পানির আয়ের হার অপরিবর্তিত থেকে এর পরিমিত ব্যবধান হ্রাস পেলে
N B কোম্পানির আয়ের হার অপরিবর্তিত থেকে এর পরিমিত ব্যবধান বৃদ্ধি পেলে

১৫. পোর্টফোলিও বৈচিত্র্যায়নের মূল উদ্দেশ্য কী?
K ঝুঁকি হ্রাস L মুনাফা হ্রাস
M মূলধন বৃদ্ধি N বিনিয়োগ বৃদ্ধি

১৬. অর্থায়নের মূল বিষয়বস্তু কী?
K তহবিল L পরিকল্পনা
M শ্রম N উৎপাদন

১৭. সম্পদ সর্বাধিকরণের ক্ষেত্রে বিবেচনা করা হয়–
i. শেয়ারের মূল্য বৃদ্ধি
ii. ঝুঁকির পরিমাণ
iii. নগদ প্রবাহ
নিচের কোনটি সঠিক?
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

১৮. মেয়াদের ভিত্তিতে অর্থায়ন কত প্রকার?
K ১ L ২ M ৩ N ৪

১৯. অর্থায়নের সামাজিক দায়িত্ব হলো–
i. মালিকের সম্পদ বৃদ্ধিকরণ
ii. জাতীয় আয় বৃদ্ধিকরণ
iii. দূষণমুক্ত পরিবেশ নিশ্চিতকরণ
নিচের কোনটি সঠিক?
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

২০. তারল্য বৃদ্ধি পেলে–
K ঝুঁকি বৃদ্ধি পায় L মুনাফা কমে
M বিনিয়োগ কমে N মুনাফা বাড়ে

■ **উদ্দীপকটি পড়ে ২১ ও ২২নং প্রশ্নের উত্তর দাও :**
মি. রুহুল একজন স্বল্প বিনিয়োগকারী। তিনি তার পুঁজি মুরগির খামার ও আপেল কুল চাষে বিনিয়োগ করেন। একটি খামারে বিনিয়োগ করে অনেকে ক্ষতিগ্রস্ত হলেও তিনি মুনাফা লাভে সক্ষম হন।

২১. মি. রুহুল বিনিয়োগের কোন নীতিটি গ্রহণ করেছেন?
K ঝুঁকি ও আয়ের নীতি
L তারল্য ও মুনাফার নীতি
M ব্যয় নিয়ন্ত্রণ নীতি
N পোর্টফোলিও বৈচিত্র্যায়ন নীতি

২২. মি. রুহুলের একাধিক খামারে বিনিয়োগের ফলে–
i. ঝুঁকি কম হয়েছে
ii. লাভ বেশি হয়েছে
iii. খামার পরিকল্পনা সহজ হয়েছে
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২৩. কোন বাট্টাকরণের বর্তমান মূল্য সর্বনিম্ন হয়?
K পাক্ষিক L মাসিক
M ত্রৈমাসিক N ষান্মাসিক

২৪. সময়ের পরিবর্তনের সাথে সাথে অর্থের ক্রমক্ষমতা হ্রাস পাবার মূল কারণ–
K মুদ্রাসংকোচন L মুদ্রাস্ফীতি
M বিনিময় হার বৃদ্ধি
N ব্যাংক জমার হার বৃদ্ধি

২৫. ১০% সুদে বার্ষিক ১,০০০ টাকা করে অসীম সময় পর্যন্ত পেতে হলে কত টাকা বিনিয়োগ করতে হবে?
K ১০,০০০ L ১১,০০০
M ১১,৫০০ N ১১,১০০

২৬. অর্থের ভবিষ্যৎ মূল্য নির্ণয় করতে প্রয়োজন–
i. বর্তমান মূল্য
ii. সুদের হার
iii. বছরের সংখ্যা
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :**
মি. হানিফ জনতা ব্যাংকের একটি স্কিমে ২০,০০০ টাকা জমা রাখেন। জনতা ব্যাংক এই স্কিমে ১০ বছরে ১০% হারে চক্রবৃদ্ধি সুদ দিবে।

২৭. মি. হানিফের ব্যাংক জমাকৃত অর্থকে কোন ধরনের নগদ প্রবাহের অন্তর্ভুক্ত করা হয়?
K সাধারণ বার্ষিক বৃত্তি
L অগ্রিম বার্ষিক বৃত্তি
M এককালীন নগদ প্রবাহ
N মিশ্র নগদ প্রবাহ

২৮. মি. হানিফ ১০ বছর শেষে কত টাকা পাবেন?
K ৬১,৪৪৬ L ৫১,৯৭৫
M ৫১,৮৭৫ N ৭,৭১১

২৯. ট্রেজারি বন্ড ইস্যু করে কে?
K সিটি কর্পোরেশন L সরকার
M বাণিজ্যিক ব্যাংক
N পাবলিক কোম্পানি

৩০. সংরক্ষিত মুনাফা সাধারণত কোন কাজে ব্যবহার করা হয়?
K দায় পরিশোধে
L লভ্যাংশ প্রদানে
M কর্মীদের বেতন প্রদানে
N প্রতিষ্ঠান সম্প্রসারণের কাজে

বরিশাল বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 9 2

সময়–৩০ মিনিট

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. মূলধন বাজেটিংয়ের কোন পদ্ধতিতে অর্থের সময়মূল্য বিবেচনা করা হয় না?
K নিট বর্তমান মূল্য L আন্তঃআয় হার
M মুনাফার্জন সূচক N পে-ব্যাক সময়

■ **উদ্দীপকটি পড়ে ২ ও ৩নং প্রশ্নের উত্তর দাও :**
মি. রাব্বানী একটি প্রকল্পে ১,৫০,০০০ টাকা বিনিয়োগ করলেন যা থেকে আগামী ৫ বছর যাবত বার্ষিক নগদ আন্তঃপ্রবাহ পাওয়া যাবে যথাক্রমে ২০,০০০ টাকা, ২৫,০০০ টাকা, ৫৫,০০০ টাকা, ৪২,০০০ টাকা এবং ৪৫,০০০ টাকা।

২. প্রকল্পটির ৪র্থ বছরে ক্রমোযোজিত নগদ প্রবাহ কত হবে?
K ৯০,০০০ টাকা L ১,০০,০০০ টাকা
M ১,৪২,০০০ টাকা N ৮০,০০০ টাকা

৩. প্রকল্পটির পরিশোধকাল কত হবে?
K ৩.১৮ বছর L ৪.১৮ বছর
M ২.১৮ বছর N ৫.১৮ বছর

৪. গড় মুনাফার হার নির্ণয়ে প্রয়োজন হয়–
i. গড় বিনিয়োগ
ii. বছরের সংখ্যা
iii. নিট মুনাফা
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৫. মানুষের দ্বারা সৃষ্ট ঝুঁকি নয় কোনটি?
K জ্বালাও-পোড়াও
L হরতাল-ধর্মঘট
M যুদ্ধ-বিগ্রহ
N ঘূর্ণিঝড়-জলোচ্ছ্বাস

■ **উদ্দীপকটি পড়ে ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও :**
X লি. এর স্টকের বিটা ১.৫, ঝুঁকিমুক্ত আয়ের হার ৭% এবং বাজার আয়ের হার ১২%।

৬. X লি. এর স্টকের প্রত্যাশিত আয়ের হার কত হবে?
K ১২.৫০% L ২২.৫০%
M ২৫.০০% N ৩২.০০%
***[বি.দ্র. : সঠিক উত্তর : ১৪.৫০%।**

৭. ঝুঁকিমুক্ত আয়ের হার ৬% হলে প্রত্যাশিত আয়ের হারে কী পরিবর্তন হবে?
K ২০.০০% বৃদ্ধি পাবে
L ২৫.০০% বৃদ্ধি পাবে
M ২০.০০% হ্রাস পাবে
N ২৫.০০% হ্রাস পাবে
***[বি.দ্র. : সঠিক উত্তর : ০.৫০% বৃদ্ধি পাবে]**

৮. দীর্ঘমেয়াদি অর্থায়নের উৎস কোনটি?
K ব্যবসায় ঋণ L বাণিজ্যিক দলিল
M সাধারণ শেয়ার N বোনাস শেয়ার

৯. কোন ধরনের শেয়ারমালিকদের ভোটাধিকার থাকে না?
K বোনাস শেয়ার L রাইট শেয়ার
M সাধারণ শেয়ার N অগ্রাধিকার শেয়ার

১০. একটি কোম্পানি দীর্ঘমেয়াদি অর্থায়নের মাধ্যমে যে কাজগুলো করে থাকে তাহলো–
i. অফিসের আসবাবপত্র ক্রয়
ii. মেশিনারিজ ক্রয়
iii. কোম্পানির সম্প্রসারণ
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১১. ICB-এর পূর্ণরূপ কোনটি?
K Investment Company of Bangladesh
L Investment Corporation of Bangladesh
M International Commerce Bank
N International Committee for Bangladesh

■ **উদ্দীপকটি পড়ে ১২ ও ১৩নং প্রশ্নের উত্তর দাও :**
একটি ফার্মের ১০০ টাকা মূল্যের ৪,০০০টি শেয়ার আছে। ৪,০০,০০০ টাকা বিনিয়োগ করে গত বছর ফার্মটি নিট মুনাফা অর্জন করেছে ১,০০,০০০ টাকা।

১২. ফার্মটির শেয়ারপ্রতি আয় কত?
K ২২ টাকা L ৩০ টাকা
M ২৫ টাকা N ২৭ টাকা

১৩. মূলধনের ওপর আয়ের হার শতকরা কত?
K ২৫% L ২০%
M ২১% N ২৩%

১৪. একটি বন্ডের লিখিত মূল্য ১,২০০ টাকা এবং কুপন রেট ১০%। বর্তমানে বন্ডটি বিক্রয় হচ্ছে ৯৯০ টাকায়। চলতি ইল্ড কত?
K ১০.১২% L ১১.২২%
M ৯.১২% N ১২.১২%

১৫. বাট্টাকরণের বিপরীত পদ্ধতি কোনটি?
K অবমূল্যায়ন L বার্ষিকীকরণ
M চক্রবৃদ্ধিকরণ N মূল্যায়ন

১৬. চক্রবৃদ্ধি সুদ নির্ণয়ের ক্ষেত্রে–
i. সুদাসলের ওপর সুদ হিসাব করা হয়
ii. শুধু আসল টাকার ওপর সুদ হিসাব করা হয়
iii. বিগত বছরের সুদকে আসল হিসেবে ধরা হয়
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১৭. নগদ প্রবাহের বর্তমান মূল্য নির্ণয়ে কোনটির প্রয়োজন হয়?
K তারল্য L নিট বর্তমান মূল্য
M নিট মুনাফা N বাট্টার হার

১৮. অর্থের সময় পছন্দের কারণ হলো–
i. ঝুঁকি হ্রাস
ii. ভোগ অগ্রাধিকার
iii. অনিশ্চয়তা
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১৯. দ্বি-বার্ষিক সুদে একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ দ্বিগুণ হতে কত সময় লাগবে তা কোন বিধির দ্বারা জানা যায়?
K বিধি-৭৫ L বিধি-৬৮
M বিধি-৭০ N বিধি-৬৯

২০. সরল সুদ নির্ণয়ের সূত্র হলো–
K $SI = P \times i \times m$ L $SI = P \times i \times n$
M $SI = (I \times i)^n$ N $SI = (I \times i)^m$

■ **উদ্দীপকটি পড়ে ২১ ও ২২নং প্রশ্নের উত্তর দাও :**
K ভগ্নাবশেষ মূল্য L বিক্রয়মূল্য
M নগদ বহিঃপ্রবাহ N অবচয়

২৫. একটি প্রকল্প গ্রহণযোগ্য হবে যদি–
K গড় আয়ের হার মূলধন ব্যয়ের কম হলে
L নিট বর্তমান মূল্য ধনাত্মক হলে
M মূলধন ব্যয় আন্তঃআয়ের হার থেকে বেশি হলে
N পে-ব্যাক সময় প্রকল্পের মেয়াদ অপেক্ষা বেশি হলে

২৬. জনাব আব্দুল্লাহ সাত রং ফ্যাশন কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা। মূলধন বাজেটিংয়ের মাধ্যমে নিম্নের কোন সিদ্ধান্তটি তিনি নিবেন?
K পোশাকের মূল্য নির্ধারণ
L কাপড় ক্রয়
M কর্মচারী নিয়োগ
N নতুন শাখা স্থাপন

২৭. পোর্টফোলিওতে বিনিয়োগের উদ্দেশ্য কোনটি?
K ঝুঁকি হ্রাস L মুনাফা বৃদ্ধি
M বিক্রয় বৃদ্ধি N উৎপাদন ব্যয় হ্রাস

২৮. আবির লি.-এর বিটার মান ২। ঝুঁকিমুক্ত আয়ের হার ৬% এবং বাজার ঝুঁকি প্রিমিয়াম ১০%। আবির লি.-এর প্রয়োজনীয় আয়ের হার কত?
K ৮% L ১৪% M ২২% N ২৬%

২৯. যে বন্ডের কোনো মেয়াদ নেই তাকে বলা হয়–
K জিরো কুপন বন্ড L পারপিচ্যুয়াল বন্ড
M পরিশোধযোগ্য বন্ড N কুপন বন্ড

৩০. জিরো কুপন বন্ড–
i. বাট্টায় বিক্রয় হয়
ii. নির্দিষ্ট মেয়াদ থাকে
iii. অভিহিত মূল্যে পরিশোধিত হয়
নিচের কোনটি সঠিক?
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

দিনাজপুর বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 2

সময়–২০ মিনিট

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **১৫টি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. তারল্য ও মুনাফার মধ্যে কী ধরনের সম্পর্ক বিদ্যমান?
K সমান্তরাল L বিপরীতমুখী
M ধনাত্মক N নিরপেক্ষ

২. অর্থের ভবিষ্যৎ মূল্যের অপর নাম কী?
K বাট্টাকৃত মূল্য L নগদ মূল্য
M প্রাথমিক মূল্য N প্রান্তিক মূল্য

৩. বিনিয়োগকারীর নিয়ন্ত্রণে থাকে কোনটি?
K আর্থিক ঝুঁকি L বাজার ঝুঁকি
M অপরিহার্যযোগ্য ঝুঁকি N ফটকা ঝুঁকি

৪. অগ্রাধিকার শেয়ারকে শংকর সিকিউরিটি বলার কারণ কোনটি?
K অগ্রাধিকার শেয়ারের মেয়াদ স্থির
L অগ্রাধিকার শেয়ারের লভ্যাংশ স্থির
M অগ্রাধিকার শেয়ারের মধ্যে সাধারণ শেয়ার ও বন্ডের বৈশিষ্ট্য বিদ্যমান
N অগ্রাধিকার শেয়ারহোল্ডাররা সাধারণ শেয়ারহোল্ডারের পূর্বে লভ্যাংশ পায়

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
মি. 'X' কম ঝুঁকিসম্পন্ন প্রকল্পে বিনিয়োগে আগ্রহী। তার বিনিয়োগ সুযোগ নিম্নরূপ :

বিবরণ	প্রকল্প			
	A	B	C	D
পরিমিত ব্যবধান %	১৫	২১	১৮	১৯
প্রত্যাশিত আয় %	৯	১২	৭	৬

৫. উদ্দীপকে বর্ণিত প্রকল্প 'A'-এর বিভেদাঙ্ক কত?
K ১.৩৭ L ১.৪৭
M ১.৫৭ N ১.৬৭

৬. মি. 'X' কে কোন প্রকল্পে বিনিয়োগ করা উচিত হবে?
K A L B M C N D

৭. সময় ও সুদের হারের সাথে ভবিষ্যৎ মূল্যের সম্পর্ক কী?
K ধনাত্মক L ঋণাত্মক
M নিরপেক্ষ N সমানুপাতিক

৮. একটি ফার্মের মূল লক্ষ্য কী?
K মুনাফা সর্বাধিকরণ
L ব্যবসায় নৈতিকতা অনুসরণ
M সম্পদ সর্বাধিকরণ N সামাজিক কল্যাণ

■ **উদ্দীপকটি পড়ে ৯নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব 'X' একটি বন্ড ক্রয় করেছেন যার অভিহিত মূল্য ৮০০ টাকা, বাজারমূল্য ১,০০০ টাকা এবং তিনি বছরে ৪০ টাকা সুদ পান।

৯. বন্ডের সুদের হার কত?
K ৪% L ৫% M ৬% N ৭%

■ **উদ্দীপকটি পড়ে ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :**
নজরুল লি. ১০% হার সুদে মুন ব্যাংক লি. থেকে ৫০,০০০ টাকা ঋণ নিয়ে ব্যবসায় পরিচালনা করে ১০,০০০ টাকা মুনাফা করে। পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত অনুযায়ী সমুদয় মুনাফা শেয়ারহোল্ডারদের মধ্যে আনুপাতিক হারে বণ্টন করে। পরবর্তী বছর কাঁচামাল ক্রয় করতে গিয়ে প্রতিষ্ঠানটি পর্যাপ্ত নগদ অর্থের ঘাটতিতে পড়ে।

১০. নজরুল লি. অর্থায়নের কোন নীতিটি অনুসরণ না করায় কাঁচামাল ক্রয়ে সমস্যা দেখা দিল?
K ঝুঁকি ও মুনাফা L তারল্য ও মুনাফা
M অর্থের সময়মূল্য N বৈচিত্র্যকরণ

১১. উদ্দীপকে নজরুল লি. এর গৃহীত সিদ্ধান্তগুলো হলো–
i. অর্থায়ন
ii. বিনিয়োগ
iii. লভ্যাংশ
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১২. নিচের কোনটি মূলধন বাজেটিংয়ের সনাতন পদ্ধতি?
K NPV L ARR M IRR N NPI

■ **উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :**
'X' কোম্পানি লি. ১০০ টাকা অভিহিত মূল্যে ১০% ঋণপত্র ইস্যু করে, যার প্রত্যাশিত আয়ের হার ১৫%।

১৩. উদ্দীপকে উল্লিখিত ঋণপত্রের অন্তর্নিহিত মূল্য কত?
K ৬৬.৬৭ L ৭৬.৬৭
M ৮৬.৬৭ N ৯৬.৬৭

১৪. ইস্যুকৃত ঋণপত্রটি হলো–
i. অপরিশোধ্য
ii. বাট্টায় ইস্যুকৃত
iii. দীর্ঘমেয়াদি উৎস
নিচের কোনটি সঠিক?
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

১৫. যে হারে NPV শূন্য হয় তাকে বলে–
K ARR L ROI M IRR N PBR

১৬. মূলধন বাজেটিংয়ের কোন পদ্ধতিকে হিসাববিজ্ঞান উপার্জন হার নামেও অভিহিত করা হয়?
K গড় আয়ের হার L আন্তঃআয়ের হার
M বিনিয়োগের আয়ের হার
N মূলধন ফেরতকালীন সময়

১৭. কী থেকে ঝুঁকি সৃষ্টি হয়?
K বিচ্যুতি থেকে L লাভ-ক্ষতি থেকে
M অনিশ্চয়তা থেকে N পোর্টফোলিও থেকে

■ **উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও :**
মি. 'X' নিম্নের তথ্যগুলো বিশ্লেষণের মাধ্যমে একটি লাভজনক প্রকল্পে বিনিয়োগ করতে চায়। প্রকল্পগুলোর বাট্টার হার ১০%।

বিবরণ	প্রকল্প-ক টাকা	প্রকল্প-খ টাকা
নগদ বহিঃপ্রবাহ	২০,০০০	৪০,০০০
বার্ষিক নগদ আন্তঃপ্রবাহ	৫,০০০	৭,০০০
NPV	৮,৫৮৫	১৫,৩২৫
IRR	৮%	১২%

১৮. প্রকল্প-খ এর PBP কত বছর হবে?
K ৪.৭১ L ৫.৭১
M ৬.৭১ N ৭.৭১

১৯. মি. 'X' এর বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে নিচের কোনটি সঠিক?
i. NPV অনুযায়ী প্রকল্প-খ গ্রহণযোগ্য
ii. IRR অনুযায়ী প্রকল্প-খ গ্রহণযোগ্য
iii. PBP অনুযায়ী প্রকল্প-ক গ্রহণযোগ্য
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২০. প্রতিমাসে চক্রবৃদ্ধিকরণ হলে দুই বছরে চক্রবৃদ্ধির সংখ্যা কত হবে?
K ১২ L ২৪ M ৩৬ N ৭২

২১. মুনাফা সর্বাধিকরণ কীভাবে সম্ভব হয়?
K শেয়ারের মূল্য বৃদ্ধির মাধ্যমে
L প্রতিষ্ঠানের স্বার্থ রক্ষা করে
M সম্পদের সুষ্ঠু ব্যবহারের মাধ্যমে
N সামাজিক কল্যাণের মাধ্যমে

২২. মেয়াদের শুরুতে সমপরিমাণ অর্থ জমা করলে তাকে কী বলে?
K বর্তমান মূল্য L অগ্রিম বৃত্তি
M সাধারণ বৃত্তি N ভবিষ্যৎ মূল্য

২৩. পোর্টফোলিও তত্ত্ব কে প্রবর্তন করেন?
K মডিগ্লিয়ানি L মিলার
M মারকুইজ N মারলন ব্লাক

২৪. নিচের কোনটি ব্যবসায়ের অভ্যন্তরীণ অর্থসংস্থানের উৎস?
K বাণিজ্যিক ব্যাংক
L বিমা প্রতিষ্ঠান
M সাধারণ সঞ্চিতি তহবিল
N বিশেষায়িত ব্যাংক

২৫. আয়ের হার নির্দিষ্ট থাকে নিচের কোনটিতে?
K ঋণপত্রে L সাধারণ শেয়ারে
M প্রবর্তকের শেয়ারে N বোনাস শেয়ারে

■ **উদ্দীপকটি পড়ে ২৬নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব হক ৫০ টাকায় প্রতিটি শেয়ার ক্রয় করে ৬০ টাকায় বিক্রয় করেন। তিনি শেয়ার প্রতি ৫ টাকা হারে লভ্যাংশ পান।

২৬. জনাব হকের মোট আয়ের হার কত?
K ১০% L ২০% M ২৫% N ৩০%

২৭. দীর্ঘমেয়াদি অর্থায়নের বাহ্যিক উৎস কোনটি?
K অবচয় তহবিল L ঋণপত্র
M নিজস্ব মূলধন N সংরক্ষিত আয়

■ **উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব করিম ৫ বছর পর ৮০,০০০ টাকায় একটি ল্যাপটপ ক্রয় করতে আগ্রহী। এজন্য তিনি বর্তমানে নির্দিষ্ট পরিমাণ অর্থ ব্যাংকে জমা রাখতে চান। শালুক ব্যাংকে জমা রাখলে বার্ষিক ৮% হারে সুদ পাওয়া যাবে এবং চন্দ্র ব্যাংকে জমা রাখলে ৭% হারে অর্ধবার্ষিকী হারে সুদ পাওয়া যাবে।

২৮. শালুক ব্যাংকে বর্তমানে কত টাকা জমা রাখতে হবে?
K ৪০,৪৫০ L ৪৮,৪৪৮
M ৫৪,৪৪৮ N ৬৪,৪৪৮

২৯. নিচের কোনটি জনাব করিমের জন্য সঠিক?
K শালুক ব্যাংকে কম অর্থ জমা রাখতে হবে
L চন্দ্র ব্যাংকে কম অর্থ জমা রাখতে হবে
M উভয় ব্যাংকে একই পরিমাণ অর্থ জমা রাখতে হবে
N চন্দ্র ব্যাংকে জমার পরিমাণ শালুক ব্যাংকের অর্ধেক হবে

৩০. বাজার আয় ও ঝুঁকিমুক্ত আয়ের ব্যবধান নিচের কোনটি?
K প্রত্যাশিত আয় L কোম্পানি ঝুঁকি
M ঝুঁকি প্রিমিয়াম N বাজার ঝুঁকি

ময়মনসিংহ বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 2

সময়–২০ মিনিট

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **১৫টি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. বিনিয়োগকারীরা কোন মূল্যকে অধিক গুরুত্ব দেয়?
K বর্তমান মূল্য L ভবিষ্যৎ মূল্য
M বার্ষিক মূল্য N চিরস্থায়ী বৃত্তি

২. অর্ধবার্ষিক চক্রবৃদ্ধি হলে ২ বছরে কতবার চক্রবৃদ্ধি হবে?
K ২ L ৪
M ৮ N ১২

৩. ঋণ পরিশোধ তালিকায় দেওয়া থাকে?
i. কিস্তির পরিমাণ
ii. সুদের পরিমাণ
iii. আসল টাকা
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৪. '৭২ বিধি' অনুযায়ী–
i. মেয়াদ দিয়ে গুণ করলে সুদ পাওয়া যায়
ii. মেয়াদ দিয়ে ভাগ করলে সুদ পাওয়া যায়
iii. সুদ হার দিয়ে ভাগ করলে মেয়াদ পাওয়া যায়
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :** নিপা ট্রেডার্স তার কারখানার জন্য একটি মেশিন স্থাপনের সিদ্ধান্ত নিলেন। তিনি এই মেশিন থেকে আগামী ৮ বছর ধরে আয় পাবেন। মেশিন থেকে প্রাপ্ত ভবিষ্যৎ নগদ আন্তঃপ্রবাহের বর্তমান মূল্য থেকে প্রাথমিক বিনিয়োগ বাদ দিয়ে প্রকল্পটির লাভজনকতা নির্ণয় করা হয়।

৫. নিপা ট্রেডার্স-এর মেশিন স্থাপনের সিদ্ধান্তটি হলো–
K নগদ বাজেটিং L মূলধন বাজেটিং
M ক্রয় বাজেটিং N বিক্রয় বাজেটিং

৬. নিপা ট্রেডার্স প্রকল্পটি লাভজনক মনে করেন কারণ ইহার–
K PBP < 0 L NPV > 0
M ARR > 0 N PI > I

৭. ব্যবসায় প্রতিষ্ঠানের স্থায়ী সম্পত্তি ও বিনিয়োগের উদ্দেশ্যে সংগৃহীত তহবিলকে কী বলা হয়?
K স্বল্পমেয়াদি অর্থায়ন
L চলতি মূলধনের অর্থায়ন
M মধ্যমেয়াদি অর্থায়ন
N দীর্ঘমেয়াদি অর্থায়ন

৮. নিচের কোনটি প্রাতিষ্ঠানিক অর্থায়নের উৎস?
K বাণিজ্যিক ব্যাংক L বন্ড
M গ্রাম্য মহাজন N শেয়ার

৯. কোনটি ঝুঁকিবিহীন বিনিয়োগ?
K শেয়ার L বন্ড
M ডিবেঞ্চার N ট্রেজারি বিল

১০. বিনিয়োগকারীর দৃষ্টিকোণ থেকে সাধারণ শেয়ারের ক্ষেত্রে সুবিধা হলো–
i. নিয়ন্ত্রণ
ii. সম্পদের উপর দাবি
iii. পরিচালনার উপর দাবি
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১১. মূলধন বাজেটিং সিদ্ধান্ত কোনটি?
K পণ্য ক্রয় L কাঁচামাল ক্রয়
M যন্ত্রপাতি ক্রয় N জ্বালানি ক্রয়

১২. মোট মুনাফা থেকে কর বাদ দিলে নিচের কোনটি পাওয়া যায়?
K নিট মুনাফা L নগদ বহিঃপ্রবাহ
M নগদ আন্তঃপ্রবাহ N অবচয়

১৩. মূলধন বাজেটিং প্রক্রিয়ায় বাট্টাকৃত নগদ প্রবাহ কৌশল হলো–
i. নিট বর্তমান মূল্য
ii. অভ্যন্তরীণ মুনাফার হার
iii. মুনাফা অর্জন সূচক
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :** মিথিলা কোম্পানির প্রধান নির্বাহী মিসেস বর্ষা। তিনি একটি নতুন প্রকল্পের বিনিয়োগের লাভজনকতা নির্ণয়ের পূর্বে পর পর ৪ বছরের নিট মুনাফা যোগ করে মোট মুনাফাকে ৪ দ্বারা ভাগ করেন। কিন্তু মোট বিনিয়োগকে ২ দ্বারা ভাগ করেন।

১৪. মিসেস বর্ষার অনুসৃত পদ্ধতি কোনটি?
K গড় মুনাফার হার L পে-ব্যাক সময়
M নিট বর্তমান মূল্য
N অভ্যন্তরীণ মুনাফার হার

১৫. উদ্দীপকে নির্দেশিত পদ্ধতির সীমাবদ্ধতা হলো–
i. অর্থের সময়মূল্য বিবেচনা করা হয় না
ii. নগদ আন্তঃপ্রবাহ বিবেচনা না করা
iii. মুনাফা ও বিনিয়োগকে ভিন্ন সংখ্যা দ্বারা ভাগ
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১৬. একটি প্রকল্পের প্রাথমিক বিনিয়োগের পরিমাণ ২,০০,০০০ টাকা এবং গড় কর পরবর্তী নিট মুনাফা ৫০,০০০ টাকা। প্রকল্পটির গড় মুনাফার হার কত?
K ১২.৫% L ২৫%
M ৪০% N ৫০%

১৭. ঋণের সুদ থেকে কোন ধরনের ঝুঁকির সৃষ্টি হয়?
K বাজার ঝুঁকি L আর্থিক ঝুঁকি
M ব্যবসায়িক ঝুঁকি N মোট ঝুঁকি

১৮. প্রত্যাশিত আয়ের তারতম্য হলো–
K ক্ষতি L ঝুঁকি
M মুনাফা N বিনিয়োগ

১৯. আয় ও ঝুঁকির মধ্যে কোন ধরনের সম্পর্ক বিদ্যমান?
K ধনাত্মক L ঋণাত্মক
M ঊর্ধ্বমুখী N নিম্নমুখী

২০. নিচের কোনটি বিভেদাঙ্ক নির্ণয়ের সূত্র?
K $CV = \frac{\sigma}{x} \times 100$ L $CV = \frac{\bar{x}}{\sigma} \times 100$
M $CV = \frac{\sigma^2}{x} \times 100$ N $CV = \frac{\sigma}{x^2} \times 100$

২১. বিভেদাঙ্কের মাধ্যমে কী করা হয়?
i. আপেক্ষিক তুলনা
ii. পারস্পরিক ঝুঁকি বিবেচনা
iii. আয় ও ঝুঁকির পরস্পর তুলনা
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২২. বাজার ঝুঁকির মান ১.৫। ঝুঁকিমুক্ত আয়ের হার ৭% এবং বাজার আয়ের হার ১৩% হলে কোনো সিকিউরিটির প্রত্যাশিত আয়ের হার কত?
K ৭% L ৮% M ৯% N ১০%
*[**বি.দ্র. : সঠিক উত্তর : ১৬%**]

২৩. মুনাফা অর্জনের লক্ষ্যে যে অর্থায়ন পরিচালিত হয় তাকে কী বলে?
K ব্যবসায় অর্থায়ন L অব্যবসায় অর্থায়ন
M ব্যক্তিগত অর্থায়ন N সরকারি অর্থায়ন

২৪. একাধিক লাভজনক প্রকল্পে বিনিয়োগ করা হলে তাকে কী বলে?
K অর্থের সময়মূল্য নীতি L তারল্য নীতি
M উপযুক্ততার নীতি N পোর্টফোলিও নীতি

২৫. সরকারি অর্থায়নের প্রধান উদ্দেশ্য হলো–
K মুনাফা সর্বাধিকরণ L সম্পদ সর্বাধিকরণ
M জনকল্যাণ N ব্যবসায় সম্প্রসারণ

২৬. ব্যবসায় প্রতিষ্ঠানের নিট আয়ের যে অংশ শেয়ারমালিকদের মধ্যে বণ্টন করা হয় তাকে কী বলে?
K সংরক্ষিত তহবিল L লভ্যাংশ
M মোট মুনাফা N নিট মুনাফা

২৭. সম্পদ সর্বোচ্চকরণ বলতে বোঝায়–
K বিক্রয় বৃদ্ধি
L মুনাফা বৃদ্ধি
M শেয়ারপ্রতি আয় বৃদ্ধি
N শেয়ারের বাজারমূল্য বৃদ্ধি

২৮. চক্রবৃদ্ধির প্রক্রিয়া ব্যবহার করা হয় কোনটির ক্ষেত্রে?
K বর্তমান মূল্য L ভবিষ্যৎ মূল্য
M প্রবৃদ্ধি N মুদ্রাস্ফীতি

২৯. চক্রবৃদ্ধির সংখ্যা বাড়লে কোন মূল্য বাড়বে?
K বর্তমান মূল্য L ভবিষ্যৎ মূল্য
M বার্ষিক বৃত্তি N অবচয়

৩০. কার্যকরী সুদের হার নির্ণয়ের সূত্র কোনটি?
K $EIR = (1 + i)^n - 1$
L $EIR = \left(1 + \frac{i}{m}\right)^m - 1$
M $EIR = \left(1 + \frac{i}{m}\right)^{mn} - 1$
N $EIR = \left(1 + \frac{i}{m}\right)^n - 1$

শীর্ষস্থানীয় কলেজসমূহের নির্বাচনি পরীক্ষার প্রশ্নপত্র

SURESUCCESS

রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা

বিষয় কোড : 2 9 2

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ সন্ধানী লি. এর ব্যবস্থাপনা, পরিচালক অধিক মুনাফার আশায় তার প্রতিষ্ঠানের সকল অর্থ একটি নতুন প্রকল্পে বিনিয়োগ করেন। কিছুদিন পর প্রতিষ্ঠানটি তার দৈনন্দিন খরচ মেটাতে ব্যর্থ হলো। প্রতিষ্ঠানটি পাওনাদারদের পাওনা সময়মতো পরিশোধ করতে না পারায় পাওনাদারগণ প্রতিষ্ঠানের উপর আস্থা হারালেন। প্রতিষ্ঠানটি এখন অস্থিত্ব সংকটে ভুগছে।

ক. কাম্য মূলধন কাঠামো কী? ১
খ. তারল্য ও মুনাফার সম্পর্ক কীরূপ? ব্যাখ্যা কর। ২
গ. অর্থায়নের কোন নীতি অনুসরণ না করার ফলে প্রতিষ্ঠানটি অর্থ সংকটে ভুগছে? উত্তরের সপক্ষে মতামত দাও। ৩
ঘ. সন্ধানী লি. এর অস্তিত্ব রক্ষার্থে করণীয় কী হতে পারে? বিশ্লেষণ কর। ৪

২ ▸ পদ্মা ও মেঘনা কোম্পানির তথ্যাবলি নিম্নরূপ–

প্রতিষ্ঠানের নাম	DPS (টাকা)			বাজারমূল্য (টাকা)			শেয়ারের অভিহিত মূল্য (টাকা)
	২০২১	২০২২	২০২৩	২০২১	২০২২	২০২৩	
পদ্মা কোম্পানি	৫০	৫৫	৬০	২০০	২০০	২০০	১৫০
মেঘনা কোম্পানি	৪০	৪০	৪০	২০০	২৫০	৩০০	১৫০

জনাব রিফাত পদ্মা কোম্পানির শেয়ার ক্রয় করলেও জনাব সিফাত মেঘনা কোম্পানির শেয়ার ক্রয়ের চিন্তা করছেন।

ক. তারল্য কী? ১
খ. অর্থায়নে সামাজিক দায়বদ্ধতা বিষয়টি কেন গুরুত্বপূর্ণ? ব্যাখ্যা কর। ২
গ. অর্থায়নের কোন লক্ষ্য বিবেচনায় জনাব রিফাত পদ্মা কোম্পানির শেয়ার ক্রয় করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব সিফাতের মেঘনা কোম্পানির শেয়ার ক্রয়ের চিন্তাধারার সাথে তুমি কি একমত? অর্থায়নের লক্ষ্যের ভিত্তিতে ব্যাখ্যা কর। ৪

৩ ▸ জনাব কামাল ঢাকার উত্তরায় একটি বাড়ি তৈরি করতে চান। ঠিকাদার প্রতিষ্ঠান তাকে ৩টি প্রস্তাব দিলেন। যা নিম্নরূপ–

প্রস্তাব-১, বর্তমানে ১৫,০০,০০০ টাকা এবং আগামী ৫ বছর প্রত্যেক বছরের শুরুতে ৩,০০,০০০ টাকা করে প্রদান করবেন। সুযোগ ব্যয় ১০%।

প্রস্তাব-২, বর্তমানে ২০,০০,০০০ টাকা এবং ৪র্থ বছরের শুরুতে ১০,০০,০০০ টাকা প্রদান করবেন। প্রয়োজনীয় আয়ের হার ১২%।

প্রস্তাব-৩, বর্তমানে ১০,০০,০০০ টাকা এবং ৩য় বছরের শুরুতে ৫,০০,০০০ টাকা ৫ম বছরের শেষে ৭,০০,০০০ টাকা এবং ৭ম বছরের শুরুতে ৯,০০,০০০ টাকা প্রদান করবেন। সুযোগ ব্যয় ৯%।

ক. অগ্রিম অ্যানুইটি কী? ১
খ. "সুদ ও মুনাফা একই অর্থ বহন করে না"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত প্রস্তাব-৩ এর বর্তমানমূল্য নির্ণয় কর। ৩
ঘ. জনাব কামালের জন্য কোন প্রস্তাবটি গ্রহণ করা লাভজনক হবে? গাণিতিক ব্যাখ্যা দাও। ৪

৪ ▸ জনাব জামিল সুবর্ণ ব্যাংক থেকে ৪ লক্ষ টাকা ঋণ গ্রহণ করেছেন। তিনি বার্ষিক সমান ৪টি কিস্তিতে ঐ অর্থ সুদসহ পরিশোধ করবেন। সুদের হার ১৪%। উল্লেখ যে, তাকে ঋণের ১ম কিস্তি ঋণ গ্রহণের তারিখেই পরিশোধ করতে হবে।

ক. বিলম্বিত বার্ষিক বৃত্তি কী? ১
খ. কখন কার্যকর সুদের হার নামিক সুদের হারের সমান হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে 'সুবর্ণ ব্যাংক' এর বার্ষিক কিস্তির পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে ঋণ পরিশোধ সূচি তৈরি করে প্রতি কিস্তিতে আসল ও সুদের পরিমাণ দেখাও। ৪

৫ ▸ মিসেস শিরিন নিয়ন কোম্পানির ২,০০০ টাকার আঙ্কিক মূল্যের ৯% কুপন রেটে ৮ বছর মেয়াদি বন্ড কেনার কথা চিন্তা করছেন। বন্ডটি ৪% অধিহারে ৫ বছর পর তলব করা যেতে পারে। বন্ডটির বাজারমূল্য ২,৫০০ টাকা এবং উত্তরণ ব্যয় ৫ টাকা। অপরদিকে বসুধা কোম্পানির একটি বন্ড বাজারে আছে, যার মেয়াদ ৬ বছর এবং সমমূল্য ৩,০০০ টাকা। কুপন রেট ১২% এবং বাজারমূল্য ২,০০০ টাকা। অধরা কোম্পানির ২,৭০০ টাকা একক মূল্যের একটি বন্ড বর্তমানে বাজারে ২,১০০ টাকায় বিক্রি হচ্ছে, যার মেয়াদ ৬ বছর। উভয় কোম্পানির প্রত্যাশিত আয়ের হার ১৩%।

ক. রূপান্তরযোগ্য বন্ড কী? ১
খ. ট্রেজারি বন্ডের আয়ের হারকে কেন ঝুঁকিমুক্ত আয়ের হার বলে? ব্যাখ্যা কর। ২
গ. 'নিয়ন কোম্পানির' বন্ডের ইল্ড টু কল নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে মিসেস শিরিনের কোন কোম্পানির বন্ডে বিনিয়োগ করা লাভজনক? বিশ্লেষণ কর। ৪

৬ ▸ মিস শান্তা তার সঞ্চিত অর্থ দিয়ে ১২% অর্ধবার্ষিক সুদের হারে ১০ বছরমেয়াদি একটি বন্ড ক্রয় করার সিদ্ধান্ত নিলেন। প্রতিটি বন্ডের অভিহিত মূল্য ১০,০০০ টাকা এবং বাজারমূল্য ১২,৫০০ টাকা। মিস শান্তার প্রত্যাশিত আয়ের হার ১১%।

ক. বন্ড ইন্ডেঞ্চার কী? ১
খ. কখন বন্ডের বাজারমূল্য অভিহিত মূল্যের সমান হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত মিস শান্তার বন্ডের অন্তর্নিহিত মূল্য নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপক অনুযায়ী মিস শান্তার বন্ডটির বিনিয়োগ সিদ্ধান্ত মেয়াদপূর্তিতে আয়ের হারের ভিত্তিতে মূল্যায়ন কর। ৪

৭ ▸ জনাব হাবিবের বিনিয়োগকৃত প্রাথমিক মূলধন ৫,০০,০০০ টাকা। তিনি এই মূলধন দুটি প্রকল্পে বিনিয়োগ করার চিন্তা করছেন। জুঁই প্রকল্পে ৬০% এবং বেলী প্রকল্পে ৪০% বিনিয়োগ করার সিদ্ধান্ত নিলেন। প্রকল্প দুটির অন্যান্য তথ্যাবলি নিম্নরূপ–

করপূর্ব নগদ প্রবাহ	বছর			
	১	২	৩	৪
প্রকল্প-জুঁই	১,৫০,০০০	৬০,০০০	৯০,০০০	৭০,০০০
প্রকল্প-বেলী	১,৪০,০০০	৮৫,০০০	৬৫,০০০	৫০,০০০

বিনিয়োগ থেকে প্রত্যাশিত আয়ের হার ৯% এবং ভগ্নাবশেষ মূল্য উভয় প্রকল্পের ১০,০০০ টাকা। কর হার ৩০%।

ক. মূলধন রেশনিং কী? ১
খ. পরস্পর বর্জনশীল প্রকল্পের ক্ষেত্রে কীভাবে বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ করা হয়? ব্যাখ্যা কর। ২
গ. প্রকল্প-জুঁই এর বাট্টাকৃত পে-ব্যাক সময় নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে নিট বর্তমান মূল্য নির্ণয়পূর্বক জনাব হাবিবের বিনিয়োগ সিদ্ধান্তের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৮ ▸ নাভানা লিমিটেড নতুন মেশিন সংগ্রহের পরিকল্পনা করছে। মেশিনটির ক্রয়মূল্য ৬ লক্ষ টাকা, আয়ুষ্কাল ৫ বছর। কোম্পানিটির চলতি মূলধন এবং ভগ্নাবশেষ মূল্য যথাক্রমে ১০,০০০ টাকা ও ২০,০০০ টাকা। মেশিন ব্যবহারের ফলে অতিরিক্ত গড় নগদ প্রবাহ (করপরবর্তী) বার্ষিক ১ লক্ষ ৭০ হাজার টাকা প্রাক্কলিত হয়েছে।

ক. স্বাধীন প্রকল্প কী? ১
খ. একটি প্রকল্পের আন্তঃআয় হার ৩৫% হলে, নিট বর্তমানমূল্য কত হবে? ব্যাখ্যা কর। ২
গ. নাভানা লিমিটেডের মেশিন ক্রয়ের ক্ষেত্রে অভ্যন্তরীণ উপার্জন হার নির্ণয় কর। ৩
ঘ. নাভানা লিমিটেডের মূলধন ব্যয় ১০% এবং প্রতিষ্ঠানটি মুনাফা লভ্যতাসূচক (PI) এর ভিত্তিতে বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ করে। মেশিনটি ক্রয়ের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৯ ▸ তানিম লিমিটেড 'স্বপ্ন' কোম্পানি ও 'গল্প' কোম্পানির শেয়ারে বিনিয়োগ করলেন। বিভিন্ন অর্থনৈতিক অবস্থায় শেয়ারগুলোর অন্যান্য তথ্য নিম্নরূপ–

অর্থনৈতিক অবস্থা	সম্ভাবনা	'স্বপ্ন' কোম্পানি	'গল্প' কোম্পানি
খারাপ	০.২৫	–০.০৯%	০.১৫%
স্বাভাবিক	০.৩৫	০.১১%	–০.০৫%
ভালো	০.৪০	০.১৭%	০.২০%

ক. খাঁটি ঝুঁকি কী? ১
খ. বাজার ঝুঁকিকে কেন অপরিহার্য ঝুঁকি বলে? ২
গ. 'স্বপ্ন' কোম্পানি ও 'গল্প' কোম্পানির প্রত্যাশিত আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. কোন প্রকল্পটি সচল রাখা 'তানিম লিমিটেডের' জন্য অধিক ঝুঁকিপূর্ণ? যুক্তিসহ মূল্যায়ন কর। ৪

১০ ▸ মি. আহসান চাকরি থেকে অবসর গ্রহণের পরে ৬,০০,০০০ টাকা পেয়েছেন। তিনি এই অর্থ দুই ধরনের সিকিউরিটিতে বিনিয়োগ করবেন বলে সিদ্ধান্ত নিয়েছেন। আলফা সিকিউরিটিতে ৫৫% এবং বিটা সিকিউরিটিতে অবশিষ্ট অর্থ বিনিয়োগ করবেন। নিচে দুটি সিকিউরিটির আয়ের হার ও পরিমিত ব্যবধান দেওয়া হলো–

সিকিউরিটি	প্রত্যাশিত আয়	পরিমিত ব্যবধান	সহ-সম্বন্ধ
আলফা	১৬%	১১%	০.৯০
বিটা	১২%	১৩%	

ক. CAPM কী? ১
খ. আয় ও ঝুঁকির মধ্যে সম্পর্ক কীরূপ? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে আহসান সাহেবের পোর্টফোলিও আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. সিকিউরিটি দুইটির সহ-সম্বন্ধ +১ হতে –১ হলে ঝুঁকির উপর কী প্রভাব পড়বে তা বিশ্লেষণ কর। ৪

১১ ▸ জনাব নোমান একজন বিনিয়োগকারী। তিনি তিন ধরনের সিকিউরিটিতে বিনিয়োগ করেন। তার বিনিয়োগের পরিমাণ এবং ঝুঁকির পরিমাণ নিম্নরূপ–

সিকিউরিটি	বিনিয়োগের পরিমাণ	বিটা
ক	৫,০০,০০০	০.৮৫
খ	৪,০০,০০০	১.৪০
গ	৩,০০,০০০	১.২০

উল্লেখ্য, ঝুঁকিমুক্ত আয়ের হার ৯% এবং বাজার পোর্টফোলিও এর প্রত্যাশিত আয়ের হার ১৭%।

ক. মূলধনী লাভ কী? ১
খ. আর্থিক ঝুঁকি কীভাবে সৃষ্টি হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সিকিউরিটিগুলোর পোর্টফোলিও বিটা নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে পোর্টফোলিও প্রয়োজনীয় আয়ের হার নির্ণয় কর। ৪

আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা

বিষয় কোড : 2 9 2

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▸ জনাব আজাদ একজন আর্থিক ব্যবস্থাপক। তিনি ব্যবসায়ের বিনিয়োগযোগ্য ফান্ড ২০ লক্ষ টাকার মধ্যে ১২ লক্ষ টাকা শেয়ারবাজারে বিনিয়োগ করতে আগ্রহী। অবশিষ্ট ৮ লক্ষ টাকা ব্যবসার প্রসারে নতুন প্রকল্পে বিনিয়োগ করতে চিন্তা করেন। এক্ষেত্রে তিনি তিনটি প্রকল্পে বিনিয়োগ করেন। প্রথম প্রকল্পে তিনি ক্ষতির সম্মুখীন হন কিন্তু ২য় ও ৩য় প্রকল্পে তিনি মুনাফা অর্জন করেন।

ক. সামাজিক দায়বদ্ধতা কাকে বলে? ১
খ. মুনাফা সর্বাধিকরণ কেন ফার্মের চূড়ান্ত লক্ষ্য নয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে অর্থায়নে কোন কার্যাবলির কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব আজাদ ব্যবসায় পরিচালনার কোন নীতি অনুসরণ করেছেন?– নীতিটি ব্যবহারের যথার্থতা আলোচনা কর। ৪

২▸ জনাব সাহেদ ববি ফেব্রিক্স লি.-এর আর্থিক ব্যবস্থাপক। ববি ফেব্রিক্স লি. ২০২৪ সালে ৫০ কোটি টাকা মুনাফা করে। জনাব সাহেদ এ বছর অর্জিত মুনাফার ৪০% লভ্যাংশ হিসেবে শেয়ারমালিকদের মাঝে বণ্টন করার সিদ্ধান্ত গ্রহণ করেন এবং অবশিষ্ট অর্থ ভবিষ্যতের জন্য সংরক্ষণ করেন। এই সিদ্ধান্তের ফলে তার প্রতিষ্ঠানের শেয়ারের বাজারমূল্য গত বছরের তুলনায় বৃদ্ধি পেয়েছে।

ক. ব্যবসায় অর্থায়ন কী? ১
খ. ঝুঁকি ও মুনাফার মধ্যে কেমন সম্পর্ক বিদ্যমান? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত জনাব সাহেদের কার্যক্রম আর্থিক ব্যবস্থাপকের কোন সিদ্ধান্তের অন্তর্গত? ৩
ঘ. "ববি ফেব্রিক্স লি. অর্থায়নের মূল লক্ষ্য অর্জন করতে পেরেছে।"– উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৩▸ জনাব আবুল বাসেত তার পরিবারের জন্য একটি গাড়ি ক্রয়ের সিদ্ধান্ত নিয়েছেন। যার লক্ষ্যে তিনি ইন্টারন্যাশনাল লিজিং লি. হতে ২২ লক্ষ টাকা ১০% সুদের হারে ঋণ গ্রহণ করেন। তিনি আগামী ৪ বছর প্রতি বছরের শেষে সমপরিমাণ টাকা ঋণের কিস্তি হিসেবে পরিশোধ করবেন।

ক. চক্রবৃদ্ধিকরণ কাকে বলে? ১
খ. বিধি-৬৯ কখন ব্যবহৃত হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে ইন্টারন্যাশনাল লিজিং লি. কোম্পানির ঋণের কার্যকরী সুদের হার নির্ণয় কর। ৩
ঘ. "ঋণ পরিশোধ সূচিতে জনাব আবুল বাসেতের পরিশোধিত আসলের পরিমাণ ক্রমাগত বৃদ্ধি পাবে।"– উক্তিটির যথার্থতা গাণিতিকভাবে মূল্যায়ন কর। ৪

৪▸ জনাব আলম একজন অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা। তিনি অবসর হতে প্রাপ্ত ভাতা দিয়ে একটি বাড়ি কিনতে আগ্রহী। বাড়িটির বর্তমান মালিক তাকে দুটি প্রস্তাব দিয়েছেন।

প্রথম প্রস্তাব : বাড়ির মূল্য বাবদ ৫০ লক্ষ টাকা সমান বার্ষিক কিস্তিতে আগামী ৪ বছরে পরিশোধ করা।

দ্বিতীয় প্রস্তাব : বাড়ির মূল্য বাবদ নগদ ১,০০,০০০ টাকা এবং ১ম বছর শেষে ৫০,০০,০০০ টাকা ২য় বছর শেষে ৭০,০০,০০০ টাকা এবং ৩য় ও ৪র্থ বছর শেষে ৪০,০০,০০০ টাকা পরিশোধ করা।

ক. মিশ্র নগদ প্রবাহ কাকে বলে? ১
খ. সুদের হার কীভাবে বিনিয়োগ সিদ্ধান্তকে প্রভাবিত করে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের প্রথম প্রস্তাবের বর্তমান মূল্য নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে জনাব আলমের বাড়ি ক্রয়ে কোন প্রস্তাব গ্রহণ করা উচিত তা গাণিতিকভাবে বিশ্লেষণ কর ও সিদ্ধান্ত দাও। ৪

৫▸ মিসেস জেরিন একজন চাকরিজীবী। তিনি বার্ষিক ১০% চক্রবৃদ্ধি সুদের ৫০,০০০ টাকা সুরমা ব্যাংকে আমানত হিসেবে জমা করলেন। নির্দিষ্ট সময় পর তার আমানত ৮০,০০০ টাকায় পরিণত হবে। অপরদিকে তার সহকর্মী মিসেস মৌরিন ১০ বছর পর ১৫ লক্ষ টাকা দিয়ে একটি গাড়ি ক্রয় করতে চান। সেই উদ্দেশ্যে তিনি প্রতি মাসে বেতনের ১৫% যমুনা ব্যাংকে জমা রাখেন। তার মাসিক বেতন ৪০,০০০ টাকা। উক্ত ব্যাংকের সুদের হার ১০%।

ক. বিলম্বিত বার্ষিক বৃত্তি কী? ১
খ. চক্রবৃদ্ধির সংখ্যা হ্রাস পেলে প্রকৃত সুদের হারের উপর কী প্রভাব পড়বে? ব্যাখ্যা কর। ২
গ. মিসেস জেরিনের আমানতকৃত অর্থ কত বছর পর ৮০,০০০ টাকায় পরিণত হবে? ৩
ঘ. উদ্দীপকে মিসেস মৌরিন যমুনা ব্যাংক হতে প্রাপ্ত অর্থ দিয়ে কী গাড়িটি ক্রয় করতে পারবেন? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৬▸ মিসেস প্রমিতি তার সঞ্চিত অর্থ বিনিয়োগ করতে চান। বাজার বিশ্লেষণ করে তিনি নিম্নোক্ত বন্ডগুলো বিবেচনা করছেন।

বন্ড	অভিহিত মূল্য	কুপন হার	বাজারমূল্য	মেয়াদ	প্রত্যাশিত আয়ের হার
P	১,০০০	১২%	১০% অধিহারে বিক্রয়	১০ বছর	মেয়াদপূর্তি আয়ের হারের সমান
Q	১,০০০	–	৬০০	১০ বছর	৫%
R	১,০০০	১৩%	সমহারে বিক্রয়	–	১৪%

মিসেস প্রমিতি 'Q' বন্ডে বিনিয়োগের সিদ্ধান্ত নেন।

ক. মাধ্যমিক বাজার কী? ১
খ. একটি বন্ড কখন অবহারে বিক্রয় হয়? ব্যাখ্যা কর। ২
গ. 'P' বন্ডের মেয়াদপূর্তিতে আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে মিসেস প্রমিতির বিনিয়োগ সিদ্ধান্তের যৌক্তিকতা অন্তর্নিহিত মূল্যের ভিত্তিতে মূল্যায়ন কর। ৪

৭▸ জনাব সৌরভ সম্প্রতি চাকরি থেকে অবসরে গেছেন। তিনি তার পেনশন হতে প্রাপ্ত টাকার কিছু অংশ বিনিয়োগ করতে আগ্রহী। তিনি নিচের কোম্পানিসমূহের বন্ড নিয়ে বিশ্লেষণ করছেন–

বন্ড	লিখিত মূল্য	মেয়াদ	কুপন হার	বাজারমূল্য
সোনালি লি.	১,০০০	১০ বছর	১২%	১,০৮৫
শ্যামলী লি.	১,০০০	১০ বছর	১২%	৯৭৫
জনতা লি.	১,০০০	৫ বছর	৯%	১,২০০

সোনালি লি. অর্ধ-বার্ষিক ভিত্তিতে সুদ প্রদান করে। জনাব সৌরভ বিনিয়োগ হতে মেয়াদপূর্তিতে সর্বোচ্চ আয়ের হার নিশ্চিত করতে চান।

ক. রাইট শেয়ার কী? ১
খ. "বন্ড ইস্যু করা প্রতিষ্ঠানের জন্য লাভজনক"– ব্যাখ্যা কর। ২
গ. সোনালি লি.-এর বন্ডটি ৩ বছর পর ৪% অধিহারে তলবযোগ্য হলে তলবি আয়ের হার কত? ৩
ঘ. উদ্দীপকে জনাব সৌরভের শ্যামলী লি. ও জনতা লি. এর বন্ডের মধ্যে কোন বন্ডে বিনিয়োগ বেশি লাভজনক? গাণিতিক যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪

৮▸ জনাব ফাহাদ সুমনা (প্রা.) লি. এর আর্থিক ব্যবস্থাপক। তার হাতে পরস্পর বর্জনশীল দুটি বিনিয়োগ প্রকল্প রয়েছে। প্রতিটি প্রকল্পের ভগ্নাবশেষ মূল্য ১০,০০০ টাকা। সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করা হয়। জনাব ফাহাদ প্রকল্প মূল্যায়নে বাট্টাকৃত নগদ প্রবাহ পদ্ধতি ব্যবহার করেন। প্রকল্প দুটির তথ্যাবলি নিম্নরূপ–

প্রকল্প	অবচয় ও করপূর্ব মুনাফা (টাকা)			
	বছর-০	বছর-১	বছর-২	বছর-৩
ক	–১,০০,০০০	৭২,০০০	৬৬,০০০	৬৫,০০০
খ	–১,০০,০০০	৪২,০০০	৪৬,০০০	৩৭,০০০

বাট্টার হার ১৪% এবং কর হার ৪০%।

ক. অবচয় কী? ১
খ. মূলধন ব্যয়ের সাথে নিট বর্তমান মূল্যের কী ধরনের সম্পর্ক বিদ্যমান? ব্যাখ্যা কর। ২
গ. প্রকল্প 'ক'-এর পরিশোধকাল নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে জনাব ফাহাদের কোন প্রকল্প গ্রহণ করা উচিত? বিশ্লেষণ কর। ৪

৯▸ সামিট প্রিন্টিং প্রেসের মালিক জনাব রাহাত একটি নতুন মেশিন স্থাপন করতে চান যার ক্রয়মূল্য ৪,০০,০০০ টাকা। মেশিনটির সংস্থাপন ব্যয় ২০,০০০ টাকা এবং আয়ুস্কাল ৪ বছর, আগামী ৪ বছর মেশিনের সম্ভাব্য করপূর্ববর্তী নগদ আন্তঃপ্রবাহ নিম্নরূপ–

বছর	করপূর্ববর্তী নগদ প্রবাহ
১	১,৬৫,০০০ টাকা
২	১,৫৫,০০০ টাকা
৩	১,৩৫,০০০ টাকা
৪	১,১৫,০০০ টাকা

প্রতিষ্ঠানটির মূলধন ব্যয় ১০%, কর হার ৪০% এবং চলতি মূলধনের পরিমাণ ৩০,০০০ টাকা।

ক. মূলধন বরাদ্দকরণ কী? ১
খ. মূলধন বাজেটিং কীভাবে প্রতিষ্ঠানের মুনাফার্জন ক্ষমতা বৃদ্ধি করে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত মেশিনটির গড় উপার্জন হার নির্ণয় কর। ৩
ঘ. নিট বর্তমান মূল্যের ভিত্তিতে উদ্দীপকে উল্লিখিত মেশিনটির গ্রহণযোগ্যতা গাণিতিকভাবে যাচাই কর। ৪

১০▸ জনাব মিথুন মুনাফা ও ঝুঁকি বিশ্লেষণ করে বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ করতে আগ্রহী। বিনিয়োগের উদ্দেশ্যে তিনি নিচের দুটি সিকিউরিটির তথ্যাদি বিবেচনা করছেন–

অর্থনৈতিক অবস্থা	সম্ভাবনা	আয়ের হার	
		সিকিউরিটি-P	সিকিউরিটি-Q
মন্দাভাব	০.৪০	৮%	২%
স্বাভাবিক	০.৩০	১২%	২০%
তেজীভাব	০.৩০	১৬%	৩০%
গড় আয়	–	?	১৫.৮০%
আদর্শ বিচ্যুতি	–	?	১১.৯১%

জনাব মিথুনের বন্ধু তাকে পরামর্শ দিলেন একটি সিকিউরিটিতে বিনিয়োগ না করে দুটি সিকিউরিটির মাধ্যমে পোর্টফোলিও তৈরি করতে। বন্ধুর পরামর্শ অনুযায়ী তিনি দুটি সিকিউরিটিতে সমান অনুপাতে বিনিয়োগ করেন এবং সিকিউরিটি 'P' ও 'Q'-এর সহ-সম্বন্ধ হলো ০.৯৫।

ক. প্রত্যাশিত আয় কী? ১
খ. "দুটি সিকিউরিটির সহ-সম্বন্ধ ০.২০"– কথাটির অর্থ ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে সিকিউরিটি 'P'-এর আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে জনাব মিথুনের পোর্টফোলিও বিনিয়োগের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

১১▸ শাহীন ও শামীম দুইজন ঘনিষ্ঠ বন্ধু। তারা উভয়ই নিয়মিত শেয়ার বাজারে বিনিয়োগ করেন। শাহীন 'আলফা' কোম্পানির শেয়ারে এবং শামীম 'বিটা' কোম্পানির শেয়ারে সমানভাবে বিনিয়োগ করলেন। নিম্নে শেয়ার দুইটি হতে গত পাঁচ বছরের আয় উল্লেখ করা হলো :

বছর	আয়ের হার (%)	
	'আলফা' কোম্পানি	'বিটা' কোম্পানি
২০২০	৩০	২০
২০২১	২১	১৫
২০২২	১৬	৩২
২০২৩	১৯	১২
২০২৪	২০	১৪

ক. পরিমিত ব্যবধান কী? ১
খ. ব্যবসায়িক ঝুঁকি কীভাবে সৃষ্টি হয়? ব্যাখ্যা কর। ২
গ. শাহীনের বিনিয়োগের ঝুঁকির পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত তথ্যের আলোকে শাহীন ও শামীমের মধ্যে কার বিনিয়োগ অধিক ঝুঁকিপূর্ণ? গাণিতিক বিশ্লেষণ কর। ৪

সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া

বিষয় কোড : 2 9 2

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ◉ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▸ মেঘনা লি. কয়েক বছর ধরে তাদের ব্যবসায় সুনামের সাথে পরিচালনা করছে। প্রতিষ্ঠানটি তাদের স্বার্থসংশ্লিষ্ট সব পক্ষের সাথে যোগাযোগ রক্ষা করে চলে। গত বছর প্রতিষ্ঠানটি শ্রেষ্ঠ করদাতা নির্বাচিত হয় এ ছাড়া মেঘনা লি. তাদের শ্রমিকদের বিনামূল্যে চিকিৎসার জন্য একটি হাসপাতাল প্রতিষ্ঠা করেছে। শ্রমিক সন্তুষ্টির মাধ্যমে মেঘনা লি. এর উৎপাদন ও মুনাফা বাড়ে, যার মাধ্যমে প্রতিষ্ঠানটি শেয়ারপ্রতি লভ্যাংশের পরিমাণ বাড়ায়। এর ফলে প্রতিষ্ঠানের শেয়ারের দাম আগের তুলনায় বেড়েছে।

ক. সম্পদ সর্বাধিকরণ কী? ১
খ. তারল্য ও মুনাফা নীতি কী? ব্যাখ্যা কর। ২
গ. মেঘনা লি. অর্থায়নের কোন লক্ষ্য অর্জন করতে পেরেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. মেঘনা লি. হাসপাতাল প্রতিষ্ঠা করে সামাজিক দায়বদ্ধতা পালন করেছে– তুমি কি একমত? বিশ্লেষণ কর। ৪

২▸ জনাব সানি একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান থেকে সদ্য অবসর নিয়েছেন। তিনি গ্র্যাচুইটি হিসাবে ৮ লক্ষ টাকা পান। তিনি উক্ত টাকা ৫ বছরের জন্য জমা রাখতে চান। তার কাছে দুটি ব্যাংকের প্রস্তাব রয়েছে। ডাকঘর সঞ্চয়ী ব্যাংক ১৩% হারে সরল সুদ দিতে আগ্রহী এবং মেঘনা ব্যাংক ১২% হারে চক্রবৃদ্ধি সুদ দিতে আগ্রহী। ব্যাংক ছাড়াও প্রাইম লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি লি. থেকে ৫ বছর শেষে ১২ লক্ষ টাকা প্রাপ্তির একটি বিকল্প প্রস্তাব তার কাছে আছে।

ক. মিশ্র নগদ প্রবাহ কী? ১
খ. প্রান্তিক মূল্য বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. মেঘনা ব্যাংকে জমা রাখলে ৫ বছর পর কত টাকা পাবেন? ৩
ঘ. উদ্দীপকের তিনটি বিকল্প প্রস্তাবের মধ্যে জনাব সানি কোন প্রস্তাবটি গ্রহণ করবেন? যুক্তিসহ বুঝিয়ে দাও। ৪

৩▸ মুন কোম্পানির নগদ প্রবাহ নিম্নরূপ :

বছর	০	১	২	৩	৪
নগদ আন্তঃপ্রবাহ (টাকায়)	(১,০০,০০০)	৩০,০০০	৩৫,০০০	৪০,০০০	৩৮,০০০

বাট্টার হার ১০%।

ক. স্বাধীন প্রকল্প কী? ১
খ. মূলধন রেশনিং বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. মুন কোম্পানির নিট বর্তমান মূল্য নির্ণয় কর। ৩
ঘ. অভ্যন্তরীণ আয়ের হারের ভিত্তিতে মুন কোম্পানির বিনিয়োগ সিদ্ধান্ত মূল্যায়ন কর। ৪

৪▸ জনাব রিফাত পূর্বাচল সমবায় সমিতি থেকে ১০% অর্ধবার্ষিক চক্রবৃদ্ধি সুদে ১৫ লক্ষ টাকা ঋণ গ্রহণ করেছেন যা তিনি আগামী তিন বছর পর এককালীন পরিশোধ করবেন। অন্যদিকে জনাব সিফাত পদ্মা ব্যাংক লি. থেকে বার্ষিক ১০% সুদের হারে এক লক্ষ টাকা ঋণ গ্রহণ করেছেন। তিনি আগামী তিন বছরব্যাপী প্রতি বছর শেষে ঋণের কিস্তি ৪০,২১১ টাকা পরিশোধ করবেন।

ক. অর্থের সময়মূল্য কাকে বলে? ১
খ. চক্রবৃদ্ধি হারে প্রকৃত সুদের হার পরিবর্তিত হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত জনাব রিফাত ৩ বছর পর মোট কত টাকা পরিশোধ করবেন? ৩
ঘ. জনাব সিফাত ঋণ পরিশোধ সূচি তালিকা প্রস্তুত কর। ঋণ পরিশোধ তালিকায় পরিশোধিত সুদের পরিমাণ প্রতি বছর ক্রমাগত হ্রাস পাবে তুমি কি একমত? ৪

৫▸ মনে কর, জনাব নাবীলের দুটি প্রকল্পে বিনিয়োগের সুযোগ আছে। প্রকল্প দুটি হলো ক ও খ। প্রকল্প দুটির তথ্যাবলি নিম্নরূপ :

অর্থনৈতিক অবস্থা	সম্ভাবনা	আয়ের হার	
		স্টক-ক	স্টক-খ
মন্দাভাব	২০%	২০%	২০%
স্বাভাবিক অবস্থা	৫০%	৩০%	৩০%
চাঙ্গাভাব	৩০%	৫০%	৩৫%

ক. বিভেদাঙ্ক কী? ১
খ. পরিহারযোগ্য ও অপরিহারযোগ্য ঝুঁকির মধ্যে পার্থক্য লেখ। ২
গ. উদ্দীপকের আলোকে প্রকল্প খ এর পরিমিত ব্যবধান নির্ণয় কর? ৩
ঘ. প্রকল্প ক ও খ এর মধ্যে কোন প্রকল্পটি ঝুঁকিপূর্ণ? মন্তব্য কর ৪

৬▸ বিহন লি. এর বিনিয়োগের প্রস্তাব আছে। প্রতিটি প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ৫০,০০০ টাকা। প্রতিষ্ঠানটির সুযোগ ব্যয় হলো ১০%। প্রকল্প দুটির বার্ষিক আন্তঃপ্রবাহ নিচে দেওয়া হলো :

বছর	প্রকল্প ক (টাকা)	প্রকল্প খ (টাকা)
০১	৩০,০০০	২৫,০০০
০২	২০,০০০	২৫,০০০
০৩	১৫,০০০	২৫,০০০
০৪	১০,০০০	২৫,০০০

ক. সুযোগ ব্যয় কী? ১
খ. মূলধন বাজেটিংয়ের সনাতনী পদ্ধতি বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের উল্লিখিত ২টি প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় কর ৩
ঘ. প্রকল্প দুটির NPV নির্ণয় করে বিহন লি. কে প্রকল্পের গ্রহণযোগ্যতার ব্যাপারে পরামর্শ দাও। ৪

৭▸ সুমি ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন ছাত্রী। তিনি সুষ্ঠুভাবে ঝুঁকি আয় বিশ্লেষণ করে বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ করতে আগ্রহী। বিনিয়োগের উদ্দেশ্যে তিনি নিম্নোক্ত সিকিউরিটির তথ্যাবলি বিবেচনা করছেন :

সম্ভাবনা	প্রত্যাশিত আয়	
	সিকিউরিটি A	সিকিউরিটি B
.৩০	.১০	.০৫
.৫০	.১২	.২০
.২০	.১৪	.০২
প্রত্যাশিত আয়	০.১২	.০৭১০
পরিমিত ব্যবধান	০.০১৫৫	০.১০৮৮

সুমি সিকিউরিটি A তে ৪০% এবং সিকিউরিটি B তে ৬০% বিনিয়োগ করবেন।

ক. ঝুঁকিমুক্ত আয়ের হার কী? ১
খ. আয় ও ঝুঁকির মধ্যে কী ধরনের সম্পর্ক ব্যাখ্যা কর। ২
গ. সুমির পোর্টফোলিও আয় নির্ণয় কর। ৩
ঘ. সুমি সিকিউরিটি B কে অধিক ঝুঁকিপূর্ণ বলে অভিহিত করেছেন-উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৮▸ জনাব সৈকত তার ব্যাংকে সঞ্চয়কৃত অর্থ বিনিয়োগ করতে চাইছেন। তার দুটি বন্ডে বিনিয়োগের সুযোগ আছে। বন্ড দুটির তথ্যবলি নিম্নরূপ:

বন্ড	কুপন সুদের হার	বাজারমূল্য	মেয়াদ	অভিহিত মূল্য
ক	১২%	৯০০ টাকা	১২	১,০০০ টাকা
খ	-	৯৫০ টাকা	১০ বছর	১,২০০ টাকা

ক. চিরস্থায়ী বন্ড কী? ১
খ. মর্টগেজ বন্ড কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত ক বন্ডের বর্তমান মূল্য নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে জনাব সৈকত কোন বন্ডে বিনিয়োগ করা উচিত? বিশ্লেষণ কর। ৪

৯▸ জনাব রাব্বি ১০০০ টাকা লিখিত মূল্যে ১২% কুপন হার সুদে ১০ বছর মেয়াদি একটি বন্ড ক্রয় করার কথা ভাবছেন। বন্ডটির বাজারে বিক্রয়মূল্য ১,০৮০ টাকা। ৭ বছর শেষে বন্ডটি ২% অধিহারে তলব করা হয়। বন্ডটির প্রত্যাশিত আয়ের হার ১১%।

ক. IPO কী? ১
খ. কখন বন্ডের বাজারমূল্য অভিহিত মূল্যের সমান হয়? ব্যাখ্যা কর। ২
গ. YTC নির্ণয় কর। ৩
ঘ. বন্ডটির বাজারমূল্য ১০৬৫ টাকা হলে জনাব রাব্বির কি বন্ডটি ক্রয় করা উচিত হবে? গাণিতিক ব্যাখ্যাসহ মন্তব্য কর। ৪

১০▸ জনাব রনি Y লি. এর আর্থিক ব্যবস্থাপক। তিনি কোম্পানির মুনাফার জন্য কিছু অংশ লাভজনক প্রকল্পে বিনিয়োগ করতে চান। জনাব রনির বিনিয়োগের দুটি প্রকল্প রয়েছে। উভয় প্রকল্পের মেয়াদকাল ৫ বছর এবং করের হার ৫০%। প্রকল্প দুটির অবচয় ও কর পূর্ববর্তী মুনাফার বিবরণ নিম্নে দেওয়া হলো :

বছর	প্রকল্প ক	প্রকল্প খ
১	৪০,০০০	৭০,০০০
২	৪০,০০০	৬০,০০০
৩	৪০,০০০	৫০,০০০
৪	৪০,০০০	৫৫,০০০
৫	৪০,০০০	৪০,০০০

দুটি প্রকল্পেরই প্রাথমিক বিনিয়োগ ৫০,০০০ টাকা। প্রকল্প দুটির ভগ্নাবশেষ মূল্য যথাক্রমে ৪,০০০ ও ৫,০০০ টাকা।

ক. প্রকল্প কী? ১
খ. মূলধন বাজেটিং সিদ্ধান্ত অনুমাননির্ভর কেন? ব্যাখ্যা কর। ২
গ. প্রকল্প ক এর পরিশোধকাল নির্ণয় কর। ৩
ঘ. দুটি প্রকল্পের মধ্যে কোন প্রকল্পটি অধিক গ্রহণযোগ্য বলে তুমি মনে কর? উদ্দীপকের আলোকে তা বিশ্লেষণ কর। ৪

১১▸ মি. রহমান মেঘনা কোম্পানির ব্যবস্থাপক। কাঁচামালের মূল্য কমে যাওয়ায় বেশি মুনাফার আশায় তিনি কোম্পানির মোট মূলধনের প্রায় সম্পূর্ণ অর্থ দিয়ে কাঁচামাল কিনে রাখেন। কিন্তু কয়েক মাস পর তিনি বেশকিছু সমস্যার সম্মুখীন হন। এতে কোম্পানির সুনাম মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়।

ক. ব্যবসায় ঋণ কী? ১
খ. মানি লন্ডারিং বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে উল্লিখিত মি. রহমান মূলত কী কী সমস্যার সম্মুখীন হয়েছিলেন? ৩
ঘ. অর্থায়নের কোন নীতি না মানার কারণে তাকে এ সমস্যার সম্মুখীন হতে হয়? বিশ্লেষণ কর। ৪

সরকারি মাইকেল মধুসূদন কলেজ, যশোর

বিষয় কোড : 2 9 2

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▸ কাপ্তাই লি. একটি ম্যানুফেকচারিং প্রতিষ্ঠান। তারা বিগত বছরের তুলনায় চলতি বছরে বিক্রয় ও পণ্যের মূল্য বৃদ্ধি করে এবং এতে করে তাদের মুনাফার পরিমাণও বৃদ্ধি পায়। মুনাফার অধিকাংশ তারা লভ্যাংশ হিসেবে প্রদান করে এতে প্রতিষ্ঠানটির শেয়ারপ্রতি আয় বৃদ্ধি পেলেও শেয়ারের বাজারমূল্য অপরিবর্তিত থাকে। অপরদিকে আত্রাই লি. ও একটি সমজাতীয় প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটির মুনাফা ভালো হলেও তারা কম পরিমাণ লভ্যাংশ প্রদান করে যাতে ব্যবসায় সম্প্রসারণ করা যায়। প্রতিষ্ঠানটির শেয়ারের বাজারমূল্য প্রতিবছরে বৃদ্ধি পেতে থাকে।

ক. ব্যবসায়ের নৈতিকতা কী? ১

খ. "অর্থায়নে মুনাফা ও তারল্যের মধ্যে সমমুখী সম্পর্ক বিদ্যমান"– তুমি কি একমত? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে কাপ্তাই লি. অর্থায়নের কোন লক্ষ্য অনুসরণ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. কাপ্তাই লি. ও আত্রাই লি. প্রতিষ্ঠান দুটির মধ্যে কোন প্রতিষ্ঠানটি দীর্ঘমেয়াদে টিকে থাকবে? উদ্দীপকের আলোকে অর্থায়নের লক্ষ্যের ভিত্তিতে যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

২▸ জনাব আরমান কপোতাক্ষ কোম্পানি লি. এর একজন সাধারণ শেয়ারহোল্ডার। কোম্পানিটি তাদের মুনাফার কিছু অংশ শেয়ারহোল্ডারদের মাঝে বণ্টন করে এবং একটি বড় অংশ বিনিয়োগের জন্য সংরক্ষণ করে। উক্ত কোম্পানি বিনিয়োগের ক্ষেত্রে উচ্চ মুনাফাযুক্ত প্রকল্পকে বেছে নেয়। পর্যাপ্ত তারল্য সংরক্ষণের ব্যাপারেও কোম্পানিটির তেমন মনোযোগ নেই।

ক. লিভারেজ কী? ১

খ. সামষ্টিক অর্থনীতিতে বিনিয়োগের ক্ষেত্রে অর্থায়ন কী ভূমিকা পালন করে? ব্যাখ্যা কর। ২

গ. কপোতাক্ষ কোম্পানির মুনাফা বণ্টনের কাজটি অর্থায়নের কোন সিদ্ধান্তের অন্তর্গত? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত বিনিয়োগ সিদ্ধান্তের ফলে কোম্পানিটি কোন ধরনের সমস্যায় পড়তে পারে? অর্থায়নের নীতির আলোকে বিশ্লেষণ কর। ৪

৩▸ মি. বিপ্লব ২০ বছর পর একটি বাড়ি কিনতে চাচ্ছেন যার বর্তমান মূল্য ১,৮৫,০০০ টাকা। মি. বিপ্লব আশা করছেন আগামী ১২ বছর ধরে মুদ্রাস্ফীতি ৬% এবং পরবর্তী বছরগুলোতে মুদ্রাস্ফীতি ৭% করে হবে। এই বিষয়টি বিবেচনা করে তিনি ১০% সুদের হারে প্রতি মাসের শুরুতে দীপ্ত ব্যাংকের একটি সঞ্চয়ী হিসাবে নির্দিষ্ট পরিমাণ টাকা জমা রাখতে চান যাতে ২০ বছর পর তিনি বাড়িটি কিনতে সক্ষম হন। অন্যদিকে প্রদীপ্ত ব্যাংক মাসিক ৯০০ টাকা কিস্তি প্রদানসাপেক্ষে ২০ বছর পর বাড়ি কিনার সম্পূর্ণ অর্থ প্রদান করার প্রস্তাব দেয়।

ক. সময় অগ্রাধিকার হার কী? ১

খ. সুদের হার হ্রাস এককালীন নগদ প্রবাহের বর্তমান মূল্যের উপর কী প্রভাব ফেলে? ব্যাখ্যা কর। ২

গ. মি. বিপ্লবের ২০ বছর পর বাড়িটি ক্রয় করতে কত টাকার প্রয়োজন হবে? ৩

ঘ. দীপ্ত ব্যাংক ও প্রদীপ্ত ব্যাংকের মধ্যে কার প্রস্তাবটি মি. বিপ্লবের জন্য লাভজনক হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৪▸ রেহান তার বাবার নিকট একটি মোটরসাইকেল চাইল। তার বাবা তাকে ৩ বছর পর মোটরসাইকেল কিনে দেওয়ার অঙ্গীকার করেন এবং এই লক্ষ্যে ১০% সুদে একটি ব্যাংকে প্রতিমাসের শুরুতে টাকা জমা করতে চান। ৩ বছর পর মোটরসাইকেল কিনতে ১,৫০,০০০ টাকার প্রয়োজন হবে। অন্যদিকে, আবিদ মাত্র একাদশ শ্রেণিতে ভর্তি হয়েছে। তার কলেজে যাতায়াত বাবদ আগামী ২ বছর পর্যন্ত প্রতিমাসে ৮০০ টাকা খরচ হবে। তার বাবা মিতব্যয়িতার কথা চিন্তা করে তাকে ১৬,০০০ টাকা দিয়ে একটি বাইসাইকেল কিনে দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করেন।

ক. বিলম্বিত বার্ষিক বৃত্তি কী? ১

খ. "প্রকল্পের সম্ভাব্যতা যাচাইয়ের ক্ষেত্রে অর্থের সময় মূল্য বিবেচনা করা অপরিহার্য"– ব্যাখ্যা কর। ২

গ. মোটরসাইকেল কেনার জন্য রেহানের বাবাকে প্রতিমাসের শুরুতে কত টাকা করে ব্যাংকে জমা করতে হবে? ৩

ঘ. প্রত্যাশিত আয়ের হার ১২% ধরে আবিদের বাবার মিতব্যয়িতার সিদ্ধান্তটি মূল্যায়ন কর। ৪

৫▸ জনাব ফাহাদ ব্যাংক থেকে ২ বছর মেয়াদি ৪,৫০,০০০ টাকার ঋণ গ্রহণ করেছেন। তাকে ঋণের অর্থ অর্ধ বার্ষিক কিস্তিতে পরিশোধ করতে হবে। উল্লেখ্য, প্রথম কিস্তি ঋণ গ্রহণের তারিখেই পরিশোধ করতে হবে। ঋণের বার্ষিক সুদের হার ১০.৫%।

ক. বাট্টাকরণ কী? ১

খ. বিলম্বিত বার্ষিক বৃত্তি বলতে কী বুঝ? ব্যাখ্যা কর। ২

গ. ঋণ পরিশোধে কিস্তির পরিমাণ নির্ণয় কর। ৩

ঘ. ব্যাংকের ঋণ পরিশোধে জনাব ফাহাদের ঋণ পরিশোধকরণ সূচি প্রস্তুত কর। ৪

৬▸ রজতরেখা কোম্পানির প্রতিটি বন্ডের লিখিত মূল্য ১,০০০ টাকা, সুদের হার ১২.৫% এবং মেয়াদ ১০ বছর। মেয়াদ শেষে কোম্পানিটি প্রতিটি বন্ডের মূল্য বাবদ ১,১০০ টাকা পরিশোধের ঘোষণা দিয়েছে। বর্তমানে বন্ডটি বাজারে ১,১০০ টাকায় বিক্রি হচ্ছে এবং বন্ডটির বিনিয়োগকারীদের প্রত্যাশিত আয়ের হার ১৩%। ৪ বছর পর কোম্পানি বন্ডটিকে ১,২৫০ টাকায় তলব করে নিতে পারবে।

ক. অন্তর্নিহিত মূল্য কী? ১

খ. নিমজ্জিত তহবিল সৃষ্টি করা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. রজতরেখা কোম্পানির বন্ডটির কল মেয়াদে আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে রজতরেখা কোম্পানির বন্ডটিতে বিনিয়োগ করা যুক্তিযুক্ত কিনা? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৭▸ মি. গ্যালিভার বন্ড মার্কেট বিনিয়োগ করতে আগ্রহী। তিনি নিম্নোক্ত বন্ডগুলো বিবেচনা করছেন। বন্ড তিনটির অভিহিত মূল্য ১,০০০ টাকা করে।

বন্ড	কুপন হার	বাজারমূল্য	মেয়াদ	প্রত্যাশিত আয়ের হার
A	১২%	১০% অধিহারে বিক্রয়	১০	মেয়াদপূর্তি আয়ের হারের সমান
B	-	৬০০	১০	৫%
C	১৩%	সমহারে বিক্রয়	-	১৪%

ক. কল বন্ড কী? ১

খ. অগ্রাধিকার শেয়ারকে হাইব্রিড সিকিউরিটি কেন বলা হয়? ব্যাখ্যা কর। ২

গ. A বন্ডের মেয়াদপূর্তিতে আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. অন্তর্নিহিত মূল্য ও বাজারমূল্যের তুলনার ভিত্তিতে মি. গালিভারের কোন বন্ডে বিনিয়োগ করা উচিত বলে তুমি মনে কর? যৌক্তিকতাসহ বিশ্লেষণ কর। ৪

৮▸ মেঘনা কোম্পানি একটি প্রকল্পে বিনিয়োগের চিন্তা করছে। এই প্রকল্পের জন্য ২,৫০,০০০ টাকার একটি মেশিন ক্রয় করা হবে যার সংস্থাপন বাবদ ১০,০০০ টাকা ব্যয় হবে। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ৫ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ১০,০০০ টাকা। প্রকল্পে কার্যকরী মূলধন হিসেবে ১০,০০০ টাকা প্রয়োজন। প্রাতিষ্ঠানিক কর হার ৫৫%। প্রকল্পের করপূর্ব নগদ প্রবাহ নিম্নরূপ :

বছর	টাকা
১	৫০,০০০
২	৫৫,০০০
৩	৭০,০০০
৪	৭৫,০০০
৫	১,২৫,০০০

মূলধন ব্যয় ১২%।

ক. পরস্পর বর্জনশীল প্রকল্প কী? ১

খ. "আন্তঃআয়ের হারে নিট বর্তমান মূল্য শূন্য হয়"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত প্রকল্পের নিট বর্তমান মূল্য কত? ৩

ঘ. আন্তঃআয়ের হারের ভিত্তিতে প্রকল্পটিতে মেঘনা কোম্পানির বিনিয়োগ সিদ্ধান্ত কী হবে? বিশ্লেষণ কর। ৪

৯▸ মেঘদল লি. পরস্পর বর্জনশীল দুটি প্রকল্প 'রবি' ও 'শশী' কে বিবেচনা করছে। প্রকল্প দুটির তথ্যাবলি নিম্নরূপ :

বিবরণ	প্রকল্প-রবি	প্রকল্প-শশী
প্রাথমিক বিনিয়োগ	৭৫,০০০	৭৫,০০০
প্রকল্পের মেয়াদ	৫ বছর	৫ বছর
ভগ্নাবশেষ মূল্য	৫,০০০ টাকা	৫,০০০ টাকা
বছর	করপরবর্তী নিট মুনাফা	করপরবর্তী নিট মুনাফা
১	৮,৫০০	১১,০০০
২	৫,৫০০	১০,০০০
৩	১৪,২০০	৮,০০০
৪	৮,৩০০	৫,৮০০
৫	১০,৪০০	৮,০০০

কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃক সর্বোচ্চ পে-ব্যাক সময় ৩ বছর। শশী প্রকল্পের পে-ব্যাক সময় ২.৯৫ বছর।

ক. প্রান্তিক নগদ প্রবাহ কী? ১

খ. কীভাবে মূলধন রেশনিং করা হয়?– ব্যাখ্যা কর। ২

গ. রবি প্রকল্পের গড় মুনাফার হার নির্ণয় কর। ৩

ঘ. মেঘদল লি. এর কোন প্রকল্পে বিনিয়োগ করা উচিত? বিশ্লেষণ কর। ৪

১০▸ মি. জসিমের কাছে তিনটি বিনিয়োগ সুযোগ আছে। বিনিয়োগসমূহের বিস্তারিত নিম্নরূপ :

	প্রত্যাশিত আয়	আদর্শ বিচ্যুতি
ট্রেজারি বিল	১৫%	–
স্টক-ক	২০%	৪.৫%
স্টক-খ	২৬%	৫.২৫%
স্টক-ক ও স্টক-খ এর সহ-সম্বন্ধ –.৪০		

মি. জসিম বিনিয়োগের জন্য ট্রেজারি বিল ও স্টক-ক এর সমন্বয়ে একটি পোর্টফোলিও এবং স্টক-ক ও স্টক-খ এর সমন্বয়ে আরেকটি পোর্টফোলিও বিবেচনা করছেন। উল্লেখ্য, তিনি পোর্টফোলিও অন্তর্ভুক্ত সিকিউরিটিতে সমানভাবে বিনিয়োগ করেন।

ক. খাঁটি ঝুঁকি কী? ১

খ. প্রয়োজনীয় আয়ের হারের উপর বেটার (β) প্রভাব ব্যাখ্যা কর। ২

গ. স্টক-ক ও স্টক-খ এর সমন্বয়ে গঠিত পোর্টফোলিওর ঝুঁকি নির্ণয় কর। ৩

ঘ. মি. জসিমের কোন পোর্টফোলিওতে বিনিয়োগ করা উচিত হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

১১▸ জনাব মনির 'শ্যামল' ও 'শোভন' নামক দুইটি কোম্পানির মধ্যে যেকোনো একটিতে বিনিয়োগ করতে আগ্রহী। বিনিয়োগ ক্ষেত্রে তিনি বাজার ঝুঁকিকে বিশেষভাবে বিবেচনা করেন। বিগত ৩ বছরের 'শ্যামল' ও 'শোভন' কোম্পানির ও বাজার মুনাফার হার দেওয়া হলো–

বছর	শ্যামল কোম্পানি (%)	শোভন কোম্পানি (%)	বাজার মুনাফার হার
২০২১	১০	৮	১০
২০২২	২০	১৫	১৫
২০২৩	৮	৬	৭

ক. পরিহারযোগ্য ঝুঁকি কী? ১

খ. ঋণ মূলধন ব্যবহারের ফলে কোন ধরনের ঝুঁকি সৃষ্টি হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে শ্যামল কোম্পানির সহ-ভেদাঙ্ক নির্ণয় কর। ৩

ঘ. জনাব মনিরের কোন কোম্পানিতে বিনিয়োগ করা যুক্তিসংগত হবে? মতামত দাও। ৪

কুমিল্লা সরকারি মহিলা কলেজ

বিষয় কোড : 2 9 2

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▸ জনাব সেলিম একটা আর্থিক প্রতিষ্ঠানের ব্যবস্থাপক। তিনি বার্ষিক পরিকল্পনার আওতায় তার প্রতিষ্ঠানের অর্থের সংস্থানসহ কোন উৎস বেশি লাভজনক হবে তা নির্ণয় করেন। অতঃপর যথাসময়ে অর্থ প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করেন। যেকোনো প্রকল্প গ্রহণের ক্ষেত্রে তিনি প্রথমেই সেখানে জমি ক্রয়, ভবন নির্মাণ, মেশিন ক্রয়সহ দীর্ঘমেয়াদি খরচ কী করতে হবে তা হিসাবে আনেন। প্রত্যাশিত আয় কী হবে সেগুলোও হিসাবে নিয়ে আসেন। সেই আলোকে কর্তৃপক্ষ সিদ্ধান্ত গ্রহণ করে।

ক. ব্যবসায় অর্থায়ন কী? ১

খ. অর্থায়নের বৈচিত্র্যায়নের নীতি কেন অনুসরণ করা হয়? ২

গ. উদ্দীপকের বর্ণনা অনুযায়ী জনাব সেলিম প্রথম অর্থায়নের কোন কাজ করেন তা ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব সেলিম কোনো নতুন প্রকল্প গ্রহণে মূলধন বাজেটিং করেন– তুমি কি এ বক্তব্যের সাথে একমত? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

২▸ জনাব আদনান একজন পাইকারি ব্যবসায়ী। তার অদূরদর্শিতার কারণে কোম্পানিতে কখনো কাঁচামাল ক্রয়ের অর্থ থাকতো না, আবার কখনো পণ্য গোডাউনে রয়ে যেত। এজন্য তিনি ব্যবসায়ের অর্থব্যবস্থা কিছুটা পরিবর্তন করেন। এখন তিনি আশানুরূপ মুনাফা পাচ্ছেন। তিনি এখন ব্যবসায় সম্প্রসারণের পাশাপাশি সম্পদও বৃদ্ধি করতে পেরেছেন।

ক. তারল্য কী? ১

খ. ঝুঁকি ও মুনাফার সম্পর্ক ব্যাখ্যা কর। ২

গ. জনাব আদনান কোন নীতি অনুসরণ করায় আশানুরূপ ফল পাচ্ছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব আদনান ব্যবসায়ের মূল লক্ষ্য অর্জন করতে পেরেছেন কি? যুক্তি দেখাও। ৪

৩▸ মি. রহিম ও মি. করিম দুইজন বন্ধু ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ফিন্যান্স ও ব্যাংকিং বিষয়ে পড়ালেখা করেছেন। তারা দুইজন মিলে সিদ্ধান্ত নিল যে, উভয়ে তাদের টিউশনির সংগৃহীত টাকা দিয়ে শেয়ারবাজারে বিনিয়োগ করবে। মি. রহিম তার পুঁজি দিয়ে একটিমাত্র কোম্পানির শেয়ার ক্রয় করল। অন্যদিকে, মি. করিম তার পুঁজি দিয়ে পাঁচি কোম্পানির শেয়ার ক্রয় করেন।

ক. সরকারি অর্থায়ন কী? ১

খ. সম্পদ সর্বাধিকরণ বলতে কী বোঝায়? ২

গ. মি. করিম বিনিয়োগের ক্ষেত্রে অর্থায়নের কোন নীতিটি অনুসরণ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে, শেয়ারবাজারে বিনিয়োগের ক্ষেত্রে কার বিনিয়োগ অধিক যৌক্তিক বলে মনে কর? উদ্দীপক বিশ্লেষণপূর্বক মতামত দাও। ৪

৪▸ সালমা একটি ল্যাপটপ ক্রয়ের চিন্তা-ভাবনা করছেন। ল্যাপটপটি ক্রয় করতে নগদ ৯০,০০০ টাকা প্রয়োজন। সালমা ল্যাপটপ ক্রয়ের জন্য দুটি বিকল্পের কথা ভাবছেন। প্রথম বিকল্প হলো সম্পূর্ণ নগদে পরিশোধ করে দেওয়া, দ্বিতীয় বিকল্প হলো ৫০% নগদে এবং বাকি টাকা বার্ষিক ৪,৫০০ টাকা কিস্তিতে ১০ বছরে পরিশোধ করে দেওয়া। এক্ষেত্রে সালমার সুযোগ ব্যয় ১২%।

ক. কার্যকরী সুদের হার কী? ১

খ. চক্রবৃদ্ধি সংখ্যা বৃদ্ধি পেলে অর্থের ভবিষ্যৎ মূল্যের উপর কী প্রভাব পড়ে? ২

গ. উদ্দীপকে উল্লিখিত সালমা যে বার্ষিক কিস্তি প্রদান করবেন তার বর্তমান মূল্য কত? ৩

ঘ. সালমার কোন বিকল্পটি গ্রহণ করা উচিত এবং কেন? ৪

৫▸ জনাব সেরাজুল একটি বাড়ি করতে চান। বর্তমানে বাড়িটি তৈরি করতে ৭০ লক্ষ টাকা প্রয়োজন। তার হাতে বর্তমানে ৩০ লক্ষ টাকা আছে। অর্থের ঘাটতির কথা চিন্তা করে তিনি TRUST ব্যাংকে ৩০ লক্ষ টাকা ১০% সুদে জমা রাখলেন। উদ্দেশ্য ৭ বছর পর তিনি বাড়িটি করবেন। অতীত অভিজ্ঞতা থেকে ধরে নেওয়া হচ্ছে বাড়ি তৈরির নির্মাণসামগ্রীর মূল্য বৃদ্ধির সাধারণ হার ৫%।

ক. অর্থের বর্তমান মূল্য কী? ১

খ. চক্রবৃদ্ধিকরণ বলতে কী বোঝায়? ২

গ. ৭ বছর পর বাড়িটি তৈরি করতে কত টাকা খরচ হবে? ৩

ঘ. জনাব সেরাজুল কী জমাকৃত টাকা দিয়ে বাড়ি করতে পারবেন? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

৬▸ জনাব মিলনের হাতে দুটি প্রকল্পের প্রস্তাব রয়েছে। উভয় প্রকল্পের প্রাথমিক ব্যয় ৫০,০০০ টাকা। বাট্টার হার ১০%। প্রকল্প হতে তিনি ৫ বছরে নিম্নলিখিত নগদ প্রবাহ আশা করছেন :

বছর	১	২	৩	৪	৫
নগদ প্রবাহ (প্রকল্প-ক)	১৮,০০০	১০,০০০	১৭,০০০	১৯,০০০	১২,০০০
নগদ প্রবাহ (প্রকল্প-খ)	১০,০০০	১৫,০০০	১৫,০০০	১৪,০০০	৯,০০০

ক. পরিশোধকাল কী? ১

খ. মূলধন বাজেটিং কেন করা হয়? ব্যাখ্যা কর। ২

গ. প্রকল্প-ক এর নিট বর্তমান মূল্য নির্ণয় কর। ৩

ঘ. নিট বর্তমান মূল্যের ভিত্তিতে প্রকল্পের গ্রহণযোগ্যতা যাচাই কর। ৪

৭▸ জনাব জনির হাতে একটি বিনিয়োগ প্রকল্প রয়েছে। প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ১,৫০,০০০ টাকা এবং আগামীতে ৩ (তিন) বছরে বার্ষিক নগদ কর-পরবর্তী মুনাফা যথাক্রমে ৪০,০০০, ৫৫,০০০ ও ৪৫,০০০ টাকা। মূলধন ব্যয় ১২%। জনাব জনি নিট বর্তমান মূল্য পদ্ধতি (NPV) ব্যবহার করে প্রকল্পের আয়ের হার সম্পর্কে নিশ্চিত হতে চান।

ক. স্বাধীন প্রকল্প কী? ১

খ. গড় মুনাফার হার বলতে কী বোঝায়? ২

গ. প্রকল্পের গড় মুনাফা হার নির্ণয় কর। ৩

ঘ. জনাব জনির প্রকল্পটি কি গ্রহণ করা উচিত? যুক্তি দেখাও। ৪

৮▸ নিচের দুটি প্রকল্পের প্রত্যাশিত আয় ও সম্ভাবনা দেওয়া হলো :

সম্ভাবনা	প্রত্যাশিত আয় (%)	
	প্রকল্প-১	প্রকল্প-২
০.৩৫	–০৫	১৫
০.২৫	১৬	২০
০.৪০	২০	২৫

ক. ব্যবসায় ঝুঁকি কী? ১

খ. প্রত্যাশিত আয়ের হার বলতে কী বোঝায়? ২

গ. প্রকল্প-২ এর আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩

ঘ. বিভেদাঙ্ক (CV) বিবেচনায় কোন প্রকল্পের ঝুঁকি কম? বিশ্লেষণ কর। ৪

৯▸ এশিয়া স্টক A ও স্টক B সম্পর্কে নিচের তথ্যসমূহ সংগ্রহ করেছেন :

অর্থনৈতিক অবস্থা	সম্ভাবনা (%)	আয়ের হার স্টক A	আয়ের হার স্টক B
মন্দাভাব	১০%	১০%	২৫%
স্বাভাবিক অবস্থা	৪০%	৩০%	৩০%
চাঙ্গাভাব	৫০%	৪০%	৩৫%

ক. CAPM কী? ১

খ. আর্থিক ঝুঁকি বলতে কী বোঝায়? ২

গ. স্টক A এর পরিমিত ব্যবধান নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে কোন স্টকটি বেশি ঝুঁকিপূর্ণ? মন্তব্য কর। ৪

১০▸ মি. নয়নের নিকট বিনিয়োগযোগ্য ৪০,০০০ টাকা আছে। তিনি এই অর্থ নিম্নরূপে বিনিয়োগের সিদ্ধান্ত নিবেন :

কোম্পানি	ক	খ	গ	ঘ
বিনিয়োগ (টাকা)	৪,০০০	৮,০০০	১২,০০০	১৬,০০০
প্রত্যাশিত আয়ের হার	৮%	১২%	১৫%	১৮%

ক. ব্যবসায় ঝুঁকি কী? ১

খ. তারল্য ঝুঁকি কীভাবে সৃষ্টি হয়? ২

গ. পোর্টফোলিও আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. পোর্টফোলিও আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৪

১১▸ জনাব আতিক জেনেভা কোম্পানি কর্তৃক ইস্যুকৃত ৫ বছর মেয়াদি জিরো কুপন ক্রয় করতে ইচ্ছুক। বন্ডের অভিহিত মূল্য ১,০০০ টাকা। আতিকের প্রয়োজনীয় আয়ের হার ১৩%। জনাব আতিকের বন্ধু জনাব নাসির বাংলাদেশের বন্ড মার্কেটে বিনিয়োগ করতে আগ্রহী। তিনি নিচের যেকোনো একটি কোম্পানির বন্ড ক্রয় করতে পারেন :

(i) বেসিক কোম্পানি চিরস্থায়ী বন্ড ইস্যু করেছে। কুপন রেট ১১% এবং অভিহিত মূল্য ১,০০০ টাকা। বাজারমূল্য ১,২৫০ টাকা।

(ii) রেনেটা কোম্পানি ৫ বছর মেয়াদি বন্ড ইস্যু করেছে। কুপন রেট ১২% এবং অভিহিত মূল্য ১,০০০ টাকা। বাজারমূল্য ৯৫০ টাকা। বন্ডের সুদ অর্ধবার্ষিক ভিত্তিতে প্রদান করা হবে। জনাব নাসিরের প্রয়োজনীয় আয়ের হার ১০%।

ক. সাধারণ শেয়ার কী? ১

খ. ঝুঁকিমুক্ত আয়ের হার ব্যাখ্যা কর। ২

গ. জনাব আতিকের সর্বোচ্চ কত টাকা দিয়ে বন্ডটি ক্রয় করা উচিত? ৩

ঘ. জনাব নাসিরের কোন কোম্পানির বন্ড ক্রয় করা উচিত? যুক্তিসহ উত্তর দাও। ৪

সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম

বিষয় কোড : 2 9 2

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▸ জনাব চৌধুরী বিনিয়োগের বিষয়ে সিদ্ধান্তহীনতায় ভুগছেন। তার বিবেচ্য দুটি কোম্পানির তথ্যাদি নিম্নরূপ :

কোম্পানি	প্রত্যাশিত আয়ের হার	পরিমিত ব্যবধান
A	১২%	৩%
B	১৫%	৭%

ক. ব্যবসায় নৈতিকতা কী? ১
খ. তারল্য সংকটে কোন ধরনের সমস্যার সৃষ্টি হয়? ব্যাখ্যা কর। ২
গ. যদি উদ্দীপকের জনাব চৌধুরী B কোম্পানিতে বিনিয়োগ করেন, তাহলে তা অর্থায়নের কোন নীতির সাথে সামঞ্জস্যপূর্ণ? ৩
ঘ. যদি চৌধুরী সাহেব উভয় কোম্পানিতে বিনিয়োগ করতেন, তাহলে তার বিনিয়োগ সিদ্ধান্তের যৌক্তিকতা অর্থায়নের নীতির আলোকে বিশ্লেষণ কর। ৪

২▸ মি. আজিম একজন সফল ব্যবসায়ী। তিনি বিভিন্ন খাতে, যেমন টেক্সটাইল, ভোগ্যপণ্য, ফার্মাসিউটিক্যাল, স্টীল ইত্যাদিতে বিনিয়োগ করেন। গত বছর তিনি একটি সিমেন্ট ফ্যাক্টরি প্রতিষ্ঠার চিন্তা করেছিলেন। ব্যবসা শুরু করার জন্য তার ৪ কোটি টাকা প্রয়োজন ছিল। তার নিয়োগকৃত আর্থিক ব্যবস্থাপক তাকে দ্রুত বিনিয়োগ ফেরত পাওয়া এবং মুনাফা সর্বোচ্চকরণের ব্যাপারে নজর দেওয়ার পরামর্শ দিলেন। কিন্তু মি. আজিম আর্থিক ব্যবস্থাপকের পরামর্শ গ্রহণ করেননি। তার মূল লক্ষ্য ছিল সম্পদ সর্বোচ্চকরণ, মুনাফা সর্বোচ্চকরণ নয়। তিনি এ লক্ষ্য অর্জনে প্রয়োজনে কিছু মুনাফা ত্যাগ করতেও প্রস্তুত ছিলেন।

ক. ব্যবসায় অর্থায়ন কী? ১
খ. অর্থায়নের সামাজিক দায়বদ্ধতা বলতে কী বোঝ? ২
গ. কোন নীতি অনুযায়ী মি. আজিম নতুন ব্যবসায় শুরু করতে চেয়েছিলেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. মি. আজিম কর্তৃক গৃহীত সম্পদ সর্বোচ্চকরণ সিদ্ধান্তটির সাথে তুমি কি একমত? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দেখাও। ৪

৩▸ সাজেদা এইচ.এস.সি পরীক্ষায় GPA-5 পেয়েছে। তার বাবা তাকে ১,০০,০০০ টাকা পুরস্কার হিসাবে দেওয়ার সিদ্ধান্ত নেয়। তার বাবা তাকে এই অর্থ গ্রহণ করার ২টি বিকল্প প্রস্তাব দেয়। বিকল্প দুটি নিম্নরূপ

বিকল্প-১ : সে ৫ বছর যাবত প্রতি বছরের শুরুতে যথাক্রমে ১০,০০০ টাকা, ১৫,০০০ টাকা, ২০,০০০ টাকা, ২৫,০০০ টাকা এবং ৩০,০০০ টাকা পাবে।

বিকল্প-২ : সে ৫ বছর যাবত প্রতি বছর শেষে ২০,০০০ টাকা করে পাবে। সুযোগ ব্যয় ১০%।

ক. অর্থের ভবিষ্যৎ মূল্য কী? ১
খ. প্রকৃত সুদের হার কী বুঝিয়ে লেখ। ২
গ. বিকল্প-১ এর ভবিষ্যৎ মূল্য নির্ণয় কর। ৩
ঘ. কোন বিকল্পটি সাজেদার গ্রহণ করা উচিত? বর্তমান মূল্য বিবেচনা করে তোমার মতামত দাও। ৪

৪▸ জনাব সাজু ফেরারি কোম্পানির গাড়ি ক্রয়ের সিদ্ধান্ত নিয়েছে। গাড়ির মূল্য ৩০,০০,০০০ টাকা। বর্তমানে ৬,০০,০০০ টাকা ডাউন পেমেন্ট হিসেবে পরিশোধ করে বাকি টাকা ৪৮ মাসের কিস্তিতে (৪ বছরে) সে গাড়িটি ক্রয় করতে পারে। বার্ষিক সুদের হার ১২%। অন্যদিকে একটি লিজিং কোম্পানি হতে ঋণগ্রহণ করে গাড়িটি ক্রয় করলে আগামী ৪ বছরে প্রতি মাসে ৭০,০০০ টাকা করে কিস্তি পরিশোধ করতে হবে। সাজুর সুযোগ ব্যয়ের হার ১৬%।

ক. কার্যকরী সুদের হার নির্ণয়ের সূত্রটি লেখ। ১
খ. অনিশ্চয়তা কীভাবে অর্থের সময় পছন্দকে প্রভাবিত করে তা ব্যাখ্যা কর। ২
গ. জনাব সাজুর মাসিক কিস্তির পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. জনাব সাজুর কীভাবে গাড়িটি ক্রয় করা উচিত? যুক্তিসহ উত্তর দাও। ৪

৫▸ জনাব আদনান সাহেব ৫ বছর পর একটি বাড়ি নির্মাণ করতে চান। এ জন্য ৫ বছর পর তার ২০,০০,০০০ টাকা প্রয়োজন। তাই তিনি সঞ্চয়ের পরিকল্পনা করলেন। এবি ব্যাংকের ব্যবস্থাপক তাকে তিনটি প্রকল্প প্রস্তাব দিয়েছেন। প্রথম প্রস্তাব অনুযায়ী তিনি প্রতি মাসের শুরুতে ১২% সুদে ২৫,০০০ টাকা করে জমা করবেন। দ্বিতীয় প্রস্তাব অনুযায়ী প্রতি মাসের শেষে ১১% সুদে ২৬,০০০ টাকা করে জমা করবেন। তৃতীয় প্রস্তাব অনুযায়ী এককালীন ১০,০০,০০০ টাকা জমা রাখলে ৫ বছর পর ২০,০০,০০০ টাকা পাবেন।

ক. বাট্টাকরণ কী? ১
খ. সাধারণ বৃত্তির তুলনায় অগ্রিম বৃত্তির ক্ষেত্রে অর্থের ভবিষ্যৎ মূল্য বেশি হয়- ব্যাখ্যা কর। ২
গ. তৃতীয় বিকল্প অনুযায়ী সুদের হার নির্ণয় কর। ৩
ঘ. জনাব আদনান সাহেব কোন বিকল্পটি গ্রহণ করে বাড়ি নির্মাণে অধিকতর লাভবান হবেন? তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

৬▸ জনাব শামীম একজন ব্যাংকার। তিনি বিভিন্ন কোম্পানির শেয়ার ও বন্ডে বিনিয়োগ করতে চান। নিম্নে বিভিন্ন কোম্পানি কর্তৃক ইস্যুকৃত বন্ডের বিবরণ দেওয়া হলো।

১. ABC Ltd. প্রতিটি ৩,০০০ টাকা মূল্যের ৭ বছর মেয়াদি বন্ড ইস্যু করেছে। কুপন রেট ১২%। প্রয়োজনীয় আয়ের হার ১৪%। সুদ অর্ধবার্ষিক ভিত্তিতে পরিশোধ করা হয়।
২. PQR Ltd. প্রতিটি ৩,০০০ টাকা মূল্যের চিরস্থায়ী বন্ড ইস্যু করেছে। কুপন রেট ১২% এবং প্রয়োজনীয় আয়ের হার ১৪%। বর্তমান বাজারমূল্য ২,৮০০ টাকা।
৩. XYZ Ltd. প্রতিটি ৩,০০০ টাকা মূল্যের জিরো কুপন ইস্যু করেছে। মেয়াদকাল ৭ বছর। প্রয়োজনীয় আয়ের হার ১৪%। বর্তমান বাজারমূল্য ১,১০০ টাকা।

ক. চলতি ইল্ড কী? ১
খ. শেয়ারপ্রতি লভ্যাংশ কীভাবে বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণের সাথে সম্পর্কিত ব্যাখ্য কর। ২
গ. ABC Ltd বন্ডের বর্তমান মূল্য নির্ণয় কর। ৩
ঘ. PQR Ltd ও XYZ Ltd এর মধ্যে জনাব শামীমের কোন কোম্পানির বন্ডে বিনিয়োগ করা উচিত তা মূল্যায়ন কর। ৪

৭▸ জনাব নাফিস কেয়া কস্‌মেটিকস্ এর ব্যবস্থাপক। তিনি তিনটি কোম্পানির বন্ডে বিনিয়োগ করতে চান। উক্ত বন্ডসমূহের বিবরণ নিম্নে দেওয়া হলো :

১. অলিম্পিক লি. এর ১০ বছর মেয়াদি বন্ড যার লিখিত মূল্য ১,০০০ টাকা। কুপন রেট ১২%। ৩ বছর পর বন্ডটি ১,০৪০ টাকা মূল্যে তলব করা হতে পারে। বর্তমানে বন্ডটি বাজারে বিক্রি হচ্ছে ১,০৮৫ টাকায়।
২. এসিআই কোম্পানির ১২%, ১০ বছর মেয়াদি বন্ড যার বর্তমান বাজারমূল্য ৯৭৫ টাকা, লিখিত মূল্য ১,০০০ টাকা।
৩. বিডি কোম্পানির ৯%, ৫ বছর মেয়াদি বন্ড যার বর্তমার বাজারমূল্য ১,২০০ টাকা। লিখিত মূল্য ১,০০০ টাকা।

জনাব নাফিস বিনিয়োগ হতে মেয়াদপূর্তিতে সর্বোচ্চ আয়ের হার নিশ্চিত করতে চান।

ক. কুপন রেট কী? ১
খ. বন্ডের প্রয়োজনীয় আয়ের হার পরিবর্তনের ফলে এর অন্তর্নিহিত মূল্যের উপর কী প্রভাব পড়বে? ২
গ. অলিম্পিক লি. কোম্পানির বন্ডের ইল্ড টু কল নির্ণয় কর। ৩
ঘ. জনাব নাফিসের এসিআই কোম্পানি ও বিডি কোম্পানির বন্ডের মধ্যে কোন কোম্পানিতে বিনিয়োগ করা উচিত? যুক্তিসহ উত্তর দাও। ৪

৮▸ কর্ণফুলি লি. এর আর্থিক ব্যবস্থাপক বিনিয়োগের উদ্দেশ্যে নিম্নোক্ত দুটি প্রকল্প বিবেচনা করেছেন :

বিবরণ	প্রকল্প A	প্রকল্প B
প্রারম্ভিক বিনিয়োগ	১,৫০,০০০ টাকা	১,৫০,০০০ টাকা
বছর	কর-পরবর্তী মুনাফা টাকা	কর-পরবর্তী মুনাফা
১	১৫,০০০	২৫,০০০
২	১৫,০০০	১৬,০০০
৩	১৫,০০০	১৭,০০০
৪	১৫,০০০	৮,০০০
পে-ব্যাক সময়	২.৮৬ বছর	-

কোম্পানির আর্থিক ব্যবস্থাপক উভয় প্রকল্পের বার্ষিক অবচয় নির্ধারণ করেন ৩৭,৫০০ টাকা। তিনি দ্রুততম সময়ে মূলধন ফেরত পাওয়ার বিষয়টি বিবেচনা করে প্রকল্প-B নির্বাচন করেন।

ক. মূলধন রেশনিং কী? ১
খ. পরস্পর বর্জনশীল প্রকল্পের ক্ষেত্রে কীভাবে বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ করা হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত প্রকল্প-A এর গড় মুনাফার হার নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত আর্থিক ব্যবস্থাপক যে বিনিয়োগ সিদ্ধান্ত নিয়েছেন তার যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৯▸ মোহাম্মদীয়া কোম্পানির করপূর্ববর্তী নগদ আন্তঃপ্রবাহ ও বিনিয়োগ নিম্নরূপ :

বিনিয়োগ	করপূর্ববর্তী আন্তঃপ্রবাহ				
	১ম বছর	২য় বছর	৩য় বছর	৪র্থ বছর	৫ম বছর
১,০০,০০০	৩০,০০০	৪০,০০০	৩৫,০০০	৫৫,০০০	২৫,০০০

কর হার ২৫% এবং বাট্টা হার ১০%। প্রতিষ্ঠানটি সরলরৈখিক পদ্ধতিতে অবচয় হিসাব করে।

ক. গড় উপার্জন হার কী? ১
খ. "বাট্টাকৃত নগদ প্রবাহ পদ্ধতি গতানুগতিক পদ্ধতি অপেক্ষা শ্রেয়"– ব্যাখ্যা কর। ২
গ. মোহাম্মদীয়া কোম্পানির নিট বর্তমান মূল্য নির্ণয় কর। ৩
ঘ. অভ্যন্তরীণ উপার্জন হারের ভিত্তিতে মোহাম্মদীয়া কোম্পানির বিনিয়োগ সিদ্ধান্তটি মূল্যায়ন কর। ৪

১০▸ জনাব রায়হান প্রকল্প-ক বা প্রকল্প-খ-তে বিনিয়োগের কথা ভাবছেন। প্রকল্প দুটির তথ্যাদি নিম্নরূপ :

অর্থনৈতিক অবস্থা	সম্ভাবনার মাত্রা	আয়ের হার	
		প্রকল্প-ক	প্রকল্প-খ
চাঙ্গা	০.৩০	১৮%	২২%
স্বাভাবিক	০.৫০	১৪%	১৭%
মন্দা	০.২০	১০%	৯%

ক. খাঁটি ঝুঁকি কী? ১
খ. ঋণ মূলধন ব্যবহারের মাধ্যমে কোন ধরনের ঝুঁকির সৃষ্টি হয়? ব্যাখ্যা কর। ২
গ. প্রকল্প-ক এর বিভেদাংক নির্ণয় কর। ৩
ঘ. জনাব রায়হানের কোন প্রকল্পটিতে বিনিয়োগ করা অধিকতর যুক্তিযুক্ত? মতামত বিশ্লেষণ কর। ৪

১১▸ মি. আলী মূলধন বাজারে বিনিয়োগ করতে আগ্রহী। প্রয়োজনীয় তথ্য নিম্নরূপ :

সিকিউরিটিজ	বিনিয়োগ	আয়ের হার	আদর্শ বিচ্যুতি	সহ-সম্বন্ধ
X	৪০,০০০	১২%	৮%	০.৮০
Y	৬০,০০০	১০%	৬%	

ক. অনিশ্চয়তা কী? ১
খ. তারল্য ঝুঁকি কীভাবে সৃষ্টি হয়? ২
গ. মি. আলীর পোর্টফোলিও আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. পোর্টফোলিও আদর্শ বিচ্যুতি নির্ণয় করে পোর্টফোলিও বিনিয়োগের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

সিলেট সরকারি কলেজ

বিষয় কোড : 2 9 2

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ◉ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▸ সুরমা কোম্পানি লি. চার বছর মেয়াদি একটি প্রকল্পে বিনিয়োগের সিদ্ধান্ত নেয়। প্রকল্পটির নগদ আন্তঃপ্রবাহ ও অন্যান্য তথ্য নিম্নরূপ :

প্রাথমিক বিনিয়োগ	বছর-১	বছর-২	বছর-৩	বছর-৪
২,০০,০০০	৬০,০০০	৭০,০০০	৮০,০০০	৭৬,০০০

বাট্টার হার ৮%।

ক. স্বাধীন প্রকল্প কী? ১

খ. মূলধন রেশনিং কেন করা হয়? ২

গ. প্রকল্পটির নিট বর্তমান মূল্য নির্ণয় কর। ৩

ঘ. অভ্যন্তরীণ আয়ের হারের (IRR) ভিত্তিতে সুরমা কোম্পানির বিনিয়োগ সিদ্ধান্ত মূল্যায়ন কর। ৪

২▸ কুশিয়ারা কোম্পানি একটি নতুন মেশিন ৫,০০,০০০ টাকার ক্রয় করে। মেশিনটির আয়ুষ্কাল ৫ বছর এবং কোনো ভগ্নাবশেষ মূল্য নেই। কোম্পানির করের হার ৪০%।

বছর	১	২	৩	৪	৫
নগদ আন্তঃপ্রবাহ	১,০০,০০০	১,১০,০০০	১,৪০,০০০	১,৫০,০০০	২,৫০,০০০

ক. মূলধন বাজেটিং কী? ১

খ. পরস্পর বর্জনশীল প্রকল্প বলতে কী বোঝায়? ২

গ. কুশিয়ারা কোম্পানির গড় মুনাফার হার (ARR) নির্ণয় কর। ৩

ঘ. যদি বাট্টার হার ১০% হয়, তাহলে নিট বর্তমান মূল্যের (NPV) ভিত্তিতে মেশিনটি ক্রয় করা উচিত কি না? বিবেচনা কর। ৪

৩▸ জনাব জায়ান একজন বিনিয়োগকারী। তিনি বিনিয়োগের জন্য যে দুটি সিকিউরিটি চিহ্নিত করেছেন তা নিম্নরূপ :

বছর	আয়ের হার	
	সিকিউরিটি-A	সিকিউরিটি-B
২০১৯	৩০%	২৫%
২০২০	২০%	৩৫%
২০২১	১৫%	৪৫%

জায়ান কোম্পানির বিটার মান ১.৮। ট্রেজারি বিলের আয়ের হার ৯%। বাজার আয়ের হার ১৮%।

ক. ঝুঁকি কী? ১

খ. বাজার ঝুঁকিকে কেন অপরিহারযোগ্য ঝুঁকি বলা হয়? ২

গ. জায়ান কোম্পানির প্রত্যাশিত আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. জনাব জায়ানের কোন সিকিউরিটিতে বিনিয়োগ করা উত্তম? গাণিতিক বিশ্লেষণ কর। ৪

৪▸ জনাব রায়হান একটি প্রকল্পে বিনিয়োগের চিন্তা-ভাবনা করছেন। কোম্পানির তথ্য নিম্নরূপ :

অর্থনৈতিক অবস্থা	সম্ভাবনা	আয়ের হার (%)	
		প্রকল্প-P	প্রকল্প-Q
ভালো	০.৪০	১২%	১০%
মন্দ	০.২৫	৪%	৬%
স্বাভাবিক	০.৩৫	৯%	৮%

ক. আর্থিক ঝুঁকি কী? ১

খ. পোর্টফোলিও কেন গঠন করা হয়? ২

গ. প্রকল্প-P এর পরিমিত ব্যবধান নির্ণয় কর। ৩

ঘ. জনাব রায়হানের কোন প্রকল্পে বিনিয়োগ করা উচিত? বিশ্লেষণ কর। ৪

৫▸ মি. সুমন মূলধন বাজারে বিনিয়োগ করতে আগ্রহী? প্রয়োজনীয় তথ্য নিম্নরূপ :

সিকিউরিটিজ	বিনিয়োগ	আয়ের হার	আদর্শ বিচ্যুতি	সহ-সম্বন্ধ
X	৪০,০০০	১২%	৮%	০.৮০
Y	৬০,০০০	১০%	৬%	

ক. অনিশ্চয়তা কী? ১

খ. তারল্য ঝুঁকি কীভাবে সৃষ্টি হয়? ২

গ. মি. সুমনের পোর্টফোলিও আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. পোর্টফোলিও আদর্শ বিচ্যুতি নির্ণয় করে পোর্টফোলিও বিনিয়োগের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৬▸ জামার ও কামাল দুই জনই প্রতিষ্ঠিত ব্যবসায়ী। জনাব জামাল শুধু জাহাজ ভাঙা ব্যবসায়ে যুক্ত। অপরদিকে, জনাব কামাল পুরাতন জাহাজ ব্যবসায়ের পাশাপাশি গার্মেন্টস ব্যবসায়ে যুক্ত। কারণ জনাব কামাল মনে করেন, লোহার ব্যবসায় কোনো কারণে যদি ক্ষতি হয় তবে গার্মেন্টস ব্যবসায়ের মুনাফার দ্বারা সেই ক্ষতি পূরণ করা যাবে। কিন্তু জনাব জামাল বেশি মুনাফার আশায় সর্বদা নগদ অর্থ হাতে কম রেখে বেশি বিনিয়োগ করেন।

ক. ব্যবসায় অর্থায়ন কী? ১

খ. তারল্য বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২

গ. জনাব কামাল বিনিয়োগের ক্ষেত্রে কোন নীতি অনুসরণ করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব জামালের বেশি অর্থ বিনিয়োগ তার ব্যবসায়ে কী প্রভাব ফেলতে পারে? তা বিশ্লেষণ কর। ৪

৭▸ জনাব রহমান ৫,০০,০০০ টাকা ৭ বছরের জন্য ব্যাংকে জমা রাখতে চান। 'সুরমা' ব্যাংক তাকে ১০% হারে বার্ষিক চক্রবৃদ্ধি সুদ দিবে। অপরদিকে, 'ইছামতি' ব্যাংক তাকে ৮% হারে মাসিক চক্রবৃদ্ধি সুদ প্রদানের প্রস্তাব দেয়।

ক. অর্থের সময়মূল্য কী? ১

খ. সাধারণ বার্ষিক বৃত্তি বলতে কী বোঝায়? ২

গ. মেয়াদ শেষে জনাব রহমান সুরমা ব্যাংক থেকে কত টাকা পাবেন? ৩

ঘ. জনাব রহমানের কোন ব্যাংকে টাকা জমা রাখা বেশি লাভজনক হবে? ব্যাখ্যা কর। ৪

৮▸ জনাব হানিফ সোনালি ব্যাংক লি. থেকে বার্ষিক ১২% সুদে ৫,০০,০০০ টাকা ঋণ নেন। আগামী ৫ বছর প্রতি বছরের শেষে তিনি ঋণের কিস্তি পরিশোধ করবেন।

ক. ভবিষ্যৎ মূল্য কী? ১

খ. ঋণসূচি বলতে কী বোঝায়? ২

গ. জনাব হানিফের ঋণের কিস্তির পরিমাণ নির্ণয় কর। ৩

ঘ. বছরের শুরুতে কিস্তি পরিশোধ করলে কিস্তির পরিমাণের উপর কী প্রভাব পড়বে? সে সম্পর্কে তোমার মতামত দাও। ৪

৯▸ সুলেখা কোম্পানি বার্ষিক ১৬% কুপন সুদে প্রতিটির লিখিত মূল্য ১,০০০ টাকার বন্ড ইস্যু করে। উক্ত বন্ড ১০ বছরের জন্য ইস্যু করা হয়। কোম্পানির প্রয়োজনীয় আয়ের হার ১২%।

ক. বন্ড কী? ১

খ. অগ্রাধিকার শেয়ারকে কেন হাইব্রিড সিকিউরিটি বলা হয়? ২

গ. যদি সুদ বার্ষিক ভিত্তিতে প্রদান করা হয়, তাহলে বন্ডের বর্তমান মূল্য কত হবে? ৩

ঘ. অর্ধ-বার্ষিক ভিত্তিতে সুদ প্রদান করলে, বন্ডের বর্তমান মূল্যের কী প্রভাব পড়বে? বিশ্লেষণ কর। ৪

১০▸ জনাব সাজ্জাদ বর্তমানে অবসরে গিয়ে কিছু টাকা পেয়েছেন। এই অর্থ তিনি শেয়ারবাজারে বিনিয়োগ করতে আগ্রহী। কিন্তু তিনি বেশি ঝুঁকি নিতে চান না। তাই শেয়ারবাজারে ১০০ টাকার অভিহিত মূল্যের দুটি বন্ডের কথা বিবেচনা করেন। নিচে বন্ড দুটির তথ্য প্রদান করা হলো–

বন্ড	কুপন হার	বাজারমূল্য	মেয়াদ
A	১৩%	১১৯ টাকা	৮ বছর
B	১১%	৮০ টাকা	–

ক. জাংক বন্ড কী? ১

খ. ট্রেজারি বন্ডের আয়ের হারকে কেন ঝুঁকিমুক্ত আয়ের হার বলা হয়? ২

গ. 'A' বন্ডের মেয়াদপূর্তিতে আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. অন্তর্নিহিত মূল্যের ভিত্তিতে জনাব সাজ্জাদের জন্য কোন বন্ডে বিনিয়োগ করা উচিত? ব্যাখ্যা কর। ৪

১১▸ পদ্মা কোম্পানি একটি নতুন প্রকল্পে ৭,০০,০০০ টাকা বিনিয়োগ করতে চায়। কোম্পানির মূলধন ব্যয় ১০% এবং কর্পোরেট কর হার ৪০%। প্রকল্প থেকে আগামী ৫ বছর যাবৎ কর পূর্ববর্তী নগদ প্রবাহ নিম্নলিখিতভাবে আসবে বলে ধারণা করা হচ্ছে।

বছর	করপূর্ববর্তী নগদ প্রবাহ
১	১,৪০,০০০ টাকা
২	২,১০,০০০ টাকা
৩	৩,২০,০০০ টাকা
৪	৩,০০,০০০ টাকা
৫	২,১০,০০০ টাকা

ক. মূলধন বাজেটিং কী? ১

খ. প্রকল্পের মূল্যায়ন বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে উল্লিখিত প্রকল্পটির গড় উপার্জন হার (ARR) নির্ণয় কর। ৩

ঘ. নিট বর্তমান মূল্যের আলোকে (NPV) উক্ত প্রকল্পে বিনিয়োগ সিদ্ধান্ত কতটুকু যুক্তিযুক্ত বলে তুমি মনে কর? ৪

ভোলা সরকারি কলেজ

বিষয় কোড : 2 9 2

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▸ নিচে দু'টি কোম্পানির তথ্য সন্নিবেশ করা হলো :

কোম্পনি	শেয়ারপ্রতি আয়			শেয়ারপ্রতি বাজারমূল্য		
	১ম বছর	২য় বছর	৩য় বছর	১ম বছর	২য় বছর	৩য় বছর
a	২০	২৭	৪০	২০০	২০০	১৯০
b	২০	২০	২০	২২০	২৫০	২৭০

ক. অর্থায়ন কী? ১

খ. তারল্য ও মুনাফার মধ্যে ইতিবাচক সম্পর্ক, ব্যাখ্যা কর। ২

গ. কোম্পানির a অর্থায়নের কোন লক্ষটি পূরণ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সম্পদ সর্বাধিকরণের লক্ষ্য বিবেচনায় কোন কোম্পানিতে বিনিয়োগ করা উচিত? বিশ্লেষণ কর। ৪

২▸ খেলনা উৎপাদনকারী প্রতিষ্ঠানের ব্যবস্থাপক শিমুল ব্যবসা সম্প্রসারণের জন্য নতুন তিনটি বিনিয়োগ ক্ষেত্র চিহ্নিত করেছেন। সেগুলো বারবিডল, মিকিমাউস ও টমক্যাট। প্রকল্পে বিনিয়োগের জন্য জনাব শিমুল ১৩% চক্রবৃদ্ধি মুনাফায় ১০ বছরের জন্য ৩০ লক্ষ টাকা 'ক' ব্যাংক হতে ঋণ করেন। তিনি ঋণকৃত টাকা টমক্যাট প্রকল্পে বিনিয়োগের জন্য প্রস্তাব করেন। পরিচালনা পর্ষদ সে প্রস্তাব প্রত্যাখ্যান করে তিনটি প্রকল্পেই বিনিয়োগের সিদ্ধান্ত গ্রহণ করেন।

ক. তারল্য কী? ১

খ. ঝুঁকি ও মুনাফার সম্পর্ক ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত জনাব শিমুল অর্থায়নের কোন উৎস অর্থ সংগ্রহ করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. শিমুলের প্রস্তাব প্রত্যাখ্যান করে অর্থায়নের যে নীতি গ্রহণের সিদ্ধান্ত হয়েছে তার যৌক্তিকতা আলোচনা কর। ৪

৩▸ জনাব মেসির ১০,০০,০০০ টাকা ১০ বছরের জন্য বিনিয়োগের উদ্দেশ্যে মূলধন বাজারে গিয়ে দুইটি সিকিউরিটি পছন্দ করলেন। একটি ১২% কুপন সুদের ৪,০০০ টাকা মূল্যের ঋণপত্র এবং প্রত্যাশিত আয়ের হার ১৩%। অপরটি ৪,০০০ টাকা মূল্যের ১৩% অগ্রাধিকার শেয়ার এবং এখানে প্রত্যাশিত আয়ের হার ১২%।

ক. অগ্রাধিকার শেয়ার কী? ১

খ. ট্রেজারি বন্ডকে ঝুঁকিমুক্ত সিকিউরিটি বলা হয় কেন? ২

গ. উদ্দীপকের ঋণপত্রের প্রকৃত মূল্য কত? ৩

ঘ. জনাব মেসির কোন সিকিউরিটিতে বিনিয়োগ করা উচিত হবে? যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪

৪▸ জনাব রোজারিও একটি প্রতিষ্ঠানের আর্থিক ব্যবস্থাপক। প্রতিষ্ঠানের বিটার মান ১.৫, বাজার আয়ের হার ১৬% এবং ঝুঁকিমুক্ত আয়ের হার ৮%। জনাব রোজারিও ব্যক্তিগতভাবে আর্থিক বাজারে বিনিয়োগ করে থাকেন। তিনি ঝুঁকি হ্রাসের জন্য একের অধিক সিকিউরিটিতে বিনিয়োগ করতে আগ্রহী। তার বিনিয়োগকৃত সিকিউরিটিগুলোর তথ্য নিম্নরূপ :

	সিকিউরিটি অ	সিকিউরিটি ই
প্রত্যাশিত আয়ের হার	১৪%	১৬%
পরিমিত ব্যবধান	৪%	৪.৩৫%
ভার	৪০%	৬০%
সিকিউরিটির সহসম্বন্ধ	–০.৮৫	

ক. অনিশ্চয়তা কী? ১

খ. আয় ও ঝুঁকির মধ্যে কোন ধরনের সম্পর্ক রয়েছে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত আর্থিক প্রতিষ্ঠানের প্রয়োজনীয় আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে জনাব রোজারিও বিনিয়োগ সিদ্ধান্ত ঝুঁকি হ্রাসে সহায়ক কিনা– মূল্যায়ন কর। ৪

৫▸ আকাশ ফুডস লি. এবং শিশির ফুডস লিমিটেডের বিগত ৩ বছরের আয়ের হার নিম্নরূপ :

প্রকল্প/বছর		২০১৫	২০১৬
আকাশ ফুডস লি.	১২%	১২%	১৪%
শিশির ফুডস লি.	১৫%	–০৩%	১৮%

ক. আদর্শ বিচ্যুতি কী? ১

খ. বাজার ঝুঁকিকে কেন অপরিহারযোগ্য ঝুঁকি বলা হয়? ব্যাখ্যা কর। ২

গ. আকাশ ফুডস লি. এর আয়ের আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩

ঘ. ঝুঁকির মাত্রা বিবেচনা করে কোন কোম্পানিতে বিনিয়োগ করা যুক্তিযুক্ত হবে? মূল্যায়ন কর। ৪

৬▸ বিগত তিন বছর ধরে শীতলক্ষ্যা ও কর্ণফুলী কোম্পানির আয়ের হার নিম্নরূপ :
শীতলক্ষ্যা : ১২%, ১০%, ১৪%।
কর্ণফুলী : ২০%, ৮%, ১১%।
অধিক ঝুঁকি নিতে আগ্রহী নয় বলে জনাব রিয়াজ উভয় কোম্পানিতে সমান বিনিয়োগের সিদ্ধান্ত গ্রহণ করেন।

ক. সম্ভাবনা কী? ১

খ. ঝুঁকি ও অনিশ্চয়তার মধ্যে সম্পর্ক কীরূপ? ব্যাখ্যা কর। ২

গ. শীতলক্ষ্যা কোম্পানির আয়ের আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩

ঘ. বিভেদাঙ্কের ভিত্তিতে জনাব রিয়াজের সিদ্ধান্তটি মূল্যায়ন কর। ৪

৭▸ মি. হিরা ১,০০,০০০ টাকা বিনিয়োগ করতে ইচ্ছুক। তাহার কাছে A ও B নামে দুইটি পরস্পর বর্জনশীল প্রকল্প রয়েছে।

প্রকল্প দুটি হতে ৫ বছরে অবচয় ও করপরবর্তী নগদ প্রবাহ হবে–

বছর	A-প্রকল্প	B-প্রকল্প
১	৪০,০০০/-	২৫,০০০/-
২	৩৫,০০০/-	৪০,০০০/-
৩	৩০,০০০/-	৩০,০০০/-
৪	২০,০০০/-	৩৫,০০০/-
৫	১৫,০০০/-	১৫,০০০/-

ক. মূলধন রেশনিং কী? ১

খ. প্রকল্প পুনর্মূল্যায়ন করা হয় কেন? ২

গ. উদ্দীপক অনুযায়ী প্রকল্প-A এর পরিশোধকাল নির্ণয় কর। ৩

ঘ. বাট্টাকৃত নগদ প্রবাহের ভিত্তিতে কোন প্রকল্পটি মি. হিরার গ্রহণ করা উচিত? মতামতসহ বিশ্লেষণ কর। ৪

৮▸ সিগমা লি. শেয়ার ইস্যু করে নতুন প্রকল্পের জন্য মূলধন সংগ্রহের সিদ্ধান্ত নেয়। কোম্পানি শেয়ারপ্রতি লভ্যাংশ ২০ টাকা, প্রত্যাশিত প্রবৃদ্ধির হার ৮% ও উপার্জন হার ১০% ঘোষণা করে। পক্ষান্তরে, হাইটেক লি. শেয়ার ইস্যুর পরিবর্তে বন্ড বিক্রি করে নতুন প্রকল্পের জন্য মূলধন সংগ্রহের সিদ্ধান্ত নেয়। কোম্পানি ১,০০০ টাকা মূল্যের বন্ড ইস্যু করে। প্রতিটি বন্ডের বাজারমূল্য ৮০০ টাকা, কুপন হার ৬০% এবং মেয়াদকাল ৫ বছর।

ক. কর্পোরেট বন্ড কী? ১

খ. অগ্রাধিকার শেয়ার হলো নিশ্চিত নিরাপদ আয়ের উৎস– ব্যাখ্যা কর। ২

গ. সিগমা কোং লিমিটেডের প্রতিটি শেয়ারের মূল্য কত? ৩

ঘ. জনাব জামান একজন বিনিয়োগকারী। তিনি বিনিয়োগ করতে চাইলে কোন কোম্পানিতে বিনিয়োগ করবেন? উদ্দীপকের আলোকে তা বিশ্লেষণ কর। ৪

৯▸ জনাব সাকিব একজন সরকারি কর্মচারী। তিনি দিনাজপুর শহরের সুইহারী এলাকায় ২০,০০,০০০ টাকায় একটি জমি ক্রয় করতে ইচ্ছুক। তাই তিনি ১০% সুদে বার্ষিক কিস্তিতে ৪ বছরের জন্য আস্থা ব্যাংক থেকে ঋণ গ্রহণের প্রস্তাব দেয়। যাহার প্রথম কিস্তি পরবর্তী মাসের ঋণ গ্রহণের তারিখ পরিশোধ করতে হবে।

ক. অগ্রিম অ্যানুইটি কী? ১

খ. বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণে কেন অর্থের সময়মূল্য বিবেচনা করতে হয়? ২

গ. উদ্দীপক অনুযায়ী জনাব সাকিব প্রতিবারে কী পরিমাণ অর্থ আস্থা ব্যাংককে পরিশোধ করবে? ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত জনাব রাকিবের ঋণের প্রতিটি কিস্তির সুদ ও আসলের পরিমাণ নির্ণয় কর। ৪

১০▸ জনাব অপু তার পুরাতন গাড়ি বিক্রি করে ৫,০০,০০০ টাকা পেলেন যা গড়াই ব্যাংকে ১০ বছরের জন্য স্থায়ী হিসাব খুলে জমা রাখার সিদ্ধান্ত নিলেন। তিনি জানতে পারলেন, পদ্মা ব্যাংকে জমা রাখলে ৫ বছর শেষে ৭,০০,০০০ টাকা পাবেন এবং গড়াই ব্যাংকে রাখলে ৪ বছর শেষে ৬,৫০,০০০ টাকা পাবেন।

ক. মিশ্র নগদ প্রবাহ কী? ১

খ. বাট্টাকরণ পদ্ধতি ও চক্রবৃদ্ধিকরণ পদ্ধতির মধ্যে কী কোনো সম্পর্ক আছে, ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে পদ্মা ব্যাংকের সুদের হার কত? ৩

ঘ. জনাব অপুর কোন ব্যাংকে হিসাব খোলা অধিক যুক্তিসংগত হবে বলে তুমি মনে কর? সুদের হারের ভিত্তিতে বিশ্লেষণ কর। ৪

১১▸ জনাব আকরাম ৫ বছর পর একটি মোটরসাইকেল কিনতে ইচ্ছুক। ৫ বছর পর মোটরসাইকেলটির বাজারমূল্য হবে ১,৫০,০০০ টাকা। তার বাবা এই লক্ষ্যে সোনালী ব্যাংকে ৭০,০০০ টাকা এখন জমা রাখতে চায়। সোনালী ব্যাংক ১২% সুদ দেয়, যা মাসিক ভিত্তিতে চক্রবৃদ্ধিকরণ করা হয়।

ক. বৃত্তি কী? ১

খ. ৬৯ বিধিটি বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের আলোকে কার্যকরী সুদের হার নির্ণয় কর। ৩

ঘ. মেয়াদ শেষে জনাব আকরাম কী মোটরসাইকেলটি কিনতে সক্ষম হবে? গাণিতিভাবে যুক্তি প্রদর্শন কর। ৪

দিনাজপুর সরকারি কলেজ

বিষয় কোড : 2 9 2

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▸ সোহাগ ৫ বছর পর একটি মোটরসাইকেল কিনতে ইচ্ছুক। ৫ বছর পর মোটরসাইকেলটির বাজারমূল্য হবে ১,৫০,০০০ টাকা। তার বাবা এই লক্ষ্যে জনতা ব্যাংক পিএলসি এ ৭০,০০০ টাকা এখন জমা রাখতে চায়। জনতা ব্যাংক পিএলসি ১২% সুদ দেয় যা মাসিক ভিত্তিতে চক্রবৃদ্ধিকরণ কর হয়।

ক. বৃত্তি কী? ১

খ. '৬৯ বিধিটি' বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের আলোকে কার্যকরী সুদের হার নির্ণয় কর। ৩

ঘ. মেয়াদ শেষে সোহাগ কী মোটরসাইকেলটি কিনতে সক্ষম হবে? গাণিতিকভাবে যুক্তি প্রদর্শন কর। ৪

২▸ পদ্মা পিএলসি একটি পোশাক প্রস্তুতকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি বুড়িগঙ্গা নদীর তীরে অবস্থিত। প্রতিষ্ঠানটির বর্জ্য ও দূষিত পানি নদীতে পড়ায় পানি, বায়ু ও মাটি দূষিত হয়ে পরিবেশের ক্ষতি করেছে। পরিবেশ রক্ষার জন্য প্রতিষ্ঠানটির কর্তৃপক্ষ একটি পানি পরিশোধন যন্ত্র ক্রয় করার সিদ্ধান্ত নিয়েছে। যন্ত্রটি ক্রয় করার জন্য ১০ কোটি টাকার প্রয়োজন এবং এর আয়ুষ্কাল ২০ বছর। প্রতিষ্ঠানটি সরকারকে যথারীতি কর প্রদান করে ও নদীর তীরে বনায়ন প্রকল্প হাতে নেয়।

ক. অর্থায়ন কী? ১

খ. পোর্টফোলিও নীতি কেন গ্রহণ করা হয়? ব্যাখ্যা কর। ২

গ. প্রতিষ্ঠানটির পানি পরিশোধনকারী যন্ত্র ক্রয় অর্থায়নের কোন কার্যাবলির অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত পদ্মা পিএলসি এর কার্যক্রম অর্থায়নের কোন ধারণার সাথে সম্পৃক্ত? বিশ্লেষণ কর। ৪

৩▸ জনাব শাহীন অবসর ভাতা বাবদ ২,০০,০০০ টাকা পেলেন। উক্ত টাকা তিনি ৫ বছরের জন্য রূপালী ব্যাংক পিএলসি এ জমা রাখলে, রূপালী ব্যাংক পিএলসি তাকে ৩,৭০,০০০ টাকা দেওয়ার প্রস্তাব করে। অন্যদিকে, সোনালী ব্যাংক পিএলসি ৮ বছরের জন্য জমা রাখলে, সোনালী ব্যাংক পিএলসি তাকে ৫,০০,০০০ টাকা দেওয়ার প্রস্তাব করে।

ক. অর্থের সময়মূল্য কী? ১

খ. '৭২ বিধি' বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে রূপালী ব্যাংক পিএলসি এর সুদের হার কত? ৩

ঘ. জনাব শাহীন সুদের হারের ভিত্তিতে কোন ব্যাংকে টাকা জমা রাখলে বেশি লাভবান হবেন? তোমার মতামত দাও। ৪

৪▸ জনাব রহিম এবং জনাব করিম দু'জনই পাইকারি ব্যবসা করেন। জনাব রহিম কাপড়ের ব্যবসা করেন। অন্যদিকে জনাব করিম একই সাথে কাপড় এবং জুতার ব্যবসা করেন। জনাব করিম মনে করেন একটি ব্যবসায় ক্ষতি হলে অন্য ব্যবসা দিয়ে যেন তা পুষিয়ে নেয়া যায়। জনাব রহিম বেশি মুনাফার আশায় হাতে অল্প কিছু নগদ অর্থ রেখে সম্পূর্ণ বিনিয়োগ করেন।

ক. মুনাফা সর্বাধিকরণ কী? ১

খ. তারল্য বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. জনাব করিম অর্থায়নের কোন নীতি অনুসরণ করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব রহিমের বিনিয়োগ সিদ্ধান্ত ব্যবসায়ে কী প্রভাব ফেলতে পারে? বিশ্লেষণ কর। ৪

৫▸ জনাব সাইফুদ্দিন তার অলস অর্থ বন্ডে বিনিয়োগ করতে চাইছেন। তিনি বন্ড বাজার অনুসন্ধান করে ২টি বন্ড নির্বাচন করেন। উভয় বন্ডের অভিহিত মূল্য ১,০০০ টাকা। প্রত্যাশিত আয়ের হার ১০%। বন্ড দু'টির তথ্য নিচে দেওয়া হলো :

বন্ড	কুপন সুদের হার	বাজারমূল্য	মেয়াদ	পরিপক্ব মূল্য
A	১২%	১,১০০ টাকা	–	১,০০০ টাকা
B	–	৬০০ টাকা	১২ বছর	১,৫০০ টাকা

ক. কুপন বন্ড কী? ১

খ. কার্যকরী মূলধন ধারণাটি আলোচনা কর। ২

গ. A বন্ডের চলতি আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. বন্ডের বর্তমান মূল্য বিবেচনায় জনাব সাইফুদ্দিনের কোন বন্ডে বিনিয়োগ করা উত্তম? বিশ্লেষণ কর। ৪

৬▸ যমুনা পিএলসি ১ জুলাই ২০২৫ তারিখে ৮ বছর মেয়াদি বন্ড বাজারে ছেড়েছে যার লিখিত মূল্য ২,০০০ টাকা। কুপন রেট ১৫%। বার্ষিক ভিত্তিতে সুদ প্রদান করে এবং বন্ড থেকে প্রয়োজনীয় আয় হার ১৬%।

ক. শেয়ার কী? ১

খ. মর্টগেজ বন্ড বলতে কী বোঝায়? ২

গ. যমুনা পিএলসি এর বন্ডের মূল্য নির্ণয় কর। ৩

ঘ. যদি আয়ের হার বৃদ্ধি পেয়ে ১৮% হয় এবং বন্ডের বাজারমূল্য ২,৪০০ টাকা হয় তখন বন্ডটি ক্রয়ের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৭▸ জনাব সুমন করতোয়া পিএলসি এর আর্থিক ব্যবস্থাপক। তিনি A ও B প্রকল্পের একটিতে বিনিয়োগ করবেন। তার প্রারম্ভিক মূলধন ৬০,০০০ টাকা। প্রকল্প দু'টির নগদ আন্তঃপ্রবাহ নিম্নরূপ :

প্রকল্প	বছর-১	বছর-২	বছর-৩	বছর-৪
A	৩০,০০০	২০,০০০	৩০,০০০	১৫,০০০
B	২৫,০০০	৩০,০০০	২০,০০০	১০,০০০

করতোয়া পিএলসি এর মূলধন ব্যয় ১০%। [যেখানে ১ টাকার বর্তমান মূল্য প্রথম বছর ০.৯০৯। দ্বিতীয় বছর ০.৮২৬। তৃতীয় বছর ০.৭৫১ এবং চতুর্থ বছর ০.৬৮৩]

ক. মূলধন বাজেটিং কী? ১

খ. মূলধন রেশনিং বলতে কী বোঝায়? ২

গ. B প্রকল্পের পরিশোধকাল নির্ণয় কর। ৩

ঘ. নিট বর্তমান মূল্য পদ্ধতি ব্যবহার করে কোন প্রকল্প গ্রহণ করবেন? তোমার মতামতের সপক্ষে যুক্তি দাও। ৪

৮▸ পদ্মা কোম্পানির ৩ বছরের নগদ আন্তঃপ্রবাহ যথাক্রমে ৪৪,০০০ টাকা, ৪৫,০০০ টাকা এবং ৬৫,০০০ টাকা। কর্পোরেট করের হার ৪০%। ভগ্নাবশেষ মূল্য ৫,০০০ টাকা এবং প্রারম্ভিক বিনিয়োগের পরিমাণ ৫০,০০০ টাকা। উল্লেখ্য যে, সুযোগ ব্যয়ের হার ১৮%।

ক. সুযোগ ব্যয় কী? ১

খ. পরস্পর বর্জনশীল প্রকল্প বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. পদ্মা কোম্পানির মূলধন ফেরতকাল নির্ণয় কর। ৩

ঘ. গড় আয়ের হারের (ARR) ভিত্তিতে কর্ণফুলী কোম্পানির বিনিয়োগ সিদ্ধান্তটি মূল্যায়ন কর। ৪

৯▸ সুমাইয়া সিকিউরিটিতে বিনিয়োগে ইচ্ছুক। সে বাজার থেকে ২টি সিকিউরিটির তথ্য সংগ্রহ করেছে। বিগত ৩ বছরের আয়ের হার নিম্নরূপ :

বছর	সিকিউরিটি A (আয়ের হার)	সিকিউরিটি B (আয়ের হার)
১	১০%	১২%
২	১৫%	–৮%
৩	৫%	২০%

ক. বাজার ঝুঁকি কী? ১

খ. "সরকারি বন্ডে বিনিয়োগ ঝুঁকি নাই"– ব্যাখ্যা কর। ২

গ. সিকিউরিটি A এবং সিকিউরিটি B এর গড় আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. উভয় সিকিউরিটিতে ব্যবধানাংক নির্ণয় কর। কোন সিকিউরিটিতে বিনিয়োগ উত্তম এবং কেন? ৪

১০▸ মি. সাজ্জাদ হোসেন দেশের বিভিন্ন অর্থনৈতিক অবস্থা চিন্তা করে দু'টি স্টকে বিনিয়োগ করার সিদ্ধান্ত গ্রহণ করলেন। নিম্নে দু'টি স্টকের সম্ভাবনা বিন্যাস ও আয়ের হার দেওয়া হলো :

অর্থনৈতিক অবস্থা	সম্ভাবনা বিন্যাস	আয়ের হার	
		স্টক 'ক'	স্টক 'খ'
ভালো	০.২৫	২০%	১৫%
স্বাভাবিক	০.৫০	৩০%	৩৫%
খারাপ	০.২৫	১০%	১২%

ক. পোর্টফোলিও কী? ১

খ. আয় ও ঝুঁকির মধ্যে কী ধরনের সম্পর্ক রয়েছে? ব্যাখ্যা কর। ২

গ. মি. সাজ্জাদ হোসেনের স্টক 'খ' এর আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে মি. সাজ্জাদ হোসেনের কোন স্টকে বিনিয়োগ করা উচিত এবং কেন? মূল্যায়ন কর। ৪

১১▸ মি. শ্যামল হক জুস পিএলসি এর আর্থিক ব্যবস্থাপক। বিগত বছর প্রতিষ্ঠানটি প্রচুর পরিমাণ মুনাফা অর্জন করার কারণে শেয়ারমালিকদের বেশি করে লভ্যাংশ প্রদান করে। ফলে কোম্পানির শেয়ারের বাজারের মূল্য বৃদ্ধি পায় যা প্রতিষ্ঠানটির মূল লক্ষ্য অর্জনের একটি নির্দেশক। মি. শ্যামল অর্জিত মুনাফার একটি অংশ কর্মসংস্থান বৃদ্ধির লক্ষ্যে সরকারি তহবিলে জমা দেন। তবে প্রতিষ্ঠানের বেতন ঠিকমতো পরিশোধ করতে না পারায় কর্মীদের মধ্যে অসন্তোষ দেখা দেয়।

ক. ঝুঁকি-মুনাফা নীতি কী? ১

খ. সম্পদ সর্বাধিকরণ কেন একটি ফার্মের চূড়ান্ত লক্ষ্য হিসেবে বিবেচিত হয়? ২

গ. মি. শ্যামলের প্রতিষ্ঠানের অর্থায়নের স্বরূপ ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব শ্যামলের ক্ষেত্রে অর্থায়নের সামাজিক দায়বদ্ধতা মূল্যায়ন কর। ৪

ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, মোমেনশাহী

বিষয় কোড : 2 9 2

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ মি. আজিজ একজন ব্যবসায়ী। তিনি ৮ বছর যাবৎ প্রতি বছরের শেষে ট্রাস্ট ব্যাংক হতে ১৫,০০০ টাকা গ্রহণ করতে চান। বার্ষিক ১১% হার সুদে ট্রাস্ট ব্যাংকের সাথে চুক্তিবদ্ধ হন। অন্যদিকে মি. তারেক একজন লেখক। তিনি প্রকাশকের কাছ থেকে দুটি প্রস্তাব পান। প্রথম প্রস্তাবটি হলো তিনি এককালীন ১৫,০০,০০০ টাকা গ্রহণ করতে পারেন। দ্বিতীয় প্রস্তাবটি হলো আগামী ৫ বছর পর্যন্ত প্রত্যেক মাসের শেষে ৩০,০০০ টাকা গ্রহণ করতে পারেন। সুযোগ ব্যয় ১২%।

ক. বার্ষিক বৃত্তি কী? ১

খ. অগ্রিম বার্ষিক বৃত্তি বলতে কী বোঝায়? ২

গ. মি. আজিজকে বর্তমানে ট্রাস্ট ব্যাংকে কত টাকা জমা রাখতে হবে? ৩

ঘ. মি. তারেকের কোন প্রস্তাবটি গ্রহণ করা উচিত? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

২ ▸ জনাব জাওয়াদ যমুনা ব্যাংক থেকে ২,০০,০০০ টাকা ঋণ গ্রহণ করেছেন। আগামী ৪ বছর প্রতি বছর শেষে ঋণের কিস্তি পরিশোধ করবেন। বার্ষিক সুদের হার ১৫%।

ক. নামিক সুদের হার কী? ১

খ. বিধি ৬৯ বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২

গ. জনাব জাওয়াদের ঋণের কিস্তির পরিমাণ কত হবে? ৩

ঘ. জনাব জাওয়াদের একটি ঋণ পরিশোধ সূচি প্রস্তুত কর। ৪

৩ ▸ মিস. মোহনা একটি তৈরি পোশাক রপ্তানিকারক প্রতিষ্ঠানের ব্যবস্থাপক। বর্তমানে তৈরি পোশাকের বিদেশে ভালো চাহিদা থাকায় প্রতিষ্ঠান লাভবান হয় এবং তিনি শেয়ারমালিকদের অনেক লভ্যাংশ প্রদান করেন। ফলে প্রতিষ্ঠানটির শেয়ারের বাজারমূল্য অনেক বৃদ্ধি পায়। মিস মোহনা প্রতিষ্ঠানের অর্জিত মুনাফার একটি অংশ ফেনীর বন্যা দুর্গতদের প্রদান করেন। কিন্তু এতে তার প্রতিষ্ঠানের কর্মচারীর বোনাস প্রদানে সমস্যা দেখা দেয়।

ক. তারল্য কী? ১

খ. সরকারি অর্থায়ন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের প্রতিষ্ঠানটি কোন লক্ষ্যের দিকে এগিয়ে যাচ্ছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "তৈরি পোশাক রপ্তানিকারক প্রতিষ্ঠানটি সামাজিক দায়বদ্ধতা পুরোপুরি বাস্তবায়ন করতে পারেনি।" উক্তিটির সাথে কি তুমি একমত? যুক্তি দাও। ৪

৪ ▸ মি. ফাহিম একজন বিনিয়োগকারী। তিনি 'ক' ও 'খ' কোম্পানির বন্ডের মধ্যে কোনটিতে বিনিয়োগ করবেন সে বিষয়ে সিদ্ধান্ত নিতে চান। বন্ড দুটির তথ্যাবলি নিম্নরূপ :

কোম্পানি	অভিহিত মূল্য	কুপন সুদের হার	মেয়াদপূর্তি সময়	প্রয়োজনীয় আয়ের হার	বাজারমূল্য
ক	১,০০০	১৬%	১৫ বছর	১২%	১,৩০০
খ	১,০০০	১৩%	১০ বছর	১০%	১,১০০

ক. চিরস্থায়ী বন্ড কী? ১

খ. ট্রেজারি বন্ডকে ঝুঁকিমুক্ত সিকিউরিটি বলা হয় কেন? ২

গ. 'ক' কোম্পানির বন্ডটির বর্তমান মূল্য কত? ৩

ঘ. মি. ফাহিমের জন্য কোন কোম্পানির বন্ডে বিনিয়োগ করা অধিক লাভজনক হবে? মতামত দাও। ৪

৫ ▸ মাহিম সাহেব তার উপার্জিত অর্থ দুটি সিকিউরিটি A ও B তে বিনিয়োগ করেছেন যথাক্রমে ৩০% ও ৭০% হারে এবং সিকিউরিটির প্রত্যাশিত আয় ও পরিমিত ব্যবধান ছিল নিম্নরূপ :

সিকিউরিটিসমূহ	প্রত্যাশিত আয়	পরিমিত ব্যবধান	সহ-সম্বন্ধ
A	৭%	৯%	$r_{AB} = ১$
B	১২%	৭%	

ক. মার্কেট বিটার আদর্শ মান কত? ১

খ. CAPM বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২

গ. মাহিম সাহেবের পোর্টফোলিও আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে সিকিউরিটি দুটির সহ-সম্বন্ধ +১ হতে −১ হলে পোর্টফোলিও ঝুঁকির ওপর কী প্রভাব পড়বে তা বিশ্লেষণ কর। ৪

৬ ▸ সান কোম্পানির আর্থিক ব্যবস্থাপক নাফিজ সাহেব ৫,০০,০০০ টাকা বিনিয়োগের কথা ভাবছেন। তিনি একটি প্রকল্প নির্বাচন করেছেন যার আয়ুষ্কাল ৫ বছর। তিনি তার প্রকল্পের করপরবর্তী নিট মুনাফা হিসেবে যথাক্রমে ২১,০০০ টাকা, ৩৫,০০০ টাকা, ৫৬,০০০ টাকা, ৭০,০০০ টাকা এবং ৫৬,০০০ টাকা প্রত্যাশা করেছেন। কর হার ৩০% এবং বিনিয়োগের সুযোগ ব্যয় ১০%।

ক. মূলধন বাজেটিং কাকে বলে? ১

খ. পরস্পর বর্জনশীল প্রকল্প বলতে কী বোঝ? ২

গ. সান কোম্পানির প্রকল্পের নিট বর্তমান মূল্য নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের প্রকল্পটির অভ্যন্তরীণ আয়ের হার নির্ণয় কর। ৪

৭ ▸ জনাব ইয়াসিন শেয়ারবাজারে বিনিয়োগ করার লক্ষ্যে দুটি শেয়ারের সম্ভাব্য আয় ও আয়ের সম্ভাবনার তথ্য সংগ্রহ করলেন। তথ্যসমূহ নিচে দেওয়া হলো :

অর্থনৈতিক অবস্থা	স্টক-A		স্টক-B	
	সম্ভাবনা	আয়ের হার	সম্ভাবনা	আয়ের হার
খারাপ	০.৩০	১৫%	০.৩০	১৫%
স্বাভাবিক	০.৩০	৫%	০.৪০	৩৫%
ভালো	০.৪০	২৫%	০.৩০	২৫%

ক. আর্থিক ঝুঁকি কাকে বলে? ১

খ. ঝুঁকি ও মুনাফার মধ্যে কীরূপ সম্পর্ক বিদ্যমান?– ব্যাখ্যা কর। ২

গ. স্টক-A এর আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩

ঘ. জনাব ইয়াসিনের কোন স্টকে বিনিয়োগ করা উচিত? সিদ্ধান্ত দাও। ৪

৮ ▸ জনাব আজাদ ৪ বছর পর ৭০,০০০ টাকা পাওয়ার আশায় বর্তমানে কিছু টাকা ব্যাংকে জমা রাখতে চান। IFIC ব্যাংক বার্ষিক ১২% হারে সুদ প্রদানের প্রস্তাব দিয়েছে এবং মধুমতী ব্যাংক ১১.৫% হারে মাসিক চক্রবৃদ্ধি সুদের প্রস্তাব দিয়েছে।

ক. অর্থের সময়মূল্য কী? ১

খ. চক্রবৃদ্ধির সংখ্যা বাড়তে থাকলে ভবিষ্যৎ মূল্যের ওপর কী প্রভাব পড়বে? ২

গ. জনাব আজাদ ৪ বছর পর ৫০,০০০ টাকা পেতে চাইলে IFIC ব্যাংকে তাকে কত টাকা জমা রাখতে হবে নির্ণয় কর। ৩

ঘ. জনাব আজাদের জন্য কোন ব্যাংকে টাকা জমা রাখা লাভজনক হবে? মতামত দাও। ৪

৯ ▸ মি. আশরাফ ও মি. আমিন তাদের জমানো কিছু টাকা শেয়ারবাজারে বিনিয়োগ করার সিদ্ধান্ত নিল। মি. আশরাফ তার সমস্ত টাকা দিয়ে একটিমাত্র কোম্পানির শেয়ার ক্রয় করল। অন্যদিকে, মি. আমিন তার পুঁজি দিয়ে পাঁচটি কোম্পানির শেয়ার ক্রয় করল।

ক. অর্থায়ন কী? ১

খ. সম্পদ সর্বাধিকরণ কোম্পানির মূল লক্ষ্য হওয়া উচিত– ব্যাখ্যা কর। ২

গ. মি. আশরাফ বিনিয়োগের ক্ষেত্রে অর্থায়নের কোন নীতিটি অনুসরণ করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে শেয়ারবাজারে বিনিয়োগের ক্ষেত্রে কার বিনিয়োগকে অধিক যৌক্তিক বলে তুমি মনে কর? ৪

১০ ▸ মি. আসাদ একজন ব্যবসায়ী। তিনি মূলধন বাজারে বিনিয়োগ করতে আগ্রহী। তার হাতে দুটি বন্ড রয়েছে। যেমন–

বন্ড	লিখিত মূল্য	সুদের হার	মেয়াদকাল	তলবমূল্য	বাজারমূল্য
A কোম্পানি	৫,০০০	১২%	১০ বছর	৫,৫০০	৫,৮০০
B কোম্পানি	৫,০০০	১৫%	১০ বছর	৫,৬০০	৬,০০০

ক. কুপন সুদের হার কী? ১

খ. কুপন রেট বন্ডের আয়ের ওপর কী প্রভাব ফেলে? ২

গ. A কোম্পানির বন্ডের ইল্ড টু কল নির্ণয় কর। ৩

ঘ. মি. আসাদের A কোম্পানি ও B কোম্পানির বন্ডের মধ্যে কোন কোম্পানিতে বিনিয়োগ করা উচিত? মতামত দাও। ৪

১১ ▸ ডেল্টা কোম্পানির ৩ বছরের নগদ আন্তঃপ্রবাহ যথাক্রমে ৬৪,০০০ টাকা, ৭০,০০০ টাকা এবং ৮৫,০০০ টাকা। কর্পোরেট করের হার ৩০%। ভগ্নাবশেষ মূল্য ১০,০০০ টাকা এবং প্রারম্ভিক বিনিয়োগের পরিমাণ ১,৩০,০০০ টাকা। সুযোগ ব্যয়ের হার ২০%।

ক. সুযোগ ব্যয় কী? ১

খ. পে-ব্যাক সময় পদ্ধতি কী? বুঝিয়ে লেখ। ২

গ. ডেল্টা কোম্পানির মূলধন ফেরতকাল নির্ণয় কর। ৩

ঘ. গড় আয়ের হারের ভিত্তিতে ডেল্টা কোম্পানির বিনিয়োগ সিদ্ধান্তটি মূল্যায়ন কর। ৪

রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা

বিষয় কোড : 2 9 2

সময়–৩০ মিনিট

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ◉ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. অর্থায়নের প্রথম কাজ কোনটি?
K মূলধন সংরক্ষণ
L চলতি সম্পদ ব্যবস্থাপনা
M তহবিল বণ্টন N তহবিল সংগ্রহ

■ **উদ্দীপকটি পড়ে ২ ও ৩নং প্রশ্নের উত্তর দাও :**
মিস নীলা ৩ বছরের জন্য ৮% বার্ষিক চক্রবৃদ্ধি সুদে ৫০,০০০ টাকা সোনালী ব্যাংক থেকে ঋণ নিলেন।

২. মিস নীলার চক্রবৃদ্ধি সুদের পরিমাণ কত?
K ১১,৩৭৫ টাকা L ১২,৯৮৬ টাকা
M ১৩,৩৮৬ টাকা N ১৫,৪৫০ টাকা

৩. মিস নীলার চক্রবৃদ্ধি সুদ ও সরল সুদের পার্থক্য কত?
K ১২,০০০ টাকা L ৫৮৬ টাকা
M ৯৮৬ টাকা N ৩৮৬ টাকা

৪. অর্থের সময়মূল্য ধারণা কোন ক্ষেত্রে সর্বাধিক ব্যবহৃত হয়?
K বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ
L আর্থিক অবস্থা নিরূপণ
M লাভ্যাংশ সিদ্ধান্ত গ্রহণ
N আয়-ব্যয় বিশ্লেষণ

৫. চিরস্থায়ী বৃত্তির বর্তমান মূল্য নির্ণয়ের বিবেচ্য বিষয় হলো–
i. বৃত্তির পরিমাণ
ii. এককালীন অর্থের পরিমাণ
iii. সুদের হার
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৬. অর্থায়নের সাথে অর্থনীতির কোন শাখার সাথে অধিকতর সম্পর্ক আছে?
K ব্যাষ্টিক L সামষ্টিক
M ভোক্তা আচরণ N ব্যক্তিগত আয়

৭. আয়পূর্ব ব্যয় পরিকল্পনা করা হয় কোন অর্থায়নে?
K সরাকরি L পারিবারিক
M বেসরকারি N ব্যক্তিগত

■ **উদ্দীপকটি পড়ে ৮ ও ৯নং প্রশ্নের উত্তর দাও :**
বিডি ফুড লি. বাজার চাহিদার দিকে লক্ষ্য রেখে কম খরচে খাদ্যসামগ্রী উৎপাদন করে এবং সর্বোচ্চ মুনাফা করার চেষ্টা করে এবং তাতে সফলও হয়।

৮. বিডি ফুড লি. এর মুনাফা বৃদ্ধির চেষ্টাকে কী বলে?
K সম্পদ সর্বাধিকরণ L মুনাফা সমতায়ন
M মুনাফা সর্বাধিকরণ N তহবিল বৃদ্ধিকরণ

৯. উদ্দীপকে বিডি ফুড লি. এর কার্যক্রমগুলো
i. দক্ষতার মানদণ্ড হিসেবে বিবেচিত হয়
ii. সম্পদের সুষ্ঠু ব্যবহার করা
iii. সামাজিক কল্যাণ সাধিত হয়
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১০. ব্যবসায় জীবনীশক্তি কোনটি?
K পুঁজি L পরিচালক
M শ্রমিক N ব্যবস্থাপনা

১১. চক্রবৃদ্ধি ও বাট্টাকরণের সম্পর্ক হচ্ছে–
K সমানুপাতিক L নিরপক্ষ
M সমমুখী N বিপরীতমুখী

১২. অধিক সুদ পাওয়া যায় কোন ক্ষেত্রে?
K সরল সুদে L বার্ষিক চক্রবৃদ্ধিতে
M অবিরত চক্রবৃদ্ধিতে
N অর্ধ-বার্ষিক চক্রবৃদ্ধিতে

১৩. কোন সিকিউরিটিতে অর্থ ছাড়া লেনদেন হয়?
K সাধারণ শেয়ার L অগ্রাধিকার শেয়ার
M রাইট শেয়ার N বোনাস শেয়ার

১৪. স্টক বলতে বুঝি–
K প্রতিটি এককের মূল্য সমান
L প্রতিটি এককের মূল্য ভিন্ন
M প্রতিটি এককের মূল্য নির্দিষ্ট
N প্রতিটি এককের মূল্য অর্দিষ্ট

১৫. নির্দিষ্ট আয় প্রত্যাশী বিনিয়োগকারীদের কোথায় বিনিয়োগ করা উচিত?
i. সাধারণ শেয়ারে
ii. অগ্রাধিকার শেয়ারে
iii. কুপন বন্ডে
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও :**
প্রতিবছর ১৫ টাকা সুদ প্রদান করা হবে এই শর্তে এশিয়া লি. বন্ড ইস্যু করে। বন্ডটির ক্ষেত্রে প্রয়োজনীয় আয়ের হার ১২% এবং বাজারমূল্য ১২০ টাকা।

১৬. উদ্দীপকে উল্লিখিত বন্ডটি কোন ধরনের বন্ড?
K চিরস্থায়ী বন্ড L জিরো কুপন বন্ড
M কুপন বন্ড N জাঙ্ক বন্ড

১৭. উক্ত বন্ডের বর্তমানমূল্য কত?
K ১২৫ টাকা L ১৩০ টাকা
M ১৩৫ টাকা N ১৪০ টাকা

১৮. বাজার আয় থেকে ঝুঁকিমুক্ত আয়ের ব্যবধানকে কী বলা হয়?
K ঝুঁকি রিটার্ন L ঝুঁকি বিপদ
M ঝুঁকি প্রিমিয়াম N ঝুঁকি আয়

১৯. কার্যকরী মূলধন প্রয়োজন হয়–
i. কাঁচামাল ক্রয়ে
ii. মজুরি প্রদানে
iii. ভাড়া প্রদানে
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২০. কোনটি মূলধন বাজেটিং প্রণয়নের ৩য় পদক্ষেপ?
K প্রকল্প যাচাই L প্রকল্প নির্বাচন
M প্রকল্প মূল্যায়ন N প্রকল্প উদ্ভাবন

■ **উদ্দীপকটি পড়ে ২১ ও ২২নং প্রশ্নের উত্তর দাও :**
'ক' ও 'খ' প্রকল্পে বিনিয়োগের জন্য স্কয়ার লি. এর তহবিল ৫০,০০০ টাকা। প্রকল্প 'ক' এর প্রাথমিক বিনিয়োগ ৩৫,০০০ টাকা এবং ভগ্নাবশেষ মূল্য ৫,০০০ টাকা। অপরদিকে, প্রকল্প 'খ' এর প্রাথমিক বিনিয়োগ ৪৫,০০০ টাকা। দুইটি প্রকল্পের অন্যান্য তথ্য নিম্নরূপ–

প্রকল্প	পে-ব্যাক সময়	নিট বর্তমান মূল্য
ক	৪ বছর	১২,৮৭৬ টাকা
খ	৩.৮ বছর	১৯,৯০২ টাকা

প্রতিষ্ঠানটির সর্বোচ্চ গ্রহণযোগ্য পে-ব্যাক সময় ৪ বছর।

২১. প্রকল্পের গড় বিনিয়োগ কত?
K ১৭,৫০০ টাকা L ২০,০০০ টাকা
M ২২,৫০০ টাকা N ২৫,০০০ টাকা

২২. স্কয়ার লি. এর–
K 'ক' প্রকল্প গ্রহণ করা উচিত কারণ এর পে ব্যাক সময় বেশি
L 'খ' প্রকল্প গ্রহণ করা উচিত কারণ এর নিট বর্তমান মূল্য বেশি
M 'ক' ও 'খ' উভয় প্রকল্প গ্রহণ করা উচিত
N পর্যাপ্ত মূলধন না থাকায় কোনো প্রকল্পই গ্রহণ করা উচিত না

২৩. একটি স্বাধীন প্রকল্প সাধারণত গ্রহণযোগ্য হয় না যখন–
K মুনাফা অর্জন সূচক < ১
L মুনাফা অর্জন সূচক > ১
M মুনাফা অর্জন সূচক = 0
N মুনাফা অর্জন সূচক = ১

২৪. আন্তঃআয় হার পদ্ধতির অসুবিধা কোনটি?
K সকল নগদ প্রবাহ বিবেচনা করে না
L অর্থের সময়মূল্য বিবেচনা করে না
M একাধিক আন্তঃআয় হার জনিত জটিলতা
N মূলধন ব্যয় নির্ণয়ের প্রয়োজন হয়

২৫. আর্থিক ঝুঁকির উৎস কোনটি?
K ঋণ মূলধন L শেয়ার মূলধন
M অর্থনৈতিক মন্দা N উৎপাদন ব্যবস্থা

২৬. কোন ঝুঁকি হ্রাস করা যায় না?
K কোম্পানি ঝুঁকি L বাজার ঝুঁকি
M তারল্য ঝুঁকি N আর্থিক ঝুঁকি

২৭. ঝুঁকি পরিমাপের পরিসংখ্যানিক পদ্ধতি হলো–
i. পরিমিত ব্যবধান
ii. বিভেদাঙ্ক
iii. অনুপাত বিশ্লেষণ
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও :**
মি. আজাদ তার জমাকৃত অর্থ 'এসিআই লি.' ও 'একমি লি.' কোম্পানির শেয়ারে যথাক্রমে ৬০% ও ৪০% বিনিয়োগ করে। সেখান থেকে আয়ের হার যথাক্রমে ১৫% ও ২০%।

২৮. মি. আজাদের পোর্টফোলিও আয়ের হার কত?
K ১৭% L ১৯% M ২১% N ২৩%

২৯. নিচের কোন অবস্থা সৃষ্টি হলে মি. আজাদ 'একমি লি. এ বিনিয়োগ বাড়িয়ে 'এসিআই লি.'– এ বিনিয়োগ হ্রাস করবে?
K 'এসিআই লি.'-এর আয়ের হার ও পরিমিত ব্যবধান দুটোই হ্রাস পেলে
L 'এসিআই লি.'-এর আয়ের হার ও পরিমিত ব্যবধান দুটোই বৃদ্ধি পেলে
M 'এসিআই লি.'-এর আয়ের হার অপরিবর্তিত থেকে পরিমিত ব্যবধান হ্রাস পেলে
N 'এসিআই লি.'-এর আয়ের হার অপরিবর্তিত থেকে পরিমিত ব্যবধান বৃদ্ধি পেলে

৩০. পুঁজিবাজার উপাদান বহির্ভূত কোনটি?
K ঋণপত্র L ব্যবসায় ঋণ
M সাধারণ শেয়ার N অগ্রাধিকার শেয়ার

আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা

বিষয় কোড : 2 9 2

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ◉ বহুনির্বাচনি অভীক্ষা

সময়–৩০ মিনিট | পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. অর্থায়নের সাথে অর্থনীতির কোন শাখার সম্পর্ক রয়েছে?
K ব্যষ্টিক অর্থনীতি L সামষ্টিক অর্থনীতি
M বাজার অর্থনীতি N সামাজিক অর্থনীতি

২. চিরস্থায়ী বৃত্তিতে অনির্দিষ্ট থাকে কোনটি?
K অর্থ প্রবাহের সর্বশেষ সময়সীমা
L অর্থ প্রবাহের সময় ব্যবধান
M অর্থ প্রবাহের পরিমাণ N সুদের হার

■ **উদ্দীপকটি পড়ে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :**
সামসুন কোম্পানির ঝুঁকিমুক্ত আয়ের হার ৬%, পোর্টফোলিও বাজার আয়ের হার ১৩% এবং বিটা সহগ (β) ০.৭০।

৩. উদ্দীপকের কোম্পানি প্রত্যাশিত আয়ের হার কত?
K ৯.৫০% L ৯.৯০%
M ১০.৯০% N ১১.৫০%

৪. সামসুন কোম্পানির বিটা সহগ (β) ১.০০ হলে–
i. কোম্পানির বাজার ঝুঁকি বৃদ্ধি পাবে
ii. কোম্পানির প্রত্যাশিত আয়ের হার বৃদ্ধি পাবে
iii. কোম্পানির প্রত্যাশিত আয়ের হার হ্রাস পাবে
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৫. বিনিয়োগকৃত অর্থের বর্তমান মূল্য ও ভবিষ্যৎ মূল্য কখন সমান হবে?
K সুদের হার ১% হলে
L মেয়াদকাল ১ বছর হলে
M মেয়াদকাল ০ (শূন্য) হলে
N বার্ষিক চক্রবৃদ্ধির সংখ্যা ১ হলে

৬. অবণ্টিত মুনাফা (Retained earnings) কোন প্রকার অর্থায়নের উৎস?
K বাহ্যিক অর্থায়ন L ব্যক্তিগত অর্থায়ন
M প্রাতিষ্ঠানিক অর্থায়ন N অভ্যন্তরীণ অর্থায়ন

৭. যে বন্ডের ঝুঁকি এবং আয় বেশি তাকে বলে–
K জিরো কুপন বন্ড L কুপন বন্ড
M মেয়াদি বন্ড N জাঙ্ক বন্ড

■ **উদ্দীপকটি পড়ে ৮ ও ৯নং প্রশ্নের উত্তর দাও :**
শামীম সাহেব একজন লেখক। তার নতুন বইয়ের প্রকাশনা স্বত্ব বাবদ প্রকাশক তাকে এককালীন ১,৪০,০০০ টাকা অথবা প্রতি বছর শেষে ১৫,০০০ টাকা প্রদান করতে প্রস্তাব করেছেন। বর্তমানে বাজার সুদের হার ১১%।

৮. জনাব শামীমের দ্বিতীয় প্রস্তাবের বর্তমান মূল্য কত টাকা হবে?
K ১,২৬,১২৬.১৩ টাকা L ১,২৯,১২৯.৯৯ টাকা
M ১,৩৬,৩৬৩.৬৩ টাকা N ১,৩৯,৬৩৯.৬৩ টাকা

৯. জনাব শামীম সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে যা করতে পারেন–
i. আয়ের হার নির্ণয় করে সিদ্ধান্ত গ্রহণ করতে পারেন
ii. বার্ষিক বৃত্তির বর্তমান মূল্য নির্ণয় করে সিদ্ধান্ত গ্রহণ করতে পারেন
iii. এককালীন প্রাপ্ত অর্থ বার্ষিক বৃত্তির বর্তমান মূল্যের সাথে তুলনা করতে হবে
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১০. কোন প্রকল্পের ক্ষেত্রে একটি প্রকল্প অন্যটির সাথে প্রতিযোগিতা করে না?
K দীর্ঘমেয়াদি প্রকল্প L স্বাধীন প্রকল্প
M পরস্পর বর্জনশীল প্রকল্প
N পরস্পর নির্ভরশীল প্রকল্প

১১. আয়কর কোন প্রকারের অর্থায়নের উৎস?
K ব্যক্তিগত অর্থায়ন L ব্যবসায়িক অর্থায়ন
M বাণিজ্যিক অর্থায়ন N সরকারি অর্থায়ন

১২. পরিচালনা খরচ পরিশোধের অক্ষমতা কী সৃষ্টি করে?
K আর্থিক ঝুঁকি L ক্রয়ক্ষমতার ঝুঁকি
M ব্যবসায় ঝুঁকি N সুদের হার ঝুঁকি

■ **উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :**
সাফওয়া লি. একটি বন্ড ইস্যু করেছে যার লিখিত মূল্য ১,০০০ টাকা। বন্ডের মেয়াদ ১০ বছর ও প্রয়োজনীয় আয়ের হার ১০%। বন্ডটি ৬৮১ টাকায় বিক্রি করা হয়।

১৩. বন্ডটির বর্তমান মূল্য কত?
K ৩৮৫ টাকা L ৪৮৫ টাকা
M ৬২৮ টাকা N ৭২৮ টাকা

১৪. সাফওয়া লি.-এর প্রয়োজনীয় আয়ের হার ১২% হলে–
i. বন্ডের অন্তর্নিহিত মূল্য হবে ৩২২ টাকা
ii. বার্ষিক সুদের পরিমাণ ১২০ টাকা
iii. বন্ডটিতে বিনিয়োগ লাভজনক হবে না
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১৫. CAPM মডেল দ্বারা নিচের কোন উৎসের ব্যয় নির্ণয় করা যায়?
K সাধারণ শেয়ার L অগ্রাধিকার শেয়ার
M জিরো কুপন বন্ড N ঋণপত্র

১৬. একটি প্রতিষ্ঠান কেন সামাজিক দায়িত্ব পালন করবে?
K মুনাফা বৃদ্ধি
L সম্পদ সর্বোচ্চকরণ
M টেকসই ব্যবসায়িক কর্মকাণ্ড
N দেউলিয়াত্বের ঝুঁকি হ্রাস

১৭. NPV (নিট বর্তমান মূল্য) পদ্ধতিটির ব্যবহার কেন গুরুত্বপূর্ণ?
K প্রকল্প নির্ধারণ L সম্পদ সর্বাধিকরণ
M প্রতিষ্ঠানের লক্ষ্য নির্ধারণ
N প্রকল্পের মুনাফার হার নির্ণয়

■ **উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও :**
বর্ণমালা এক্সপ্রেস লি. দুটি পরস্পর বর্জনশীল প্রকল্প থেকে একটি ভালো প্রকল্প গ্রহণ করার চেষ্টা করছে। প্রকল্পগুলোর প্রাথমিক বিনিয়োগ ও নগদ প্রবাহসমূহ নিম্নরূপ–

নগদ প্রবাহ	প্রকল্প-P	প্রকল্প-Q
প্রাথমিক বিনিয়োগ (CF_0)	৬০,০০০	১,০০,০০০
নগদ আন্তঃপ্রবাহ (CF_t) t = ১ থেকে ৫	২০,০০০	২৫,০০০

ফার্মের মূলধন ব্যয় ১৩%, প্রথম প্রকল্পের (P) পে-ব্যাক সময় ৩ বছর।

১৮. উদ্দীপকে উল্লিখিত Q প্রকল্পের পে-ব্যাক সময় হলো–
K ২ বছর L ৩ বছর
M ৪ বছর N ৫ বছর

১৯. উদ্দীপকে উল্লিখিত–
K Q প্রকল্প গ্রহণযোগ্য কারণ এর পে-ব্যাক সময় বেশি
L P প্রকল্প গ্রহণযোগ্য কারণ এর পে-ব্যাক সময় কম
M Q প্রকল্প গ্রহণযোগ্য কারণ এর নগদ আন্তঃপ্রবাহ কম
N P প্রকল্প গ্রহণযোগ্য কারণ এর নগদ আন্তঃপ্রবাহ বেশি

২০. অর্থের ভবিষ্যৎ মূল্য নির্ণয় করার প্রক্রিয়াকে কী বলে?
K চক্রবৃদ্ধিকরণ L বাট্টাকরণ
M বর্তমান মূল্য N ভবিষ্যৎ মূল্য

২১. বৈচিত্র্যায়নের নীতি ব্যবহার করে পরিহার করা যায়–
i. ব্যবসায়িক ঝুঁকি
ii. আর্থিক ঝুঁকি
iii. বাজার ঝুঁকি
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২২. কর সুবিধা পাওয়া যায় কোন মূলধনের উৎস ব্যবহারের ক্ষেত্রে?
K সাধারণ শেয়ার L সংরক্ষিত মুনাফা
M অগ্রাধিকার শেয়ার N ঋণপত্র

■ **উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪নং প্রশ্নের উত্তর দাও :**
রহমান এন্ড কোং দীর্ঘদিন যাবৎ ব্যবসায় পরিচালনা করে আসছে। কোম্পানির পরিধি তত বাড়েনি। কোম্পানির আর্থিক ব্যবস্থাপক শেয়ার প্রতি আয় বাড়ানোর বিষয়ে চিন্তা করেছেন।

২৩. উদ্দীপকে আর্থিক ব্যবস্থাপক কোন বিষয়টির কথা ভাবছেন?
K ব্যয় হ্রাসকরণ L সম্পদ সর্বাধিকরণ
M শেয়ারের মূল্য বৃদ্ধিকরণ
N মুনাফা সর্বাধিকরণ

২৪. উদ্দীপকে আর্থিক ব্যবস্থাপক যে উদ্দেশ্য নিয়ে চিন্তা করছেন তার সীমাবদ্ধতা হলো–
K মুনাফা বিবেচনা করা হয় না
L ঝুঁকি বিবেচনা করা হয় না
M নগদ প্রবাহ বিবেচনা করা হয়
N তারল্য বিবেচনা করা হয়

২৫. CAPM মডেল দ্বারা নিচের কোন উৎসের ব্যয় নির্ণয় করা যায়?
K জিরো কুপন বন্ড L অগ্রাধিকার শেয়ার
M সাধারণ শেয়ার N ঋণপত্র

২৬. যে বাট্টার হার-এ NPV=O হয়, তাকে কী বলে?
K IRR L NPV
M ARR N PBP

■ **উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :**
সায়মুম সাহেব 'খিলাফাত গ্রুপ' থেকে ১০ টাকা মূল্যের ২,০০০ শেয়ার ক্রয় করেন। তিনি তার শেয়ারের উপর নির্দিষ্ট হারে লভ্যাংশ প্রত্যাশা করেন। সায়মুম সাহেব শেয়ার ক্রয় করলেও তিনি 'খিলাফাত গ্রুপ' এর মালিক হতে পারেননি।

২৭. সায়মুম সাহেব কোনটি ক্রয় করেছেন?
K সাধারণ শেয়ার L অগ্রাধিকার শেয়ার
M রাইট শেয়ার N বোনাস শেয়ার

২৮. সায়মুম সাহেব কী করে 'খিলাফাত গ্রুপ'-এর মালিক হতে পারেন?
K ঋণপত্র ক্রয় করে
L বোনাস শেয়ার ক্রয় করে
M নতুন সাধারণ শেয়ার ইস্যু করে
N শেয়ার সাধারণ শেয়ারে রূপান্তর করে

২৯. বছরে চক্রবৃদ্ধির সংখ্যা বাড়তে থাকলে–
K সরল সুদের হার বাড়তে থাকে
L নামিক সুদের হার বাড়তে থাকে
M নামিক সুদের হার কমতে থাকে
N কার্যকরী সুদের হার বাড়তে থাকে

৩০. বিনিয়োগ ঝুঁকি মাত্রা বেশি হলে মুনাফা অর্জনের সম্ভাবনা হয়–
K বেশি L কম
M সমান N অপরিবর্তিত

ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা

বিষয় কোড : 2 9 2

সময়–৩০ মিনিট | **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ◉ বহুনির্বাচনি অভীক্ষা** | পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. তারল্য ও দেউলিয়াত্ব ঝুঁকির মধ্যে সম্পর্ক কীরূপ?
K ধনাত্ম ক L ঋণাত্মক
M নিরপেক্ষ N আনুপাতিক

২. ঝুঁকি ও মুনাফার মধ্যে সম্পর্ক কীরূপ?
K ধনাত্ম ক L ঋণাত্মক
M সমানুপাতিক N আনুপাতিক

৩. সময় ও সুদের হারের সাথে বর্তমান মূল্যের সম্পর্ক কেমন?
K সমান L ধনাত্ম ক
M ঋণাত্মক N সমানুপাতিক

৪. অর্থায়নের সাথে অর্থনীতির কোন শাখার সম্পর্ক আছে?
K ব্যষ্টিক L সামষ্টিক
M সামগ্রিক N সামাজিক

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
মিজ নিরা একটি কোম্পানির পরিচালক। তিনি কোম্পানি পরিচালনার ক্ষেত্রে সবসময় এমন একটি লক্ষ্য অর্জনে চেষ্টা করেন যেটি কোম্পানির শেয়ারমূল্য বৃদ্ধির সাথে সম্পর্কিত।

৫. মিজ নিরার অনুসরণকৃত লক্ষ্যকে কী বলে?
K সম্পদ সর্বাধিকরণ L ব্যয় সর্বনিম্নকরণ
M মুনাফা সর্বাধিকরণ
N বিক্রয় সর্বোচ্চকরণ

৬. মিজ নিরার অনুসরণকৃত লক্ষ বিবেচনা করে–
i. ঝুঁকি
ii. মুনাফা
iii. নগদ প্রবাহ
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৭. মি. কামাল অর্ধবার্ষিক চক্রবৃদ্ধি সুদের একটি ব্যাংকে ৫০০,০০০ টাকা জমা করেন। ৬ বছর পর ব্যাংক তাকে ১০,০০,০০০ টাকা দেয়। মি. কামালের ব্যাংক থেকে প্রাপ্ত সুদের হার কত?
K ১১.৫% L ১১.৮৫%
M ১২% N ১২.১৫%

৮. প্রান্তিক মূল্য হলো–
i. বর্তমান মূল্য
ii. ভবিষ্যৎ মূল্য
iii. চক্রবৃদ্ধি মূল্য
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৯. পাক্ষিক চক্রবৃদ্ধির ক্ষেত্রে m-এর মান কত?
K ৬ L ১২
M ২৪ N ৫২

■ **উদ্দীপকটি পড়ে ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :**
মিজ তন্বী ৬ বছরের জন্য জনতা ব্যাংকে ২০,০০,০০০ টাকা জমা রাখেন। জনতা ব্যাংক তাকে ১২% মাসিক চক্রবৃদ্ধি সুদ দিবে।

১০. মিজ তন্বীর জমাকৃত টাকা কোন ধরনের নগদ প্রবাহের অন্তর্ভুক্ত?
K এককালীন নগদ প্রবাহ
L অগ্রিম বার্ষিক বৃত্তি
M সাধারণ বার্ষিক বৃত্তি
N মিশ্র নগদ প্রবাহ

১১. মিজ তন্বী ৬ বছর পর কত টাকা পাবেন?
K ২১,২৩,০৪০ L ৩৯,৪৭,৬৪৫
M ৪০,৯৪,১৯৮ N ৪৭,০৯,১০৪

১২. EAR-এর পূর্ণরূপ কী?
K Effective Annual Rate
L Evaluate Annual Rate
M Efficient Annual Rate
N Earning Annual Rate

১৩. বন্ড, ডিবেঞ্চার ইত্যাদিতে বিনিয়োগকারীকে কোন ধরনের ঝুঁকি মোকাবিলা করতে হয়?
K সুদের হার ঝুঁকি L তারল্য ঝুঁকি
M ব্যবসায় ঝুঁকি N বিনিময় হার ঝুঁকি

১৪. ঋণগ্রহীতা কোন বন্ড পুনঃক্রয় করে বন্ডের অবসায়ন ঘটাতে পারে?
K কুপন বন্ড L কল বন্ড
M জাঙ্ক বন্ড N পুট বন্ড

১৫. বন্ডে প্রয়োজনীয় আয়ের হার বৃদ্ধি পেলে কোনটি হ্রাস পায়?
K অন্তর্নিহিত মূল্য L অভিহিত মূল্য
M মেয়াদপূর্তি মূল্য N বার্ষিক সুদের পরিমাণ

১৬. কোন বন্ডে ক্রেতার সম্পূর্ণ বিবরণ লিখিত থাকে?
K নিবন্ধিত বন্ড L কল বন্ড
M পুট বন্ড N কুপন বন্ড

■ **উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও :**
ড্রিম কোম্পানি ১২% সুদে ১০০০ টাকা অভিহিত মূল্যের ৫ বছর মেয়াদি একটি বন্ড ইস্যু করে। বন্ডের বর্তমান বাজারমূল্য ৯০০ টাকা। প্রয়োজনীয় আয়ের হার ১০%।

১৭. ড্রিম কোম্পানির ইস্যুকৃত বন্ডের চলতি আয়ের হার কত?
K ১০% L ১১.৫৮%
M ১২% N ১৩,৩৩%

১৮. বন্ডটির অন্তর্নিহিত মূল্য কত?
K ৯৮০ টাকা L ১০৩৮ টাকা
M ১০৭৬ টাকা N ১১৪৬ টাকা

১৯. অর্থের সময়মূল্য বিবেচনা করে–
i. নিট বর্তমান মূল্য
ii. আন্তঃআয়ের হার
iii. গড় উপার্জন হার
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২০. কোন ধরনের শেয়ার থেকে নির্দিষ্ট হারে আয় পাওয়া যায়?
K সাধারণ শেয়ার L রাইট শেয়ার
M অগ্রাধিকার শেয়ার N বোনাস শেয়ার

২১. মূলধন বাজেটিং প্রযোজ্য–
i. পণ্য ক্রয়
ii. স্থায়ী সম্পদ ক্রয়
iii. সম্পদ প্রতিস্থাপন
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও :**
প্রোভিটা লিমিটেড ৪,০০,০০০ টাকা ব্যয়ে একটি মেশিন কিনতে চায় যার সংস্থাপন ব্যয় ৩০,০০০ টাকা। মেশিনটির আয়ুষ্কাল ৫ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ২০,০০০ টাকা। চলতি মূলধন ৩০,০০০ টাকা।

২২. উদ্দীপকে প্রোভিটা লিমিটেডের গড় বিনিয়োগ কত হবে?
K ২,১৫,০০০ টাকা L ২,২৫,০০০ টাকা
M ২,৩৫,০০০ টাকা N ২,৫৫,০০০ টাকা

২৩. প্রোভিটা লিমিটেডের NCO কত হবে?
K ৪,০০,০০০ টাকা L ৪,৩০,০০০ টাকা
M ৪,৫০,০০০ টাকা N ৪,৬০,০০০ টাকা

২৪. মূলধন বাজেটিং-এর ধাপসমূহ হলো–
i. প্রকল্প উদ্ভাবন
ii. প্রকল্প মূল্যায়ন
iii. মূলধন নিয়ন্ত্রণ
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২৫. নিচের কোন ঝুঁকি পরিহার করা যায় না?
K তারল্য ঝুঁকি L বিনিময় হার ঝুঁকি
M কোম্পানি ঝুঁকি N আর্থিক ঝুঁকি

■ **উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও :**
এপেক্স লি.-এর ঝুঁকিমুক্ত আয়ের হার ৮%। বাজার আয়ের হার ১২% এবং বিটা সহগ ১.৫।

২৬. এপেক্স লি.-এর ঝুঁকি অধিহার কত?
K ৪% L ৬%
M ৯% N ১০%

২৭. এপেক্স লি.-এর প্রত্যাশিত আয়ের হার কত?
K ১০% L ১২%
M ১৪% N ১৬%

২৮. ঝুঁকি পরিমাপের উৎকৃষ্ট পদ্ধতি কোনটি?
K ব্যবধানাঙ্ক L আদর্শ বিচ্যুতি
M প্রত্যাশিত আয়ের হার N ভেদাঙ্ক

২৯. কাঁচামালের মূল্য হ্রাস-বৃদ্ধিতে নিচের কোন ঝুঁকি সৃষ্টি হয়?
K সুদের হার ঝুঁকি L তারল্য ঝুঁকি
M ব্যবসায় ঝুঁকি N বিনিময় হার ঝুঁকি

৩০. মিজ ফাইজা দুটি প্রকল্পে সমান অনুপাতে বিনিয়োগ করেন। প্রকল্প দুটির প্রত্যাশিত আয়ের হার যথাক্রমে ১৮% ও ২৪%। মিজ ফাইজার পোর্টফোলিও আয়ের হার কত?
K ১৮% L ২১%
M ২৪% N ২৮%

ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

বিষয় কোড : 2 9 2

সময়–৩০ মিনিট

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ◉ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. আবির লি. এর বিটার মান ২। ঝুঁকিমুক্ত আয়ের হার ৬% এবং বাজার ঝুঁকি প্রিমিয়াম ১০% আবির লি.-এর প্রয়োজনীয় আয়ের হার কত?
K ৮% L ১৪%
M ২২% N ২৬%

২. বেটা (β) দ্বারা পরিমাপ করা হয়-
K মোট ঝুঁকি L আর্থিক ঝুঁকি
M একক ঝুঁকি N বাজার ঝুঁকি

৩. CAPM-এর অনুমিত শর্তাবলি হলো–
i. বিক্রয় খরচ থাকবে না
ii. কোনো আয়কর থাকবে না
iii. কোনো মুদ্রাস্ফীতি নেই
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**
মি. 'সাদ' কম ঝুঁকিসম্পন্ন প্রকল্পে বিনিয়োগে আগ্রহী। তার বিনিয়োগ সুযোগ নিম্নরূপ :

বিবরণ	প্রকল্প			
	ক	খ	গ	ঘ
পরিমিত ব্যবধান %	১৫	২১	১৮	১৯
প্রত্যাশিত আয় %	৯	১২	৭	৬

৪. উদ্দীপকে বর্ণিত প্রকল্প 'ক'-এর বিভেদাঙ্ক কত?
K ১.৩৭ L ১.৪৭
M ১.৫৭ N ১.৬৭

L আর্থিক পরিকল্পনা
M স্বল্পমেয়াদি বিনিয়োগ
N তহবিল সংগ্রহ

২৫. নিচের কোনটি ঝুঁকিযুক্ত সিকিউরিটি?
K ট্রেজারি বিল L শেয়ার
M বন্ড N মিউচুয়াল ফান্ড

২৬. প্রতিষ্ঠানে শ্রমিক ধর্মঘটের ফলে কোন ধরনের ঝুঁকির সৃষ্টি হয়?
K আর্থিক ঝুঁকি L বাজার ঝুঁকি
M কোম্পানি ঝুঁকি N মোট ঝুঁকি

২৭. আর্থিক ঝুঁকির উৎস কোনটি?
K ঋণ মূলধন
L শেয়ার মূলধন
M অর্থনৈতিক মন্দা
N উৎপাদন ব্যবস্থাপনা

২৮. নিচের কোনটি ঝুঁকিহীন বিনিয়োগ ক্ষেত্র?
K অগ্রাধিকার শেয়ার L কর্পোরেট বন্ড
M সাধারণ শেয়ার N ট্রেজারি বন্ড

২৯. কোন ঝুঁকি পরিহার করা যায় না?
K আর্থিক ঝুঁকি L বাজার ঝুঁকি
M ব্যবসায়িক ঝুঁকি N কোম্পানি ঝুঁকি

৩০. ঝুঁকি পরিমাপের জন্য জন্য ব্যবহার করা হয়–
i. আন্তঃআয়ের হার
ii. আদর্শ বিচ্যুতি
iii. বিভেদাঙ্ক
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

দিনাজপুর সরকারি কলেজ

বিষয় কোড : 2 9 2

সময়–৩০ মিনিট | **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ◉ বহুনির্বাচনি অভীক্ষা** | পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. কোনটি অর্থায়ন কার্যাবলির অন্তর্ভুক্ত নয়?
K আর্থিক পরিকল্পনা L লভ্যাংশ সিদ্ধান্ত
M বিনিয়োগ সিদ্ধান্ত N মূল্য নির্ধারণ

২. সরকারি রাজস্ব সংগ্রহে নিচের কোনটি অধিক গুরুত্বপূর্ণ?
K কর L আমদানি শুল্ক
M অনুদান N রপ্তানি

৩. অর্থায়নের সামাজিক দায়বদ্ধতার ক্ষেত্রে বিনিয়োগকারীদের প্রতি দায়িত্ব হলো–
i. উপযুক্ত লভ্যাংশ প্রদান
ii. শ্রমিকদের বেতন বৃদ্ধি
iii. বিনিয়োগকৃত অর্থের যুক্তিযুক্ত ব্যবহার
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৪. পরিবেশ দূষণমুক্ত রাখা অর্থায়নের কোন বিষয়টির অন্তর্ভুক্ত?
K সামাজিক দায়বদ্ধতা
L মুনাফাসংক্রান্ত দায়বদ্ধতা
M ঝুঁকিসংক্রান্ত দায়বদ্ধতা
N বিক্রয়সংক্রান্ত দায়বদ্ধতা

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
নোহা পিএলসি ১২% সুদে জনতা ব্যাংক পিএলসি থেকে ৫,০০,০০,০০০ টাকা ঋণ নিল। ২০২৪ সালে কোম্পানি ১০,০০,০০০ টাকা মুনাফা করল। পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত অনুযায়ী সমুদয় মুনাফা শেয়ারহোল্ডারদের মধ্যে শেয়ার অনুপাতে বণ্টন করলো। কিন্তু ২০২৫ সালে কাঁচামাল কিনতে গিয়ে কোম্পানি দেখল পর্যাপ্ত নগদ অর্থ নেই।

৫. নোহা পিএলসি অর্থায়নের কোন নীতি অনুসরণ না করায় কাঁচামাল ক্রয়ে সমস্যা দেখা দেয়?
K তারল্য ও মুনাফা নীতি
L ঝুঁকি ও মুনাফা নীতি
M পোর্টফোলিও বৈচিত্র্যায়ন নীতি
N অর্থের সময়মূল্য নীতি

৬. উদ্দীপকে নোহা পিএলসি এর গৃহীত সিদ্ধান্ত হচ্ছে–
i. অর্থায়ন
ii. বিনিয়োগ
iii. লভ্যাংশ
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৭. ভবিষ্যতে প্রাপ্ত অর্থের আজকের মূল্যকে কী বলা হয়?
K বর্তমান মূল্য L ভবিষ্যৎ মূল্য
M অ্যানুইটি N অর্থের সময়মূল্য

৮. বাট্টাকরণ বলতে কী বোঝায়?
K বাট্টা নির্ণয়ের পদ্ধতি
L কারবারি বাট্টায় পণ্য বিক্রি
M নগদ টাকায় পণ্য বিক্রি
N বর্তমান মূল্য নির্ণয়ের পদ্ধতি

৯. অর্থের সময়মূল্যের সৃষ্টি হওয়ার কারণ কী?
K সুদের হার L তারল্য
M আর্থিক নীতি N মুদ্রা নীতি

১০. মুদ্রাস্ফীতির কারণে বৃদ্ধি পায়–
i. বিনিয়োগ
ii. উৎপাদন খরচ
iii. কাঁচামালের মূল্য
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১১. কোন ক্ষেত্রে বর্তমান মূল্য অধিক?
K রফিক আজীবন প্রত্যেক বছর ৫০,০০০ টাকা পাবে এবং সুযোগ ব্যয়ের হার ১০%
L রহিম আজ থেকে ১০ বছর পর ১,০০,০০০ টাকা পাবে এবং সুদের হার ১৫%
M সুজন আজীবন প্রত্যেক বছর ৬,০০০ টাকা পাবে এবং সুযোগ ব্যয়ের হার ১০%
N আনিস আজ থেকে ৮ বছর পর ৮০,০০০ টাকা পাবে এবং সুগের হার ১২%

১২. সুদের হার বৃদ্ধি পেলে নিচের কোনটি বৃদ্ধি পাবে?
K বর্তমান মূল্য L বিক্রয়ের পরিমাণ
M ভবিষ্যৎ মূল্য N অবচয়ের পরিমাণ

১৩. কোন প্রকল্পের নিট বর্তমান মূল্যের মান ঋণাত্মক হলে প্রকল্পটি–
K বিলম্বিত করা হয় L পুনর্মূল্যায়ন করা হয়
M বর্জন করা হয় N গ্রহণ করা হয়

১৪. মূলধন বাজেটিংয়ের ধাপসমূহ হলো–
i. প্রকল্প উদ্ভাবন
ii. প্রকল্প মূল্যায়ন
iii. মূলধন নিয়ন্ত্রণ
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব সিদ্দিক একটি লাভজনক প্রকল্পে ১,২০,০০০ টাকা বিনিয়োগ করলেন, যা থেকে আগামী ৫ বছর যাবত বার্ষিক নগদ আন্তঃপ্রবাহ পাওয়া যাবে যথাক্রমে ১৬,০০০ টাকা; ২৪,০০০ টাকা; ৫০,০০০ টাকা; ৪০,০০০ টাকা এবং ৪২,০০০ টাকা।

১৫. প্রকল্পটির ৩য় বছরে ক্রমযোজিত নগদ প্রবাহ কত হবে?
K ৪০,০০০ টাকা L ৫০,০০০ টাকা
M ৮০,০০০ টাকা N ৯০,০০০ টাকা

১৬. প্রকল্পটির পে-ব্যাক সময় কত হবে?
K ৩ বছর ৬ মাস L ৩ বছর ৯ মাস
M ৪ বছর ২ মাস N ৪ বছর ৫ মাস

১৭. নিচের কোনটি বেশি লাভজনক?
K গড় বিনিয়োগ ১০০ টাকা, গড় মুনাফা ৪০ টাকা
L গড় বিনিয়োগ ৫০ টাকা, গড় মুনাফা ৩০ টাকা
M গড় বিনিয়োগ ১০০ টাকা, গড় মুনাফা ২০ টাকা
N গড় বিনিয়োগ ৫০ টাকা, গড় মুনাফা ২৫ টাকা

১৮. প্রকল্পের লাভজনকতার বিচার করে অগ্রাধিকারের ভিত্তিতে মূলধনের বরাদ্দ দেওয়াকে কী বলে?
K মূলধন ব্যয় L মূলধনের পর্যাপ্ততা
M মূলধনের বাজেটিং N মূলধন রেশনিং

১৯. সাধারণ শেয়ারের বৈশিষ্ট্য হলো–
i. শেয়ারহোল্ডারগণ নির্দিষ্ট হারে লভ্যাংশ পায়
ii. ভোটাধিকার আছে
iii. কোম্পানির প্রকৃত মালিক
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২০. দীর্ঘমেয়াদি অর্থায়নের উৎস কোনটি?
K ট্রেজারি বিল L ট্রেজারি বন্ড
M বাণিজ্যিক ব্যাংক N বাণিজ্যিক কাগজ

২১. যে বন্ডের ওপর সুদ প্রদান করা হয় না, তাকে কী বলে?
K কুপন বন্ড L জিরো কুপন বন্ড
M জাঙ্ক বন্ড N ট্রেজারি বন্ড

২২. IPO এর পূর্ণরূপ কী?
K Initial Popular Offering
L Initial Public Offering
M Internal Public Offering
N International Public Offering

২৩. সেকেন্ডারি বাজারের উদ্দেশ্য হলো–
i. তারল্য বজায় রাখা
ii. প্রতিনিয়ত সিকিউরিটিজ সম্পর্কে তথ্য জানতে পারা
iii. নতুন সিকিউরিটিজ ইস্যু করা
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২৪. একটি বন্ডের লিখিত মূল্য ১,০০০ টাকা এবং বাজারমূল্য ১,৩০০০ টাকা। কুপন রেট ১২% হলে মূলধনি লাভ ইল্ড কত?
K ১০% L ১২%
M ২০% N ৩০%

২৫. সিস্টেমেটিক ঝুঁকি ও আয়ের মধ্যে সম্পর্ককে যে মডেলের সাহায্যে প্রকাশ করা হয় তাকে কী বলে?
K CAPM L CPM
M CAM N ACPM

■ **উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও :**
করতোয়া পিএলসি এর ঝুঁকিমুক্ত আয়ের হার ৮%, মার্কেট পোর্টফোলিও আয়ের হার ১২% এবং বিটা সহগ, ১.৫%।

২৬. করতোয়া পিএলসি এর ঝুঁকি প্রিমিয়াম কত?
K ৩% L ৪%
M ৫% N ৬%

২৭. করতোয়া পিএলসি এর প্রত্যাশিত আয়ের হার কত?
K ১৪% L ১৫%
M ১৬% N ১৭%

২৮. পরিচালন আয় হতে ব্যয় মেটাতে না পারার সম্ভাবনাকে কী বলা হয়?
K আর্থিক ঝুঁকি L ব্যবসায়িক ঝুঁকি
M সুদ হার ঝুঁকি N তারল্য ঝুঁকি

২৯. বিটার মান বৃদ্ধি পেলে নিচের কোনটি বৃদ্ধি পাবে?
K প্রয়োজনীয় আয়ের হার
L আর্থিক ঝুঁকি
M মোট মুনাফার হার N তারল্য ঝুঁকি

৩০. ঋণ মূলধনের ব্যবহার পরিহার করলে নিচের কোনটি শূন্য হবে?
K আর্থিক ঝুঁকি L বাজার ঝুঁকি
M তারল্য ঝুঁকি N বিনিময় হার ঝুঁকি

ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, মোমেনশাহী

বিষয় কোড : 2 9 2

সময়–৩০ মিনিট

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ◉ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. হ্যারি মার্কোইজ কত সালে পোর্টফোলিও তত্ত্বটি আবিষ্কার করেন?
K ১৯৭০ L ১৯৫২
M ১৯৫০ N ১৯৪৭

২. পোর্টফোলিও বিনিয়োগের উদ্দেশ্য হলো–
K মুনাফা বৃদ্ধি L ঝুঁকি হ্রাস
M বিক্রয় বৃদ্ধি N উৎপাদন বৃদ্ধি

৩. অর্থায়নের লক্ষ্য–
i. মুনাফা সর্বাধিকরণ
ii. সম্পদ সর্বাধিকরণ
iii. মূলধন সর্বাধিকরণ
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৪. সুরল সুদের ক্ষেত্রে কীভাবে সুদ গণনা করা হয়?
K আসলের ওপর
L বাৎসরিক টাকার ওপর
M সুদাসলের ওপর N বাট্টার ওপর

৫. সুদের হার ১২% হলে ৮ বছর পরের ১,০০০ টাকার বর্তমান মূল্য কত হবে?
K ৪০১.৮৮ L ৪০৩.৮৮
M ৪০২.৮৮ N ৪০৪.৮৮

৬. শতকরা ১০ টাকা সুদে অর্ধবার্ষিক চক্রবৃদ্ধিতে ২০,০০০ টাকা জমা রাখলে ৫ বছর পর কত টাকা পাওয়া যাবে?
K ৩২,৫৬৭ L ৩২,৫৭৭
M ৩২,৫৮৭ N ৩২,৫৯৭

৭. জনাব আমিন ট্রাস্ট ব্যাংকে ৫০,০০০ টাকা জমা রেখে ১৫ বছর পর ১,০০,০০০ টাকা উত্তোলন করেন। বিধি ৭২ অনুযায়ী উক্ত বিনিয়োগের উপর তার অর্জিত সুদের হার কত?
K ৪.৩% L ৪.৭%
M ৪.৮% N ৫.০%

৮. ৭ বছরের জন্য ৩,০০০ টাকা ৮% ত্রৈমাসিক চক্রবৃদ্ধি সুদ হারে বিনিয়োগ করলে কার্যকরী সুদের হার কত হবে?
K ৮% L ৮.২৪%
M ৯.২৪% N ১১%

৯. অ্যানুইটির বৈশিষ্ট্য হলো–
i. সমপরিমাণ নগদ অর্থের প্রাপ্তি বা প্রদান
ii. সময়ের ব্যবধান সমান হওয়া
iii. নগদ প্রবাহ এক বছর পর পর ঘটবে
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব জাওয়াদ একজন বিনিয়োগকারী। একটি প্রকল্পে বিনিয়োগের জন্য ৬ বছর পর ৫,০০,০০০ টাকা প্রয়োজন। এজন্য তিনি বর্তমানে ৯% চক্রবৃদ্ধি হার সুদে ৬ বছরের জন্য ব্যাংকে টাকা জমা রাখতে চান।

১০. জনাব জাওয়াদকে এখন কত টাকা ব্যাংকে জমা রাখতে হবে?
K ২,৯৭,১৩৩.৬৬ L ২,৯৬,১৩৩.৬৬
M ২,৯৮,১৩৩.৬৬ N ২,৯৪,১৩৩.৬৬

১১. যে বন্ডের ঝুঁকি এবং আয় বেশি তাকে বলে–
K কুপন বন্ড L চিরস্থায়ী বন্ড
M জাঙ্ক বন্ড N পুট বন্ড

১২. বন্ড ইনভেস্টার কী?
K বন্ডের দলিল L বন্ডের মেয়াদ
M বন্ডের লিখিত মূল্য N বন্ডের প্রকৃতি

১৩. যে বন্ডের মেয়াদ অসীম তাকে কী বলে?
K কুপন বন্ড L জিরো কুপন বন্ড
M বন্ধকি বন্ড N চিরস্থায়ী বন্ড

১৪. একটি বন্ডের লিখিত মূল্য ২,০০০ টাকা এবং কুপন সুদের হার ১০%। বন্ডটি বর্তমানে ১,৯০০ টাকায় বিক্রয় হচ্ছে। চলতি ইল্ড কত?
K ৮.৩৭% L ৭.৪৭%
M ১০.৫৩% N ৯.৪৭

১৫. বাংলাদেশে বন্ড ইস্যুকারী কর্তৃপক্ষ হলো–
i. বিনিয়োগকারী
ii. কোম্পানি
iii. সরকার
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১৬. YTM-এর পূর্ণরূপ কী?
K Year to Month L Year to Maturity
M Yield to Maturity N Yield to Month

■ **উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও :**
মি. আবিদ 'স্টার গ্রুপ' থেকে ৫০ টাকা মূল্যের ১,০০০টি শেয়ার ক্রয় করেন ৫০,০০০ টাকায়। তিনি তার শেয়ারের ওপর নির্দিষ্ট হারে সুদ আশা করেন। আবিদ সাহেব শেয়ার ক্রয় করলেও স্টার গ্রুপের মালিক হতে পারেননি।

১৭. মি. আবিদ কোনটি ক্রয় করেছেন?
K সাধারণ শেয়ার L বোনাস শেয়ার
M রাইট শেয়ার N অগ্রাধিকার শেয়ার

১৮. মি. আবিদ তার ক্রয়কৃত শেয়ার রূপান্তর করতে পারেন–
K সাধারণ শেয়ার L অগ্রাধিকার শেয়ার
M বোনাস শেয়ার N রাইট শেয়ার

১৯. কোন প্রকল্পটি গ্রহণযোগ্য?
K যে প্রকল্পে IRR সর্বনিম্ন
L যে প্রকল্পে ARR সর্বনিম্ন
M যে প্রকল্পের PBP সর্বনিম্ন
N যে প্রকল্পের NPV সর্বনিম্ন

২০. একটি প্রতিষ্ঠানের করপরবর্তী গড় আয় ১০,০০০ টাকা এবং গড় বিনিয়োগ ২৫,০০০ টাকা হলে, গড় মুনাফার হার কত?
K ৩০% L ৪০%
M ৫০% N ৫৫%

২১. মূলধন বাজেটিং প্রকল্প মূল্যায়ন পদ্ধতিগুলো হলো–
i. গড় মুনাফার হার
ii. পে-ব্যাক সময়
iii. নিট বর্তমান মূল্য
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২২নং প্রশ্নের উত্তর দাও :**
একটি প্রকল্পে ৫০,০০০ টাকা বিনিয়োগ করলে আগামী ৪ বছর ব্যাপী প্রতি বছর ২০,০০০ টাকা করে পাওয়া যাবে। প্রকল্পটির বাট্টার হার ১২%।

২২. উদ্দীপকে উল্লিখিত প্রকল্পটির নিট বর্তমান মূল্য কত টাকা?
K ১০,৭৪৬ L ২০,৭৪৬
M ৫০,৭৪৬ N ৬০,৭৪৬

২৩. প্রকল্প মূল্যায়নের ক্ষেত্রে কখন মুনাফা লভ্যতাসূচক বা PI গ্রহণযোগ্য?
K PI > 1 L PI = 0
M PI < I N PI > 0

■ **উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও :**
মেঘনা লি. একটি প্রকল্পে ১,১২,০০০ টাকা বিনিয়োগ করে। আগামী ৫ বছর যাবৎ উক্ত বিনিয়োগ হতে বার্ষিক নগদ আন্তঃপ্রবাহ পাওয়া যাবে যথাক্রমে ২৮,০০০ টাকা, ৩২,০০০ টাকা, ৩৬,০০০ টাকা, ৪০,০০০ টাকা এবং ৪৪,০০০ টাকা।

২৪. তৃতীয় বছরে প্রকল্পটির ক্রমযোজিত নগদ প্রবাহ কত হবে?
K ১,৩৬,০০০ টাকা L ৯৬,০০০ টাকা
M ৬০,০০০ টাকা N ৩৬,০০০ টাকা

২৫. প্রকল্পটির পে-ব্যাক সময় কত?
K ৪.৪ বছর L ৪.১ বছর
M ৪.০ বছর N ৩.৪ বছর

২৬. বাট্টাকৃত নগদ প্রবাহ পদ্ধতির প্রথম কৌশল কোনটি?
K ARR L NPV
M IRR N PBP

২৭. কোনটি অপরিহারযোগ্য ঝুঁকি?
K বাজার ঝুঁকি L কোম্পানি ঝুঁকি
M বিনিয়োগ হার ঝুঁকি N তারল্য ঝুঁকি

২৮. তারল্য বৃদ্ধি পেলে মুনাফা কী হয়?
K বৃদ্ধি পায় L হ্রাস পায়
M সমান থাকে N পরিবর্তিত হয় না

■ **উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**

বিবরণ	সিকিউরিটি X	সিকিউরিটি Y
প্রত্যাশিত আয়	১০%	১৫%
পরিমিত ব্যবধান	১৫%	২৫%
বিভেদাঙ্ক	১৫০%	?

২৯. সিকিউরিটি Y-এর বিভেদাঙ্ক নিচের কোনটি?
K ১০০% L ১৫০%
M ১৬৭% N ১৭০%

৩০. সিকিউরিটি Y হলো–
i. অধিক ঝুঁকিপূর্ণ
ii. কম ঝুঁকিপূর্ণ
iii. অধিক আয়যুক্ত
নিচের কোনটি সঠিক?
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

এক্সক্লুসিভ মডেল টেস্ট

SURE SUCCESS

এক্সক্লুসিভ মডেল টেস্ট ০১

বিষয় কোড : 2 9 2

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▸ জনাব জনি একটি কোম্পানির ব্যবস্থাপক। প্রতিষ্ঠানটির দৈনন্দিন কাজ যথাযথভাবে পরিচালনার জন্য তিনি প্রয়োজনীয় ব্যবস্থা নেন। তিনি পর্যাপ্ত কাঁচামাল ও মজুদপণ্য মজুদ রাখেন যাতে সময়মতো অর্ডারকৃত পণ্য সরবরাহ করতে পারেন। পাশাপাশি প্রতিষ্ঠানে প্রয়োজনীয় চলতি মূলধনের ব্যবস্থা রাখেন। তার গৃহীত ব্যবস্থার ফলে প্রতিষ্ঠানের উৎপাদন ও মুনাফা বৃদ্ধি পায়। কোম্পানি মুনাফার একটি অংশ শেয়ারহোল্ডারদের লভ্যাংশ হিসেবে প্রদান করে। তার প্রভাবে কোম্পানির শেয়ারের মূল্য বৃদ্ধি পায়।

ক. তারল্য কী? ১

খ. "উচ্চ মুনাফাযুক্ত প্রকল্প সর্বদা গ্রহণযোগ্য নয়"– ব্যাখ্যা কর। ২

গ. জনাব জনির প্রথম কাজটি অর্থায়নের কোন কার্যাবলির অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. কোম্পানির লভ্যাংশ বণ্টনে অর্থায়নের কোন লক্ষ্য প্রতিফলিত হয়েছে? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

২▸ জনাব জামি বিনিয়োগের জন্য নিচের দুটি প্রকল্প বিবেচনা করছেন।

প্রকল্প	ক	খ
আয়ের হার	২২%	১৮%
আদর্শ বিচ্যুতি	৫%	৪%

ক. অর্থায়ন কী? ১

খ. "মুনাফা একটি অস্পষ্ট ধারণা"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে জনাব জামি ক প্রকল্পে বিনিয়োগ করলে তা অর্থায়নের কোন নীতির সাথে সামঞ্জস্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব জামি যদি উভয় প্রকল্পে বিনিয়োগ করেন তাহলে অর্থায়নের নীতির আলোকে তার বিনিয়োগ সিদ্ধান্তের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৩▸ জনাব শফিক ব্যবসায়ের প্রয়োজনে ব্যাংক থেকে ১০% সুদে ২৫,০০,০০০ টাকা ঋণ গ্রহণ করেন যা সমান ৫টি বার্ষিক কিস্তিতে পরিশোধ করতে হবে।

ক. প্রদেয় বার্ষিক বৃত্তি কী? ১

খ. ভবিষ্যৎ অপেক্ষা বর্তমানে নগদ টাকার মূল্য কেন বেশি? ২

গ. জনাব শফিকের ঋণের কিস্তির পরিমাণ নির্ণয় কর। ৩

ঘ. জনাব শফিক কিস্তির টাকা প্রতি বছরের শুরুতে পরিশোধ করলে ঋণের কিস্তির পরিমাণ নির্ণয়পূর্বক একটি ঋণ পরিশোধ তালিকা তৈরি কর। ৪

৪▸ মিজ তানিয়া একটি ফ্ল্যাট ক্রয় করতে চান। ফ্ল্যাটের মূল্য পরিশোধের জন্য কোম্পানি তাকে দুটি প্রস্তাব দেয়। প্রথম প্রস্তাব অনুযায়ী ৪০,০০,০০০ টাকা ডাউন পেমেন্ট দিয়ে বাকি টাকা পরবর্তী ৩ বছরে যথাক্রমে ৩০,০০,০০০ টাকা, ২০,০০,০০০ টাকা এবং ২০,০০,০০০ টাকা পরিশোধ করতে হবে। দ্বিতীয় প্রস্তাব অনুযায়ী আগামী ১০ বছর প্রতিবছর ১৩,০০,০০০ টাকা করে পরিশোধ করতে হবে। সুযোগ ব্যয় ১২%।

ক. সময় রেখা কী? ১

খ. নামিক সুদ ও কার্যকরী সুদের হার আলাদা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. প্রথম প্রস্তাবের ভবিষ্যৎ মূল্য নির্ণয় কর। ৩

ঘ. ফ্ল্যাট ক্রয়ে মিজ তানিয়ার কোন প্রস্তাব গ্রহণ করা উচিত? বিশ্লেষণ কর। ৪

৫▸ জনাব ফাহাদ বিনিয়োগের জন্য দুটি বন্ড পছন্দ করেছেন। বন্ড দুটির তথ্য নিম্নরূপ :

বন্ড	অভিহিত মূল্য	কুপন হার	মেয়াদপূর্তি মূল্য	মেয়াদ	বাজারমূল্য
J	৫,০০০	১৬%	৫,৫০০	৬	৫,৮০০
P	১,০০০	১৪%	–	–	১,০৫০

বন্ড ইস্যুকারী কোম্পানি J বন্ড ৪ বছর পর ৫,৬০০ টাকায় কল করতে পারবে। জনাব ফাহাদের প্রয়োজনীয় আয়ের হার ১৩%।

ক. বন্ড ইন্ডেঞ্চার কী? ১

খ. কুপন হার বন্ডের আয়ের ওপর কী প্রভাব ফেলে? ব্যাখ্যা কর। ২

গ. J বন্ডের কল মেয়াদে আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. জনাব ফাহাদের কোন বন্ডে বিনিয়োগ করা উচিত? বিশ্লেষণ কর। ৪

৬▸ মিজ ফাহিমা নিচের দুটি বন্ডের যেকোনো একটিতে বিনিয়োগ করতে আগ্রহী।

বন্ড	অভিহিত মূল্য	কুপন হার	মেয়াদপূর্তি মূল্য	মেয়াদ	বাজারমূল্য
A	১,০০০	১২%	১,০৫০	৫	৯০০
B	২,০০০		২,১০০	৮	৭০০

প্রত্যাশিত আয়ের হার ১৪%।

ক. চলতি আয়ের হার কী? ১

খ. একটি বন্ড কখন অবহারে বিক্রি করা হয়? ২

গ. A বন্ডের মেয়াদপূর্তি আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. মিজ ফাহিমার কোন বন্ডে বিনিয়োগ করা উচিত? বিশ্লেষণ কর। ৪

৭▸ জনাব সেলিম তার কারখানার জন্য ২,০০,০০০ টাকা মূল্যের একটি মেশিন ক্রয় করার চিন্তা করছেন। মেশিনটির সংস্থাপন ব্যয় ২০,০০০ টাকা, আয়ুষ্কাল ৪ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ১২,০০০ টাকা। মেশিনটি থেকে আগামী ৪ বছর করপরবর্তী মুনাফা যথাক্রমে ১০,০০০ টাকা, ২০,০০০ টাকা, ৩০,০০০ টাকা এবং ২৪,০০০ টাকা পাওয়া যাবে। চলতি মূলধন ১০,০০০ টাকা, মূলধন ব্যয় ১২% এবং কর হার ৪০%।

ক. প্রকল্প কী? ১

খ. মূলধন বাজেটিংয়ের বাট্টাকৃত নগদপ্রবাহ পদ্ধতি কেন অধিক গ্রহণযোগ্য? ব্যাখ্যা কর। ২

গ. মেশিনটির পরিশোধকাল নির্ণয় কর। ৩

ঘ. নিট বর্তমান মূল্যের ভিত্তিতে মেশিনটি ক্রয়ের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৮▸ জনাব নিয়াজ একটি প্রকল্পে বিনিয়োগ করতে আগ্রহী। প্রকল্পের প্রাথমিক ব্যয় ৪,০০,০০০ টাকা, মেয়াদ ৫ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ২০,০০০ টাকা। প্রকল্পের আগামী ৫ বছরের নগদ আন্তঃপ্রবাহ যথাক্রমে ৯০,০০০ টাকা, ৯৫,০০০ টাকা, ১,০০,০০০ টাকা, ১,০৫,০০০ টাকা এবং ১,১৫,০০০ টাকা। মূলধন ব্যয় ১০%।

ক. মূলধন রেশনিং কী? ১

খ. কখন নিট বর্তমান মূল্য শূন্য হয়? ব্যাখ্যা কর। ২

গ. প্রকল্প থেকে গড়ে কী হারে মুনাফা অর্জন করবে তা নির্ণয় কর। ৩

ঘ. IRR-এর ভিত্তিতে প্রকল্পটির গ্রহণযোগ্যতা মূল্যায়ন কর। ৪

৯▸ মিজ ফাতিহা বিনিয়োগের জন্য নিচের দুটি সিকিউরিটির তথ্য বিবেচনা করছেন :

বছর	১	২	৩	৪
সিকিউরিটি N (আয়ের হার)	১০%	১৬%	১৯%	১১%
সিকিউরিটি P (আয়ের হার)	১৩%	১৭%	২২%	১২%

ক. CAPM কী? ১

খ. আর্থিক ঝুঁকি কীভাবে সৃষ্টি হয়? ব্যাখ্যা কর। ২

গ. P সিকিউরিটির পরিমিত ব্যবধান নির্ণয় কর। ৩

ঘ. ঝুঁকির মাত্রা বিবেচনায় মিজ ফাতিহার কোন সিকিউরিটিতে বিনিয়োগ করা যুক্তিযুক্ত হবে? বিশ্লেষণ কর। ৪

১০▸ জনাব তামিম মূলধন বাজারে বিনিয়োগ করতে আগ্রহী। বিনিয়োগ করার জন্য তিনি নিচের দুটি সিকিউরিটির তথ্য বিবেচনা করছেন :

সম্ভাবনা	প্রত্যাশিত আয় (%)	
	সিকিউরিটি V	সিকিউরিটি N
০.২০	২৫	১০
০.৫০	৩০	২৪
০.৩০	২০	২০

ঝুঁকি বিবেচনায় জনাব তামিম N সিকিউরিটিতে বিনিয়োগের সিদ্ধান্ত নেন।

ক. ঝুঁকি অধিহার কী? ১

খ. বাজার ঝুঁকি পরিহার করা যায় না কেন? ব্যাখ্যা কর। ২

গ. সিকিউরিটি V এর পরিমিত ব্যবধান নির্ণয় কর। ৩

ঘ. জনাব তামিমের বিনিয়োগ সিদ্ধান্তের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

১১▸ মিজ ভাবনা আলফা শেয়ারে ৩,০০,০০০ টাকা এবং ডেল্টা শেয়ারে ২,০০,০০০ টাকা বিনিয়োগ করলেন। শেয়ার দুটির অন্যান্য তথ্য নিম্নরূপ :

শেয়ার	প্রত্যাশিত আয়	পরিমিত ব্যবধান	সহ-সম্বন্ধ
আলফা	১৫%	৪%	+১
ডেল্টা	১৮%	৫%	

ক. পোর্টফোলিও কী? ১

খ. প্রয়োজনীয় আয়ের হারের ওপর বিটার প্রভাব ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে মিজ ভাবনার পোর্টফোলিও আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে শেয়ার দুটির সহ-সম্বন্ধ +১ থেকে –১ হলে পোর্টফোলিও ঝুঁকির উপর কী প্রভাব পড়বে তা বিশ্লেষণ কর। ৪

এক্সক্লুসিভ মডেল টেস্ট ০২

বিষয় কোড : 2 9 2

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▸ MT লিমিটেড একটি চামড়া প্রক্রিয়াজাতকারী প্রতিষ্ঠান। এ কাজে ব্যবহৃত কেমিক্যাল এবং বর্জ্যসমূহ বুড়িগঙ্গা নদীতে গিয়ে মিশে। প্রতিষ্ঠানটি নদীর পানি, মাটি ও পরিবেশের কথা ভেবে ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করে। এজন্য তাদের ২৫ লক্ষ টাকা প্রয়োজন। প্রতিষ্ঠানটি মূলধন সংগ্রহের জন্য এমন উৎসের কথা বিবেচনা করছে যেখান থেকে কর সুবিধা পাওয়া যাবে এবং মূলধন সরবরাহকারিগণ কোম্পানির প্রকৃত মালিক হতে পারবে না।

ক. পারিবারিক অর্থায়ন কী? ১

খ. "মুনাফা ও তারল্যের মধ্যে সমমুখী সম্পর্ক বিদ্যমান" তুমি কী একমত? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত MT লিমিটেড কোন ধরনের উৎসের মূলধন সংগ্রহের কথা ভাবছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রকল্পের বিনিয়োগটি অর্থায়নের কোন ধারণার সাথে সম্পর্কযুক্ত? মূল্যায়ন কর। ৪

২▸ আল আমিন সাহেবের নিকট সঞ্চিত ২০,০০,০০০ টাকা আছে যা তিনি মূলধন বাজারে বন্ডে বিনিয়োগ করতে চান যার মেয়াদকাল ৫ বছর এবং সুদের হার ১১.৫০% এবং অর্ধবার্ষিক ভিত্তিতে সুদ গণনা করা হয়। কিন্তু তার এক বন্ধু রনি তাকে বন্ডে বিনিয়োগ না করে ঐ অর্থ একটি ব্যাংকে ৫ বছরের জন্য জমা রাখার পরামর্শ দেন, যেখানে সুদের হার ১০.৫০% এবং ত্রৈমাসিক ভিত্তিতে সুদ হিসাব করা হয়। তবে আল আমিন সাহেব বন্ডেই বিনিয়োগ করবেন বলে সিদ্ধান্ত নেন।

ক. নামিক সুদের হার কী? ১

খ. মুদ্রাস্ফীতি কীভাবে অর্থের ক্রয় ক্ষমতাকে প্রভাবিত করে তা ব্যাখ্যা কর। ২

গ. আল আমিন সাহেব বন্ডে বিনিয়োগ করলে মেয়াদ শেষে কত টাকা ফেরত পাবেন? ৩

ঘ. আল আমিন সাহেবের সিদ্ধান্তটি ভবিষ্যৎ মূল্যের ওপর ভিত্তি করে মূল্যায়ন কর। ৪

৩▸ রহিম অ্যান্ড সন্স একটি নতুন মেশিন সংগ্রহের পরিকল্পনা করছেন। মেশিনটির ক্রয়মূল্য ৩,০০,০০০ টাকা, আয়ুষ্কাল ৫ বছর। মেশিনটি ব্যবহারের ফলে আগামী ৫ বছর যথাক্রমে ৬৫,০০০ টাকা, ৭৫,০০০ টাকা, ৮৫,০০০ টাকা, ৫৫,০০০ টাকা ও ৪৫,০০০ টাকা কর পরবর্তী নগদ আন্তঃপ্রবাহ পাওয়া যাবে। প্রতিষ্ঠানটি অভ্যন্তরীণ উপার্জন হার (IRR) এর ভিত্তিতে বিনিয়োগের সিদ্ধান্ত নেয়। কোম্পানির মূলধন ব্যয়ের হার ১৪%।

ক. প্রকল্প কাকে বলে? ১

খ. মূলধন বরাদ্দকরণ কাকে বলে? ব্যাখ্যা কর। ২

গ. রহিম অ্যান্ড সন্সের মেশিনটির গড় উপার্জন হার নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে মেশিনটি কেনার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৪▸ জনাব তাহের তার ব্যবসায়ের সম্প্রসারণের জন্য ১০,০০,০০০ টাকার প্রয়োজনীয়তা অনুভব করলে ব্যাংক থেকে ঋণ নিয়ে তার সমস্যা সমাধানের চেষ্টা করেন। তিনি এই ঋণের টাকা অর্ধবার্ষিক কিস্তিতে পরিশোধ করতে চান। একজন ব্যাংক ম্যানেজারের সাথে বিষয়টি আলোচনা করলে তিনি ১৪% সুদের হারে ২ বছরে অর্ধবার্ষিক কিস্তিতে পরিশোধযোগ্য একটি ঋণ দিতে আগ্রহী হন।

ক. অনিশ্চয়তা কী? ১

খ. চক্রবৃদ্ধির সংখ্যা বৃদ্ধি পেলে মোট সুদের ওপর কী প্রভাব পড়বে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের জনাব তাহেরকে প্রতি কিস্তিতে কত টাকা পরিশোধ করতে হবে তা নির্ণয় কর। ৩

ঘ. জনাব তাহেরের জন্য ঋণ পরিশোধ সূচি প্রস্তুত কর। ৪

৫▸ জামাল সাহেবের নিকট সঞ্চিত ৫০,০০,০০০ টাকা আছে যা তিনি মূলধন বাজারে বন্ডে বিনিয়োগ করতে চান যার মেয়াদকাল ৬ বছর এবং সুদের হার ১২% এবং অর্ধবার্ষিক ভিত্তিতে সুদ গণনা করা হয়। কিন্তু তার এক বন্ধু জনাব কামাল তাকে বন্ডে বিনিয়োগ না করে ঐ অর্থ একটি ব্যাংকে ৬ বছরের জন্য জমা রাখার পরামর্শ দেন, যেখানে সুদের হার ১২.৫% এবং বার্ষিক ভিত্তিতে সুদ হিসাব করা হয়। তবে জামাল সাহেব বন্ডেই বিনিয়োগ করবেন বলে সিদ্ধান্ত নেন।

ক. কার্যকরী সুদের হার কী? ১

খ. বিধি ৭২ কী? ব্যাখ্যা কর। ২

গ. জামাল সাহেব বন্ডে বিনিয়োগ করলে মেয়াদ শেষে কত টাকা ফেরত পাবেন? ৩

ঘ. জামাল সাহেবের সিদ্ধান্তটি গাণিতিকভাবে মূল্যায়ন কর। ৪

৬▸ জনাব রেহমান বন্ড বাজারে বিনিয়োগ করতে আগ্রহী। এ উদ্দেশ্যে তিনি দুটি কোম্পানির ইস্যুকৃত বন্ডের প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করেছেন। কখগ লিমিটেড প্রতিটি ২,০০০ টাকা অভিহিত মূল্যের ১০ বছর মেয়াদি ১০.৫% কুপন বন্ড ইস্যু করে যা ১,৮৫০ টাকায় লেনদেন হচ্ছে। বন্ডটি ৬ বছর শেষে ২,১০০ টাকায় তলবযোগ্য। অন্যদিকে পফভ লিমিটেড প্রতিটি ১,০০০ টাকা মূল্যের ৮ বছর মেয়াদি ১০% অর্ধ-বার্ষিক কুপনবিশিষ্ট বন্ড ইস্যু করেছে যার বাজারমূল্য ৯৭০ টাকা। জনাব রেহমানের প্রয়োজনীয় আয়ের হার ১২%।

ক. অগ্রাধিকার শেয়ার কী? ১

খ. চলতি আয়ের হার কীভাবে নির্ণয় করা হয়? ব্যাখ্যা কর। ২

গ. কখগ লিমিটেডের ইল্ড টু কল বা তলবের মেয়াদে আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. জনাব রেহমানের কোন বন্ডে বিনিয়োগ করা উচিত? পরামর্শ প্রদান কর। ৪

৭▸ রিবন কোম্পানি লি. ১৪,০০,০০০ টাকা মূল্যের একটি নতুন মেশিন ক্রয়ের বিষয়ে বিবেচনা করছে। কোম্পানির মূলধন ব্যয় ১০% এবং কর্পোরেট করের হার ৪০%। মেশিনটি ব্যবহারের মাধ্যমে আগামী ৪ বছর নিম্নলিখিত হারে করপরবর্তী নগদ প্রবাহ আশা করা যাচ্ছে।

বছর	করপরবর্তী নগদ প্রবাহ
১	২,৮০,০০০
২	৪,২০,০০০
৩	৬,৪০,০০০
৪	৬,০০,০০০

ক. গড় উপার্জন হার কী? ১

খ. মূলধন রেশনিং কীভাবে করা হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত মেশিনের পরিশোধকাল নির্ণয় কর। ৩

ঘ. নিট বর্তমান মূল্য বিবেচনায় মেশিনটি ক্রয়ের বিষয়ে কোম্পানির সিদ্ধান্ত কী হওয়া উচিত? বিশ্লেষণ কর। ৪

৮▸ জনাব নাহিদ বিনিয়োগের উদ্দেশ্যে নিম্নের দুইটি সিকিউরিটি বিবেচনা করছেন–

অর্থনৈতিক অবস্থা	সম্ভাবনা	আয়ের হার	
		সিকিউরিটি A	সিকিউরিটি B
খারাপ	০.৪০	৩০%	২৫%
স্বাভাবিক	০.২০	২০%	৩৫%
ভালো	০.৪০	১৮%	৩২%

জনাব নাহিদ সিকিউরিটি B তে বিনিয়োগ করার সিদ্ধান্ত নেন।

ক. আর্থিক ঝুঁকি কী? ১

খ. পোর্টফোলিও কেন গঠন করা হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত সিকিউরিটি B এর আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত জনাব নাহিদের বিনিয়োগ সিদ্ধান্ত কতটুকু সঠিক বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

৯▸ জনাব আরাফাত বিনিয়োগের জন্য নিম্নোক্ত তথ্য বিবেচনা করে দুইটি প্রকল্প থেকে যেকোনো একটি প্রকল্পে বিনিয়োগ করবেন। প্রকল্প দুইটির তথ্য নিম্নরূপ :

নগদ আন্তঃপ্রবাহ		সম্ভাবনা
প্রকল্প ক	প্রকল্প খ	
৫০,০০০	৬০,০০০	০.৪৫
৩০,০০০	১৫,০০০	০.২৫
২৫,০০০	৩৫,০০০	০.২০
২০,০০০	১০,০০০	০.১০

ক. মূলধনী আয়ের হার কী? ১

খ. তারল্য ঝুঁকি কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে প্রকল্প দুইটির প্রত্যাশিত নগদ প্রবাহ নির্ণয় কর। ৩

ঘ. জনাব আরাফাতের নিকট কোন প্রকল্পে বিনিয়োগ করা লাভজনক হবে? গাণিতিক যুক্তিসহ মন্তব্য লেখ। ৪

১০▸ মি. রাইয়ান ও মি. অমিও দুইজনই চাকরিজীবী। রাইয়ান এর প্রতিষ্ঠানটি মূলত জনকল্যাণের উদ্দেশ্যে পরিচালিত। জনগণের জন্য প্রতিষ্ঠানটি সেতু, রাস্তাঘাট, ফ্লাইওভার নির্মাণ করে। এই প্রতিষ্ঠানের আয়ের উৎস জনগণের পরিশোধিত ভ্যাট, ট্যাক্স, শুল্ক ইত্যাদি। অন্যদিকে অমিও এর প্রতিষ্ঠানটি স্বনামধন্য ঔষধ উৎপাদক। অমিও প্রতিষ্ঠানের আর্থিক ব্যবস্থাপক। সম্প্রতি অমিও ঔষধ উৎপাদনের পাশাপাশি খাদ্যপণ্য, তেল, সাবান ও শ্যাম্পু উৎপাদনের গুরুত্বারোপ করেন।

ক. ব্যবসায় নৈতিকতা কী? ১

খ. ঝুঁকি ও মুনাফার মধ্যে কী ধরনের সম্পর্ক বিদ্যমান? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে মি. রাইয়ানের প্রতিষ্ঠানের অর্থায়নের ধরন ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের মি. অমিও এর প্রস্তাবটি অর্থায়নের নীতিমালার আলোকে বিশ্লেষণ কর। ৪

১১▸ সাজ্জাদ সাহেব সম্প্রতি চাকরি থেকে অবসরে গেছেন। তিনি তার পেনশন হতে প্রাপ্ত টাকার কিছু অংশ পুঁজিবাজারে বিনিয়োগ করতে আগ্রহী। তাই তিনি নিম্নের কোম্পানিসমূহের বন্ড নিয়ে বিচার-বিশ্লেষণ করছেন :

বিবরণ	কোম্পানি-এ	কোম্পানি-বি	কোম্পানি-সি
লিখিত মূল্য	১,০০০ টাকা	১,০০০ টাকা	২,০০০ টাকা
কুপন সুদের হার	৯%	১২%	-
প্রত্যাশিত আয়ের হার	১০%	১০%	১০%
বাজারমূল্য	৯০০	১,১০০	৮০০

প্রতিটি বন্ডের মেয়াদ ১০ বছর।

ক. কল প্রিমিয়াম কী? ১

খ. সাধারণ শেয়ার কী? ব্যাখ্যা কর। ২

গ. কোম্পানি-এ এর মেয়াদপূর্তিতে আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. বি এবং সি কোম্পানির মধ্যে কোনটিতে বিনিয়োগ করা যুক্তিযুক্ত বলে তুমি মনে কর? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৩

বিষয় কোড : 2 9 2

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▸ আলফা লিমিটেড তার অর্থ বিভিন্ন প্রকল্পে বিনিয়োগ করেছেন। কিছু প্রকল্প আছে অধিক লাভজনক এবং কম ঝুঁকিপূর্ণ, কিছু প্রকল্প আছে অধিক মুনাফাজনক এবং অধিক ঝুঁকিপূর্ণ, আবার কিছু প্রকল্প আছে যেখানে কোনো ঝুঁকি নেই। কিন্তু বেটা লিমিটেড সমুদয় অর্থ একটি প্রকল্পে বিনিয়োগ করেছেন। প্রকল্পটি অধিক মুনাফাজনক এবং অধিক ঝুঁকিপূর্ণ। বেটা লিমিটেডের আর্থিক ব্যবস্থাপক তার নগদ অর্থ এমনভাবে ব্যবহার করেন যাতে তার কারবার পরিচালনায় কোনো সমস্যা না হয়। তিনি কারবারে অলস অর্থ সংরক্ষণ করেন না।

ক. ব্যবসায় অর্থায়ন কী? ১

খ. ব্যবসায়ের নৈতিকতা বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. আলফা লিমিটেড কর্তৃক অনুসৃত অর্থায়নের নীতিটি আলোচনা কর। ৩

ঘ. বেটা লিমিটেড কর্তৃক গৃহীত অর্থায়নের নীতিসমূহ তুলনামূলকভাবে আলোচনা কর। ৪

২▸ কেয়া ও খেয়া কোম্পানির তথ্যাবলি নিম্নরূপ :

কোম্পানির নাম	শেয়ারপ্রতি আয় (টাকা)			শেয়ারের বাজারমূল্য (টাকা)			শেয়ারের অভিহিত মূল্য (টাকা)
	২০২১	২০২২	২০২৩	২০২১	২০২২	২০২৩	
কেয়া কোম্পানি	৬৫	৭০	৭৫	৩০০	৩০০	৩০০	২৫০
খেয়া কোম্পানি	৫০	৫০	৫০	৩০০	৩৫০	৪০০	২৫০

জনাব রাফি, কেয়া কোম্পানির শেয়ার ক্রয় করলেও জনাব রিফাত খেয়া কোম্পানির শেয়ার ক্রয়ের চিন্তা করছেন।

ক. তহবিল বণ্টন কী? ১

খ. "উচ্চ মুনাফাযুক্ত প্রকল্প নির্বাচন গ্রহণযোগ্য নয়"– উক্তিটি ব্যাখ্যা কর। ২

গ. জনাব রাফি অর্থায়নের কোন লক্ষ্য বিবেচনায় কেয়া কোম্পানির শেয়ার ক্রয় করেছেন? ৩

ঘ. জনাব রিফাতের খেয়া কোম্পানির শেয়ার ক্রয়ের চিন্তাধারার সাথে তুমি কী একমত? অর্থায়নের লক্ষ্যের ভিত্তিতে বিশ্লেষণ কর। ৪

৩▸ মি. আরমান মেঘনা ব্যাংকে ৩,০০,০০০ টাকা জমা রাখেন। পাঁচ বছর পরে তিনি ব্যাংক থেকে ৯,০০,০০০ টাকা উত্তোলন করতে পারবেন। অন্যদিকে, মি. সুমনের কাছে ৫,০০,০০০ টাকা আছে। তাই তিনি দু'টি প্রকল্পের মধ্যে যেকোনো একটি প্রকল্পে বিনিয়োগ করতে আগ্রহী। প্রকল্প 'ক' থেকে আগামী পাঁচ বছর যথাক্রমে ১,২৫,০০০; ১,৪০,০০০; ১,৩০,০০০; ১,২৫,০০০; ১,৫০,০০০ টাকা করে পাবেন। অপরদিকে, প্রকল্প 'খ' যেখান থেকে আগামী ৫ বছর প্রতি বছরে ১,৩৫,০০০ টাকা করে পাওয়া যাবে। সুযোগ ব্যয় ১০%

ক. কার্যকরী সুদের হার কী? ১

খ. সাধারণ বার্ষিক বৃত্তি বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. মি. আরমানের মেঘনা ব্যাংকে জমাকৃত অর্থের উপর সুদের হার নির্ণয় কর। ৩

ঘ. মি. সুমনের দুইটি প্রকল্পের মধ্যে কোন প্রকল্পে বিনিয়োগ করা উচিত হবে? মতামত দাও। ৪

৪▸ জনাব মামুন ৫ বছর পরে একটি বাড়ি নির্মাণ করতে চান। এজন্য পাঁচ বছর পরে তার ২৪,০০,০০০ টাকা প্রয়োজন। তাই তিনি সঞ্চয়ের পরিকল্পনা করেন। মেঘনা ব্যাংক তাকে তিনটি বিকল্প প্রস্তাব দিয়েছেন। প্রথম প্রস্তাব অনুযায়ী, প্রতি মাসের শুরুতে ১২% সুদে ৩৩,০০০ টাকা করে জমা করবেন। দ্বিতীয় প্রস্তাব অনুযায়ী, প্রতি মাসের শেষে ১১% সুদে ৩৫,০০০ টাকা করে জমা করবেন। তৃতীয় প্রস্তাব অনুযায়ী, এককালীন ১২,০০,০০০ টাকা জমা রাখলে ৫ বছর পরে ২৪,০০,০০০ টাকা পাবেন।

ক. চক্রবৃদ্ধিকরণ কী? ১

খ. বিধি-৬৯ ব্যাখ্যা কর। ২

গ. প্রথম প্রস্তাবের ভবিষ্যৎ মূল্য নির্ণয় কর। ৩

ঘ. জনাব মামুন কোন বিকল্পটি গ্রহণ করে বাড়ি নির্মাণ করলে অধিক লাভবান হবেন? গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

৫▸ জনাব হাবিব A ও B নামক দুটি কোম্পানির মধ্যে যেকোনো একটি কোম্পানিতে বিনিয়োগ করতে আগ্রহী। বিনিয়োগের ক্ষেত্রে তিনি বাজার ঝুঁকিকে বিশেষভাবে বিবেচনা করেন। বিগত ৪ বছরের কোম্পানির বাজার মুনাফার হার দেওয়া হলো–

বছর	কোম্পানির-A	কোম্পানির-B	বাজার মুনাফার হার
২০২১	১৬%	৮%	১২%
২০২২	২০%	২০%	১৫%
২০২৩	১৫%	৭%	৬%
২০২৪	৯%	৯%	৭%

ক. অনিশ্চয়তা কী? ১

খ. পোর্টফোলিও ঝুঁকির উপর সহ-সম্বন্ধের প্রভাব ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে কোম্পানি-A এর সহ-ভেদাঙ্ক নির্ণয় কর। ৩

ঘ. জনাব হাবিবের কোন কোম্পানিতে বিনিয়োগ করা উচিত হবে? মতামত দাও। ৪

৬▸ মি. রাকিব ও মি. সাকিব দুই বন্ধু যারা শেয়ারবাজারে বিনিয়োগে আগ্রহী। মি. রাকিব বিনিয়োগের জন্য দুইটি সিকিউরিটি বিবেচনা করেছেন যেখানে তিনি আপেক্ষিক ঝুঁকি পরিমাপের মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করবেন। সিকিউরিটিসমূহের তথ্য নিম্নরূপ–

সম্ভাবনা	আয়ের হার	
	শেয়ার-A	শেয়ার-B
০.৩০	১২%	১৯%
০.৩০	১৬%	১৪%
০.২০	১৮%	১০%
০.২০	১৯%	১১%

অন্যদিকে, মি. সাকিব এমন একটি সিকিউরিটিতে বিনিয়োগের সিদ্ধান্ত নিয়েছেন যার বিটা ১.৫। উল্লেখ্য, বাজার আয়ের হার ১৪% এবং ঝুঁকিমুক্ত আয়ের হার ৬%।

ক. ঝুঁকি প্রিমিয়াম কী? ১

খ. আর্থিক ঝুঁকি কীভাবে পরিহার করা যায়? ব্যাখ্যা কর। ২

গ. মি. সাকিবের সিকিউরিটির প্রয়োজনীয় আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. মি. রাকিবের কোন সিকিউরিটিতে বিনিয়োগ করা উচিত? গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

৭▸ ABC কোম্পানির দুটি প্রকল্পের তথ্যসমূহ নিম্নরূপ :

প্রকল্প	ভার	প্রত্যাশিত আয়ের হার	আদর্শ বিচ্যুতি	সহ-সম্বন্ধ
X	৪৫%	১২%	৩%	−০.৯৫
Y	৫৫%	১৪%	৫%	

ক. প্রত্যাশিত আয় কী? ১

খ. CAPM মডেল বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণে কী অপরিহার্য? ব্যাখ্যা কর। ২

গ. ABC কোম্পানির পোর্টফোলিও আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. সহ-সম্বন্ধ −০.৯৫ থেকে +০.৯৫ হলে, পোর্টফোলিও ঝুঁকির উপর কী প্রভাব পড়বে? গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

৮▸ জনাব আলম সবুজ পাবলিশার্স লিমিটেডের একজন ব্যবস্থাপক। তিনি বিনিয়োগের জন্য নিম্নোক্ত তিনটি কোম্পানির বন্ড বিবেচনা করেছেন।

A-কোম্পানি লি. এর ১০ বছর মেয়াদি বন্ড যার লিখিত মূল্য ১,০০০ টাকা এবং কুপন সুদের হার ১২%। ৫ বছর পর ১,০৫০ টাকা মূল্যে তলব করা যেতে পারে। বর্তমানে বন্ডটি বাজারে ১,০৮০ টাকায় বিক্রি হচ্ছে।

B-কোম্পানি লি. এর ১২%, ১০ বছর মেয়াদি বন্ড যার বর্তমান বাজারমূল্য ১,২০০ টাকা এবং লিখিত মূল্য ১,০০০ টাকা। মেয়াদ শেষে ১০% অধিহারে মূল্য পরিশোধ করা হবে।

C-কোম্পানি লি. এর ৯%, ৫ বছর মেয়াদি বন্ড যার বাজারমূল্য ১,২০০ টাকা। লিখিত মূল্য ১,০০০ টাকা।

ক. কুপন বন্ড কী? ১

খ. কোন সিকিউরিটিকে শংকরজাতীয় সিকিউরিটি বলা হয়? ব্যাখ্যা কর। ২

গ. A-কোম্পানির বন্ডের তলবি আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. জনাব আলমের B ও C কোম্পানির বন্ডের মধ্যে কোন বন্ডে বিনিয়োগ করা উচিত? মেয়াদপূর্তি আয়ের হারের ভিত্তিতে সিদ্ধান্ত দাও। ৪

৯▸ জনাব সিয়াম একজন চাকরিজীবী। তিনি বিডি কোম্পানির বন্ডে বিনিয়োগ করতে আগ্রহী। বিডি কোম্পানি ৩,০০০ টাকা অভিহিত মূল্যের ৮ বছর মেয়াদি বন্ড ইস্যু করেছেন । কুপন হার ১০% এবং প্রয়োজনীয় আয়ের হার ১২%। অপরদিকে, তার বন্ধু জনাব রেজা দুইটি কোম্পানির মধ্যে যেকোনো একটিতে বিনিয়োগ করতে চান। অহনা কোম্পানি প্রতিটি ৩,০০০ টাকা মূল্যের বন্ড ইস্যু করেছে যার কুপন হার ১২% এবং প্রয়োজনীয় আয়ের হার ১৪%। বর্তমান বাজারমূল্য ২,৭০০ টাকা। সুরমা কোম্পানি প্রতিটি ৩,০০০ টাকা মূল্যের বন্ড ইস্যু করেছে যার মেয়াদকাল ৭ বছর এবং প্রয়োজনীয় আয়ের ১৪%। বর্তমান বাজারমূল্য ১,০৫০ টাকা।

ক. মেয়াদপূর্তি আয়ের হার কী? ১

খ. কখন বন্ডের বাজারমূল্য, অভিহিত মূল্যের সমান হয়? ব্যাখ্যা কর। ২

গ. বিডি কোম্পানির বন্ডের বর্তমান মূল্য নির্ণয় কর। ৩

ঘ. জনাব রেজার কোন কোম্পানির বন্ডে বিনিয়োগ করা উচিত? গাণিতিকভাবে মূল্যায়ন কর। ৪

১০▸ সামিয়া কোম্পানি ৬,৫০,০০০ টাকা মূল্যের একটি নতুন মেশিন ক্রয় করেন, যার সংস্থাপন ব্যয় ১,০০,০০০ টাকা। কোম্পানির মূলধনের ব্যয় ১০%, করের হার ৪০% এবং ভগ্নাবশেষ মূল্য ৫০,০০০ টাকা। মেশিনটি ব্যবহারের মাধ্যমে আগামী পাঁচ বছরে করপূর্ববর্তী নগদ প্রবাহ আশা করা যাচ্ছে যথাক্রমে, ১,৪০,০০০; ২,২০,০০০; ৩,২০,০০০, ৩,০০,০০০; ২,২০,০০০ টাকা।

ক. মূলধন বাজেটিং কী? ১

খ. পরস্পর বর্জনশীল প্রকল্প বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত মেশিনটির গড় উপার্জন হার নির্ণয় কর। ৩

ঘ. পরিশোধকাল নির্ণয়ের মাধ্যমে মেশিনটিতে বিনিয়োগের সিদ্ধান্ত দাও। ৪

১১▸ জনাব হিমেলের নিকট বিনিয়োগের জন্য ৬০,০০০ টাকা আছে তিনি উক্ত টাকা নিম্নোক্ত প্রকল্পে বিনিয়োগের জন্য বিবেচনা করছেন, যেখান থেকে নগদ আন্তঃপ্রবাহ আসবে যথাক্রমে– ২০,০০০; ২২,৫০০; ২৪,০০০; ১৯,০০০; ১৭,০০০ টাকা।

ক. অভ্যন্তরীণ উপার্জন হার কী? ১

খ. মূলধন রেশনিং বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. জনাব হিমেলের বিনিয়োগের নিট বর্তমান মূল্য নির্ণয় কর। ৩

ঘ. আন্তঃআয়ের হার নির্ণয়ের মাধ্যমে প্রকল্পের গ্রহণযোগ্যতা যাচাই কর। ৪

এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৪

বিষয় কোড : 2 9 2

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▸ জনাব আনোয়ার বিনিয়োগের জন্য দুটি কোম্পানির মধ্যে যেকোনো একটি কোম্পানিতে বিনিয়োগ করতে চাচ্ছেন–

কোম্পানি	প্রত্যাশিত আয়ের হার	ঝুঁকি
A	২০%	৮%
B	১৫%	৪%

ক. তহবিলের বণ্টন কী? ১
খ. চলতি সম্পত্তির স্বল্পতার কারণে প্রতিষ্ঠানে কোন ধরনের ঝুঁকির সৃষ্টি হয়? ২
গ. যদি জনাব আনোয়ার B কোম্পানিতে বিনিয়োগ করেন, তাহলে অর্থায়নের কোন নীতির সাথে সামঞ্জস্যপূর্ণ? ৩
ঘ. যদি জনাব আনোয়ার উভয় কোম্পানিতে বিনিয়োগ করতেন, তাহলে তার বিনিয়োগ সিদ্ধান্তের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

২▸ জনাব রাকিব একজন বেসরকারি চাকরিজীবী। তিনি কিছুদিন আগে চাকরি থেকে অবসর নেন। অবসরকালীন সুবিধা পেতে তিনি কোম্পানি থেকে আগামী ১০ বছর প্রতি বছর ২০,০০০ টাকা পাবেন। আর কোম্পানি থেকে আজ এককালীন টাকা মিলে ২২৫০০০ টাকা পাবেন। জনাব রাকিব প্রত্যাশা করছেন আগামীতেও ব্যাংক প্রতি মাসে ১২% সুদ প্রদান করবে।

ক. প্রকৃত সুদের হার কী? ১
খ. "সুদ ও মুনাফা একই অর্থ বহন করে না"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে জনাব রাকিব প্রতি বছর টাকা নিলে তার বর্তমান মূল্য কত হবে তা নির্ণয় কর। ৩
ঘ. জনাব রাকিবের ভবিষ্যৎ মূল্য বিবেচনায় কোন বিকল্পটি লাভজনক হবে? মতামত দাও। ৪

৩▸ সিথি ও বিথি দুই বোন। সিথি মেঘনা ব্যাংকে বছরের শুরুতে ১০% সুদে এবং বিথি যমুনা ব্যাংকে বছরের শেষে ১২% সুদে ৫০০০ টাকা করে ১০ বছর জমা করেন। সিথি মেয়াদ শেষে ৮৭,৬৫৬ টাকা পাবেন। জনাব আনোয়ার আগামী ৩ বছর প্রত্যেক বছরের শেষে যথাক্রমে ৫০০০, ৮০০০, এবং ১২০০০ টাকা পাবেন। জনাব আনোয়ারের সুযোগ ব্যয়ের হার ৭.৫%।

ক. বার্ষিক বৃত্তি কী? ১
খ. অর্থের সময়মূল্য কেন পছন্দনীয়? ব্যাখ্যা কর। ২
গ. জনাব আনোয়ারের প্রাপ্ত আয়ের বর্তমান মূল্য নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে মেয়াদ শেষে কে বেশি টাকা পাবেন? বিশ্লেষণ করে দেখাও। ৪

৪▸ জনাব আলম যমুনা পাবলিশার্স লি. এর আর্থিক ব্যবস্থাপক। তিনি ৩টি কোম্পানির বন্ড বিনিয়োগ করতে চান। বন্ডসমূহের বিবরণ নিচে দেওয়া হলো :

১. অলিম্পিক লি. এর ১০ বছর মেয়াদি বন্ড যার লিখিত মূল্য ১,০০০ টাকা। কুপন রেট ১২%। ৩ বছর পর বন্ডটি ১,০৪০ টাকা মূল্যে তলব করা হতে পারে। বর্তমানে বন্ডটি বাজারে ১,০৮৫ টাকায় বিক্রয় হচ্ছে।
২. এসিআই কোম্পানির ১২%, ১০ বছর মেয়াদি বন্ড যার বর্তমান বাজারমূল্য ৯৭৫ টাকা, লিখিত মূল্য ১০০০ টাকা।
৩. বিডি কোম্পানির ৯%, ৫ বছর মেয়াদি বন্ড যার বর্তমান বাজারমূল্য ১২০০ টাকা। লিখিত মূল্য ১,০০০ টাকা।

জনাব আলম বিনিয়োগ হতে মেয়াদপূর্তিতে সর্বোচ্চ আয়ের হার নিশ্চিত করতে চান।

ক. কুপন রেট কী? ১
খ. বন্ডের প্রয়োজনীয় আয়ের হার পরিবর্তনের ফলে এর বর্তমান মূল্যের উপর কী প্রভাব পড়বে? ২
গ. অলিম্পিক লি. এর বন্ডের ইল্ড টু কল নির্ণয় কর। ৩
ঘ. জনাব আলমের এসিআই ও বিডি কোম্পানির বন্ডের মধ্যে কোন কোম্পানিতে বিনিয়োগ করা উচিত? যুক্তিসহ উত্তর দাও। ৪

৫▸ সান লি. ১০% কুপন সুদের হারে ১০০০ টাকা অভিহিত মূল্যের ঋণপত্র ৫ বছরের জন্য বাজারে ইস্যু করল। ৫ বছর পর ঋণপত্রটি ১০% অধিহারে পরিশোধ করা হবে। ঋণপত্রটি বর্তমানে ১০% অবহারে বিক্রয় করা হচ্ছে।

ক. কল বন্ড কী? ১
খ. কোন বন্ডের অন্তর্নিহিত মূল্য বাজারমূল্য অপেক্ষা বেশি হলে বিনিয়োগকারী কি সিদ্ধান্ত গ্রহণ করবে? ২
গ. সান লি. এর ঋণপত্রের প্রকৃত মূল্য নির্ণয় কর। ৩
ঘ. সান লি. এর ঋণপত্রের YTM নির্ণয় কর। ৪

৬▸ একটি মেশিনের ক্রয়মূল্য ১,৫০,০০০ টাকা। মেশিনটির আয়ুষ্কাল ৫ বছর। কার্যকরী মূলধন ৩০,০০০ টাকা ও ভগ্নাবশেষ মূল্য ১০,০০০ টাকা। বাট্টার হার ১০% ও কর হার ৪০%। মেশিনটির করপূর্ব নগদ প্রবাহ নিম্নরূপ :

বছর	করপূর্ব নগদ প্রবাহ
১	৪৫,০০০
২	৪৭,০০০
৩	৫৫,০০০
৪	৪২,০০০
৫	৬০,০০০

ক. মূলধন রেশনিং কী? ১
খ. প্রকল্প Ranking এর ক্ষেত্রে দ্বন্দ্ব বলতে কী বোঝায়? ২
গ. প্রকল্পটির ARR নির্ণয় কর। ৩
ঘ. নিট বর্তমান মূল্যের ভিত্তিতে তোমার কি মেশিনটি ক্রয় করা উচিত? এবং কেন? ৪

৭▸ মি. সুমন মূলধন বাজারে বিনিয়োগ করতে আগ্রহী। প্রয়োজনীয় তথ্য নিম্নরূপ :

সিকিউরিটি	বিনিয়োগ	আয়ের হার	আদর্শ বিচ্যুতি	সহ-সম্বন্ধ
X	৪০,০০০	১২%	৮%	০.৮০
Y	৬০,০০০	১০%	৬%	

ক. অনিশ্চয়তা কী? ১
খ. তারল্য ঝুঁকি কীভাবে সৃষ্টি হয়? ২
গ. মি. সুমনের পোর্টফোলিও আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. পোর্টফোলিও আদর্শ বিচ্যুতি নির্ণয় করে পোর্টফোলিও বিনিয়োগের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৮▸ সোহাগ কোম্পানি ৭,০০,০০০ টাকা মূল্যের একটি নতুন মেশিন ক্রয় করার কথা ভাবছেন। কোম্পানির মূলধন ব্যয় ১০% এবং কর হার ৪০%। মেশিনটি ব্যবহারের মাধ্যমে আগামী ৫ বছর করপূর্ব নগদ প্রবাহ আশা করা যাচ্ছে–

বছর	করপূর্ব নগদ প্রবাহ
১	১,৪০,০০০
২	২,২০,০০০
৩	৩,২০,০০০
৪	৩,০০,০০০
৫	২,২০,০০০

ক. পরিশোধকাল কী? ১
খ. আন্তঃআয় হার পদ্ধতিতে কীভাবে প্রকল্প মূল্যায়ন করা হয়? ২
গ. উদ্দীপকে বর্ণিত মেশিনটির গড় আয়ের হার কত? ৩
ঘ. নিট বর্তমান মূল্যের আলোকে মেশিনটি ক্রয়ের বিষয়ে কোম্পানির সিদ্ধান্ত কী হওয়া উচিত? বিশ্লেষণ কর। ৪

৯▸ আশিক প্রিন্টিং প্রেসের মালিক জনাব আশিক একটি নতুন মেশিন ক্রয় করতে চান। কারণ মেশিনটি ক্রয় করলে প্রেসের কাজ আরও দ্রুতগতিতে হবে। নতুন মেশিনের ক্রয়মূল্য ৮০,০০০ টাকা এবং আয়ুষ্কাল ৫ বছর। করপূর্ব নগদ আন্তঃপ্রবাহ যথাক্রমে ২০,০০০ টাকা, ২৫,০০০ টাকা, ৩০,০০০ টাকা, ৩৫,০০০ টাকা, ৪০,০০০ টাকা। মূলধন ব্যয় ১০%।

ক. মূলধন বাজেটিং কী? ১
খ. মূলধন বাজেটিংয়ের ধাপসমূহ কী কী? ২
গ. নতুন মেশিনটির অবচয় নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে গড় মুনাফা হারের উপর ভিত্তি করে মেশিনটি স্থাপন করা উচিত হবে কিনা? বিশ্লেষণ কর। ৪

১০▸ ডিজিটাল স্টুডিওর আর্থিক ব্যবস্থাপক জনাব হাসান একটি ক্যামেরা ক্রয় করার সিদ্ধান্ত নিতে যাচ্ছেন। বিভিন্ন অর্থনৈতিক অবস্থায় নিম্নে দু'টি ব্র্যান্ডের ক্যামেরার সম্ভাব্য আয় এবং আয়ের সম্ভাবনা দেওয়া হলো :

অর্থনৈতিক অবস্থা	সম্ভাবনা	আয়ের হার	
		ক্যামেরা আর	ক্যামেরা জেট
আশাব্যাঞ্জক	০.৩	২৫%	২০%
স্বাভাবিক	০.৪	৩৫%	৩০%
হতাশাজনক	০.৩	১৫%	৫%

ভলভো কোম্পানির বিটার মান ১.৭। ট্রেজারি বিলের আয়ের হার ৬% এবং বাজার আয়ের হার ১৬%।

ক. ঝুঁকিমুক্ত আয়ের হার কী? ১
খ. পোর্টফোলিও ঝুঁকির উপর সহ-সম্বন্ধের প্রভাব ব্যাখ্যা কর। ২
গ. ভলভো কোম্পানির প্রয়োজনীয় আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. জনাব হাসানের কোন ক্যামেরাটি ক্রয় করা উচিত? যুক্তিসহ উত্তর দাও। ৪

১১▸ জনাব সরোয়ার একজন কৃষক যার কাছে ২,০০,০০০ টাকা রয়েছে। তিনি মৎস্য প্রকল্পে বিনিয়োগ করতে চান। যা আগামী ৫ বছর যথাক্রমে ৪০,০০০ টাকা, ৫৬,০০০ টাকা, ৪২,০০০ টাকা, ২৫,০০০ টাকা ও ৮০,০০০ টাকা পাওয়া যাবে। অন্যদিকে, তার বন্ধু তাকে পরামর্শ দেয় পোল্ট্রি ফার্মের ব্যবসায় করতে যা হতে আগামী ৫ বছর প্রতি বছর শেষে ৫০,০০০ টাকা করে পাওয়া যাবে। প্রত্যাশিত আয়ের হার ১০%।

ক. সরল সুদ কী? ১
খ. বর্তমান মূল্য অপেক্ষা ভবিষ্যৎ মূল্য বেশি হয়? ব্যাখ্যা কর। ২
গ. সারোয়ার সাহেবের মৎস্য প্রকল্প থেকে নগদে আন্তঃপ্রবাহের মোট বর্তমান মূল্য নির্ণয় কর। ৩
ঘ. সারোয়ার সাহেবের কোন প্রকল্পে বিনিয়োগ করা উচিত? ব্যাখ্যা কর। ৪

এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৫

বিষয় কোড : 2 9 2

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▸ নিম্নে X ও Y কোম্পানির কিছু তথ্য দেওয়া হলো :

কোম্পানি	শেয়ারপ্রতি লিখিত মূল্য	১ম বছর শেয়ারপ্রতি আয়	২য় বছর শেয়ারপ্রতি আয়	১ম বছর শেয়ারের বাজারমূল্য	২য় বছর শেয়ারের বাজারমূল্য
X	৩০	১৫	১৮	৩৫	৩০
Y	৩০	৯	১২	৪০	৪৫

ক. শেয়ার কী? ১

খ. পোর্টফোলিও বৈচিত্র্যায়ন কেন করা হয়? ২

গ. উদ্দীপকের তথ্য মতে 'X' কোম্পানি কোন লক্ষ্যটি অর্জন করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সম্পদ সর্বাধিকরণের ভিত্তিতে উদ্দীপকের কোন কোম্পানি উত্তম? বিশ্লেষণ কর। ৪

২▸ রহিম কোম্পানি বিনিয়োগকারীদের স্বার্থের কথা বিবেচনা করে ১৫% লভ্যাংশ প্রদানের সিদ্ধান্ত নেয়। ফলে সুনাম বৃদ্ধির পাশাপাশি শেয়ারমূল্য বৃদ্ধি পায়। যার কারণে কম মুনাফা হলেও কোম্পানির পরিচালনা পর্ষদ স্বাভাবিকভাবেই ভবিষ্যতে উপকৃত হবে।

ক. স্বল্পমেয়াদি তহবিল কী? ১

খ. অভ্যন্তরীণ অর্থসংস্থান কীভাবে করা হয়? ২

গ. রহিম কোম্পানি অর্থায়নের কোন লক্ষ্য অর্জন করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. রহিম কোম্পানি বিনিয়োগকারীদের স্বার্থের কথা বিবেচনা করার কারণ বিশ্লেষণ কর। ৪

৩▸ মি. করিম বার্জার কোম্পানির ব্যবস্থাপক। তিনি প্রতি মাসে ৬০,০০০ টাকা বেতন পায়। তিনি ১৫ বছর পর একটি এপার্টমেন্ট ক্রয় করার চিন্তা করছেন। এই উদ্দেশ্যে সোনালী ব্যাংকে ১৫ বছরের জন্য একটি সঞ্চয়ী হিসাব খুললেন, যেখানে প্রতি মাসের শুরুতে ১২,০০০ টাকা করে জমা করবেন। ব্যাংকটি সঞ্চয়ী হিসাবের উপর ১২% হারে সুদ প্রদান করে থাকে।

ক. বার্ষিকী কী? ১

খ. কখন কার্যকরী সুদের হার নামিক সুদের হারের সমান হয়? ব্যাখ্যা কর। ২

গ. মি. করিম সোনালী ব্যাংক হতে ১৫ বছর পর কত টাকা পাবেন নির্ণয় কর। ৩

ঘ. এপার্টমেন্টের মূল্য ৭০,০০,০০০ টাকা হলে ১৫ বছর পর বর্তমানে জমাকৃত ১২,০০০ টাকা সঞ্চিতি যথার্থ হবে কি-না মূল্যায়ন কর।যদি না হয়, তাহলে মাসের শুরুতে তাকে কত টাকা জমা করতে হবে? ৪

৪▸ জনাব কামাল জনতা ব্যাংক থেকে বার্ষিক ১২% সুদে ৫,০০,০০০ টাকা ঋণ নেন। আগামী ৪ বছর প্রতি বছরের শেষে তিনি ঋণের কিস্তি পরিশোধ করবেন।

ক. ভবিষ্যৎ মূল্য কী? ১

খ. ঋণসূচি কীভাবে প্রস্তুত করা হয়? ২

গ. জনাব কামালের ঋণের কিস্তির পরিমাণ নির্ণয় কর। ৩

ঘ. বছরের শুরুতে কিস্তি পরিশোধ করলে কিস্তির পরিমানের ওপর কী প্রভাব পড়বে? সে সম্পর্কে তোমার মতামত দাও। ৪

৫▸ হারুন কোম্পানি ২০১৭ সালের ১লা জানুয়ারি তারিখে ১৫ বছর মেয়াদি ১,০০০ টাকা লিখিত মূল্যের বন্ড বাজারে ইস্যু করে। যার কুপন হার ১২% এবং প্রয়োজনীয় আয়ের হার ১৪%।

ক. বন্ড বাজার কাকে বলে? ১

খ. কুপন রেট বৃদ্ধির ফলে বন্ডের চলতি আয়ের উপর কী প্রভাব পড়বে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের তথ্যানুযায়ী হারুন কোম্পানির বন্ডের মূল্য নির্ণয় কর। ৩

ঘ. যদি বন্ড হতে প্রত্যাশিত আয়ের হার বৃদ্ধি পেয়ে ২০% হয়, তবে বন্ডটি ক্রয় করা লাভজনক হবে কী? মূল্যায়ন কর। ৪

৬▸ মি. রবিন একজন বিনিয়োগকারী। তিনি তার বিনিয়োগকৃত অর্থ থেকে ১,২০,০০০ টাকা আয় করতে চান। এজন্য তিনি ৫ বছর মেয়াদি ১৪% কুপন বন্ডে বিনিয়োগের সিদ্ধান্ত নেন। প্রতিটি কুপন বন্ডের অভিহিত মূল্য ১,০০০ টাকা এবং বাজারমূল্য ১,০৮০ টাকা।

ক. বন্ড কী? ১

খ. জিরো কুপন বন্ড ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত বন্ডে YTM কত হবে নির্ণয় কর। ৩

ঘ. যদি মি. রবিনের আয়ের হার ১৩% হয়, তাহলে তার বিনিয়োগের যথার্থতা মূল্যায়ন কর। ৪

৭▸ মাসুম কোম্পানির করপরবর্তী নগদ আন্তঃপ্রবাহ ও বিনিয়োগ নিম্নরূপ :

বিনিয়োগ	করপরবর্তী আন্তঃপ্রবাহ				
	১ম বছর	২য় বছর	৩য় বছর	৪র্থ বছর	৫ম বছর
১,২০,০০০	৩০,০০০	৪০,০০০	৩৫,০০০	৫৫,০০০	২৫,০০০

কর হার ৩০% এবং বাট্টার হার ১০%। প্রতিষ্ঠানটি সরলরৈখিক পদ্ধতিতে অবচয় হিসাব করে।

ক. গড় উপার্জন হার কী? ১

খ. "বাট্টাকৃত নগদ প্রবাহ পদ্ধতি গতানুগতিক পদ্ধতি অপেক্ষা শ্রেয়"– ব্যাখ্যা কর। ২

গ. মাসুম কোম্পানির নিট বর্তমান মূল্য নির্ণয় কর। ৩

ঘ. অভ্যন্তরীণ আয়ের হারের ভিত্তিতে মাসুম কোম্পানির বিনিয়োগ সিদ্ধান্ত মূল্যায়ন কর। ৪

৮▸ জনাব বাবুলের কাছে দুটি পরস্পর বর্জনশীল প্রকল্প রয়েছে। প্রকল্প দুটির প্রাথমিক বিনিয়োগ ১,৮০,০০০ টাকা। বাট্টার হার ১০%। জনাব বাবুল বাট্টাকৃত নগদ প্রবাহ পদ্ধতি ব্যবহার করেন। প্রকল্প দুটির নগদ আন্তঃপ্রবাহ নিম্নে দেওয়া হলো :

বছর	প্রকল্প P	প্রকল্প Q
১	৯০,০০০	৯০,০০০
২	৮০,০০০	৭০,০০০
৩	৪৫,০০০	৪০,০০০

ক. মূলধন বাজেট কী? ১

খ. মূলধন রেশনিং কীভাবে করা হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের প্রকল্প P হতে কত সময়ে মূলধন ফেরত পাওয়া যাবে? ৩

ঘ. উদ্দীপকের পরিশোধকাল সময় বিবেচনায় কোন প্রকল্পটি গ্রহণ করা উচিত? বিশ্লেষণ কর। ৪

৯▸ জনাব আহসান মেঘনা কোম্পানির স্টকে বিনিয়োগ করেছেন। উক্ত কোম্পানির স্টকের বিটা (β) ০.৬০, ঝুঁকিমুক্ত আয়ের হার ৭% এবং বাজার আয়ের হার ১২% মেঘনা কোম্পানির স্টকের প্রত্যাশিত আয়ের হার সন্তোষজনক না হওয়ায় জনাব আহসান নিম্নোক্ত দুটি সিকিউরিটির যেকোনো একটিতে বিনিয়োগ করতে আগ্রহী। সিকিউরিটি দুটির তথ্য নিম্নরূপ :

সম্ভাবনা	উপার্জন হার	
	সিকিউরিটি A	সিকিউরিটি B
০.৩০	২০%	২৫%
০.৩০	২৫%	২০%
০.৪০	২১%	২২%

ক. ঝুঁকি প্রিমিয়াম কী? ১

খ. "কোম্পানি ঝুঁকি পরিহারযোগ্য"– ব্যাখ্যা কর। ২

গ. মেঘনা কোম্পানির সিকিউরিটিসমূহের প্রত্যাশিত আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. ঝুঁকি বিবেচনায় জনাব আহসান দুটি সিকিউরিটির কোনটিতে বিনিয়োগ করা অধিক নিরাপদ? বিশ্লেষণ কর। ৪

১০▸ মি. কামরুল মুনাফা ও ঝুঁকি বিশ্লেষণ করে বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ করতে আগ্রহী। বিনিয়োগের উদ্দেশ্যে তিনি নিচের দুটি শেয়ারের তথ্যাদি বিবেচনা করেছেন।

	শেয়ার A	শেয়ার B
গড় আয়	১২%	১৩%
পরিমিত ব্যবধান	১০%	১২%

মি. কামরুল শেয়ার A তে ৪০% এবং শেয়ার B তে ৬০% বিনিয়োগ করেন।

ক. মুনাফা ও ঝুঁকি কী? ১

খ. "বিনিয়োগের বৈচিত্র্যায়নের মাধ্যমে ঝুঁকি হ্রাস করা সম্ভব"– ব্যাখ্যা কর। ২

গ. মি. কামরুলের পোর্টফোলিও আয় নির্ণয় কর। ৩

ঘ. শেয়ার দুটির ঝুঁকির সাথে পোর্টফোলিও ঝুঁকির তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

১১▸ সান এবং মুন কোম্পানির গত তিন বছরের আয়ের হার নিম্নরূপ :

বছর	সান	মুন
১	১৪%	২২%
২	১২%	১০%
৩	১৬%	১৩%

জনাব হাবিব অধিক ঝুঁকি নিতে আগ্রহী নয় বলে উভয় কোম্পানিতে সমান বিনিয়োগের সিদ্ধান্ত গ্রহণ করেন।

ক. সম্ভাবনা কী? ১

খ. ঝুঁকি ও অনিশ্চয়তার মধ্যে সম্পর্ক কীরূপ? ব্যাখ্যা কর। ২

গ. সান কোম্পানির আয়ের আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩

ঘ. বিভেদাঙ্কের ভিত্তিতে জনাব হাবিবের সিদ্ধান্তটি মূল্যায়ন কর। ৪

এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৬

বিষয় কোড : 2 9 2

সময়–৩০ মিনিট

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ◉ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. বাজার ঝুঁকির মান ১.৫০, ঝুঁকিমুক্ত আয়ের হার ৬% এবং বাজার আয়ের হার ১২% হলে কোনো সিকিউরিটির প্রত্যাশিত আয়ের হার কত?
K ৯% L ১৫%
M ১২% N ২৭%

২. পোর্টফোলিও গঠনের মূল উদ্দেশ্য কী?
K ঝুঁকি বণ্টন L মুনাফা হ্রাস
M মূলধন বৃদ্ধি N বিনিয়োগ বৃদ্ধি

৩. মূলধন বাজেটিংয়ের সীমাবদ্ধতা হলো–
i. অনিশ্চয়তা
ii. মূলধন ব্যয় পরিবর্তন
iii. আর্থিক বিবরণী
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৪. বাজার ঝুঁকির আদর্শ মান কত?
K ০ L ০.১০
M ১.০ N ১.৫

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব ইমন একটি প্রকল্পে বিনিয়োগ করতে চান যেখানে প্রাথমিক বিনিয়োগ ১,০০,০০০ টাকা। উক্ত বিনিয়োগ থেকে আগামী ৫ বছর ধরে বার্ষিক নগদ প্রবাহ পাওয়া যাবে যথাক্রমে ২০,০০০ টাকা; ৩০,০০০ টাকা; ৪০,০০০ টাকা; এবং ২৪,০০০ টাকা

৫. তৃতীয় বছরে প্রকল্পটির ক্রমযোজিত নগদ প্রবাহ কত?
K ৪০,০০০ টাকা L ৮০,০০০ টাকা
M ৯০,০০০ টাকা N ৯৩,০০০ টাকা

৬. প্রকল্পটির PBP কত?
K ৩ বছর L ৩.২৫ বছর
M ৪ বছর N ৪.২৫ বছর

৭. ঋণ পরিশোধ সূচিতে প্রদর্শন করা হয়–
i. সুদের পরিমাণ
ii. কিস্তির পরিমাণ
iii. আসলের পরিমাণ
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৮. মূলধন বাজেটিংয়ের কোন কৌশলটি অর্থের সময়মূল্য বিবেচনা করে না?
K পে-ব্যাক সময় L নিট বর্তমান মূল্য
M অভ্যন্তরীণ আয়ের হার
N মুনাফা অর্জন সূচক

৯. অর্থের সময় পছন্দনীয়তার কারণ হলো–
i. ভোগ
ii. অনিশ্চয়তা
iii. বাজার মূলধন
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :**

বিবরণ	সিকিউরিটি X	সিকিউরিটি Y
প্রত্যাশিত আয়	১০%	১৫%
পরিমিত ব্যবধান	১৫%	২৫%
বিভেদাঙ্ক	১৫০%	?

১০. সিকিউরিটি Y-এর বিভেদাঙ্ক কোনটি?
K ১০০% L ১৫০%
M ১৬৭% N ১৭০%

১১. সিকিউরিটি Y হলো–
i. অধিক ঝুঁকিপূর্ণ
ii. কম ঝুঁকিপূর্ণ
iii. অধিক আয়যুক্ত
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১২. অর্থনৈতিক মন্দার কারণে যে ঝুঁকি সৃষ্টি হয়, তাকে কী বলে?
K আর্থিক ঝুঁকি L ব্যবসায় ঝুঁকি
M তারল্য ঝুঁকি N বাজার ঝুঁকি

১৩. বর্তমানে বার্ষিক ৮% সুদের হার ১০ লক্ষ টাকা। ব্যাংকে জমা রাখলে কত বছরে তা দ্বিগুণ হবে?
K ৮ বছর L ৯ বছর
M ১০ বছর N ১২ বছর

১৪. বিনিয়োগকৃত অর্থের বর্তমান মূল্য ও ভবিষ্যৎ মূল্য কখন সমান হবে?
K মেয়াদকাল শূন্য হলে
L মেয়াদকাল ১ বছর হলে
M সুদের হার ১% হলে
N বার্ষিক চক্রবৃদ্ধির সংখ্যা ১ হলে

১৫. যে বাট্টার হারে বাট্টাকরণ করলে কোনো প্রকল্পের নগদ আন্তঃপ্রবাহ ও নগদ বহিঃপ্রবাহের বর্তমান মূল্য পরস্পর সমান হয় তকে কী বলে?
K গড় আয়ের হার
L অভ্যন্তরীণ আয়ের হার
M বিনিয়োগের উপর আয়ের হার
N করপরবর্তী আয়ের হার

১৬. তারল্য বৃদ্ধি পেলে–
K ঝুঁকি বাড়ে L দাম বাড়ে
M মুনাফা কমে N মুনাফা বাড়ে

